ধর্ম্মজীবন।

নিত্যকৃত্যপ্রকরণ, পূজাপ্রকরণ, মুদ্রা ও আসনপ্রকরণ,
স্তবকবচপ্রকরণ ও শৌচাশৌচ প্রভৃতি বহুবিধ
নিত্যানুষ্ঠান-সংবলিত।

কথকপ্রবর

শ্রীনরেন্দ্রকৃষ্ণ শিরোমণি

সঙ্কলিত।

দ্বিতীয় সংস্করণ।

কলিকাতা

২১ নং নন্দকুমার চৌধুরীর ২য় লেন
"কান্তিয়া-যন্ত্রে"
শ্রীশরচ্চন্দ্র চক্রবর্ত্তী দ্বারা
মুদ্রিত ও প্রকাশিত।

১৩২৩। জ্যৈষ্ঠ।

মূল্য ৸০ বারো আনা মাত্র।

প্রকাশকের নিবেদন।

নিত্য-ক্রিয়ানুষ্ঠানের জন্য ধর্ম্ম-জীবনের ন্যায় একখানি পুস্তকের অভাব ছিল কি না, প্রকৃত ধর্ম্মপথাবলম্বী ব্যক্তিমাত্রেই ইহা সহজে উপলব্ধি করিতে পারেন। আমি স্বেচ্ছাপ্রণোদিত হইয়া এই গ্রন্থ প্রকাশে সাহসী হই নাই। কতিপয় বিখ্যাত পণ্ডিত মহোদয় বাজারের পারিপাট্য বিহীন, ভ্রমপূর্ণ পুস্তক পাঠে বিরক্ত হইয়া, প্রণালী-বিশুদ্ধ করিয়া একখানি নিত্যকর্ম্মের পুস্তক প্রকাশ করিতে আদেশ দেন। আমি তাঁহাদিগেরই আদেশে এই পুস্তক প্রকাশে সাহসী হইয়া অদ্য সাধারণ সমক্ষে ইহা প্রকাশ করিলাম। জানি না, কতদূর কৃতকার্য্য হইয়াছি। তবে প্রণালী-বিশুদ্ধ করিবার জন্য পুস্তক-খানিকে চারিটি প্রকরণে বিভক্ত করা হইয়াছে;—নিত্যকৃত্যপ্রকরণ, পূজাপ্রকরণ, মুদ্রা ও আসনপ্রকরণ এবং স্তবকবচপ্রকরণ। এতদ্ভিন্ন একটি পরিশিষ্ট প্রদত্ত হইয়াছে, তাহাতে নিত্য নৈমিত্তিক কর্ম্মের জন্য বহুবিধ বিষয়ের উল্লেখ আছে।

এক্ষণে ধর্ম্ম-জীবনের ন্যায় পুস্তক প্রচারে সাধারণের উপকার হইবে কি না, তাহা স্বধর্ম্মনিষ্ঠ মহাত্মগণই বলিতে পারেন। কাল-বশে অস্মদ্দেশে কর্ম্মকাণ্ড একবারে লুপ্তপ্রায়! বিজাতীয় ভাষা-শিক্ষা, বিজাতীয় আচার-ব্যবহার অনুকরণ করিয়া, বিজাতীয়গণের মধ্যে সুখ্যাতি-সম্মান লাভ করিতে সকলেই ব্যস্ত। বর্ণাভি-মানী দ্বিজাতিগণও আর্য্য মনীষিগণ-প্রদর্শিত পথ হইতে বিচ্যুত হইতেছেন। ধ্যান-যোগাদি উচ্চ অঙ্গের কর্ম্মকাণ্ডের কথা দূরে

থাকুক, হয় তো নিত্যকর্ম্মের মধ্যে সন্ধ্যাবন্দনাদি পর্য্যন্ত অনেকেই জ্ঞাত নহেন। এক্ষণে এই পুস্তকের সাহায্যে যদি একজন মাত্র হিন্দুসন্তান আচারবান্ হইয়া পূর্ব্বপুরুষগণের আচরিত ক্রিয়া-কর্ম্মে রত হন, তবে আমার শ্রম ও অর্থব্যয় সফল জ্ঞান করিব।

বড় দুঃখে দুই একটি কথা বলিতে বাধ্য হইলাম। অস্মদ্দেশের পাঠকবর্গের মধ্যে অনেকেই আসলের আদর না করিয়া নকলের আদর করিয়া থাকেন। পুস্তক-অভ্যন্তরস্থ বিষয়াবলীর ন্যূনাধিক্য বা শুদ্ধি অশুদ্ধির প্রতি দৃষ্টিপাত না করিয়া, কেবল পুস্তকের নামটি মাত্র ঠিক থাকিলে এবং মূল্যের হ্রাস দেখিলেই পাঠকবর্গ সেই পুস্তক ক্রয় করিতে ব্যস্ত হন। কিন্তু পুস্তক ক্রয় করিবার পূর্ব্বেই তাঁহারা একবার একটু স্থির-চিত্তে ভাবিয়া দেখিবেন, সেই সেই গ্রন্থের প্রকাশক বা বিক্রেতৃগণ কোথা হইতে কিরূপে সুলভ মূল্যে পুস্তক দিয়া নিষ্কাম-ধর্ম্ম পালন করেন।

বিনীত

শ্রীশরচ্চন্দ্র শর্ম্মা।

সূচীপত্র।

নিত্যকৃত্যপ্রকরণ।

বিষয়	পৃষ্ঠা
প্রাতঃকৃত্য।	
রাত্রির শেষযামার্দ্ধ অর্থাৎ ৪॥০টা হইতে ৬টার মধ্যে কর্ত্তব্য	১
তান্ত্রিকবিধি	৩
চৌরগণেশমন্ত্র	৪
পৃথিবী-নমস্কার	৫
মলমূত্রত্যাগবিধি	”
শৌচবিধি	৬
পাদক্ষালনবিধি	৮
শিখাবন্ধন ও আচমন	৯
দন্তধাবনবিধি	”
প্রাতঃস্নান ও আচমনবিধি	১১
(তান্ত্রিক আচমন, বৈষ্ণব আচমন)	১৩
তান্ত্রিকস্নান	১৬
বস্ত্রপরিধান	১৭
তিলকধারণ	১৮
তিলকধারণস্থান	”
তিলকদ্রব্য	”
শিবপূজাবিষয়ে তিলক	১৯
শক্তিপূজাবিষয়ে তিলক	”
বৈষ্ণবতিলক	১৯
তর্পণব্যবস্থা	
সামবেদীয় তর্পণবিধি	২২
যজুর্ব্বেদীগণের ও শূদ্রের তর্পণবিধি	২৯
ঋগ্বেদীয় তর্পণবিধি	৩২
সন্ধ্যার সাধারণবিধি	৩৩
সামবেদীয় সন্ধ্যাবিধি	৩৪
যজুর্ব্বেদীয় সন্ধ্যাবিধি	৫১
ঋগ্বেদীয় সন্ধ্যাবিধি	৫৬
ব্রহ্মযজ্ঞ	৭৩
তান্ত্রিকসন্ধ্যা ও তর্পণ	৭৪
পূর্ব্বাহ্নকৃত্য।	
প্রথমযামার্দ্ধকৃত্য ; ৬—৭॥০টা	৭৯
দ্বিতীয়যামার্দ্ধকৃত্য ; ৭॥০—৯টা	”
তৃতীয় যামার্দ্ধকৃত্য ; ৯—১০॥০টা	৮০
চতুর্থ-যামার্দ্ধকৃত্য ; ১০॥০—১২টা	৮০
মধ্যাহ্নকৃত্য।	
১২টা হইতে ১॥০ টার মধ্যে কর্ত্তব্য	৮২
নিত্যহোম	৮২
বৈশ্বদেব বা দেবযজ্ঞ	৮৪
বলি বা ভূতযজ্ঞ	৮৫
অতিথিসৎকার বা নৃযজ্ঞ	৮৭
নিত্যশ্রাদ্ধ	”
গোগ্রাসদান	৮৮

বিষয়	পৃষ্ঠা
ভোজন	৮৮
অভক্ষ্য	৯০
দিনবিশেষে অভক্ষ্য	৯১
জলপানবিধি	৯২
মৎস্যশোধন	”
মাংসশোধন	”
মুদ্রাশোধন	”
অন্নাদিনিবেদন ও ভোজনপ্রণালী	৯৩
গণ্ডূষত্যাগ	৯৪
ভোজনান্তে আচমন	৯৫
তাম্বূলভক্ষণ	৯৬
অপরাহ্ণকৃত্য।	
ষষ্ঠ ও সপ্তমযামার্দ্ধকৃত্য	[illegible]
অষ্টমযামার্দ্ধকৃত্য	”
সায়াহ্নকৃত্য	৯৭
রাত্রিকৃত্য।	
প্রথমযামকৃত্য ; ৬টা হইতে ৯টা	”
দ্বিতীয়যামকৃত্য ; ৯টা হইতে ১২টা	”
তৃতীয়যামাদিকৃত্য (শয়নবিধি)	৯৮
দারোপগমন	৯৯

পূজাপ্রকরণ।

বিষয়	পৃষ্ঠা
পার্থিবশিবলিঙ্গপূজা	১০১
লিঙ্গনির্ম্মাণবিধি	”
উপবেশন ও আসন-নিয়ম	১০২
স্বস্তিবাচন	”
সামান্যার্ঘ্য	১০৪
জলশুদ্ধি	”
আসনশুদ্ধি	”
বিঘ্নাপসারণ	১০৫
গন্ধাদির অর্চ্চনা	১০৬
নারায়ণাদির অর্চ্চনা	১০৬
গণেশাদিপূজা	”
গণেশপূজা	১০৬
সূর্য্যপূজা	১০৭
বিষ্ণুপূজা	১০৮
শিবপূজা	”
জয়দুর্গাপূজা	”
করশুদ্ধি	”
ভূতশুদ্ধি	১০৯
মাতৃকান্যাস	১১০
প্রাণায়াম	১১২
প্রাণপ্রতিষ্ঠা	”
অঙ্গন্যাস	১১৩

বিষয়	পৃষ্ঠা	বিষয়	পৃষ্ঠা
করন্যাস	১১৩	গুরুপূজা	১২১
ঋষ্যাদিন্যাস	„	গুরুধ্যান	১২২
ব্যাপকন্যাস	„	স্ত্রীগুরুধ্যান	„
ধ্যান	„	মানসগুরুপূজা	„
মানসপূজা	১১৪	গুরুপূজায় করাঙ্গন্যাস	১২৩
বিশেষার্ঘ্য	„	„ অঙ্গন্যাস	„
পুনর্ধ্যান ও আবাহন	১১৬	„ পূজা	১২৪
শিবলিঙ্গস্নাপন	১১৭	গুরুপংক্তিনমস্কার ও জপবিসর্জ্জন	„
পূজা	„	গুরুপ্রণাম	„
অষ্টমূর্ত্তিপূজা	১১৮	গুরুপাদুকাপূজা	১২৫
জপ ও জপবিসর্জ্জন	১১৯	কুণ্ডলিনীপূজা	„
প্রণাম	„	শালগ্রামশিলায় নারায়ণপূজা	১২৭
আত্মসমর্পণ	১২০	শালগ্রামস্নান	„
ক্ষমাপ্রার্থনা	১২০	পঞ্চদেবতাপূজা	„
বিসর্জ্জন	„	মূলপূজা	„
বাণলিঙ্গে শিবপূজা	১২১	জপবিসর্জ্জন ও প্রণাম	১২৮

আসন ও মুদ্রাপ্রকরণ।

বিষয়	পৃষ্ঠা	বিষয়	পৃষ্ঠা
আসনবিধি।		মৎস্যাসন	১৩৩
দ্বাত্রিংশদ্বিধ আসনের নাম	১৩০	গুপ্তাসন	„
সিদ্ধাসন	১৩১	পশ্চিমোত্তানাসন	„
পদ্মাসন	১৩২	মৎস্যেন্দ্রাসন	„
ভদ্রাসন	„	গোরক্ষাসন	১৩৪
মুক্তাসন	১৩৩	উৎকটাসন	„

বিষয়	পৃষ্ঠা	বিষয়	পৃষ্ঠা
যোগাসন	১৩৪	উদানমুদ্রা	১৪০
মুক্তাসন	১৩৫	ব্যানমুদ্রা	"
বজ্রাসন	"	অঙ্কুশমুদ্রা	"
স্বস্তিকাসন	"	তত্ত্বমুদ্রা	১৪১
সিংহাসন	১৩৬	ধেনুমুদ্রা	"
গোমুখাসন	"	নারাচমুদ্রা	"
বীরাসন	"	লোলিহামুদ্রা	"
ধনুরাসন	১৩৭	কূর্ম্মমুদ্রা	১৪২
মুদ্রাবিধি।		প্রার্থনামুদ্রা	"
মহামুদ্রা	১৩৭	আবাহনীমুদ্রা	১৪৩
মহাবন্ধ	১৩৮	স্থাপনীমুদ্রা	"
খেচরীমুদ্রা	"	সন্নিধাপনীমুদ্রা	"
গন্ধমুদ্রা	১৩৯	সংবোধিনীমুদ্রা	"
পুষ্পমুদ্রা	"	সম্মুখীকরণীমুদ্রা	"
ধূপমুদ্রা ও দীপমুদ্রা	"	মৎস্যমুদ্রা	"
নৈবেদ্যমুদ্রা	"	গালিনীমুদ্রা	১৪
প্রাণমুদ্রা	১৪০	অবগুণ্ঠনমুদ্রা	"
অপানমুদ্রা ও সমানমুদ্রা	"	সংহারমুদ্রা	"

স্তবকবচপ্রকরণ।

বিষয়	পৃষ্ঠা	বিষয়	পৃষ্ঠা
বাল্মীকিকৃত গঙ্গাষ্টকস্তোত্র	১৪৫	হিমালয়কৃত শিবস্তোত্র	১৫২
শ্রীমচ্ছঙ্করাচার্য্যবিরচিত গঙ্গাস্তোত্র	১৪৬	মহিম্নস্তোত্র	১৫৩
অন্নপূর্ণাস্তোত্র	১৪৮	শিবকবচ	১৬০
অন্নপূর্ণাকবচ	১৫০	কর্পূরস্তোত্র	"
		কালীকবচ	১৬৪

বিষয়	পৃষ্ঠা	বিষয়	পৃষ্ঠা
গুরুস্তোত্র	১৬৫	স্মরারিস্তোত্র	২০৭
গুরুকবচ	১৬৬	রুদ্রকবচ	২০৮
স্ত্রীগুরুস্তোত্র	১৬৮	বাণলিঙ্গস্তোত্র	২১০
স্ত্রীগুরুকবচ	১৬৯	বটুকভৈরবস্তোত্র	২১২
বাণীস্তোত্র	১৭১	নবগ্রহস্তোত্র	২১৭
সরস্বতীকবচ	১৭৩	নবগ্রহকবচ	২১৮
মহালক্ষ্মীস্তোত্র	১৭৬	জগন্নাথস্তোত্র	২১৯
লক্ষ্মীকবচ	১৭৯	ষষ্ঠীস্তোত্র	২২০
ভবান্যষ্টক	১৮২	মনসাস্তোত্র	২২২
দুর্গাকবচ	"	সূর্য্যস্তোত্র	২২৩
মঙ্গলচণ্ডিকাস্তোত্র	১৮৪	সূর্য্যকবচ	২২৪
বগলামুখীস্তোত্র	১৮৫	রাধাস্তোত্র	২২৫
জগদ্ধাত্রীস্তোত্র	১৮৭	রাধাকবচ	২২৬
তারাস্তোত্র	১৮৮	গোপালস্তোত্র	২২৯
তারাকবচ	১৯০	কুণ্ডলিনীস্তোত্র	২৩০
তুলসীস্তোত্র	১৯৫	কুণ্ডলিনীকবচ	২৩১
শ্রীকৃষ্ণস্তোত্র	১৯৬	শীতলাস্তোত্র	২৩৬
শ্রীকৃষ্ণকবচ	১৯৯	অপরাজিতাস্তোত্র	২৩৭
নৃসিংহকবচ	২০১	গায়ত্রীকবচ	২৪১
শ্রীরামচন্দ্রস্তোত্র	১০৩	গায়ত্রীশাপোদ্ধার	২৪২
শ্রীরামকবচ	২০৫		

পরিশিষ্ট।

দেবদেবীর ধ্যান, প্রণাম ও মন্ত্রাদি।

বিষয়	পৃষ্ঠা	বিষয়	পৃষ্ঠা
গণেশ	২৪৩	কৃষ্ণ	২৪৪
বিষ্ণু	"	গোপাল	"

বিষয়	পৃষ্ঠা
বালগোপাল	২৪৪
সূর্য্য	২৪৫
রাম	"
বাণলিঙ্গ	২৪৬
অগ্নি	"
মার্কণ্ডেয়	"
ব্রহ্মা	"
বাসুদেব	২৪৭
কার্ত্তিক	"
কুবের	"
দুর্গা	"
অন্নপূর্ণা	২৪৯
সরস্বতী	"
(ঐ পুষ্পাঞ্জলি)	"
লক্ষ্মী	২৫০
(ঐ পুষ্পাঞ্জলি)	"
ষষ্ঠী	"
মনসা	২৫১
মঙ্গলচণ্ডী	"
জগদ্ধাত্রী	"
গঙ্গা	২৫২
রাধিকা	২৫৩
সীতা	"
তুলসী	"
চণ্ডী	২৫৪
শীতলা	"

বিষয়	পৃ
দক্ষিণকালিকা	২৫
তারা	২৫
ষোড়শী	"
ভুবনেশ্বরী	"
ভৈরবী	২৫৬
ছিন্নমস্তা	"
ধূমাবতী	২৫
বগলামুখী	"
মাতঙ্গী	২৫৮
কমলা	"
হনুমান্	"
ইন্দ্র	২৫৯
গরুড়	"

বিবিধ বিষয়।

বিষয়	পৃ
সাগরসঙ্গমস্নান	২৫৯
ব্রহ্মপুত্রস্নান	২৬০
নন্দাস্নান	"
বারুণীস্নান	২৬১
(মহামহাবারুণী, মহাবারুণী)	"
দশহরাস্নান	"
গ্রহণস্নান	২৬২
(চূড়ামণিযোগ)	"
অর্দ্ধোদয়স্নান	২৬৫
মাকরী-সপ্তমী-স্নান	"
কার্ত্তিকমাসীয় প্রাতঃস্নান	২৬
মাঘমাসীয় প্রাতঃস্নান	"

বিষয়	পৃষ্ঠা
বরাত্রিকৃত্য	২৬৫
ঐ স্নান ও অর্ঘ্যমন্ত্রাদি)	২৬৬
মতু (ইঁতুপূজা)	২৬৭
ভ্রাতৃদ্বিতীয়ায় অন্নদানমন্ত্র	"
পুষ্পচয়নবিধি	"
নিষিদ্ধপুষ্প	২৬৮
তুলসীচয়ন-প্রণালী	"
তুলসীচয়নমন্ত্র	"
তুলসীচয়নে নিষিদ্ধদিন	"
বিল্বপত্রচয়নমন্ত্র	"
বিল্বপত্রচয়ন-প্রণালী	"
বিল্বপত্রচয়নে নিষিদ্ধদিন	২৬৯
দূর্ব্বাচয়নপ্রণালী	"
তুলসীবৃক্ষে জল দিবার মন্ত্র	"
অশ্বত্থবৃক্ষে জলদান-মন্ত্র	"
বিষ্ণুচরণামৃতধারণ-মন্ত্র	"
বিপ্রপাদোদকধারণ-মন্ত্র	"
রুদ্রাক্ষসংস্কারবিধি	"
রুদ্রাক্ষধারণমন্ত্র	২৭০
ভিন্ন ভিন্ন অঙ্গে রুদ্রাক্ষধারণের সংখ্যা	"
তুলসীমালাসংস্কার	"
নীরাজনপ্রণালী	২৭১
ভোগ ও শীতল দেওয়া	"
উপচার	২৭২
ষাড়শোপচার-দ্রব্য	"

বিষয়	পৃষ্ঠা
দশোপচার-দ্রব্য	২৭৩
পঞ্চোপচার	"
যজ্ঞোপবীতগ্রন্থিপ্রণালী	"
যজ্ঞোপবীতধারণবিধি	২৭৪
যজ্ঞোপবীতপ্রমাণ	"
যজ্ঞোপবীতমার্জ্জন-দ্রব্য	২৭৫
যজ্ঞোপবীতমার্জ্জনপ্রণালী	"
দেবপ্রদক্ষিণপ্রণালী	"
দেবতাভেদে প্রদক্ষিণের প্রকারভেদ	"
নষ্টচন্দ্রদর্শনে জলপান	"
শান্তি	২৭৬
স্বস্ত্যয়ন (তুলসী দেওয়া)	"
হরিরলুট প্রদান	২৭৮
আকাশপ্রদীপদানমন্ত্র	২৭৯
উল্কাদান	"
ভূতচতুর্দ্দশী	"
অশোকাষ্টমীতে অশোককলিকা-পানমন্ত্র	২৮০
ঘটোৎসর্গপদ্ধতি	"
যবাদিদ্রব্যের অভাবে প্রতিনিধি	২৮২
দেবপূজায় আবাহনাদির নিষেধবিধি	"
অম্বুবাচীতে নিষিদ্ধকর্ম্ম	"
সধবার পক্ষে কুশ ও তিল ব্যবহারের নিষিদ্ধতা	"

বিষয়	পৃষ্ঠা
পর্য্যুষিত কুশ ও শিবমৃত্তিকা-গ্রহণের নিষিদ্ধদিন	২৮২
প্রণামবিধি	"
প্রণামে নিষেধবিধি	২৮৩
দ্বাদশদানের দ্রব্য	২৮৪
ষোড়শদানের দ্রব্য	"
বজ্রভয়শান্তিমন্ত্র	"
মধুপর্ক	"
পঞ্চগব্য	"
পঞ্চগব্যশোধনমন্ত্র	২৮৫
পঞ্চামৃত	"
পঞ্চবর্ণ গুঁড়ি	"
পঞ্চপল্লব	২৮৬
পঞ্চশস্য	"
পঞ্চরত্ন	"
পঞ্চকষায়	"
সর্ব্বৌষধি	"
মহৌষধি	"
হবিষ্যান্ন	"
অক্ষমের পক্ষে উপবাসে অনুকল্প	২৮৭
জপরহস্য	"
ক্ষৌরকর্ম্ম	২৮৮

মুমূর্ষু কৃত্য।

বিষয়	পৃষ্ঠা
বৈতরণী	২৮৯
অন্ত্যেষ্টিক্রিয়াপদ্ধতি	২৯১
গঙ্গাজলে অস্থিপ্রক্ষেপ	২৯৪
কুশপুত্তলিদাহ	২৯৫
সপিণ্ডাদিবিচার	২৯৬
সপিণ্ডাদ্যশৌচ	"
চাতুর্ব্বর্ণাশৌচ	২৯৭
নারীবিষয়কাদ্যশৌচ	"
বালিকাদিমরণাশৌচ	২৯৮
সদ্যঃশৌচ	২৯৯
গর্ভস্রাবাশৌচ	"
অস্পৃশ্যস্পৃষ্টাদ্যশৌচ	৩০০
খণ্ডাশৌচ	"
মৃত্যুবিশেষাশৌচ	৩০২
শবানুগমনাদ্যশৌচ	৩০৩
অশৌচসঙ্করব্যবস্থা	"
অশৌচমধ্যে কর্ত্তব্যতা	৩০৫
দাহাধিকার	৩০৬
পূরকপিণ্ডদান	৩০৮
নীরক্ষীরদান	৩১০
প্রায়শ্চিত্তবিধি	৩১১

সূচীপত্র সম্পূর্ণ।

ধর্ম্ম-জীবন।

নিত্যকৃত্যপ্রকরণ।

প্রাতঃকৃত্য। *

(রাত্রির শেষ-যামার্দ্ধ অর্থাৎ ৪॥০টা হইতে ৬টার মধ্যে কর্ত্তব্য)

ব্রাহ্মমুহূর্ত্তে † শয্যা হইতে গাত্রোত্থান পূর্ব্বক শয্যার উপর উপবিষ্ট থাকিয়াই উদঙ্মুখ বা পূর্ব্বমুখ হইয়া নিম্নলিখিত শ্লোক কয়টি পাঠ করিবে।

---

* প্রাতঃস্মরণীয় বিষয়চিন্তন, মানসগুরুপূজা, মানসকুণ্ডলিনাপূজা, চৌর-গণেশমন্ত্রজপ, গুরুপাদুকাপূজা, গুরুপাদুকাস্তোত্রপাঠ, দৈনিক ধর্ম্ম ও তদ-বিরোধী অর্থসাধনাদি-চিন্তন, পৃথিবীনমস্কার, মলমূত্রত্যাগ, শৌচাচরণ, আচ-মন, দন্তধাবন, প্রাতঃস্নান, তিলকধারণ তর্পণ ও প্রাতঃসন্ধ্যা এই কয়েকটি ক্রিয়া প্রাতঃকৃত্যের অন্তর্গত।

† সাধারণতঃ অহোরাত্রকে আট ভাগ করিলে তাহার এক এক ভাগকে যাম বা প্রহর বলা যায়। প্রহরের অর্দ্ধাংশকেই প্রহরার্দ্ধ বা যামার্দ্ধ কহে। যামার্দ্ধ ধরিয়াই নিত্যক্রিয়ানুষ্ঠানের বিধি নির্দ্দিষ্ট হইয়াছে। এক এক যামার্দ্ধ দেড় ঘটিকার সমান; দিবার প্রথমযামার্দ্ধ (দেশভেদে সূর্য্যোদয়ের সময়ের কিঞ্চিৎ কিঞ্চিৎ বিভিন্নতা থাকিলেও সাধারণতঃ অস্মদ্দেশে) ৬টা হইতে ৭॥০টা এবং রাত্রির শেষযামার্দ্ধ ৪॥০টা হইতে ৬টা ধরা গিয়া থাকে. ফল কথা, রাত্রির শেষ প্রহরের নাম ব্রাহ্মমুহূর্ত্ত এবং তাহারই শেষার্দ্ধের নাম রাত্রির শেষ-

ধর্ম্ম জীবন।

প্রভাতে যঃ স্মরেন্নিত্যং দুর্গা দুর্গাক্ষরদ্বয়ম্।
আপদস্তস্য নশ্যন্তি তমঃ সূর্য্যোদয়ে যথা॥
ব্রহ্মা মুরারিস্ত্রিপুরান্তকারী,
ভানুঃ শশী ভূমিসুতো বুধশ্চ।
গুরুশ্চ শুক্রঃ শনী-রাহু-কেতু,
কুর্ব্বন্তু সর্ব্বে মম সুপ্রভাতম্॥
কালী তারা মহাবিদ্যা ষোড়শী ভুবনেশ্বরী।
ভৈরবী ছিন্নমস্তা চ বিদ্যা ধূমাবতী তথা।
বগলা সিদ্ধবিদ্যা চ মাতঙ্গী কমলাত্মিকা।
এতা দশ মহাবিদ্যাঃ সিদ্ধবিদ্যাঃ প্রকীর্ত্তিতাঃ॥
অহল্যা দ্রৌপদী কুন্তী তারা মন্দোদরী তথা।
পঞ্চ কন্যাঃ স্মরেন্নিত্যং মহাপাতকনাশনম্॥
পুণ্যশ্লোকো নলো রাজা পুণ্যশ্লোকো যুধিষ্ঠিরঃ।
পুণ্যশ্লোকা চ বৈদেহী পুণ্যশ্লোকো জনার্দ্দনঃ॥
কর্কোটকস্য নাগস্য দময়ন্ত্যা নলস্য চ।
ঋতুপর্ণস্য রাজর্ষেঃ কীর্ত্তনং কলিনাশনম্॥
কার্ত্তবীর্য্যার্জ্জুনো নাম রাজা বাহুসহস্রভৃৎ।
যোঽস্য সংকীর্ত্তয়েন্নাম কল্যমুত্থায় মানবঃ।
ন তস্য বিত্তনাশঃ স্যাৎ নষ্টঞ্চ লভতে পুনঃ॥

যামার্দ্ধ। রাত্রির ঐ শেষযামার্দ্ধ ৪৷৷৹টা হইতে ৬টার মধ্যেই (সূর্য্যোদয়ের পূর্ব্বে) প্রাতঃকৃত্য সমাপন করা কর্ত্তব্য। রাত্রির শেষ যামে ব্রাহ্ম্যমুহূর্ত্তেই যে শয্যাত্যাগ করিবে, পিতামহও তাহার বিধি নির্দ্দেশ করিয়া গিয়াছেন, যথা—

রাত্রেশ্চ প্রথমে যামে মুহূর্ত্তো যস্তৃতীয়কঃ।
স ব্রাহ্ম্য ইতি বিখ্যাতো বিহিতঃ সংপ্রবোধনে॥

অহং দেবো ন চান্যোঽস্মি ব্রহ্মৈবাহং ন শোকভাক্‌।
সচ্চিদানন্দরূপোঽহং নিত্যমুক্তঃ স্বভাববান্‌॥
লোকেশ চৈতন্যময়াধিদেব,
শ্রীকান্ত বিষ্ণো ভবদাজ্ঞয়ৈব।
প্রাতঃ সমুত্থায় তব প্রিয়ার্থং,
সংসারযাত্রামনুবর্ত্তয়িষ্যে॥
জানামি ধর্ম্মং ন চ মে প্রবৃত্তি-
র্জানাম্যধর্ম্মং ন চ মে নিবৃত্তিঃ।
ত্বয়া হৃষীকেশ হৃদিস্থিতেন,
যথা নিযুক্তোঽস্মি তথা করোমি॥
প্রাতঃ প্রভৃতি সায়ান্তং সায়াদি প্রাতরন্ততঃ।
যৎ করোমি জগত্যর্থে তদস্তু তব পূজনম্‌॥
ত্রৈলোক্যরক্ষাধিময়ে সুরেশি,
শ্রীপার্ব্বতি ত্বচ্চরণাজ্ঞয়ৈব।
প্রাতঃ সমুত্থায় তব প্রিয়ার্থং,
সংসারযাত্রামনুবর্ত্তয়িষ্যে॥

এই শ্লোক-কয়েকটি পাঠান্তে তান্ত্রিকী বিধি পালন করিতে হয়; কিন্তু অদীক্ষিত ব্যক্তি বা স্ত্রীজাতির পক্ষে ঐ নিয়ম নহে; তাহারা কেবল উপরিলিখিত শ্লোককয়টিমাত্র পাঠ করিবে।

তান্ত্রিকবিধি যথা--রাত্রিবাস-পরিত্যাগান্তে শয্যার উপর উপবেশন পূর্ব্বক উদঙ্মুখ বা পূর্ব্বমুখ হইয়া "ওঁ কুলবৃক্ষেভ্যো নমঃ" এই বাক্যে প্রণাম করিবে। পরে পদ্মাসনে * উপবিষ্ট হইয়া শিরঃস্থিত সহস্রদলকমলান্তর্গত গুরুদেবের ধ্যান, মানস-পূজা, তাঁহার

* পদ্মাসনের বিধি আসনপ্রকরণে লিখিত আছে।

স্তবকবচাদিপাঠ, নমস্কার, কুণ্ডলিনীর মানস-পূজা প্রভৃতি সম্পাদন করিতে হয়।* তৎপরে চৌরগণেশমন্ত্র জপ করিবে। যথা—

চৌরগণেশমন্ত্র।

হৃদয়ে হস্তস্থাপন পূর্ব্বক "ক্রোঁ" মন্ত্র দশবার জপ করিয়া, দক্ষিণনেত্র, বামনেত্র, দক্ষিণকর্ণ ও বামকর্ণে "হ্রীঁ হ্রীঁ" দশ দশ-বার; দক্ষিণ-নাসিকায় ও বাম-নাসিকায় "হ্রূঁ হ্রূঁ" দশ দশবার; মুখে "হ্রীঁ হ্রীঁ হ্রীঁ হ্রীঁ হ্রীঁ" দশ দশবার; নাভিতে "হ্লী" দশবার; লিঙ্গে "হে সৌঃ" দশবার; গুহ্যে "ব্লুং" দশবার এবং ভ্রূমধ্যে "হ্রূঁ" দশবার জপ করিবে।† তৎপরে (পূজাপ্রকরণের লিখিত) যথা-নিয়মে গুরুপাদুকাপূজা ও গুরুপাদুকাস্তোত্রপাঠ করিতে হয়।

অনন্তর দিবাভাগে কি কি কর্ম্মের অনুষ্ঠান করিবে, ধর্ম্মের অবিরোধভাবে কি কি অর্থসাধন করিতে হইবে এবং ধর্ম্মার্থের অবিরোধে কি কি কামসাধন করিতে হইবে, তাহা চিন্তা করিবে।‡

* গুরুপূজা-নমস্কারাদি ও কুণ্ডলিনীপূজা এবং গুরুপাদুকাপূজা পূজা-প্রকরণে আর স্তবাদি স্তবকবচপ্রকরণে দ্রষ্টব্য।

† কেহ কেহ "কার্ত্তবীর্য্যার্জ্জুনো নাম" এই শ্লোক পর্য্যন্ত পাঠের পর "ওঁ কুলবৃক্ষেভ্যো নমঃ" মন্ত্রে প্রণামান্তে গুরুধ্যান, গুরুপূজা; কুণ্ডলিনীপূজা ও চৌরগণেশমন্ত্র জপ করিয়া "অহং দেবো ন চান্যোঽস্মি" ইত্যাদি অবশিষ্ট শ্লোককয়টি পাঠের এবং তৎপরে গুরুপাদুকাপূজার ব্যবস্থা দিয়া থাকেন।

‡ এ বিষয়ে শাস্ত্রে লিখিত আছে,—

প্রবুদ্ধশ্চিন্তয়েদ্ধর্ম্মমর্থঞ্চাস্যাবিরোধিনম্।
অপীড়য়া তয়োঃ কামমুভয়োরপি চিন্তয়েৎ॥

এরূপ চিন্তা করার তাৎপর্য্য এই যে, ইহা দ্বারা অহরহঃ হৃদয়ে সত্ত্বগুণ সংবর্দ্ধিত হইয়া থাকে।

পৃথিবী-নমস্কার।

তৎপরে পৃথিবীকে প্রণাম করিতে হয়। যথা—

সমুদ্রমেখলে দেবি পর্ব্বতস্তনমণ্ডলে।
বিষ্ণুপত্নি নমস্তুভ্যং পাদস্পর্শং ক্ষমস্ব মে॥

এই মন্ত্র পাঠ করিয়া "প্রিয়দত্তায়ৈ ভুবে নমঃ" এই বলিয়া পৃথিবীকে প্রণাম করিবে।

অনন্তর পুরুষ প্রথমে দক্ষিণচরণ ও স্ত্রীজাতি বামচরণ ভূতলে নিক্ষেপ পূর্ব্বক গৃহ হইতে বিনিষ্ক্রান্ত হইবে এবং সর্ব্বাগ্রে বহ্নি, বেদজ্ঞ ব্রাহ্মণ, গো, যাজ্ঞিক ও ভাগ্যবতী নারী, ইহাঁদিগকে দর্শন করিয়া পরে অন্যের মুখাবলোকন করিবে। সুরা, পাপীলোক, ছিন্ননাসিক, ভাগ্যহীনা রমণী বা নগ্নব্যক্তিকে প্রভাতে দর্শন করিবে না।

মলমূত্রত্যাগবিধি।

তদনন্তর বাসস্থানের দক্ষিণপশ্চিম-কোণে মলমূত্রত্যাগার্থ স্থাননিরূপণ করিয়া তথায় মলমূত্রত্যাগ করিবে। যদি গ্রামে বাস হয়, তাহা হইলে বাসস্থানের দেড়শত হস্ত দূরে এবং নগরে বাস হইলে তাহার চতুর্গুণ দূরে মলমূত্রত্যাগ করিবে। দিবাভাগে ও সন্ধ্যাদ্বয়ে উদঙ্মুখ হইয়া এবং রাত্রিকালে দক্ষিণাস্য হইয়া মলমূত্রত্যাগ করিতে হয়; তৎকালে মৌনভাবে অবস্থান করিবে। অত্যন্ত বেগ না হইলে সন্ধিসময়ে মলমূত্রত্যাগ করিবে না। মলমূত্রত্যাগকালে বামহস্ত দ্বারা অণ্ডদ্বয় দৃঢ়রূপে ধারণ করিয়া থাকিবে; কিন্তু জলপাত্র হস্ত দ্বারা স্পর্শ করিবে না। ঐ সময়ে জৃম্ভণ (হাইতোলা) ও ক্ষুৎ (হাঁচি) দেওয়াও নিষিদ্ধ। মলমূত্রত্যাগ-

কালে উত্তরীয়বস্ত্র থাকিলে ব্রাহ্মণেরা যজ্ঞোপবীত মালার ন্যায় পৃষ্ঠদেশে রাখিবেন; উত্তরীয়বস্ত্র না থাকিলে কর্ণে যজ্ঞোপবীত ধারণ করিতে হয়। মলমূত্রত্যাগকালে নদী বা জ্যোতিষ্কমণ্ডল দর্শন করিবে না, ঊর্দ্ধশ্বাস ত্যাগ করিবে না এবং নিষ্ঠীবন (থুথু) ফেলিবে না। সূর্য্য, চন্দ্র, বায়ু, নৌকা, দেবালয়, গো, দেবতা, ব্রাহ্মণ, গুরু, স্ত্রীজাতি, ইহাদের অভিমুখে মলমূত্রত্যাগ করিতে নাই। জুতা বা খড়ম ধারণ করিয়া মলমূত্রত্যাগ করাও নিষিদ্ধ; তৎকালে আকাশে বা কোন দিকে দৃষ্টিপাত করিবে না। দণ্ডায়মান অবস্থায় বা গমন করিতে করিতেও মলমূত্রত্যাগ নিষিদ্ধ। গোব্রজ, বল্মীক, ভস্ম, পথ, পর্ব্বত, চিতা, নদীতীর, জীবযুক্ত গর্ত্ত, জীর্ণদেবালয়, জল, চষাভূমি এই সমস্ত স্থানে মলমূত্রত্যাগ করিবে না। রাত্রিকালে চৌরব্যাঘ্রাদি-ভীতিসঙ্কুল স্থানে, অন্ধকারাবৃত স্থানে বা বৃক্ষাদির ছায়াবৃত স্থানে মলমূত্রত্যাগ করিতে হইলে বিধিবিহিত দিঙ্‌নিরূপণের আবশ্যক নাই; তদবস্থায় যে দিকে ইচ্ছা, মলমূত্রত্যাগ করিতে পারা যায়। এই প্রকারে মলমূত্রত্যাগ করিয়া অণ্ডদ্বয় দৃঢ়রূপে ধারণ পূর্ব্বক মলত্যাগস্থল হইতে উঠিয়া শৌচক্রিয়া করিবে।

শৌচাবাধ। *

মলমূত্রত্যাগ করিয়া শৌচ করিতে হয়। মনুষ্যশরীরে দ্বাদশটি মল বিদ্যমান;—বসা, শুক্র, রক্ত, মজ্জা, মূত্র, বিষ্ঠা, কর্ণমল,

* শৌচ দ্বিবিধ;—বাহ্য ও আভ্যন্তর। মৃত্তিকা, জল ইত্যাদি দ্বারা শুদ্ধিকে বাহ্য এবং মানসশুদ্ধিকে আভ্যন্তর বলে। যাবৎ মানস শৌচ শিক্ষা না হয়, তাবৎ বাহ্যশৌচ কর্ত্তব্য।

নখ, শ্লেষ্মা, অশ্রু, দূষিক (পিঁচুটি) ও স্বেদ। এই দ্বাদশটির মধ্যে প্রথমোক্ত ছয়টির শুদ্ধিবিধানার্থ জল ও মৃত্তিকা এবং শেষোক্ত ছয়টির শুদ্ধিবিধানার্থ কেবলমাত্র জল আবশ্যক। দিবাভাগে ও সন্ধিকালে উদঙ্মুখে এবং রাত্রিকালে দক্ষিণাস্যে মৌনভাবে শৌচক্রিয়া করিবে।

শৌচক্রিয়ার্থ বল্মীকোদ্ধৃত, মূষিকোদ্ধৃত, জলগর্ভস্থ, অন্যের শৌচাবশিষ্ট, গৃহলেপনযোগ্য, প্রাণিবিশিষ্ট, কর্দ্দমযুক্ত ও হলোৎখাত মৃত্তিকা গ্রহণ করিতে নাই। তর্জ্জনী, মধ্যমা ও অনামা এই তিনটি অঙ্গুলীর পর্ব্বত্রয় পূর্ণ হইতে পারে, এতৎপরিমিত মৃত্তিকা শৌচার্থ গ্রহণ করিবে।

বামহস্তে মৃত্তিকা লইয়া শিশ্নে একবার, গুহ্যে তিনবার, বামকরে দশবার এবং পুনরায় দুই হস্তে সাতবার করিয়া মৃত্তিকা দিবে। মতান্তরে এইরূপ নির্দ্দিষ্ট আছে যে, লিঙ্গে একবার, মলদেশে তিনবার, বামকরের তলদেশে দশবার, বামহস্তপৃষ্ঠে ছয়বার এবং পরে উভয় হস্তে সাতবার করিয়া মৃত্তিকা লেপন করিবে। ইহাতে দুর্গন্ধ দূর না হইলে, যতক্ষণ দুর্গন্ধ নষ্ট না হয়, ততক্ষণ পুনঃ পুনঃ মৃত্তিকালেপন করিবে। তৎপরে জল দ্বারা ধৌত করিতে হয়। মতান্তরে শিশ্নে একবার, গুহ্যে পাঁচবার, বামহস্তে দশবার, দুই হস্তে সাতবার, প্রতি পদে একবার এবং পরে দুই হাতে তিন তিনবার মৃত্তিকা দিবে।

যথানিয়মে মৃত্তিকা দিয়া জল দ্বারা ধৌত করিতে হয়। জলপাত্রের অভাবে যদি জলাশয়ের জল দ্বারা ধৌত করিতে হয়, তাহা হইলে জলাশয়ের তীরস্থ একহস্ত-পরিমিত স্থান পরিত্যাগ পূর্ব্বক অর্থাৎ [illegible] জলে নামিয়া জলশৌচ করিবে। এই

প্রকারে জলশৌচ করিয়া তৃণাদি দ্বারা নখাভ্যন্তরগত মৃত্তিকাদি ধীরে ধীরে অপসারিত করিবে। তৎপরে প্রতি পদে তিন তিন-বার মৃত্তিকা দিয়া ধৌত করিবে।

কেবল মূত্রত্যাগের পর শিশ্নে একবার, বামহস্তে তিনবার, দুই হস্তে দুইবার এবং প্রতি পদে এক একবার মৃত্তিকা দিয়া জল দ্বারা ধৌত করিবে।

অনুপনীত বিপ্রবালক, স্ত্রীজাতি ও শূদ্র, ইহাদের পক্ষে শৌচের কোনরূপ সংখ্যা নির্দ্দিষ্ট নাই; যতক্ষণ দুর্গন্ধ দূর না হয়, তাবৎ পুনঃ পুনঃ মৃত্তিকালেপন পূর্ব্বক ধৌত করিয়া ফেলিবে।

যে ব্যক্তি পীড়িত অথবা পথিক, সে যথাসম্ভব শৌচক্রিয়া করিবে এবং রাত্রিকালে কোন বাধাবশতঃ সম্পূর্ণ শৌচক্রিয়ায় অক্ষম হইলে ঐরূপ যথাসম্ভব শৌচক্রিয়া করিতে পারে; কিন্তু সামর্থ্য থাকিতে নিয়ম-ভঙ্গ করিতে পারিবে না। কেহ কেহ বলেন, এইরূপ নিয়ম গৃহীর পক্ষেই নির্দ্দিষ্ট; ব্রহ্মচারী প্রভৃতি অবশিষ্ট আশ্রমিগণের পক্ষে উত্তরোত্তর ইহার দ্বিগুণ ব্যবস্থেয়। রাত্রিকালে দিবাশৌচের অর্দ্ধেক করিতে হয়; রোগ হইলে তদর্দ্ধ, পথিকের পক্ষে তাহারও অর্দ্ধ এবং নারীজাতির পক্ষে তাহারও অর্দ্ধ ব্যবস্থেয়। এই প্রকার নিয়মে শৌচক্রিয়া করিয়া বসনপ্রক্ষালনান্তে পাদ ধৌত করিবে।

পাদক্ষালনবিধি।

সামবেদীয় ব্রাহ্মণেরা পশ্চিমাস্য বা পূর্ব্বাস্য হইয়া বসিয়া প্রথমে "সব্যং পাদমবনেনিজে" এই বলিয়া বামপাদ, পরে "দক্ষিণং পাদমবনেনিজে" এই বলিয়া দক্ষিণপাদ প্রক্ষালন করিবে। যজুর্ব্বেদীয়েরা ঐরূপ মন্ত্রে প্রথমে দক্ষিণপাদ, পরে

বামপাদ ধৌত করিবে; কিন্তু যদি শূদ্রে পাদপ্রক্ষালন করিয়া দেয়, তবে প্রথমে বামপাদ প্রক্ষালন করিতে হইবে। দৈবক্রিয়ায় উত্তরমুখ ও পিতৃকর্ম্মে দক্ষিণমুখ হইয়া পাদক্ষালন ব্যবস্থা। অনন্তর ব্রাহ্মণেরা পৃষ্ঠলম্বিত বা কর্ণলম্বিত যজ্ঞসূত্র যথাবৎ গলদেশে ধারণ করিবেন। পাদক্ষালনান্তে শিখা-বন্ধন করিতে হয়।

শিখাবন্ধন ও আচমন।

গায়ত্রী উচ্চারণ পূর্ব্বক আড়াই পাক দিয়া শিখা ও জুটিকা বন্ধন করাই ব্রাহ্মণের কর্ত্তব্য। স্ত্রীজাতি ও শূদ্রেরা নিম্নলিখিত মন্ত্র পড়িয়া শিখা-বন্ধন করিবে। যথা—

ব্রহ্মবাণীসহস্রাণি শিববাণীশতানি চ।
বিষ্ণোর্নামসহস্রেণ শিখাবন্ধং করোম্যহম্॥ *

এই মন্ত্রে শিখাবন্ধন পূর্ব্বক চক্ষুর্দ্বয় ধৌত করিয়া আচমন করিবে। † তৎপরে দন্তধাবন করিতে হয়।

দন্তধাবনবিধি।

মুখবিশুদ্ধ্যর্থ দন্তধাবন না করিয়া আচান্ত হইলেও অশুচি বলিয়া গণনীয় হইতে হয়; সুতরাং দন্তধাবন নিতান্ত আবশ্যক।

---

* শিখামোচনের মন্ত্র যথা—

ওঁ গচ্ছন্তু সকলা দেবা ব্রহ্মবিষ্ণুমহেশ্বরাঃ।
তিষ্ঠত্বত্রাচলা লক্ষ্মীঃ শিখামুক্তং করোম্যহম্॥

† এ সময়ের আচমন সামান্য কুল্লিমাত্র। প্রকৃত আচমনবিধি পরে যথাস্থানে লিখিত আছে। কেহ কেহ শৌচান্তে, দন্তধাবনের পূর্ব্বে যথাবিধি দুইবার প্রকৃত আচমন করার ব্যবস্থা দেন। মতান্তরে মলমূত্রত্যাগের পূর্ব্বে দুইবার আচমন করার বিধি আছে।

শ্রাদ্ধাহ, জন্মদিন, বিবাহদিবস, উপনয়নদিন, ব্রত ও উপবাসাদি এবং পঞ্চপর্ব্বে অর্থাৎ চতুর্দ্দশী, অষ্টমী, অমাবস্যা, পূর্ণিমা ও সংক্রান্তি এই সমস্ত দিনে দন্তধাবন নিষিদ্ধ। অজীর্ণাদি স্থলেও দন্তধাবন করিবে না। নিষিদ্ধদিনে ভস্ম বা মৃত্তিকা দ্বারা মুখশোধন করিতে হয় অথবা দ্বাদশগণ্ডূষ জল দ্বারা বিনামন্ত্রে মুখপ্রক্ষালন করিবে। খদির, কদম্ব, করঞ্জ, তিন্তিড়ী, ডুম্বুর, আকন্দ, বিল্ব, অপামার্গ, নিম্ব, আম্র, বট, বংশত্বক্, এই সমস্ত কাষ্ঠের যে কোন একটি দ্বারা দন্তধাবন করিবে। সামবেদীয়েরা অষ্টাঙ্গুলী এবং অন্যান্য-বেদীয়গণ দ্বাদশাঙ্গুলীপরিমিত দন্তকাষ্ঠ ব্যবহার করিবে। দন্তকাষ্ঠ কনিষ্ঠার অগ্রভাগবৎ স্থূল ও ত্বক্‌সমন্বিত হইবে এবং উহার অগ্রভাগ দলিত করিয়া লইবে। নিম্নলিখিত মন্ত্র দুইটি পাঠ পূর্ব্বক দন্তধাবন করিবে।

ওঁ অন্নাদ্যায় ব্যূহদ্ধং সোমো রাজায়মাগমৎ।
স মে মুখং প্রমার্ক্ষ্যতে যশসা চ ভগেন চ ॥ ১ ॥
আয়ুর্ব্বলং যশো বর্চ্চঃ প্রজাঃ পশুবসূনি চ।
ব্রহ্ম প্রজ্ঞাঞ্চ মেধাঞ্চ ত্বন্নো ধেহি বনস্পতে ॥ ২ ॥

দক্ষিণ-হস্তের অনামা ও কনিষ্ঠাঙ্গুলী দ্বারা দন্তকাষ্ঠ ধারণ পূর্ব্বক পূর্ব্বাস্য বা উত্তরাস্য হইয়া এই দুইটি মন্ত্র পাঠ পূর্ব্বক দন্তধাবন করিবে; কিন্তু শূদ্র ও স্ত্রীলোকেরা প্রথম মন্ত্রটি পাঠ করিবে না, কেবল দ্বিতীয় মন্ত্রটি পাঠ করিবে।

দন্তকাষ্ঠের অভাবে দ্বাদশগণ্ডূষ জল দ্বারা মুখপ্রক্ষালন করিবে। ভুক্তদ্রব্যের কোন অংশ দন্তে সুশ্লিষ্টরূপে সংলগ্ন থাকিলে (তাহার কোনরূপ স্বাদ অনুভূত না হইলে) তাহা অপনয়নার্থ বিশেষ প্রয়াস পাইবে না। জিহ্বামার্জ্জন প্রত্যহই কর্ত্তব্য।

সংযতবাক্ হইয়া ধীরে ধীরে দন্তকাষ্ঠ দ্বারা দন্তধাবন করিতে হয়। দন্তমার্জ্জনান্তে দন্তকাষ্ঠ ধৌত করিয়া পবিত্র স্থলে ফেলিয়া দিবে। তৎপরে প্রাতঃস্নান করিবে। *

প্রাতঃস্নান ও আচমনবিধি।

স্নান সপ্তবিধ ;—মান্ত্র, ভৌম, আগ্নেয়, বায়ব্য, দিব্য, মানস ও বারুণ। "শন্ন আপ" ইত্যাদি বৈদিকীসন্ধ্যান্তর্গত মন্ত্র উচ্চারণ পূর্ব্বক স্নানের নাম মান্ত্রস্নান ; † গঙ্গামৃত্তিকাদি-লেপন করাকে ভৌমস্নান বলে ; গাত্রে হোমভস্মলেপনের নাম আগ্নেয় স্নান ; বায়ুবেগোত্থ গোক্ষুরধূলিস্পর্শকে বায়ব্য স্নান কহে ; রৌদ্র থাকিতে থাকিতে যে জলবর্ষণ হয়, সেই জলে গাত্র সিক্ত করার নাম দিব্যস্নান ; "হরিপাদনিঃসৃতসুরধুনী-সলিলে স্নান করিতেছি," মনে মনে এইরূপ চিন্তা করাকে মানসস্নান কহে এবং জলমধ্যে অবতরণ পূর্ব্বক অবগাহন করাকেই বারুণস্নান বলা যায়। এই সপ্তবিধ স্নানের মধ্যে বারুণস্নানই মুখ্যস্নান বলিয়া পরিগণিত। অস্নাত অবস্থায় জপাদি-ক্রিয়ায় অধিকারী হইতে পারে না। প্রাতঃস্নান দ্বারা দেহশুদ্ধি হয়।

স্রোতোজলে স্রোতের অভিমুখে এবং স্রোতোহীনজলে সূর্য্যের অভিমুখে নাভিমগ্নজলে দণ্ডায়মান হইয়া দুই হস্ত দ্বারা মুখ, নাসিকা, চক্ষু ও কর্ণ আচ্ছাদন পূর্ব্বক একবার ডুব দিবে। কাহারও কাহারও ব্যবস্থামতে স্রোতোহীন জলাশয়ে উত্তরাস্য হইয়া

* প্রাতঃস্নানে তৈলব্যবহার নিষিদ্ধ, সুতরাং তৈলমর্দ্দনবিধি এ স্থলে লিখিত হইল না ; পরে যথাস্থানে দ্রষ্টব্য।

† বেদাধিকারী ব্যতীত মান্ত্রস্নানে অন্যের অধিকার নাই।

স্নান করিতে হয়। অন্যের কৃত জলাশয় হইলে নিম্নলিখিত মন্ত্রটি পড়িয়া জলাশয় হইতে তিন বা পাঁচটি মৃত্তিকাপিণ্ড উত্তোলন পূর্ব্বক তাহা তীরে ফেলিয়া দিয়া ডুব দিতে হয়। মন্ত্র যথা—

উত্তিষ্ঠোত্তিষ্ঠ পঙ্ক ত্বং ত্যজ পুণ্যং পরস্য চ।
পাপানি বিলয়ং যান্তু শান্তিং দেহি সদা মম॥

একবার ডুব দিয়া যথানিয়মে আচমন করিবে। যথা—

করপদপ্রক্ষালন পূর্ব্বক পূর্ব্বমুখ বা উত্তরমুখ হইয়া জানুদ্বয়মধ্যে দক্ষিণ-হস্ত গোকর্ণাকৃতিভাবে স্থাপন পূর্ব্বক উহাতে একটি মাষ-কলাই নিমগ্ন হইতে পারে, এরূপ পরিমিত জল বামহস্ত দ্বারা গ্রহণ করিবে। অনন্তর ব্রাহ্ম্যতীর্থ দ্বারা * ঐ জল তিনবার পান করিয়া নিম্নলিখিত মন্ত্র দুইটি পাঠ পূর্ব্বক বিষ্ণুস্মরণ করিবে। যথা—

ওঁ তদ্বিষ্ণোঃ পরমং পদং সদা পশ্যন্তি সূরয়ঃ।
দিবীব চক্ষুরাততম্॥ ১॥
ওঁ অপবিত্রঃ পবিত্রো বা সর্ব্বাবস্থাং গতোঽপি বা।
যঃ স্মরেৎ পুণ্ডরীকাক্ষং স বাহ্যাভ্যন্তরং শুচিঃ॥ ২॥ †

পরে দক্ষিণকরের অঙ্গুষ্ঠমূল দ্বারা দক্ষিণদিক্ হইতে বামদিকে বারদ্বয় ওষ্ঠমার্জ্জন পূর্ব্বক তর্জ্জনী, মধ্যমা ও অনামিকা এই তিন অঙ্গুলী একত্র করত উহার অগ্রদেশ দ্বারা ওষ্ঠের উপরিভাগ এবং অধরের নিম্নদেশ দুইবার স্পর্শ করিবে। তৎপরে অঙ্গুষ্ঠ ও তর্জ্জনীর অগ্রভাগ সংযুক্ত করত একবার নাসিকার দক্ষিণরন্ধ্র ও

* ব্রাহ্ম্যতীর্থ—অঙ্গুষ্ঠাঙ্গুলীর মূলদেশ।

† স্ত্রীজাতি ও শূদ্রেরা দৈবতীর্থ দ্বারা ওষ্ঠে একবার জলস্পর্শ করাইবে। উহারা প্রথম মন্ত্রটি পাঠ করিবে না, দ্বিতীয়টি পাঠ করিয়া মনে মনে বিষ্ণু-স্মরণ করিবে। অঙ্গুলীর অগ্রভাগকে দৈবতীর্থ কহে।

একবার বামরন্ধ্র, একবার দক্ষিণনেত্র ও একবার বামনেত্র এবং একবার দক্ষিণকর্ণ ও একবার বামকর্ণ স্পর্শ করিবে। অনন্তর অঙ্গুষ্ঠ ও কনিষ্ঠাঙ্গুলীর অগ্রভাগ একত্র করিয়া নাভিদেশ একবার স্পর্শ করত করতল দ্বারা একবার বক্ষঃপ্রদেশ স্পর্শ করিবে। তদনন্তর সমস্ত অঙ্গুলীর অগ্রদেশ সংযুক্ত করিয়া তদ্দ্বারা একবার শিরঃপ্রদেশ এবং একবার দক্ষিণবাহুমূল ও একবার বামবাহুমূল স্পর্শ করিতে হইবে। * আচমনান্তে করযোড়ে নিম্নলিখিত মন্ত্রপাঠ করিবে। যথা—

* হৃদয়স্থান পর্য্যন্ত স্পর্শ করিতে পারে, এতৎপ্রমাণ জল আচমনার্থ গ্রহণ করাই ব্রাহ্মণের কর্ত্তব্য। কণ্ঠ পর্য্যন্ত স্পর্শ করিতে পারে, এতৎপরিমিত জল ক্ষত্রিয়েরা; মুখপ্রবেশ করিতে পারে, এতৎপরিমিত জল বৈশ্যেরা এবং কেবল মুখ স্পর্শমাত্র করিতে পারে, এতৎপ্রমাণ জল শূদ্র ও স্ত্রীলোকেরা গ্রহণ করিবে। তাম্রপাত্রস্থ জল দ্বারা আচমন করাই প্রশস্ত। লৌহ, রঙ্গ, পিত্তল, সীসক ও কাংস্যপাত্রস্থ জল নিষিদ্ধ। তান্ত্রিক আচমন ও বৈষ্ণব আচমন এইরূপ, যথা—

তান্ত্রিক আচমন।

"ওঁ আত্মতত্ত্বায় স্বাহা, ওঁ বিদ্যাতত্ত্বায় স্বাহা, ওঁ শিবতত্ত্বায় স্বাহা" এই বলিয়া তিনবার জলপান করিয়া উপরিলিখিত নিয়মে আচমন করিবে। শাক্তগণের পক্ষে এইরূপ আচমনই কর্ত্তব্য।

বৈষ্ণব আচমন।

প্রথমতঃ "ওঁ কেশবায় নমঃ, ওঁ নারায়ণায় নমঃ, ওঁ মাধবায় নমঃ", এই তিনটি মন্ত্রে তিনবার মুখে জল দিবে। (স্ত্রী ও শূদ্র সর্ব্বত্র নমঃ বলিবে, প্রণব উচ্চারণ করিবে না)। অনন্তর "ওঁ গোবিন্দায় নমঃ, ওঁ বিষ্ণবে নমঃ" বলিয়া হস্তক্ষালন; "ওঁ মধুসূদনায় নমঃ, ওঁ ত্রিবিক্রমায় নমঃ" বলিয়া মুখমার্জ্জন; "ওঁ বামনায় নমঃ, ওঁ শ্রীধরায় নমঃ" বলিয়া অধর ও ওষ্ঠ মার্জ্জন;

ওঁ কুরুক্ষেত্রং গয়া-গঙ্গা-প্রভাসপুষ্করাণি চ।
তীর্থান্যেতানি পুণ্যানি স্নানকালে ভবন্ত্বিহ॥

তৎপরে সঙ্কল্প করিবে। যথা—

বিষ্ণুরোম্ তৎসদদ্য * অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ বা (অমুকগোত্রা) শ্রীঅমুকদেবশর্ম্মা (অথবা অমুক-দাসঃ বা অমুকীদেবী অথবা অমুকীদাসী) শ্রীবিষ্ণুপ্রীতিকামঃ (বা কামা) † অস্মিন্ জলে প্রাতঃস্নানমহং করিষ্যে। ‡

"ওঁ হৃষীকেশায় নমঃ" বলিয়া হস্তক্ষালন; "ওঁ পদ্মনাভায় নমঃ" বলিয়া পদ-ক্ষালন; "ওঁ দামোদরায় নমঃ" বলিয়া মস্তক-মার্জ্জন ও "ওঁ বাসুদেবায় নমঃ" বলিয়া মুখমার্জ্জন করিয়া তৎপরে "ওঁ সঙ্কর্ষণায় নমঃ", ও "ওঁ প্রদ্যুম্নায় নমঃ", বলিয়া নাসাদ্বয়; "ওঁ অনিরুদ্ধায় নমঃ" ও ' ওঁ পুরুষোত্তমায় নমঃ" বলিয়া নেত্রদ্বয়; "ওঁ অধোক্ষজায় নমঃ" বলিয়া দক্ষিণকর্ণ; "ওঁ নৃসিংহায় নমঃ" বলিয়া বামকর্ণ; "ওঁ অচ্যুতায় নমঃ" বলিয়া নাভি; "ওঁ জনার্দ্দনায় নমঃ" বলিয়া বক্ষঃ; "ওঁ উপেন্দ্রায় নমঃ" বলিয়া মস্তক এবং "ওঁ হরয়ে নমঃ" বলিয়া দক্ষিণ-বাহু ও "ওঁ শ্রীকৃষ্ণায় নমঃ" বলিয়া বামবাহু স্পর্শ করিবে।

* শূদ্র ও স্ত্রীলোকেরা বিষ্ণুর্নমোহদ্য বলিবে।

† দীক্ষিত ব্যক্তিরা বিষ্ণুপ্রীতিকামনায় স্নান করিয়া স্বীয় ইষ্টদেব-প্রীতি-কামনায় পুনরায় স্নান করিবে।

‡ গঙ্গায় বা অন্যান্য তীর্থস্থানে স্নান করিতে হইলে সঙ্কল্পবাক্য অন্যরূপ এবং তাহাতে বিশেষ বিশেষ মন্ত্রও আছে। তৎসমস্ত এ স্থলে লিখিত হইল না, পরিশিষ্টে তাহা বিবৃত আছে।

মাস ত্রিবিধ;—সৌর, মুখ্যচান্দ্র ও গৌণচান্দ্র। সঙ্কল্পে এই তিনপ্রকার মাসই ব্যবহৃত হয়। সংক্রান্তি হইতে পরসংক্রান্তি পর্য্যন্ত সৌর, শুক্লা প্রতিপদ্ তিথি হইতে অমাবস্যা পর্য্যন্ত মুখ্যচান্দ্র এবং এবং কৃষ্ণপক্ষীয়া প্রতিপদ্ তিথি হইতে পূর্ণিমা পর্য্যন্ত গৌণচান্দ্র। বিবাহাদি সংস্কারে সৌরমাস ও রাশির উল্লেখ করিতে হয়; জন্মাষ্টম্যাদি তিথিকৃত্যে গৌণচান্দ্র এবং অন্যান্য

সঙ্কল্পান্তে "নমো নারায়ণায়" উচ্চারণ পূর্ব্বক সম্মুখে চারিদিকে এক এক হাত করিয়া চারিহাত জল মাপিয়া একটি চারিকোণ স্থান করত অঙ্কুশমুদ্রাযোগে তর্জ্জনীর অগ্রদেশ দ্বারা ঐ স্থানে জল আলোড়ন পূর্ব্বক নিম্নলিখিত মন্ত্রে তীর্থ আবাহন করিবে। যথা—

ওঁ গঙ্গে চ যমুনে চৈব গোদাবরি স্বরস্বতি।
নর্ম্মদে সিন্ধু-কবেরি জলেঽস্মিন্ সন্নিধিং কুরু॥

তৎপরে করযোড়ে নিম্নলিখিত মন্ত্র কয়টি পাঠ করিবে। যথা—

ওঁ বিষ্ণুপাদপ্রসূতাসি বৈষ্ণবী বিষ্ণুপূজিতা।
পাহি নস্ত্বেনসস্তস্মাদাজন্মমরণান্তিকাৎ।
তিস্রঃ কোট্যর্দ্ধকোটী চ তীর্থানাং বায়ুরব্রবীৎ।
দিবি ভুব্যন্তরীক্ষে চ তানি তে সন্ত জাহ্নবি।
নন্দিনীত্যেব তে নাম দেবেষু নলিনীতি চ।
বৃন্দা পৃথ্বা চ সুভগা বিশ্বকায়া শিবামৃতা। *
বিদ্যাধরী সুপ্রসন্না তথা লোকপ্রসাদনী।
ক্ষেমা চ জাহ্নবী চৈব শান্তা শান্তিপ্রদায়িনী।
এতানি পুণ্যনামানি স্নানকালে প্রকীর্ত্তয়েৎ। †
ভবেৎ সন্নিহিতা তত্র গঙ্গা ত্রিপথগামিনী॥

অনন্তর সপ্তধা "ওঁ নমো নারায়ণায় নমঃ" বলিয়া করদ্বয়ের

কার্য্যে প্রায়শঃ মুখ্যচান্দ্রমাস ব্যবহৃত হয়। সংক্রান্তিনিমিত্তকক্রিয়ায় কেহ কেহ মুখ্যচান্দ্রমাস উল্লেখ করেন।

শূদ্র বা স্ত্রীলোকেরা সঙ্কল্প ভিন্ন স্নানাঙ্গ অন্য মন্ত্র পাঠ করিবে না; তাহারা কেবল "নমো নমঃ" বলিবে, মন্ত্রগুলি ব্রাহ্মণ দ্বারা পাঠ করাইবে।

* শিবা সিতা ইতি বা পাঠঃ।

† স্নানকালে চ যঃ পঠেৎ ইতি বা পঠ্যতে।

অগ্রভাগ একত্র করত তদ্দ্বারা তিনবার শিরঃপ্রদেশে জলসিঞ্চন করিবে। পরে নিম্নলিখিত মন্ত্র পাঠ করিয়া গন্ধে মৃত্তিকালেপন করবে। যথা—

ওঁ অশ্বক্রান্তে রথক্রান্তে বিষ্ণুক্রান্তে বসুন্ধরে।
মৃত্তিকে হর মে পাপং যন্ময়া দুষ্কৃতং কৃতম্।
উদ্ধৃতাসি বরাহেন কৃষ্ণেন শতবাহুনা।
আরুহ্য মম গাত্রাণি সর্ব্বং পাপং প্রমোচয়॥

এই মন্ত্রে গাত্রে মৃত্তিকালেপন করিয়া * স্নান করিবে। তৎপরে গঙ্গাস্তোত্রাদি পাঠ করিয়া গঙ্গাদেবীর উদ্দেশে প্রণাম করিবে। † এই প্রকারে প্রাতঃস্নান সমাপন করিয়া দীক্ষিত ব্যক্তিরা তান্ত্রিকস্নান করিবে।

তান্ত্রিকস্নান।

আচমনান্তে "বিষ্ণুরোম্ তৎসদদ্য অমুকে মাসি অমুকপক্ষে অমুকরাশিস্থে ভাস্করে অমুকতিথৌ অমুকদেবতাপ্রীতয়ে স্নানমহং করিষ্যে" এই বাক্যে সঙ্কল্প করিয়া প্রাণায়াম ও ষড়ঙ্গন্যাস করিবে। ‡ তৎপরে সম্মুখস্থিত জলে "ওঁ গঙ্গে চ যমুনে চৈব" ইত্যাদি মন্ত্রে অঙ্কুশমুদ্রাযোগে তীর্থ আবাহন করিয়া ধেনুমুদ্রা প্রদর্শন পূর্ব্বক কবচমুদ্রাযোগে ঐ জল বেষ্টন এবং অস্ত্রমুদ্রাযোগে উহার রক্ষা করিবে। অনন্তর উহার উপর একাদশবার মূলমন্ত্র

* জলাশয়ের তীরস্থ মৃত্তিকা লইয়া গাত্রে লেপন করিতে হয়; কিন্তু বল্মীক-মৃত্তিকা, মূষিকোৎখাত মৃত্তিকা এবং বৃক্ষমূলস্থ, শ্মশানস্থ, স্নানাবশিষ্ট, শৌণ্ডিকালয়স্থ ও জলগর্ভস্থ মৃত্তিকাগ্রহণ নিষিদ্ধ।

† গঙ্গাস্তোত্রাদি স্তবকবচ-প্রকরণে লিখিত হইল।

‡ প্রাণায়াম ও ষড়ঙ্গন্যাসাদি পরে বিবৃত আছে।

জপ করিয়া সেই জল হইতে সূর্য্যের অভিমুখে দ্বাদশবার জল ফেলিয়া দিবে। তৎপরে সেই জলকে স্বীয় ইষ্টদেবের চরণাব্জ-বিনির্গত বোধে যথাশক্তি মূলমন্ত্র জপ করিবে। তদনন্তর একবার ডুব দিয়া জলের উপর তিনবার মূলমন্ত্র জপ করত আপন মস্তকে তিনবার জলপ্রক্ষেপ করিবে। এই প্রকারে স্নান সমাপন করিয়া বস্ত্র পরিধান করিতে হয়।

বস্ত্রপরিধান।

স্নানশেষে সর্ব্বাঙ্গ মুছিয়া মস্তকে পরিষ্কৃত উষ্ণীষ বন্ধন পূর্ব্বক ধৌত ও পরিষ্কৃত বসন পরিধান করিবে। জানুর নিম্নভাগে পতিত হয়, এরূপভাবে বস্ত্রপরিধান করা কর্ত্তব্য। ব্রাহ্মণেরা প্রণব অথবা ইষ্টমন্ত্র উচ্চারণ করিয়া এবং দীক্ষিত শূদ্রাদি ইষ্টমন্ত্র উচ্চারণ পূর্ব্বক ত্রিকচ্ছ করিয়া বস্ত্র পরিধান করিবে। রক্তবস্ত্র বা কাষায়-বস্ত্র পরিধান করিয়া তান্ত্রিককার্য্য করাই প্রশস্ত। রজকগৃহাগত বস্ত্র উত্তমরূপে ধৌত করিয়া পরিধান করিতে হয়। ধৌতবস্ত্র না পাইলে ছাগরোমজ, মেষরোমজ অথবা শণসূত্রজ বস্ত্র পরিধান করিয়া পূজাদিকার্য্য করিবে। তান্ত্রিককার্য্য ভিন্ন অন্য ক্রিয়ায় কাষায় বা রক্তবর্ণ বস্ত্র প্রশস্ত নহে। শীর্ণ, দশাহীন, মলিন, কীটমূষিকাদি দ্বারা ছিদ্রীকৃত, সিলাইকরা, ছিন্ন, নীলবর্ণ, অধৌত এবং পরিহিত বস্ত্র পরিধান করিয়া পূজাদি করিবে না। ছাগ-রোমজ, মেষরোমজ ও শণসূত্রজ বস্ত্র আহারান্তে ছাড়িয়া রাখিলে তাহা ধৌত করিয়া পুনরায় পরিধান করিবে। বস্ত্রপরিধানান্তে যজ্ঞোপবীতবৎ উত্তরীয় ধারণ করিতে হয়; কিন্তু যজ্ঞোপবীত থাকিলে উত্তরীয় ধারণের আবশ্যক করে না। যে বস্ত্র পরিধান করিয়া স্নান করা যায়, তাহাতে তিনবার মৃত্তিকা দিয়া উত্তরে বা

পূর্ব্বদিকে তাহার দশাগ্র বিস্তার পূর্ব্বক কর দ্বারা উৎকৃষ্টরূপে ধৌত করত পুনরায় পশ্চিম বা দক্ষিণদিকে দশাগ্র বিস্তার করিয়া ধৌত করিবে। স্বয়ং ধৌত করিতে অক্ষম হইলে স্বীয় পুত্র, কন্যা, ভার্য্যা, জ্ঞাতি, বন্ধু বা ভৃত্য দ্বারা ধৌত করাইবে। অনন্তর তিলক ধারণ করিতে হয়।

তিলকধারণ।

অনন্তর পূর্ব্বাস্য বা উত্তরাস্য হইয়া তিলকধারণ করিবে। নাসিকার মূলদেশ হইতে কেশ পর্য্যন্ত সচ্ছিদ্র ঊর্দ্ধপুণ্ড্র ধারণ করাই ব্রাহ্মণের কর্ত্তব্য। ক্ষত্রিয়ের পক্ষে ত্রিপুণ্ড্র, বৈশ্যের অর্দ্ধচন্দ্রাকৃতি এবং শূদ্রের পক্ষে বর্ত্তুলাকৃতি তিলকধারণ ব্যবস্থা। নিম্নলিখিত মন্ত্র পড়িয়া তিলকধারণ করিবে। যথা—

কেশবানন্দ গোবিন্দ বরাহ পুরুষোত্তম।
পুণ্যং যশস্যমায়ুষ্যং তিলকং মে প্রসীদতু॥

চন্দন দ্বারা তিলক করিতে হইলে নিম্নলিখিত মন্ত্র পাঠ ধারণ করিবে। যথা—

কান্তিং লক্ষ্মীং ধৃতিং সৌম্যং সৌভাগ্যমতুলং মম।
দদাতু চন্দনং নিত্যং সততং ধারয়াম্যহম্॥

তিলকধারণস্থান।—ললাট, মস্তক, বক্ষঃ, কণ্ঠ, কর্ণযুগল, বাহুমূলযুগল, নাভি, পৃষ্ঠ, পার্শ্বদ্বয় ও মস্তকমধ্য এই কয় স্থানে তিলকধারণ করিবে। যাহার পিতা জীবিত, তাহার পক্ষে কেবলমাত্র ললাটে তিলকধারণই ব্যবস্থা।

তিলকদ্রব্য।—মৃত্তিকা, রোচনা, গোপীচন্দন, শ্বেত-চন্দন, রক্তচন্দন, গোময়, কুঙ্কুম, তমাল, তুলসী, নিম্ব, পদ্ম, যজ্ঞীয়কাষ্ঠ ও বিল্বকাষ্ঠ এই সকলের একটি ঘর্ষণ করিয়া তদ্দ্বারা

তিলকধারণ করিবে। * এই সকলের মধ্যে যদি একটিও প্রাপ্ত হওয়া না যায়, তবে জল দ্বারা তিলক করিতে হয়।

শিবপূজাবিষয়ে বিশেষ তিলক।

শিবপূজা-স্থলে ভস্ম দ্বারা ত্রিপুণ্ড্র ধারণ করাই কর্ত্তব্য। তদভাবে মৃত্তিকা দ্বারা তিলক করিবে। যদি তাহারও অভাব হয়, তবে জল দ্বারা করাই ব্যবস্থা।

শক্তিপূজাবিষয়ক তিলক।

শ্বেতচন্দন, রক্তচন্দন বা কুঙ্কুম দ্বারা ললাটে অর্দ্ধচন্দ্রাকার তিনটি রেখা অঙ্কিত করিয়া তন্মধ্যে সিন্দূরবিন্দু দিবে। ইষ্টমন্ত্র পাঠ করিয়া তিলকধারণ করিবে এবং তিলকদ্রব্যকে ইষ্টদেবের চরণধূলিবৎ জ্ঞান করিবে। তিলকমধ্যে গুপ্তভাবে অর্থাৎ অন্য কেহ পড়িতে না পারে, এইরূপে ইষ্টমন্ত্র লিখিতে হয়। তৎপরে বক্ষঃস্থলে শ্বেতপদ্মাকৃতি তিলক করিয়া তাহাতে 'হূঁ' এই মন্ত্র লিখিয়া বাহুতে বেণার ন্যায় ও পূর্ব্বকথিত তিলকধারণস্থানে বিন্দুবৎ তিলক করিবে।

বৈষ্ণবতিলক।

বৈষ্ণবেরা ললাটে নাসিকামূল হইতে কেশ পর্য্যন্ত সচ্ছিদ্র ঊর্দ্ধপুণ্ড্র ধারণ করিবে। ঊর্দ্ধপুণ্ড্র দ্বাদশাঙ্গুল, নবাঙ্গুল বা অষ্টাঙ্গুলপরিমিত হইবে; উহা নখ দ্বারা স্পর্শ করিবে না। অনামা, মধ্যমা, অঙ্গুষ্ঠ বা তর্জ্জনী দ্বারা তিলক করিবে। কণ্ঠাদি স্থলেও তিলক ধারণ করিতে হয়। মন্ত্র যথা—

(ললাটে) কেশবায় নমঃ. (কণ্ঠে) পুরুষোত্তমায় নমঃ,

---

* মতান্তরে বিল্ব নিষিদ্ধ।

(বামবাহুতে) বাসুদেবায় নমঃ, (দক্ষিণবাহুতে) দামোদরায় নমঃ, (নাভিতে) নারায়ণায় নমঃ, (হৃদয়ে) মাধবায় নমঃ, (দক্ষিণপার্শ্বে) গোবিন্দায় নমঃ, (বামপার্শ্বে) ত্রিবিক্রমায় নমঃ, (বামকর্ণমূলে) বিষ্ণবে নমঃ, (দক্ষিণকর্ণমূলে) মধুসূদনায় নমঃ, (শিরোমধ্যে) হৃষীকেশায় নমঃ, (পৃষ্ঠে) পদ্মনাভায় নমঃ। তিলকধারণ পূর্ব্বক হস্তপ্রক্ষালনান্তে সেই জল 'বাসুদেবায় নমঃ' এই মন্ত্রে মস্তকে দিবে।

মতান্তরে এইরূপ নির্দ্দিষ্ট আছে যে, 'কেশবায় নমঃ' বলিয়া ললাটে, 'নারায়ণায় নমঃ' বলিয়া উদরে, 'মাধবায় নমঃ' বলিয়া বক্ষে, 'গোবিন্দায় নমঃ' বলিয়া কণ্ঠকূপে, 'বিষ্ণবে নমঃ' বলিয়া দক্ষিণকুক্ষিতে, 'মধুসূদনায় নমঃ' বলিয়া দক্ষিণ-বাহুতে, 'ত্রিবিক্রমায় নমঃ' বলিয়া দক্ষিণ-কন্ধরে, 'বামনায় নমঃ' বলিয়া বামপার্শ্বে, 'শ্রীধরায় নমঃ' বলিয়া বামবাহুতে, 'হৃষীকেশায় নমঃ' বলিয়া বামকন্ধরে, 'পদ্মনাভায় নমঃ' বলিয়া পৃষ্ঠে এবং 'দামোদরায় নমঃ' বলিয়া কটিতে তিলক করিয়া হস্তপ্রক্ষালনান্তে সেই জল 'বাসুদেবায় নমঃ' মন্ত্রে মস্তকে দিবে। তদনন্তর তর্পণ করিবে।

তর্পণব্যবস্থা। *

প্রাতঃস্নানের পর তিলকধারণান্তে তর্পণ করিবে। কিন্তু যদি প্রাতঃসন্ধ্যার মুখ্যকাল অতীত হইবার আশঙ্কা থাকে, তাহা হইলে প্রাতঃসন্ধ্যা করিয়া তৎপরে তর্পণ করাই ব্যবস্থা। সন্ধ্যোপাসনার পর তর্পণ করিতে হইলে সামবেদীয়েরা সূর্য্যোপস্থানান্তে "উপজায়

* তর্পণ দ্বিবিধ ;—নিত্য ও স্নানাঙ্গ। স্নান না করিয়া যে তর্পণ করা যায়, তাহাকে নিত্য এবং স্নানান্তে যে তর্পণ করা যায়, তাহাকে স্নানাঙ্গ তর্পণ বলে।

নমঃ” মন্ত্রে জল দিবার পর, যজুর্ব্বেদীয়েরা ব্রহ্মযজ্ঞের পর এবং ঋগ্বেদীয়েরা জপবিসর্জ্জনান্তে সূর্য্যার্ঘপ্রদানের পূর্ব্বে তর্পণ করিবে। প্রাতঃস্নানের পর তর্পণ করাই শূদ্রগণের পক্ষে ব্যবস্থা।

এক হস্তে তর্পণ করিতে নাই। তিল ও কুশমোটক দ্বারা পিতৃতর্পণ এবং যব ও ত্রিপত্র দ্বারা দেবতর্পণ, ঋষিতর্পণ ও মনুষ্য-তর্পণ করিবে। তর্পণকালে দক্ষিণ-হস্তের অনামা অঙ্গুলীতে কুশ, স্বর্ণ বা রৌপ্যের অঙ্গুরীয় ধারণ করিবে। তর্পণকালে পরিধেয়-বস্ত্রে তিল রাখিতে নাই; বামবাহুর রোমশূন্য স্থলে তিল রাখিয়া দক্ষিণ-হস্তের অঙ্গুষ্ঠ ও অনামা দ্বারা ঐ তিল গ্রহণ করিবে। রবিবার, শুক্রবার, সপ্তমী তিথি, দ্বাদশী তিথি, অমাবস্যানিমিত্তক শ্রাদ্ধ ব্যতীত অন্য শ্রাদ্ধদিন, জন্মতিথি, সংক্রান্তি ও রাত্রিকালে তিলতর্পণ নিষিদ্ধ; কিন্তু অয়ন ও বিষুবসংক্রান্তি, গ্রহণসময়, যুগাদ্যায়, গঙ্গাদি তীর্থে,বৃষোৎসর্গে, মৃতাহে ও প্রেতপক্ষে (মহালয়া অমাবাস্যার পূর্ব্বপ্রতিপদ্ হইতে মহালয়ামাবাস্যা পর্য্যন্ত) তিলতর্পণ করিবে; এ সমস্ত স্থানে কোন দিনেই তিলতর্পণ নিষিদ্ধ নহে।

একদিনে বহুতীর্থে স্নান কিংবা গ্রহণাদিনিমিত্তক স্নানস্থলে প্রতি স্নানেই তর্পণ করিবে; কেবল অশুচিস্পর্শনিমিত্তক স্নানে তর্পণ নিষিদ্ধ। পিতা জীবিত থাকিলে প্রেততর্পণ ভিন্ন অন্য তর্পণ করিতে নাই। অনুপনীতের পক্ষেও এই ব্যবস্থা। পুত্র-পৌত্রাদি না থাকিলে বিধবা পত্নী তিল ও কুশ দ্বারা পতি, শ্বশুর ও তৎপিতার তর্পণ করিবে। শূদ্র ও স্ত্রীজাতি ব্রাহ্মণের দ্বারা তর্পণমন্ত্র পাঠ করাইয়া স্বয়ং ‘নমঃ নমঃ’ উচ্চারণ পূর্ব্বক জল, দিবে; কিন্তু পিত্রাদির নাম উল্লেখ করিয়া যে বাক্য করিতে হয় তাহা শূদ্র ও স্ত্রীজাতি উচ্চারণ করিবে।

এক হস্তে তর্পণ করিবে না; দুই হস্ত একত্র করিয়া অঞ্জলি-বন্ধন পূর্ব্বক তর্পণ করিবে। কোশা প্রভৃতি পাত্র ব্যবহার করিলে উহা ঐ অঞ্জলির মধ্যেই রাখিতে হয়। তর্পণকালে তর্পণজল জলাশয়েই নিক্ষেপ করিবে; কিন্তু উদ্ধৃতজলে তর্পণ করিতে হইলে তর্পণজল স্বর্ণপাত্র, রৌপ্যপাত্র, তাম্রপাত্র, কুশ বা জলপূর্ণ গর্ত্তে নিক্ষেপ করিবে; অশুচিস্থলে ফেলিতে নাই। তর্পণজল পাত্র হইতে অর্দ্ধ-হস্ত উচ্চ করিয়া ফেলিবে। তর্পণকালে তিল-যবাদির অভাব হইলে জলে স্বর্ণ, রৌপ্য ও কুশ স্পর্শ করাইয়া তর্পণ করিতে হয়। বৃষ্টিসম্পর্কীয় জল, অন্ত্যজজাতির জলাশয়ের জল এবং শূদ্রাদি কর্ত্তৃক আনীত জলে তর্পণ করিতে নাই; কিন্তু গঙ্গাজল শূদ্রাদি কর্ত্তৃক আনীত হইলেও তদ্দ্বারা তর্পণ করিতে পারে। এতদ্ব্যতীত যে জলাশয়ের জল জীবগণের উদ্দেশে উৎ-সর্গীকৃত হয় নাই, যে জল অপেয় ও যাহা নিপানজ, * তদ্দ্বারা তর্পণ নিষিদ্ধ।

আর্দ্রবস্ত্রে থাকিয়া তর্পণ করিতে হইলে জলে দাঁড়াইয়াই তর্পণ করিবে; শুদ্ধবস্ত্র ধারণ করিলে তীরে বসিয়া তর্পণ করিতে হয়। তীর্থস্থলে শুদ্ধবস্ত্র পরিধান পূর্ব্বক তর্পণ করিলে একপদ জলে ও একপদ স্থলে রাখিয়া তর্পণ করিবে।

সামবেদীয়-তর্পণবিধি।

প্রথমে দুইবার আচমন পূর্ব্বক প্রাচীনাবীতী † ও দক্ষিণাস্য

---

* নিপান—কূপসন্নিধানে গবাদির পানার্থ রচিত জলাশয়।

† যজ্ঞসূত্র যে ভাবে গলদেশে থাকে, তাহার বিপরীতভাবে অর্থাৎ দক্ষিণস্কন্ধের উপরি হইতে বাম-পার্শ্ব দিয়া লম্বিত করিয়া দিলেই তাহার নাম প্রাচীনাবীত।

হইয়া করযোড়ে নিম্নলিখিত মন্ত্র পাঠ করত তীর্থ আবাহন করিবে। যথা—

ওঁ কুরুক্ষেত্রং গয়াগঙ্গা-প্রভাসপুষ্করাণি চ।
তীর্থান্যেতানি পুণ্যানি তর্পণকালে ভবন্ত্বিহ॥

(দেবতর্পণ)

অনন্তর নাভিমাত্র জলে দণ্ডায়মান হইয়া (অক্ষম হইলে এক পা জলে ও এক পা স্থলে রাখিয়া) পূর্ব্বমুখে উপবীতী অবস্থায় * দেবতর্পণ করিবে। যথা—

'ওঁ ব্রহ্মা তৃপ্যতাং, ওঁ বিষ্ণুস্তৃপ্যতাং, ওঁ রুদ্রস্তৃপ্যতাং, ওঁ প্রজাপতিস্তৃপ্যতাং,' এইরূপে প্রত্যেকবার বলিয়া দেবতীর্থ † দ্বারা এক এক অঞ্জলি জল দিবে। তৎপরে নিম্নলিখিত মন্ত্র পড়িয়া দেবতীর্থযোগে এক অঞ্জলি জল দিবে। যথা—

ওঁ দেবা যক্ষাস্তথা নাগা গন্ধর্ব্বাপ্সরসোঽসুরাঃ।
ক্রূরাঃ সর্পাঃ সুপর্ণাশ্চ তরবো জিহ্মগাঃ খগাঃ।
বিদ্যাধরা জলাধারাস্তথৈবাকাশগামিনঃ।
নিরাহারাশ্চ যে জীবাঃ পাপে ধর্ম্মে রতাশ্চ যে।
তেষামাপ্যায়নায়ৈতদ্দীয়তে সলিলং ময়া॥

(মনুষ্যতর্পণ)

অনন্তর পশ্চিমাস্যে নিবীতী অবস্থায় ‡ নিম্নলিখিত মন্ত্র দুইবার

* স্বভাবতঃ যে ভাবে গলদেশে যজ্ঞসূত্র থাকে, তাহার নাম উপবীত।
† দেবতীর্থ—অঙ্গুলীর অগ্রভাগের নাম দেবতীর্থ বা দৈবতীর্থ।
‡ মালার ন্যায় যজ্ঞোপবীতধারণের নাম নিবীত।

পাঠ করত কায়তীর্থযোগে * ক্রোড়াভিমুখে অঞ্জলিদ্বয় জল প্রদান করিবে। যথা—

ওঁ সনকশ্চ সনন্দশ্চ তৃতীয়শ্চ সনাতনঃ।
কপিলশ্চাসুরিশ্চৈব বোঢ়ুঃ পঞ্চশিখস্তথা।
সর্ব্বে তে তৃপ্তিমায়ান্তু মদ্দত্তেনাম্বুনা সদা॥

(ঋষিতর্পণ)

পরে পূর্ব্বাস্যে উপবীতী হইয়া নিম্নলিখিত মন্ত্রগুলি পাঠ পূর্ব্বক মরীচি হইতে ব্রহ্মর্ষি পর্য্যন্ত প্রত্যেককে দেবতীর্থযোগে এক এক অঞ্জলি জল দিবে। যথা—

ওঁ মরীচিস্তৃপ্যতাং, ওঁ অত্রিস্তৃপ্যতাং, ওঁ অঙ্গিরাস্তৃপ্যতাং, ওঁ পুলস্ত্যস্তৃপ্যতাং, ওঁ পুলহস্তৃপ্যতাং, ওঁ ক্রতুস্তৃপ্যতাং, ওঁ প্রচেতাস্তৃপ্যতাং, ওঁ বশিষ্ঠস্তৃপ্যতাং, ওঁ ভৃগুস্তৃপ্যতাং, ওঁ নারদস্তৃপ্যতাং, ওঁ দেবাস্তৃপ্যন্তাং, ওঁ ব্রহ্মর্ষয়স্তৃপ্যন্তাম্।

(দিব্যপিতৃ-তর্পণ)

তদনন্তর দক্ষিণাস্য ও প্রাচীনাবীতী হইয়া নিম্নলিখিত "ওঁ অগ্নিষ্বাত্তাঃ পিতরঃ" ইত্যাদি সাতটি মন্ত্র পাঠ পূর্ব্বক পিতৃতীর্থ দ্বারা যথাক্রমে প্রত্যেককে এক এক অঞ্জলি করিয়া জল দিবে। যথা—

ওঁ অগ্নিষ্বাত্তাঃ পিতরস্তৃপ্যন্তামেতৎ সতিলোদকং তেভ্যঃ স্বধা।১।+

* কায়তীর্থ—কনিষ্ঠার মূলদেশকে কায়তীর্থ কহে। এরূপভাবে জল দিবে যে, কনিষ্ঠার মূল স্পর্শ করিয়া পড়ে।

+ যে দিন তিলতর্পণ নিষিদ্ধ অথবা যে স্থলে তিলের অভাব, তথায় 'তৃপ্যন্তামেতদুদকং' বলিবে। কিন্তু গঙ্গাদি তীর্থে বিনা তিলে তর্পণ অসঙ্গত, এই হেতু তিলের অভাবে তৎপ্রতিনিধিস্বরূপ আর কিঞ্চিৎ জল দিয়া 'সতিল-

ওঁ সৌম্যাঃ পিতরস্তৃপ্যন্তামেতৎ সতিলোদকং তেভ্যঃ স্বধা। ২।
ওঁ হবিষ্মন্তঃ পিতরস্তৃপ্যন্তামেতৎ সতিলোদকং তেভ্যঃ স্বধা। ৩।
ওঁ উষ্মপাঃ পিতরস্তৃপ্যন্তামেতৎ সতিলোদকং তেভ্যঃ স্বধা। ৪।
ওঁ সুকালিনঃ পিতরস্তৃপ্যন্তামেতৎ সতিলোদকং তেভ্যঃ স্বধা।৫।
ওঁ বর্হিষদঃ পিতরস্তৃপ্যন্তামেতৎ সতিলোদকং তেভ্যঃ স্বধা। ৬।
ওঁ আজ্যপাঃ পিতরস্তৃপন্তামেতৎ সতিলোদকং তেভ্যঃ স্বধা। ৭।

(যমতর্পণ)

তৎপরে নিম্নলিখিত মন্ত্র যথাক্রমে তিনবার পড়িয়া তিন অঞ্জলি জল প্রদান পূর্ব্বক যমতর্পণ করিবে। যথা—

যমায় ধর্ম্মরাজায় মৃত্যবে চান্তকায় চ।
বৈবস্বতায় কালায় সর্ব্বভূতক্ষয়ায় চ।
ঔডুম্বরায় দধ্নায় নীলায় পরমেষ্ঠিনে।
বৃকোদরায় চিত্রায় চিত্রগুপ্তায় বৈ নমঃ॥

(পিতৃতর্পণ)

অনন্তর তর্পণ-সমাপ্তি যাবৎ দক্ষিণাস্য ও প্রাচীনাবীতী হইয়া "ওঁ আগচ্ছন্তু মে পিতর ইমং গৃহ্নন্ত্বপোঽঞ্জলিং" করযোড়ে এই বলিয়া পিতৃগণের আবাহন করত পিতৃতীর্থযোগে নিম্নলিখিতরূপে গোত্র, সম্বন্ধ ও নাম উল্লেখ পূর্ব্বক মন্ত্রপাঠ সহকারে পিতা, পিতামহ, প্রপিতামহ, মাতামহ, প্রমাতামহ, বৃদ্ধপ্রমাতামহ, মাতা, পিতামহী ও প্রপিতামহী এই নয় জনের প্রত্যেককে যথাক্রমে তিন তিন অঞ্জলি জল দিবে; মন্ত্রও যথাক্রমে তিনবার পাঠ করিতে

গঙ্গোদকং' বলিবে। গঙ্গা ভিন্ন অন্য কোন তীর্থের জল হইলে সেই তীর্থের নামের সহিত "উদকং" বলিতে হয়। যেমন ব্রহ্মপুত্র হইলে "সতিলব্রহ্মপুত্রোদকং" বলিবে।

হয়। তৎপরে এক একবার মন্ত্র পাঠ করিয়া মাতামহী, প্রমাতা-মহী ও বৃদ্ধপ্রমাতামহী এই তিন জনকে এক এক অঞ্জলি জল দিবে। * যথা—

ওঁ বিষ্ণুরোম্ অমুকগোত্রঃ পিতা অমুকদেবশর্ম্মা তৃপ্যতামেতৎ সতিলোদকং তস্মৈ স্বধা।

ওঁ বিষ্ণুরোম্	(ইত্যাদি)	পিতামহঃ	(অমুকদেবশর্ম্মা	ইত্যাদি)
”	”	প্রপিতামহঃ	”	”
”	”	মাতামহঃ	”	”
”	”	প্রমাতামহঃ	”	”
”	”	বৃদ্ধপ্রমাতামহঃ	”	”
”	(অমুকগোত্রা ইত্যাদি)	মাতা	(অমুমকীদেবী	ইত্যাদি)
”	”	পিতামহী	”	”
”	”	প্রপিতামহী	”	”
”	”	মাতামহী	”	”
”	”	প্রমাতামহী	”	”
”	”	বৃদ্ধপ্রমাতামহী	”	”

তৎপরে ঐ প্রকার প্রণালীতে বিমাতা, পিতৃব্য, মাতুল, ভ্রাতা, ভগিনী, পিতৃস্বসা, মাতৃস্বসা ও সপিণ্ড প্রভৃতিকে এক এক অঞ্জলি জল দ্বারা তর্পণ করিবে।

---

* পিতা, পিতামহ, প্রপিতামহ, মাতামহ, প্রমাতামহ, বৃদ্ধপ্রমাতামহ, মাতা, পিতামহী, প্রপিতামহী, মাতামহী, প্রমাতামহী, বৃদ্ধপ্রমাতামহী, এই দ্বাদশ পুরুষের মধ্যে কেহ জীবিত থাকিলে তাহাকে পরিত্যাগ করিয়া ঊর্দ্ধতন পুরুষকে ধরিয়া দ্বাদশসংখ্যা পূরণ করিবে।

(ভীষ্মতর্পণ)

ওঁ বৈয়াঘ্রপদ্যগোত্রায় সাংকৃতিপ্রবরায় চ।
অপুত্রায় দদাম্যেতৎ সলিলং ভীষ্মবর্ম্মণে ॥

অনন্তর এই মন্ত্রে ভীষ্মের উদ্দেশে এক অঞ্জলি জল দিয়া * নিম্নলিখিত মন্ত্রে ভীষ্মদেবকে প্রণাম করিবে। যথা—

ভীষ্মঃ শান্তনবো বীরঃ সত্যবাদী জিতেন্দ্রিয়ঃ।
আভিরদ্ভিরবাপ্নোতু পুত্রপৌত্রোচিতাং ক্রিয়াম্ ॥

(অগ্নিদগ্ধাদি-তর্পণ)

অনন্তর নিম্নলিখিত দুইটি মন্ত্র পাঠ করিয়া যথাক্রমে এক এক অঞ্জলি জল দিবে। যথা—

ওঁ অগ্নিদগ্ধাশ্চ যে জীবা যেঽপ্যদগ্ধাঃ কুলে মম।
ভূমৌ দত্তেন তৃপ্যন্তু তৃপ্তা যান্তু পরাং গতিম্ ॥ ১
ওঁ যেঽবান্ধবা বান্ধবা বা যেঽন্যজন্মনি বান্ধবাঃ।
তে তৃপ্তিমখিলাং যান্তু যে চাস্মত্তোয়কাঙ্ক্ষিণঃ ॥ ২

(রামতর্পণ)

পরে নিম্নলিখিত মন্ত্রটি যথাক্রমে তিনবার পড়িয়া তিন অঞ্জলি জল দিবে। যথা—

ওঁ আব্রহ্মভুবনাল্লোকা দেবর্ষিপিতৃমানবাঃ।
তৃপ্যন্তু পিতরঃ সর্ব্বে মাতৃমাতামহাদয়ঃ।
অতীতকুলকোটীনাং সপ্তদ্বীপনিবাসিনাম্।
ময়া দত্তেন তোয়েন তৃপ্যন্তু ভুবনত্রয়ম্ ॥

* ভীষ্মাষ্টমী অর্থাৎ মাঘী শুক্লাষ্টমীতেই ভীষ্মতর্পণ করিবে। প্রত্যহ করিবার আবশ্যক নাই। পরন্তু কেহ কেহ প্রত্যহও করিয়া থাকেন। ব্রাহ্মণ ব্যতীত অন্য জাতি পিতৃতর্পণের পূর্ব্বে ভীষ্মতর্পণ করিবে।

(লক্ষণতর্পণ)

তদনন্তর নিম্নলিখিত মন্ত্র যথাক্রমে তিনবার পড়িয়া তিন অঞ্জলি জল দিবে। যথা—

ওঁ আব্রহ্মস্তম্বপর্য্যন্তং জগৎ তৃপ্যতু।

(বস্ত্রনিষ্পীড়নোদকে তর্পণ)

তৎপরে নিম্নলিখিত মন্ত্র পাঠ পূর্ব্বক বস্ত্রনিষ্পীড়নোদক দ্বারা ভূমিতে একবার জল দিবে। †

ওঁ যে চাস্মাকং কুলে জাতা অপুত্রাগোত্রিণো মৃতাঃ।
তে তৃপ্যন্তু ময়া দত্তং বস্ত্রনিষ্পীড়নোদকম্॥

(পিতৃস্তুতি)

ওঁ পিতা স্বর্গঃ পিতা ধর্ম্মঃ পিতা হি পরমং তপঃ।
পিতরি প্রীতিমাপন্নে প্রীয়ন্তে সর্ব্বদেবতাঃ॥

অনন্তর এইরূপে পিতৃস্তুতি করত পিতৃনমস্কার করিবে। যথা—

(পিতৃনমস্কার)

পিতৄন্নমস্যে দিবি যে চ মূর্ত্তাঃ, স্বধাভুজঃ কাম্যফলাভিসন্ধৌ।
প্রদানশক্তাঃ সকলেপ্সিতানাং, বিমুক্তিদা যেঽনভিসংহিতেষু॥

ইতি সামবেদীয় তর্পণ সমাপ্ত।

---

* যে ব্যক্তি সমগ্র তর্পণ করিতে অক্ষম, সে কেবল লক্ষণতর্পণ করিলেই সমগ্র তর্পণফল প্রাপ্ত হইতে পারে।

† জল হইতে স্থলে উঠিয়া এই তর্পণ করিবে। কারণ, জলে বস্ত্রনিষ্পীড়ন নিষিদ্ধ। এই তর্পণের অগ্রেও বস্ত্র নিংড়াইবে না।

যজুর্ব্বেদীয়গণের ও শূদ্রের তর্পণবিধি। *

প্রথমতঃ দক্ষিণাস্যে আচমন পূর্ব্বক প্রাচীনাবীতী হইয়া কর-পুটে "ওঁ কুরুক্ষেত্রং গয়াগঙ্গা" ইত্যাদি (সামবেদীয়-তর্পণোক্ত) মন্ত্রে তীর্থ আবাহন করিবে। তৎপরে "ওঁ দেবা আগচ্ছন্তু" এই বাক্যে দেবগণের আবাহন পূর্ব্বক পূর্ব্বাস্যে উপবীতী হইয়া নিম্ন-লিখিত মন্ত্র পড়িয়া ব্রহ্মা হইতে প্রজাপতি পর্য্যন্ত চারি জনের প্রত্যেককে দেবতীর্থ দ্বারা এক এক অঞ্জলি জল দিবে। যথা—

ওঁ ব্রহ্মা তৃপ্যতু, ওঁ বিষ্ণুস্তৃপ্যতু, ওঁ রুদ্রস্তৃপ্যতু, ওঁ প্রজাপতিস্তৃপ্যতু।

অনন্তর "ওঁ দেবা যক্ষাস্তথা নাগা" ইত্যাদি (২৩পৃ, সামবেদীয় তর্পণলিখিত) মন্ত্রে দেবতীর্থ দ্বারা এক অঞ্জলি জল দিতে হয়।

এই প্রকারে দেবতর্পণ করিয়া উত্তরাস্যে নিবীতী অবস্থায় "ওঁ সনকশ্চ" ইত্যাদি (২৪ পৃষ্ঠার লিখিত) মন্ত্র দুইবার পড়িয়া কায়তীর্থ দ্বারা দুই অঞ্জলি জলপ্রদান পূর্ব্বক মনুষ্যতর্পণ সমাপ্ত করিবে।

পরে পূর্ব্বাস্যে উপবীতী অবস্থায় ঋষিতর্পণ করিবে অর্থাৎ "ওঁ মরীচিস্তৃপ্যতু, ওঁ অত্রিস্তৃপ্যতু, ওঁ অঙ্গিরাস্তৃপ্যতু, ওঁ বশিষ্ঠস্তৃপ্যতু, ওঁ পুলহস্তৃপ্যতু, ওঁ ক্রতুস্তৃপ্যতু, ওঁ প্রচেতাস্তৃপ্যতু, ওঁ পুলস্ত্যস্তৃপ্যতু, ওঁ ভৃগুস্তৃপ্যতু, ওঁ নারদস্তৃপ্যতু, ওঁ দেবাস্তৃপ্যন্তু, ওঁ ব্রহ্মর্ষয়স্তৃপ্যন্তু" এই বলিয়া দেবতীর্থ দ্বারা প্রত্যেককে এক একবার জল দিবে।

তদনন্তর দিব্যপিতৃতর্পণ করিবে।—দক্ষিণাস্যে প্রাচীনাবীতী অবস্থায় † ওঁ অগ্নিষ্বাত্তাঃ পিতরস্তৃপ্যন্তু, ওঁ সৌম্যাঃ পিতরস্তৃপ্যন্তু, ওঁ হবিষ্মন্তঃ পিতরস্তৃপ্যন্তু, ওঁ উষ্মপাঃ পিতরস্তৃপ্যন্তু, ওঁ সুকালিনঃ

* শূদ্র প্রণব ত্যাগ করিয়া অবশিষ্টাংশ উচ্চারণ করিবে।

† তর্পণসমাপ্তি পর্য্যন্ত এইরূপ ভাবে থাকিবে।

পিতরস্তৃপ্যন্তু, ওঁ বর্হিষদঃ পিতরস্তৃপ্যন্তু, ওঁ আজ্যপাঃ পিতরস্তৃপ্যন্তু, এই মন্ত্রগুলি তিন তিনবার পড়িয়া পিতৃতীর্থ দ্বারা প্রত্যেককে তিন তিন অঞ্জলি জল দিবে।

তৎপরে "ওঁ যমায় ধর্ম্মরাজায়" ইত্যাদি (২৫ পৃষ্ঠার লিখিত) মন্ত্রে যথাক্রমে তিন অঞ্জলি জল দিয়া যমতর্পণ করিবে। *

অনন্তর পিতৃতর্পণ।—করযোড়ে "ওঁ পিতৃন্ আবাহয়িষ্যে" এই কথা উচ্চারণ পূর্ব্বক "ওঁ আবাহয়" বলিবে। তৎপরে নিম্ন-লিখিত দুইটি মন্ত্র পাঠ করিতে হয়। যথা—

ওঁ উশন্তস্ত্বা নিধীমহ্যুশন্তঃ সমিধীমহি উশন্নুশত আবহ পিতৃন্ হবিষেঽত্তবে ॥ ১ ॥ 21, 15,

ওঁ আয়ান্তু নঃ পিতরঃ সোম্যাসোঽগ্নিষ্বাত্তাঃ পথিভির্দেব-যানৈঃ। অস্মিন্ যজ্ঞে স্বধয়া মদন্তোঽধিব্রুবন্তু তে অবন্ত্বস্মান্ ॥ ২ ॥

পরে নিম্নলিখিত মন্ত্রে এক অঞ্জলি জল দিবে। যথা—

ওঁ আগচ্ছন্তু মে পিতর ইমং গৃহ্ণন্ত্বপোঽঞ্জলিম্।

অনন্তর নিম্নলিখিত মন্ত্র যথাক্রমে তিনবার পড়িয়া পিতৃ-উদ্দেশে তিন অঞ্জলি জল প্রদান করিবে। যথা—

ওঁ উর্জ্জং বহন্তীরমৃতং ঘৃতং পয়ঃ কীলালং পরিস্রুতং স্বধাস্থ তর্পয়ত মে পিতৃন্ ॥

ওঁ বিষ্ণুরোম্ অমুকগোত্র পিতঃ অমুকদেবশর্ম্মন্ (শূদ্র হইলে "অমুকদাস") এতৎসতিলোদকং (তিলতর্পণনিষিদ্ধদিনে—"এত-দুদকং") তুভ্যং স্বধা। (শূদ্র হইলে—স্বধাস্থানে "নমঃ" বলিবে।) †

* শূদ্রগণ এই স্থানে ভীষ্মতর্পণ করিবে।

† মতান্তরে শূদ্রের পক্ষে "অমুকদাস তৃপ্যস্ব এতত্তে সতিলোদকং নমঃ" উচ্চার্য্য।

এই প্রকারে পিতামহ, প্রপিতামহ, মাতামহ, প্রমাতামহ ও বৃদ্ধপ্রমাতামহকে পিতামহাদি নাম উল্লেখ পূর্ব্বক তর্পণ করিতে হয়।

অনন্তর নিম্নলিখিত মন্ত্র যথাক্রমে পড়িয়া মাতৃ-উদ্দেশে তিন অঞ্জলি জল দিবে। যথা—

ওঁ ঊর্জ্জং বহন্তীরমৃতং ঘৃতং পয়ঃ কীলালং পরিস্রুতং স্বধাস্থ তর্পয়ত মে পিতৄন্॥

ওঁ অমুকগোত্রে মাতঃ অমুকিদেবি (শূদ্র হইলে—অমুকিদাসি) এতৎ সতিলোদকং (নিষিদ্ধদিনে—"এতদুদকম্") তুভ্যং স্বধা॥

তদনন্তর সামবেদীয় তর্পণের লিখিত পিতামহী, প্রপিতামহী প্রভৃতিকে এক এক অঞ্জলি জল দ্বারা তর্পণ করিবে।

তৎপরে সামবেদীয় তর্পণের (২৭ পৃষ্ঠার) লিখিত প্রণালীতে ভীষ্মতর্পণ কর্ত্তব্য।

পরে নিম্নলিখিত মন্ত্র দুইটি যথাক্রমে তিন তিনবার পড়িয়া তিন তিন অঞ্জলি জল দিবে। যথা—

ওঁ নরকেষু সমস্তেষু যাতনাসু চ যে স্থিতাঃ।
তেষামাপ্যায়নায়ৈতদ্দীয়তে সলিলং ময়া॥ ১॥
ওঁ যেঽবান্ধবা বান্ধবা বা যেঽন্যজন্মনি বান্ধবাঃ।
তে তৃপ্তিমখিলাং যান্তু যে চাস্মত্তোয়কাঙ্ক্ষিণঃ॥ ২॥

অতঃপর সামবেদীয় তর্পণের (২৭, ২৮ পৃষ্ঠার) লিখিত নিয়মে রামতর্পণ, লক্ষ্মণতর্পণ ও বস্ত্রনিষ্পীড়িতজলে তর্পণ করিয়া পিতৃস্তুতি ও পিতৃপ্রণাম করিবে।

ঋগ্বেদীয়-তর্পণবিধি।

যজুর্ব্বেদদীয় তর্পণের প্রণালী অনুসারে প্রথম হইতে ঋষিতর্পণ পর্য্যন্ত করিয়া দক্ষিণাস্যে প্রাচীনাবীতী অবস্থায় পিতৃতীর্থ দ্বারা "ওঁ অগ্নিষ্বাত্তাস্তৃপ্যন্তু, ওঁ সৌম্যাস্তৃপ্যন্তু, ওঁ হবিষ্মন্তস্তৃপ্যন্তু, ওঁ উষ্মপাস্তৃপ্যন্তু, ওঁ সুকানিলস্তৃপ্যন্তু, ওঁ বর্হিষদস্তৃপ্যন্তু, ওঁ আজ্যপাস্তৃপ্যন্তু" এই সাতটি মন্ত্রে তিন তিনবার করিয়া জল দিবে। অনন্তর সামবেদীয় (২৫ পৃষ্ঠার লিখিত) প্রণালীতে যমতর্পণ করিতে হয়। তৎপরে করযোড়ে "ওঁ আগচ্ছন্তু মে পিতর ইমং গৃহ্লন্ত্বপোঽঞ্জলিং" এই বলিয়া পিতৃগণের আবাহন পূর্ব্বক দক্ষিণাস্যে প্রাচীনাবীতী অবস্থায় পিতৃতীর্থ দ্বারা নিম্নলিখিত মন্ত্রে পিতৃ-উদ্দেশে তিন অঞ্জলি জল দিবে। যথা—

ওঁ অমুকগোত্রং পিতরং অমুকদেবশর্ম্মাণং তর্পয়ামি এতৎ-সতিলোদকং (গঙ্গাজল হইলে "সতিলগঙ্গোদকং") (তিলতর্পণের নিষিদ্ধদিনে "এতদুদকং") তস্মৈ স্বধা নমঃ॥

অনন্তর নিম্নলিখিত মন্ত্রে মাতৃ-উদ্দেশেও তিন অঞ্জলি জল দিতে হয়। যথা----

অমুকগোত্রাং মাতরং অমুকীদেবীং তর্পয়ামি এতৎ সতিলোদকং তস্যৈ স্বধা নমঃ॥

পরে সামবেদীয়পিতৃতর্পণের লিখিত অন্যান্য ব্যক্তির উদ্দেশেও তর্পণ করিতে হয়।

তদনন্তর "ওঁ আব্রহ্মস্তম্বপর্য্যন্তং জগৎ তৃপ্যতু" এই বলিয়া তিন অঞ্জলি জল প্রদান পূর্ব্বক "ওঁ আব্রহ্মভুবনা" ইত্যাদি (২৭ পৃষ্ঠার লিখিত) মন্ত্রে এক অঞ্জলি এবং "ওঁ যেঽবান্ধবা" ইত্যাদি (২৭ পৃষ্ঠা)

মন্ত্রে এক অঞ্জলি জল দিবে। তৎপরে সামবেদীয় তর্পণের নিয়মে (২৮ পৃ) বস্ত্রনিষ্পীড়িতজলে তর্পণ হইতে সমস্ত কার্য্য শেষ করিবে।

সন্ধ্যার সাধারণবিধি।

রাত্রির শেষে একদণ্ড ও দিনের প্রথম একদণ্ড অর্থাৎ সূর্য্যোদয়ের একদণ্ড পূর্ব্ব ও একদণ্ড পর যে সময়, তন্মধ্যেই প্রাতঃসন্ধ্যা করিবে; দিবার শেষ একদণ্ড ও রাত্রির প্রথম একদণ্ড অর্থাৎ সূর্য্যাস্তের একদণ্ড পূর্ব্ব ও একদণ্ড পর যে সময়, তাহাই সায়ংসন্ধ্যার কাল এবং দিবসের অষ্টমমুহূর্ত্ত (দিনমানকে ১৫ ভাগ করিলে এক এক ভাগকে এক এক মুহূর্ত্ত বলে;) অর্থাৎ যে সময় সূর্য্যদেব ঠিক আকাশের মধ্যভাগে অবস্থিত থাকেন, সেই সময়ই মধ্যাহ্নসন্ধ্যা করিবে। ফল কথা, দিনমানের ন্যূনাধিক্য অনুসারে এই সময় নিরূপণ করিয়া লইতে হয়।

সন্ধ্যা করিবার সময় কাহারও সহিত কথা কহিতে নাই। ঐ সময়ে কথা কহিলে, হাঁচি বা নিষ্ঠীবন ফেলিলে, জৃম্ভণ তুলিলে, অধোবায়ুত্যাগ করিলে অথবা নিদ্রাকর্ষণ হইলে বিষ্ণুস্মরণ পূর্ব্বক দক্ষিণকর্ণ স্পর্শ করিবে।

জননাশৌচ বা মরণাশৌচে সন্ধ্যা করিবে না এবং সংক্রান্তি, অমাবস্যা, পূর্ণিমা, দ্বাদশী ও শ্রাদ্ধবাসরে সায়ংসন্ধ্যা নিষিদ্ধ; কিন্তু নিষিদ্ধ দিনে গায়ত্রীজপ করিতে পারে এবং তান্ত্রিকী সন্ধ্যা কোন দিনেই নিষিদ্ধ নহে।

কারণ বশতঃ সন্ধ্যার কাল অতীত হইলে দশবার গায়ত্রী-জপরূপ প্রায়শ্চিত্ত করিয়া সন্ধ্যা করিবে। বৈদিকী সন্ধ্যায় বৈদিকী এবং তান্ত্রিকী সন্ধ্যায় তান্ত্রিকী গায়ত্রী জপ করিতে হয়।

ভ্রমবশে পূর্ব্বসন্ধ্যার বাধ হইলে পরসন্ধ্যা করিবার অগ্রে পূর্ব্ব-সন্ধ্যা করিতে হয়। যদি তিনটি সন্ধ্যারই বাধ হয়, তাহা হইলে একদিন উপবাস করিয়া থাকিবে। তাহাতে অক্ষম হইলে একটি ব্রাহ্মণ-ভোজন করাইবে অথবা ভোজনদ্রব্যের উপযুক্ত মূল্য দিবে। পূর্ব্বমুখ হইয়া প্রাতঃসন্ধ্যা, পূর্ব্বাস্য বা উত্তরাস্য হইয়া মধ্যাহ্ন-সন্ধ্যা এবং পশ্চিমোত্তরকোণাভিমুখ হইয়া সায়ংসন্ধ্যা করিবে।

সামবেদীয়-সন্ধ্যাবিধি। *

প্রথমতঃ যথাবিধি দুইবার আচমন পূর্ব্বক (১২ পৃ) বিষ্ণু-স্মরণ করিয়া আপোমার্জ্জন করিবে অর্থাৎ নিম্নলিখিত ছয়টি মন্ত্র-পাঠ পূর্ব্বক কুশের দ্বারা বা হস্ত দ্বারা মস্তকে বিন্দু বিন্দু জল-প্রোক্ষণ করিবে। যথা—

(আপোমার্জ্জন)

ওঁ শন্ন আপো ধন্বন্যাঃ শমনঃ সন্তু নূপ্যাঃ। শন্নঃ সমুদ্রিয়া আপঃ শমনঃ সন্তু কূপ্যাঃ॥১॥ ওঁ দ্রুপদাদিব মুমুচানঃ স্বিন্নঃ স্নাতো মলাদিব। পূতং পবিত্রেণেবা-জ্যমাপঃ শুন্ধন্তু মৈনসঃ ॥ ২ ॥ ওঁ আপো হি ষ্ঠা

মরুদেশজাত জল আমাদিগের মঙ্গল করুক, অনূপদেশোৎপন্ন (জলময়দেশজাত) জল আমাদিগের কল্যাণদায়ী হউক, সমুদ্রজল আমাদিগের মঙ্গলবিধান করুক্ এবং কূপজল আমাদিগের কল্যাণ-দায়ী হউক্। ১। স্বেদাক্ত ব্যক্তি বৃক্ষমূলে অবস্থিতি করিয়া যে প্রকার ঘর্ম্ম হইতে মুক্তিলাভ করে, স্নাত ব্যক্তি যেমন দৈহিক মল হইতে মুক্ত হয়, মন্ত্রপাঠ দ্বারা যে প্রকার হবিঃ পবিত্র হয়,

* ইহা কেবল উপনীত ব্রাহ্মণেরই কর্ত্তব্য।

ময়োভুবস্তা ন ঊর্জ্জে দধাতন। মহে রণায় চক্ষসে ॥৩॥ ওঁ যো বঃ শিবতমো রসস্তস্য ভাজয়তেহ নঃ। উশতীরিব মাতরঃ ॥ ৪ ॥ ওঁ তস্মা অরঙ্গমাম বো যস্য ক্ষয়ায় জিম্বথ। আপো জনয়থা চ নঃ ॥ ৫ ॥ ওঁ ঋতঞ্চ সত্যঞ্চাভীদ্ধাত্তপসোঽধ্যজায়ত। ততো রাত্র্যজায়ত, ততঃ সমুদ্রোঽর্ণবঃ,সমুদ্রাদর্ণবাদধিসংবৎরোঽজায়ত। অহোরাত্রাণি বিদধদ্বিশ্বস্য মিষতো বশী। সূর্য্যাচন্দ্র-

জল আমাকে সেইরূপ পাপ হইতে পবিত্র করুক্। ২। হে জলসকল! তোমরা পরম আপ্যায়ক (সুখদায়ক); অতএব ইহকালে আমাদিগের অন্নের সংস্থান করিয়া দেও এবং পরলোকে মনোরমদর্শন পরব্রহ্মের সহিত আমাদিগের মিলন করিয়া দিও। ৩। স্নেহময়ী মাতা যেমন আপনার স্তনদুগ্ধ পান করাইয়া পুত্রের মঙ্গলবিধান করেন, হে জলসমূহ! তোমরাও সেইরূপ ইহলোকে আমাদিগকে তোমাদের মঙ্গলময় রসের দ্বারা পরিতৃপ্ত কর। ৪। হে জলসমূহ! তোমরা যে রস দ্বারা আব্রহ্মস্তম্ব পর্য্যন্ত জগতের তৃপ্তিসাধন করিতেছ, সেই রস দ্বারা যেন আমাদিগের তৃপ্তি হয়। তোমরা আমাদিগকে সেই রসভোগের অধিকারী কর। ৫। মহাপ্রলয়সময়ে কেবলমাত্র ব্রহ্ম বিদ্যমান ছিলেন। তৎকালে চতুর্দ্দিক্ তিমিরাবৃত ছিল, তৎপরে সৃষ্টির আরম্ভকালে অদৃষ্টবশে সৃষ্টির মূলস্বরূপ জলপূর্ণ সমুদ্র সঞ্জাত হইল। সেই সমুদ্রজল হইতে জগৎসৃষ্টিকারী বিধি সমুৎপন্ন হইলেন। সেই বিধিই দিবাপ্রকাশক সূর্য্য ও রজনীপ্রকাশক শশধরের সৃষ্টি করিয়া বৎসরের কল্পনা

মসৌ ধাতা যথাপূর্ব্বমকল্পয়ৎ। দিবঞ্চ পৃথিবীঞ্চান্ত-রীক্ষমথো স্বঃ॥ ৬॥

(প্রাণায়াম)

অনন্তর করযোড়ে নিম্নলিখিত মন্ত্র কয়টি পাঠ পূর্ব্বক ঋষ্যাদি স্মরণ করিয়া মস্তকের চতুর্দ্দিকে জলবেষ্টন করিবে। * যথা—

ওঁকারস্য ব্রহ্ম-ঋষির্গায়ত্রীচ্ছন্দোঽগ্নির্দ্দেবতা সর্ব্ব-কর্ম্মারম্ভে বিনিয়োগঃ॥৭॥ ওঁ সপ্তব্যাহৃতীনাং প্রজা-পতির্ঋষির্গায়ত্র্যুষ্ণিগনুষ্টুব্-বৃহতী-পঙ্‌ক্তি-ত্রিষ্টুব্-জগত্যশ্ছন্দাংসি ওঁ অগ্নি-বায়ু-সূর্য্য-বরুণ-বৃহস্পতীন্দ্র-বিশ্বেদেবা দেবতাঃ প্রাণায়ামে বিনিয়োগঃ॥ ৮॥ ওঁ গায়ত্র্যা বিশ্বামিত্র-ঋষির্গায়ত্রীচ্ছন্দঃ সবিতা দেবতা

করেন অর্থাৎ তৎকাল হইতেই দিবা, রাত্রি, ঋতু, আয়ন, বৎসর প্রভৃতি যথানিয়মে প্রবর্ত্তিত হইল। তৎপরে ব্রহ্মা ক্রমে ক্রমে মহদাদি ঊর্দ্ধতন লোকচতুষ্টয় এবং ভূঃ প্রভৃতি লোকত্রয় সমুৎ-পাদন করিলেন। ৬। †

* প্রত্যেক মন্ত্র উচ্চারণের অগ্রে তত্তন্মন্ত্রের ঋষি, ছন্দঃ, দেবতা ও বিনি-য়োগ জ্ঞাত হওয়া আবশ্যক। বেদ অবিনশ্বর, তবে মহাপ্রলয়সময়ে উহা বিলীনভাবে থাকে। পরে সৃষ্টিসময়ে যিনি যে মন্ত্রটি প্রথম স্মরণ করেন কিংবা যিনি যে মন্ত্র দ্বারা সিদ্ধিলাভ করেন, তাঁহাকেই সেই মন্ত্রের ঋষি বলা যায়; যে মন্ত্র যে ছন্দে গ্রথিত, তাহাই তাহার ছন্দঃ; মন্ত্রের প্রতিপাদ্য বস্তুই সেই মন্ত্রের দেবতা বলিয়া পরিকীর্ত্তিত এবং মন্ত্রের উচ্চারণ বা কোন্ কর্ম্মে তাহার প্রয়োগ, তাহারই নাম বিনিয়োগ।

† সন্ধ্যার কাল উত্তীর্ণ হইলে সামবেদীয়েরা এই স্থলে দশবার গায়ত্রীজপ-রূপ প্রায়শ্চিত্ত করিবেন।

প্রাণায়ামে বিনিয়োগঃ ॥ ৯ ॥ ওঁ শিরসঃ প্রজাপতি-ঋর্ষিগায়ত্রীচ্ছন্দো ব্রহ্মবায়্বগ্নিসূর্য্যাশ্চতস্রো দেবতাঃ প্রাণায়ামে বিনিয়োগঃ ॥ ১০ ॥

তদনন্তর দক্ষিণ-করের অঙ্গুষ্ঠ দ্বারা দক্ষিণনাসা টিপিয়া বাম-নাসিকা দ্বারা বায়ু-পূরণ পূর্ব্বক নিম্নলিখিতরূপে নাভিদেশে ব্রহ্মাকে ধ্যান করিবে। যথা—

(নভৌ রক্তবর্ণং চতুর্মুখং দ্বিভুজং অক্ষসূত্র-কমণ্ডলুকরং হংসাসনসমারূঢ়ং ব্রহ্মাণং ধ্যায়ন্) ॥১১॥ ওঁ ভূঃ ওঁ ভুবঃ ওঁ স্বঃ ওঁ মহঃ ওঁ জনঃ ওঁ তপঃ ওঁ সত্যং ওঁ তৎ সবিতুর্বরেণ্যং ভর্গো দেবস্য ধীমহি, ধিয়ো য়ো নঃ প্রচোদয়াৎ। ওঁ আপো জ্যোতীরসো-ঽমৃতং ব্রহ্মভূর্ভুবঃস্বরোঁ ॥ ১২ ॥

পূর্ব্ববৎ দক্ষিণনাসা টিপিয়া রাখিয়াই অনামা ও কনিষ্ঠা দ্বারা

ব্রহ্মা রক্তবর্ণ, চতুর্ম্মুখ, অক্ষসূত্র ও কমণ্ডলুধর, দ্বিভুজ ও হংস-বাহন। এইরূপে ব্রহ্মাকে নাভিপ্রদেশে ধ্যান করিয়া নিম্নলিখিত-রূপে চিন্তা করিবে। ১১।

যাঁহা দ্বারা ভূরাদি সপ্তলোক প্রকাশিত হইতেছে,যিনি অপ্, তেজ ও রসরূপে বিদ্যমান, যিনি অখিল-জীবহৃদয়ে জীবাত্মরূপে সংস্থিত, যিনি সত্বাদি ত্রিগুণভেদে ব্রহ্ম-বিষ্ণু-রুদ্ররূপে প্রকাশমান, সেই সূর্য্যমণ্ডলমধ্যস্থ (সূর্য্যমণ্ডলোপাধি-পরিচ্ছিন্ন) চৈতন্যকে (ব্রহ্মকে) আমরা উপাসনা করি। তিনি ধর্ম্মাদি চতুর্ব্বর্গ-বিষয়ে আমাদিগের বুদ্ধিবৃত্তিকে প্রেরিত করিতেছেন। ১২।

বামনাসা টিপিয়া শ্বাসরোধরূপ কুম্ভক করত নিম্নলিখিতরূপে কেশবকে ধ্যান করিবে। যথা—

(হৃদি নীলোৎপলদলপ্রভং চতুর্ভুজং শঙ্খচক্রগদাপদ্মহস্তং গরুড়াসনসমারূঢ়ং কেশবং ধ্যায়ন্) ওঁ ভূঃ ওঁ ভুবঃ ওঁ স্বঃ ওঁ মহঃ ওঁ জনঃ ওঁ তপঃ ওঁ সত্যং ওঁ তৎ সবিতুর্ব্বরেণ্যং ভর্গো দেবস্য ধীমহি, ধিয়ো য়ো নঃ প্রচোদয়াৎ। ওঁ আপো জ্যোতীরসোঽমৃতং ব্রহ্মভূর্ভুবঃস্বরোঁ॥ ১৩॥

তৎপরে দক্ষিণনাসা হইতে বৃদ্ধাঙ্গুষ্ঠ ছাড়িয়া দিয়া শনৈঃ শনৈঃ বায়ুনিঃসারণরূপ রেচক করিতে করিতে নিম্নলিখিতরূপে শম্ভুর ধ্যান করিবে। যথা—

(ললাটে শ্বেতং দ্বিভুজং ত্রিশূলডমরুকরমর্দ্ধচন্দ্রবিভূষিতং ত্রিনেত্রং বৃষভস্থং শম্ভুং ধ্যায়ন্) ওঁ ভূঃ ওঁ ভুবঃ ওঁ স্বঃ ওঁ মহঃ ওঁ জনঃ ওঁ তপঃ ওঁ সত্যং তৎ সবিতুর্ব্বরেণ্যং ভর্গো দেবস্য ধীমহি, ধিয়ো য়ো নঃ চোদয়াৎ। ওঁ আপো জ্যোতীরসোঽমৃতং ব্রহ্মভূর্ভুবঃস্বরোঁ॥ ১৪॥

নীলোৎপলবৎ কান্তিপূর্ণ, চতুর্ভুজ, শঙ্খচক্রগদাপদ্মধারী, গরুড়াধিষ্ঠিত বিষ্ণুকে হৃদয়ে ধ্যান করিতে করিতে পূর্ব্ববৎ গায়ত্রীর অর্থ চিন্তা করিবে। ১৩।

শুক্লবর্ণ, দ্বিভুজ, ত্রিশূলডমরুকর, অর্দ্ধচন্দ্রবিরাজিত, বৃষারূঢ় শম্ভুকে ললাটে ধ্যান করিতে করিতে পূর্ব্ববৎ সপ্তব্যাহৃতি-সমন্বিত ও সশিরস্ক গায়ত্রীর অর্থ চিন্তা করিবে। ১৪।

অনন্তর দক্ষিণ-হস্তে জল লইয়া প্রাতঃসন্ধ্যায় নিম্নলিখিত মন্ত্র-পাঠ পূর্ব্বক তিনবার জল পান করিয়া আচমন করিবে।—

(প্রাতরাচমন।)

সূর্য্যশ্চ মেতি মন্ত্রস্য ব্রহ্ম-ঋষিঃ প্রকৃতিশ্ছন্দ আপো দেবতা আচমনে বিনিয়োগঃ। ওঁ সূর্য্যশ্চ মামন্যুশ্চ মন্যুপতয়শ্চ মন্যুকৃতেভ্যঃ পাপেভ্যো রক্ষন্তাম্। যদ্রাত্র্যা পাপমকার্ষং মনসা বাচা হস্তাভ্যাং পদ্ভ্যামুদরেণ শিশ্না অহস্তদবলুম্পতু। যৎ কিঞ্চিদ্দুরিতং ময়ি ইদমহমাপোঽমৃতযোনৌ সূর্য্যে জ্যোতিষি পরমাত্মনি জুহোমি স্বাহা॥ ১৫॥

(মধ্যাহ্ন-আচমন)

আপঃ পুনন্ত্বিতি মন্ত্রস্য বিষ্ণুঋর্ষিরনুষ্টুপ্ ছন্দ আপো

ব্রহ্মা "সূর্য্যশ্চ মা" ইত্যাদি মন্ত্রের ঋষি, ছন্দঃ প্রকৃতি, দেবতা জল এবং ইহার প্রয়োগ আচমনকর্ম্মে হয়। সূর্য্য, যজ্ঞ ও যজ্ঞপতি ইন্দ্রপ্রমুখ সুরগণ অসম্পূর্ণ-যজ্ঞ-জনিত পাতক হইতে আমাকে পরিত্রাণ করুন। আমি নিশাভাগে মন, বাক্য, কর, চরণ, উদর ও শিশ্ন দ্বারা যে পাপ করিয়াছি, দিন তাহা বিনষ্ট করুন্। আমাতে যে কিছু পাতক বিদ্যমান আছে, তৎসমস্ত এই জলে সংক্রামিত করিয়া এই পাপময় জল হৃৎপদ্মমধ্যস্থিত অমৃতযোনি (চৈতন্যশক্তিপ্রকাশক) জ্যোতির্ম্ময় সূর্য্যে সমর্পণ (হোম) করিলাম; উহা নিঃশেষে দগ্ধ হউক্। ১৫।

বিষ্ণু "আপঃ পুনন্তু" ইত্যাদি মন্ত্রের ঋষি, ছন্দঃ অনুষ্টুপ্,

দেবতা আচমনে বিনিযোগঃ । ওঁ আপঃ পুনন্তু পৃথিবীং পৃথ্বী পূতা পুনাতু মাম্। পুনন্তু ব্রহ্মণস্পতির্ব্রহ্ম পূ পুনাতু মাম্। যদুচ্ছিষ্টমভোজ্যঞ্চ যদ্বা দুশ্চরিতং মম। সর্ব্বং পুনাতু মামাপোঽসতাঞ্চ প্রতিগ্রহং স্বাহা ॥১৬॥

(সায়াহ্নে আচমন)

অগ্নিশ্চ মেতি মন্ত্রস্য রুদ্র-ঋষিঃ প্রকৃতিশ্ছন্দ আপো দেবতা আচমনে বিনিয়োগঃ। ওঁ অগ্নিশ্চ মা মন্যুশ্চ মন্যুপতয়শ্চ মন্যুকৃতেভ্যঃ পাপেভ্যো রক্ষন্তাম্ যদহ্না পাপমকার্ষং মনসা বাচা হস্তাভ্যাং পদ্ভ্যামুদরেণ

দেবতা জল এবং ইহার প্রয়োগ আচমনকর্ম্মে হয়। জল মদীয় পার্থিব-দেহের পবিত্রতাবিধান করুক্, দেহ বিশুদ্ধ হইয়া আমাকে (ক্ষেত্রজ্ঞ আত্মাকে) পবিত্র করুক্, জল পরমাত্মাকে পবিত্র করুক্ এবং পরমাত্মা বিশুদ্ধ হইয়া আমাকে পবিত্র করুন্। উচ্ছিষ্ট-ভোজন, অভক্ষ্যভক্ষণ, অসদ্ব্যবহার ও অসৎ-প্রতিগ্রহজন্য আমার যে কিছু পাপসঞ্চার হইয়াছে,জল সেই সকল পাপ হইতে আমাকে মুক্ত করুক্। পাপবিদূরণার্থ অভিমন্ত্রিত এই সলিল অমৃতাখ্য-বহ্নিস্থ সত্যস্বরূপ পরমাত্মাতে আহুতি অর্পণ করিলাম, উহা নিঃশেষে দগ্ধ হইয়া যাউক্। ১৬।

রুদ্র "অগ্নিশ্চ মা" ইত্যাদি মন্ত্রের ঋষি, ছন্দঃ প্রকৃতি, দেবতা জল এবং ইহার বিনিয়োগ আচমনকর্ম্মে হয়। অগ্নি, যজ্ঞ ও যজ্ঞ-পতি ইন্দ্রপ্রমুখ সুরবৃন্দ আমার পাপনাশ করিয়া আমাকে পরিত্রাণ করুন্। আমি দিবাভাগে মন, বাক্য, কর, পদ, জঠর ও শিশ্ন দ্বারা

শিশ্না রাত্রিস্তদবলুম্পতু। যৎ কিঞ্চিদ্দুরিতং ময়ি ইদমহমাপোঽহমৃতযোনৌ সত্যে জ্যোতিষি পরমাত্মনি জুহোমি স্বাহা ॥ ১৭ ॥

(পুনর্ম্মার্জ্জন)

তৎপরে জলে গায়ত্রী জপ করিয়া ঋষ্যাদিসহ নিম্নলিখিত তিন মন্ত্রে মস্তকে তিনবার জল দিবে। * যথা—

আপো হি ষ্ঠেতি ঋকৃত্রয়স্য সিন্ধুদ্বীপঋষির্গায়ত্রী-চ্ছন্দ আপো দেবতা মার্জ্জনে বিনিয়োগঃ ॥

ওঁ আপো হি ষ্ঠা ময়োভুবস্তা ন ঊর্জ্জে দধাতন মহে রণায় চক্ষসে ॥

ওঁ যো বঃ শিবতমো রসস্তস্য ভাজতেহ নঃ। উশ-তীরিব মাতরঃ ॥

ওঁ তস্মা অরঙ্গমাম বো যস্য ক্ষয়ায় জিন্বথ। আপো জনয়থা চ নঃ ॥ ১৮॥

যে সকল পাপাচরণ করিয়াছি,রাত্রি তৎসমস্ত বিনষ্ট করুন্ ; আমার দেহে যে কিছু পাপসঞ্চার হইয়াছে, তন্মিশ্রিত এই জলকে আমি অমৃতযোনি (চৈতন্যশক্তিপ্রকাশক) হৃদয়স্থিত জ্যোতির্ম্ময় সত্যে (ব্রহ্মে) হোম করিলাম। উহা নিঃশেষে দগ্ধ হইয়া যাউক্। ১৭।

সিন্ধুদ্বীপ "আপো হি ষ্ঠা" ইত্যাদি তিনটি মন্ত্রের ঋষি, ছন্দঃ গায়ত্রী, দেবতা জল এবং ইহার প্রয়োগ মার্জ্জনক্রিয়ায় হয়। ১৮ †

---

* যজুর্ব্বেদীয়গণ গায়ত্রী জপ করিবে না, কেবল আপো হি ষ্ঠা ইত্যাদি মন্ত্র পড়িয়া মার্জ্জন করিবে।

† মন্ত্রত্রয়ের অনুবাদ পূর্ব্বে প্রদর্শিত হইয়াছে।

(অঘমর্ষণ)

তদনন্তর এক গণ্ডূষ জল নাসিকাগ্রে ধরিয়া নিম্নলিখিত মন্ত্র-পাঠ পূর্ব্বক নিশ্বাস দ্বারা অভ্যন্তরস্থ ভস্মীভূত পাপপুঞ্জ নিষ্ক্রান্ত হইয়া ঐ জলগণ্ডূষে মিশিয়াছে, এই প্রকার চিন্তা করত সেই জল বামভাগে ভূতলে ফেলিবে। তৎপরে হস্ত ধৌত করিয়া তিনবার গায়ত্রীপাঠ পূর্ব্বক সূর্য্যকে তিন অঞ্জলি জল দিবে। মধ্যাহ্নে একবার গায়ত্রী পড়িয়া এক অঞ্জলি জল দিতে হয়।

ঋতমিত্যস্যাঘমর্ষণ-ঋষিরনুষ্টুপ্ ছন্দো ভাববৃত্তো দেবতা অশ্বমেধাবভৃথে বিনিয়োগঃ॥ ওঁ ঋতঞ্চ সত্যঞ্চাভীদ্ধাত্তপসোঽধ্যজায়ত। ততো রাত্র্যজায়ত, ততঃ সমুদ্রোঽর্ণবঃ। সমুদ্রাদর্ণবাদধিসংবৎসরোঽজায়ত। অহোরাত্রাণি বিদধদ্বিশ্বস্য মিষতো বশী। সূর্য্যাচন্দ্রমসৌ ধাতা যথাপূর্ব্বমকল্পয়ৎ। দিবঞ্চ পৃথিবীঞ্চান্তরীক্ষমথো স্বঃ॥ ১৯॥

(সূর্য্যোপস্থান)

প্রাতঃকালে ও সন্ধ্যাসময়ে করযোড়ে এবং মধ্যাহ্নে ঊর্দ্ধবাহু হইয়া নিম্নলিখিত দুইটি মন্ত্রে সূর্য্যোপস্থান করিবে। যথা।—

উদু ত্যমিত্যস্য প্রস্কন্ন-ঋষির্গায়ত্রীচ্ছন্দঃ সূর্য্যো দেবতা

অঘমর্ষণ "ঋতম্" ইত্যাদি মন্ত্রের ঋষি, ছন্দঃ অনুষ্টুপ্, দেবতা ব্রহ্মা এবং অশ্বমেধযজ্ঞান্তে স্নানকর্ম্মে প্রয়োগ হয় *। ১৯।

প্রস্কন্ন "উদু ত্যং" ইত্যাদি মন্ত্রের ঋষি, ছন্দঃ গায়ত্রী, দেবতা

---

* মন্ত্রের অর্থ পূর্ব্বে লিখিত হইয়াছে।

সূর্য্যোপস্থানে বিনিয়োগঃ। ওঁ উদু ত্যং জাতবেদসং দেবং বহন্তি কেতবঃ। দৃশে বিশ্বায় সূর্য্যম্ ॥ ২০ ॥

চিত্রমিত্যস্য কৌৎস-ঋষিস্ত্রিষ্টুপ্ ছন্দঃ সূর্য্যো দেবতা সূর্য্যোপস্থানে বিনিয়োগঃ। ওঁ চিত্রং দেবানামুদগাদনীকং, চক্ষুর্ম্মিত্রস্য বরুণস্যাগ্নে। আপ্রা দ্যাবা-পৃথিবীঞ্চান্তরীক্ষং, সূর্য্য আত্মা জগতস্তস্থুষশ্চ ॥ ২১ ॥

তৎপরে নিম্নলিখিত একাদশটি মন্ত্রের এক একটি পড়িয়া এক এক অঞ্জলি জল দিবে। যথা—

ওঁ ব্রহ্মণে নমঃ, ওঁ ব্রাহ্মণেভ্যো নমঃ, ওঁ আচার্য্যেভ্যো নমঃ,ওঁ ঋষিভ্যো নমঃ,* ওঁ দেবেভ্যো নমঃ,

---

সূর্য্য এবং ইহার প্রয়োগ সূর্য্যোপস্থানে হয়। বহ্নিবৎ তেজোবিশিষ্ট সুপ্রসিদ্ধ আদিত্যদেবকে তদীয় রশ্মিপুঞ্জ ঊর্দ্ধে ধারণ করিয়া রাখিয়াছে ; এই জন্যই সকললোক প্রকাশিত হইতেছে। ২০।

কৌৎস "চিত্রম্" ইত্যাদি মন্ত্রের ঋষি, ত্রিষ্টুপ্ ছন্দঃ, দেবতা সূর্য্য এবং ইহার প্রয়োগ সূর্য্যোপস্থানে হয়। সুরগণের বিস্ময়কর তেজোরাশিস্বরূপ সূর্য্যদেব উদিত হইয়াছেন। ইনি মিত্র, বরুণ ও অগ্নি এই দেবত্রয়ের চক্ষুঃস্বরূপ, অন্য দেবগণের সমষ্টিস্বরূপ এবং স্থাবরজঙ্গমের আত্মস্বরূপ। † ইনি স্বীয় রশ্মিমালা দ্বারা স্বর্গ, মর্ত্ত্য ও আকাশকে পরিপূর্ণ করিয়াছেন। ২১।

---

* এই স্থলে কেহ কেহ "ওঁ গুরুভ্যো নমঃ" বলিয়াও এক অঞ্জলি জল দিয়া থাকেন।

† আদিত্যগত জ্যোতিই প্রাণিগণের হৃদয়ে জীবাত্মরূপে বিরাজিত।

ওঁ বেদেভ্যো নমঃ, ওঁ মৃত্যবে নমঃ, ওঁ বায়বে নমঃ, ওঁ বিষ্ণবে নমঃ, ওঁ বৈশ্রবণায় নমঃ, ওঁ উপজায় নমঃ। *

গায়ত্রীজপ।

(আবাহন)

করযোড়ে নিম্নলিখিতমন্ত্রে গায়ত্রীর আবাহন করিবে। যথা—

ওঁ আয়াহি বরদে দেবি ত্র্যক্ষরে ব্রহ্মবাদিনি।
গায়ত্রিচ্ছন্দসাং মাতর্ব্রহ্মযোনি নমোঽস্তু তে ॥ ২২ ॥

এই বলিয়া আবাহন পূর্ব্বক ন্যাস করিবে। যথা—

(অঙ্গন্যাস)

"ওঁ হৃদয়ায় নমঃ" বলিয়া তর্জ্জনী, মধ্যমা ও অনামিকার অগ্রদেশ দ্বারা হৃদয়; "ওঁ ভূঃ শিরসে স্বাহা" বলিয়া তর্জ্জনী ও মধ্যমার অগ্রদেশ দ্বারা মস্তক; "ওঁ ভুবঃ শিখায়ৈ বষট্" বলিয়া বৃদ্ধাঙ্গুষ্ঠের অগ্র দ্বারা শিখা; "ওঁ স্বঃ কবচায় হুঁ" বলিয়া দক্ষিণহস্তের পঞ্চাঙ্গুলীর অগ্র দ্বারা দক্ষিণ-বাহু এবং "ওঁ ভূর্ভুবঃ স্বঃ নেত্রত্রয়ায় বৌষট্" বলিয়া তর্জ্জনী ও অনামার অগ্র দ্বারা নেত্র স্পর্শ করিয়া "ওঁ ভূর্ভুবঃ স্বঃ করতলপৃষ্ঠাভ্যাং অস্ত্রায় ফট্" বলিয়া তর্জ্জনী ও মধ্যমা যোগ করিয়া বামহস্তের পৃষ্ঠ ও তল স্পর্শ করত তালি

হে বরপ্রদে দেবি! হে অক্ষরত্রয়ময়ি! হে ব্রহ্মপ্রকাশিনি! হে ছন্দোমাতঃ! হে বেদোদ্ভবে গায়ত্রি! জপকালে আমার নিকটবর্ত্তিনী হও, তোমাকে নমস্কার। ২২।

---

* মধ্যাহ্নস্নানের পর তর্পণ করিতে হইলে এই স্থলে কর্ত্তব্য।

দিবে। এই প্রকারে তিনবার অঙ্গন্যাস করিতে হয়। পরে ধ্যান করিবে। ধ্যান তিন বেলায় তিন প্রকার। যথা—

(প্রাতর্ধ্যান)

ওঁ কুমারীং ঋগ্বেদযুতাং ব্রহ্মরূপাং বিচিন্তয়েৎ।
হংসস্থিতাং কুশহস্তাং সূর্য্যমণ্ডলসংস্থিতাম্ ॥ ২৩॥

(মধ্যাহ্নধ্যান)

ওঁ মধ্যাহ্নে বিষ্ণুরূপাঞ্চ তার্ক্ষ্যস্থাং পীতবাসসীম্।
যুবতীঞ্চ যজুর্ব্বেদাং সূর্য্যমণ্ডলসংস্থিতাম্ ॥ ২৪ ॥

(সায়াহ্নধ্যান)

ওঁ সায়াহ্নে শিবরূপাঞ্চ বৃদ্ধাং বৃষভবাহিনীম্।
সূর্য্যমণ্ডলমধ্যস্থাং সামবেদসমাযুতাম্ ॥ ২৫ ॥

ধ্যানান্তে গায়ত্রীর ঋষ্যাদি স্মরণ করিবে। যথা—

(ঋষ্যাদি)

ওঁ গায়ত্র্যা বিশ্বামিত্র-ঋষির্গায়ত্রীচ্ছন্দঃ সবিতা দেবতা জপোপনয়নে বিনিয়োগঃ ॥ ২৬ ॥ *

প্রভাতে গায়ত্রীকে কুমারী, ঋগ্‌বেদোদ্ভূতা, ব্রহ্মস্বরূপিণী, হংসবাহনা, কুশধারিণী ও সূর্য্যমণ্ডলগতা ধ্যান করিবে। ২৩।

মধ্যাহ্নে গায়ত্রীকে বৈষ্ণবী, গরুড়াসনা, পীতবস্ত্রধারিণী, যুবতী, যজুর্ব্বেদোদ্ভূতা ও সূর্য্যমণ্ডলস্থা ধ্যান করিবে। ২৪।

সায়াহ্নে গায়ত্রী দেবীকে শিবশক্তি, বৃদ্ধা, বৃষারূঢ়া, সামবেদোদ্ভূতা ও সূর্য্যমণ্ডলমধ্যবর্ত্তিনী ধ্যান করিবে। ২৫।

গায়ত্রীর ঋষি বিশ্বামিত্র, ছন্দঃ গায়ত্রী, দেবতা সূর্য্য এবং জপে ইহার প্রয়োগ হয়। ২৬।

---

* কেহ কেহ ধ্যানের অগ্রে ঋষ্যাদি-স্মরণের ব্যবস্থা দেন।

তৎপরে যথাশক্তি দশবার, একশত অষ্টবার অথবা সহস্রবার গায়ত্রী জপ করিবে। গায়ত্রী যথা—

গায়ত্রী।

ওঁ ভূর্ভুবঃ স্বঃ তৎ সবিতুর্ব্বরেণ্যং ভর্গো দেবস্য ধীমহি, ধিয়ো যো নঃ প্রচোদয়াৎ ওঁ॥ ২৭। *

স্থাবরজঙ্গমাত্মক ত্রিভুবনস্বরূপ, জননমরণদুঃখাদি-বিনাশার্থ উপাস্য, সূর্য্যমণ্ডলগত তেজের প্রাণভূত, সৃষ্টিস্থিতিপ্রলয়কারিণী শক্তির অবিচ্ছিন্ন,সর্ব্বান্তর্য্যামী পরব্রহ্মকে "তিনিই আমি" এই ভাবে ধ্যান করি। তিনি আমাদের বুদ্ধিবৃত্তিকে ধর্ম্মাদি চতুর্ব্বর্গবিষয়ে প্রেরণ করিতেছেন। তিনি ভূরাদি সপ্তলোকের প্রকাশক অপ্, তেজ ও রসরূপে বিদ্যমান, সূর্য্যমণ্ডলোপাধিপরিচ্ছিন্ন চৈতন্যস্বরূপ ও সত্ত্বাদি গুণভেদে ব্রহ্মবিষ্ণুরুদ্ররূপে প্রকাশমান। ২৭।

* এইরূপে প্রাতঃকালে, মধ্যাহ্নসময়ে ও সায়াহ্নকালে যথাক্রমে গায়ত্রী, সাবিত্রী ও সরস্বতীকে চিন্তা করিবে। প্রভাতকালে উর্দ্ধভাবে থাকিয়া হস্তযুগল উর্দ্ধোত্তান,মধ্যাহ্নকালে তদনুরূপে অবস্থান পূর্ব্বক হস্তযুগল তির্য্যগ্-গত এবং সন্ধ্যাকালে উপবিষ্ট হইয়া হস্তদ্বয়কে অধোমুখ করত অনামা অঙ্গুলীর মধ্যপর্ব্ব, মূলপর্ব্ব, কনিষ্ঠাঙ্গুলীর মূলাদি তিন পর্ব্ব. অনামিকার অগ্রপর্ব্ব, মধ্যামাঙ্গুলীর অগ্রপর্ব্ব আর তর্জ্জনীর তিন পর্ব্ব এই দশসংখ্য পর্ব্বে অঙ্গুষ্ঠাগ্রপর্ব্ব দ্বারা গায়ত্রী জপ করিতে হয়। গায়ত্রীজপের আদিতে ও অন্তে গায়ত্রী-স্তবকবচপাঠ এবং আদিতে গায়ত্রীশাপোদ্ধারপাঠ করা কর্ত্তব্য। স্তবকবচপ্রকরণে স্তবকবচাদি দ্রষ্টব্য।

(জপবিসর্জ্জন)

গায়ত্রীজপান্তে জপ বিসর্জ্জন করিবে।

ওঁ মহেশবদনোৎপন্না বিষ্ণোর্হৃদয়সম্ভবা।
ব্রহ্মণা সমনুজ্ঞাতা গচ্ছ দেবি যথেচ্ছয়া ॥ ২৮ ॥

পরে "অনেন জপেন ভগবন্তাবাদিত্যশুক্রৌ প্রীয়েতাম্। ওঁ আদিত্যশুক্রাভ্যাং নমঃ" এই বলিয়া এক গণ্ডূষ জল দিয়া নিম্নলিখিত মন্ত্রে দক্ষিণহস্তের অঙ্গুষ্ঠ দ্বারা দক্ষিণকর্ণের পৃষ্ঠদেশ স্পর্শ করত মস্তকে জলপ্রক্ষেপ পূর্ব্বক আত্মরক্ষা করিবে। যথা—

(আত্মরক্ষা)

জাতবেদস ইত্যস্য কাশ্যপ-ঋষিস্ত্রিষ্টুপ্ ছন্দোঽগ্নির্দেবতা আত্মরক্ষায়াং জপে বিনিয়োগঃ। ওঁ জাতবেদসে সুনবাম সোমমরাতীয়তো নিদহাতি। বেদঃ স নঃ পরিষদতি, দুর্গাণি বিশ্বা নাবেব সিন্ধুং দুরিতাত্যগ্নিঃ ॥২৯॥

হে দেবি! তুমি মহেশ্বরের মুখ হইতে উৎপন্ন হইয়াছ এবং ব্রহ্মার অনুমতিক্রমে বিষ্ণুর বক্ষঃপ্রদেশে অবস্থান করিতেছ, তুমি স্বেচ্ছামত স্থলে গমন কর। ২৮।

আত্মরক্ষা-মন্ত্রের ঋষি কাশ্যপ, ছন্দঃ ত্রিষ্টুপ্, দেবতা অগ্নি এবং আত্মরক্ষণকার্য্যে ইহার বিনিয়োগ হয়। যে অগ্নি আমাদিগের অহিতকারিগণকে দগ্ধীভূত করেন ও বেদকে আয়ত্ত করিয়া দেন, তরণীযোগে তরঙ্গিণী উত্তরণের ন্যায় জগৎ যে অগ্নি দ্বারা দুস্তর পাপ হইতে পরিত্রাণ পায়, আমরা সেই অগ্নির জন্য সোমযজ্ঞের অনুষ্ঠান করি। ২৯।

(রুদ্রোপস্থান)

অনন্তর করযোড়ে নিম্নলিখিত মন্ত্র পাঠ করিবে। যথা—

ঋতমিত্যস্য কালাগ্নিরুদ্র-ঋষিরনুষ্টুপ্ ছন্দো রুদ্রো দেবতা রুদ্রোপস্থানে বিনিয়োগঃ।

ওঁ ঋতং সত্যং পরং ব্রহ্ম পুরুষং কৃষ্ণপিঙ্গলম্।
ঊর্দ্ধলিঙ্গং বিরূপাক্ষং বিশ্বরূপং নমো নমঃ॥ ৩০ ॥

তৎপরে নিম্নলিখিত মন্ত্র কয়টির এক একটি পড়িয়া এক এক অঞ্জলি দিবে। যথা—

ওঁ ব্রহ্মণে নমঃ, ওঁ অদ্ভ্যো নমঃ, ওঁ বরুণায় নমঃ, ওঁ বিষ্ণবে নমঃ, ওঁ রুদ্রায় নমঃ।

(সূর্য্যার্ঘ্য)

অনন্তর (অর্ঘ্যদ্রব্য বা তদভাবে জল দ্বারা) সূর্য্যার্ঘ্য দিয়া তাঁহাকে প্রণাম করিবে। যথা—

ওঁ নমো বিবস্বতে ব্রহ্মন্ ভাস্বতে বিষ্ণুতেজসে।
জগৎসবিত্রে শুচয়ে সবিত্রে কর্ম্মদায়িনে ॥ ৩১ ॥
ইদমর্ঘ্যং ওঁ শ্রীসূর্য্যায় নমঃ ॥ ৩২ ॥

রুদ্রোপস্থান-মন্ত্রের ঋষি কালাগ্নিরুদ্র, ছন্দঃ অনুষ্টুপ্, দেবতা রুদ্র এবং রুদ্রোপস্থানকার্য্যে ইহার প্রয়োগ হয়। যিনি একাক্ষর ও অনন্তজ্ঞাননামক পরব্রহ্ম, ব্রহ্মবিষ্ণুরুদ্ররূপী, ঊর্দ্ধলিঙ্গ (ঊর্দ্ধস্থিত) ও বিরূপাক্ষ, সেই বিশ্বরূপ পুরুষকে নমস্কার করি। ৩০।

হে ব্রহ্মন্! তুমি তেজস্বী, দীপ্তিমান্, বিষ্ণুতেজের আধার, জগৎকর্ত্তা, পবিত্র ও কর্ম্মপ্রবর্ত্তক। ৩১। এই অর্ঘ্য শ্রীসূর্য্যদেবকে অর্পণ করিলাম। ৩২।

(সূর্য্যপ্রণাম)

ওঁ জবাকুসুমসঙ্কাশং কাশ্যপেয়ং মহাদ্যুতিম্।
ধ্বান্তারিং সর্ব্বপাপঘ্নং প্রণতোঽস্মি দিবাকরম্ ॥৩২॥

পরে এক গণ্ডূষ জল দিয়া ত্রুটিমার্জ্জনা করিবে। মন্ত্র যথা—

ওঁ যদক্ষরং পরিভ্রষ্টং মাত্রাহীনঞ্চ যদ্ভবেৎ।
পূর্ণং ভবতু তৎ সর্ব্বং ত্বৎপ্রসাদাৎ সুরেশ্বরি ॥ ৩৩ ॥

(ব্রহ্মযজ্ঞ) *

মধ্যাহ্নসন্ধ্যার পর বেদাদি-মন্ত্রচতুষ্টয় পড়িবে। যথা—

মধুচ্ছন্দ-ঋষির্গায়ত্রীচ্ছন্দ অগ্নির্দ্দেবতা ব্রহ্মযজ্ঞ-জপে বিনিয়োগঃ।

যিনি জবাপুষ্পসম রক্তবর্ণ, মহাদ্যুতিশালী, অন্ধকারনাশক ও অখিলপাতকহারী, সেই কশ্যপসুত ভাস্করদেবকে নমস্কার। ৩২।

এই সন্ধ্যোপাসনায় যদি কোন বর্ণ উচ্চারিত হইয়া না থাকে এবং যদি কোন মাত্রাও উচ্চারণ না করিয়া থাকি, হে সুরেশ্বরি গায়ত্রিদেবি! তোমার কৃপায় তৎসমস্ত পূর্ণ হউক্। ৩৩।

---

* ব্রহ্মযজ্ঞ মধ্যাহ্নসন্ধ্যার পর কর্ত্তব্য হইলেও, তিনবেলার সন্ধ্যাই এই স্থানে লিখিত হওয়াতে উহাও এই স্থলে সন্নিবেশিত হইল। ফল কথা, ইহা সন্ধ্যার অঙ্গ নহে। যথাশক্তি চতুর্ব্বেদ, ধর্ম্মশাস্ত্র ও ইতিহাসাদি-পাঠকে ব্রহ্মযজ্ঞ কহে। পরন্তু ইহা এখন অসম্ভব বলিয়া চারিবেদের চারিটি আদ্যমন্ত্র পাঠ করিতে হয়। হস্তপদপ্রক্ষালন পূর্ব্বক পূর্ব্বাগ্রকুশোপরি পূর্ব্বমুখে পদ্মাসনে বসিয়া বামহস্তে কুশধারণ করত তদুপরি দক্ষিণহস্ত অধোমুখভাবে রাখিয়া প্রথমে গায়ত্রী পাঠ করিবে। তৎপরে ঋষ্যাদি সহ বেদাদি-মন্ত্রচতুষ্টয় পড়িতে হয়।

ওঁ অগ্নিমীলে পুরোহিতং যজ্ঞস্য দেবমৃত্বিজম্।
হোতারং রত্নধাতমম্ ॥ ১ ॥

যাজ্ঞবল্ক্য-ঋষিরুষ্ণক্ ছন্দো বায়ুর্দ্দেবতা ব্রহ্ম-
যজ্ঞজপে বিনিয়োগঃ।

ওঁ ইষে ত্বোর্জ্জে ত্বা। বায়বঃ স্থ। দেবো বঃ
সবিতা প্রার্থয়তু শ্রেষ্ঠতমায় কর্ম্মণে ॥ ২ ॥

গোতম-ঋষির্গায়ত্রীচ্ছন্দোঽগ্নির্দ্দেবতা ব্রহ্মযজ্ঞ-
জপে বিনিয়োগঃ।

ওঁ অগ্ন আয়াহি বীতয়ে গৃণানো হব্যদাতয়ে।
নিহোতা সৎসি বর্হিষি ॥ ৩ ॥

পিপ্পলাদ-ঋষির্গায়ত্র্যাচ্ছন্দো বরুণো দেবতা ব্রহ্ম-
যজ্ঞজপে বিনিয়োগঃ।

যিনি যজ্ঞানুষ্ঠানের প্রথমে স্থাপিত হইয়াছেন, যিনি যাগ ও হোমকার্য্যের সহায় এবং যিনি বহুধনদাতা, সেই অগ্নিদেবের স্তব করি। ১।

হে শাখে! বৃষ্টির জন্য তোমাকে ছেদন করি এবং রসের জন্য তোমাকে আহরণ করি। হে বৎসবৃন্দ! তোমরা বায়ুর ন্যায় জগতের হিতকারী হও। হে ধেনুগণ! দীপ্তিশীল সূর্য্যদেব যজ্ঞার্থ তোমাদিগকে প্রার্থনা করুন্। ২।

হে বহ্নি! আমরা তোমার স্তব করিতেছি, তুমি হবির্ভোজনার্থ ও দেবগণকে অন্নপ্রদানার্থ উপস্থিত হও। তুমি হোমক্রিয়ার প্রধান সাধনস্বরূপ হইয়া কুশের উপর অধিষ্ঠান কর। ৩।

ওঁ শন্নো দেবীরভাষ্টয়ে শন্নো ভবন্তু পীতয়ে। সংযোরভিস্রবন্তু নঃ ॥ ৪ ॥ *

ইতি সমবেদীয়সন্ধ্যা সমাপ্তা।

যজুর্ব্বেদীয়-সন্ধ্যাবিধি।

সামবেদীয় সন্ধ্যার প্রণালী অনুসারে প্রথম হইতে অঘমর্ষণ পর্য্যন্ত সম্পাদন পূর্ব্বক সূর্য্যোপস্থান করিবে। যথা—

(সূর্য্যোপস্থান)

উদু ত্যমিত্যস্য প্রস্কন্ন-ঋষির্গায়ত্রীচ্ছন্দঃ সূর্য্যো দেবতা অগ্নিষ্টোমে সূর্য্যোপস্থানে বিনিয়োগঃ॥ ওঁ উদু ত্যং জাতবেদসং দেবং বহন্তি কেতবঃ। দৃশে বিশ্বায় সূর্য্যম্ ॥ ১ ॥

চিত্রমিত্যস্য কৌৎস-ঋষিস্ত্রিষ্টুপ্‌ছন্দঃ সূর্য্যো দেবতা অগ্নিষ্টোমে সূর্য্যোপস্থানে বিনিয়োগঃ।ওঁ চিত্রং দেবানা-

---

স্তুতিযোগ্য জল আমাদিগের পুষ্টিবিধানার্থ ও পানার্থ মঙ্গলপ্রদ হউক্ এবং আমাদিগের মঙ্গলসাধনার্থ অভিমুখে প্রবাহিত হউক্ ।৪।

রশ্মিপটল বিশ্বপ্রকাশার্থ তেজঃস্বরূপ সূর্য্যদেবকে বহন করিতেছে। ১।

মিত্র, বরুণ ও বহ্নি এই তিন দেবতার চক্ষুস্বরূপ, সর্ব্বসুরাত্মক, স্থাবরজঙ্গমাত্মক, সমস্ত বিশ্বের আত্মস্বরূপ সূর্য্যদেব অতি বিচিত্র-

---

* এই মন্ত্রচতুষ্টয়ের মধ্যে প্রথমটি ঋগ্‌বেদের, দ্বিতীয়টি যজুর্ব্বেদের, তৃতীয়টি সামবেদের এবং চতুর্থটি অথর্ব্ববেদের প্রথম মন্ত্র।

মুদগাদনীকং, চক্ষুর্ম্মিত্রস্য বরুণস্যাগ্নেঃ। আপ্রা দ্যাবা-পৃথিবীঞ্চান্তরীক্ষং, সূর্য্য আত্মা জগতস্তস্থুষশ্চ ॥ ২ ॥

তচ্চক্ষুরিত্যস্য দধ্যঙ্ঙাথর্ব্বণ-ঋষিঃ সূর্য্যো দেবতা পুর-উষ্ণিক্ ছন্দো মহাবীরাদ্যন্তয়োঃ শান্তিকরণে বিনি-য়োগঃ ॥ ওঁ তচ্চক্ষুর্দ্দেবহিতং পুরস্তাচ্ছুক্রমুচ্চরৎ,পশ্যেম শরদঃ শতং, জীবেম শরদঃ শতম্। শৃণবাম শরদঃ শতং, প্রব্রবাম শরদঃ শতমদীনাঃ স্যাম শরদঃ শতং, ভূয়শ্চ শরদঃ শতাৎ ॥ ৩ ॥

উদ্বয়মিত্যস্য প্রস্কন্ন-ঋষিরনুষ্টুপ্ ছন্দঃ সূর্য্যো দেবতা সূর্য্যোপাস্থানে বিনিয়োগঃ। ওঁ উদ্বয়ং তমসঃ পরিস্বঃ পশ্যন্ত উত্তরম্। দেবং পবিত্রাঃ সূর্য্যমগন্ম জ্যোতিরুত্তরম্ ॥ ৪ ॥

ভাবে উদিত হইয়া স্বীয় রশ্মিসমূহ দ্বারা স্বর্গ,মর্ত্ত্য ও গগন পরিপূর্ণ করিয়াছেন। ২।

সুরগণের সমীহিত, শ্বেতবর্ণ (নির্ম্মল), প্রকাশস্বরূপ আদিত্য-দেব পূর্ব্বদিকে সমুদিত হইয়াছেন। আমরা তাদৃশ আদিত্যদেবের উপাসনা করিয়া যেন শতবৎসর পর্য্যন্ত দর্শনশক্তি, শ্রুতিশক্তি ও বাগিন্দ্রিয়শক্তিবিশিষ্ট থাকি অর্থাৎ একশত বৎসর পর্য্যন্ত পূর্ব্ব-কথিত ইন্দ্রিয়শক্তিসকল যেন স্খলিত না হয় এবং আমাদিগকে যেন কাহারও নিকট দীনভাব প্রকাশ করিতে হয় না। ৩।

অপ্রকাশস্বরূপ ভূলোকের উর্দ্ধস্থ স্বর্গলোক দেখিয়া অগ্ন্যাদি জ্যোতির্ম্ময় পদার্থসমূহমধ্যে অত্যুত্তম জ্যোতিস্বরূপ আদিত্যদেবকে উপাসনা করিতেছি। তিনি আমাদিগকে রক্ষা করেন। ৪।

স্বয়ম্ভূরিত্যস্য সূর্য্য-ঋষিরনুষ্টুপ্‌ছন্দঃ সূর্য্যো দেবতা সূর্য্যোপস্থানে বিনিয়োগঃ। ওঁ স্বয়ম্ভূরসি শ্রেষ্ঠো রশ্মির্বর্চ্চোদা অসি, বর্চ্চো মে দেহি ॥ ৫ ॥

এই বলিয়া সূর্য্যোপস্থান করিয়া করযোড়ে নিম্নলিখিত মন্ত্র পাঠ করিবে। যথা—

ওঁ তেজোঽসি শুক্রমস্যমৃতমসি ধামনামাসি প্রিয়ন্দেবানামনাধৃষ্টং দেবযজনমসি ॥

তদনন্তর সামবেদীয়-সন্ধ্যাবিধির প্রণালীতে (৪৪ পৃষ্ঠা) গায়ত্রীর অঙ্গন্যাস ও আবাহন করিয়া ধ্যান করিবে।* তিনবেলার ধ্যান তিনরূপ। যথা—

(প্রাতর্ধ্যান)

ওঁ প্রাতর্গায়ত্রী রবিমণ্ডলমধ্যস্থা রক্তবর্ণা দ্বিভুজা অক্ষসূত্রকমণ্ডলুধরা হংসাসনমারূঢ়া ব্রহ্মাণী ব্রহ্ম-দৈবত্যা কুমারী ঋগ্বেদোদাহৃতা ধ্যেয়া ॥ ৬ ॥

হে আদিত্যরশ্মে ! তুমি স্বয়ং প্রকাশমান পদার্থ, তোমাকে প্রকাশ করিতে অন্য কাহারও শক্তি নাই, তুমি সর্ব্বশ্রেষ্ঠ ও তেজঃপ্রদ ; তুমি আমাকে ব্রাহ্ম্যতেজ প্রদান কর। ৫।

প্রভাতে গায়ত্রী-দেবীকে লোহিতবর্ণা, দ্বিভুজা, অক্ষসূত্রকমণ্ডলু-ধারিণী, হংসাসনস্থা, ব্রহ্মরূপা, ব্রহ্মশক্তিস্বরূপিণী, কুমারী, ঋগ্বেদ-স্বরূপা এবং সূর্য্যমণ্ডলমধ্যগতা ধ্যান করিবে। ৬।

---

* মতান্তরে যজুর্ব্বেদীয়গণ আবাহনমন্ত্রের মধ্যে প্রাতে "ব্রহ্মযোনি নমোঽস্তু তে", মধ্যাহ্নে "বিষ্ণুযোনি নমোঽস্তু তে" এবং সায়াহ্নে "রুদ্রযোনি নমোঽস্তু তে" বলিয়া আবাহন করেন। অগ্রে অঙ্গন্যাস করিয়া পরে আবাহন করাই যজুর্ব্বেদীয়গণের কর্ত্তব্য।

(মধ্যাহ্নধ্যান)

ওঁ মধ্যাহ্নে সাবিত্রী রবিমণ্ডলমধ্যস্থা, কৃষ্ণবর্ণা চতু-র্ভুজা ত্রিনেত্রা শঙ্খচক্রগদাপদ্মহস্তা যুবতী গরুড়ারূঢ়া বৈষ্ণবী বিষ্ণুদৈবত্যা যজুর্ব্বেদোদাহৃতা ধ্যেয়া ॥ ৭ ॥

(সায়াহ্নধ্যান)

ওঁ সায়াহ্নে সরস্বতী রবিমণ্ডলমধ্যস্থা শুক্লবর্ণা দ্বিভুজা ত্রিশূলডমরুকরা বৃষভাসনমারূঢ়া বৃদ্ধা রুদ্রাণী রুদ্রদৈবত্যা সামোবেদোদাহৃতা ধ্যেয়া ॥ ৭ ॥

এই প্রকার ধ্যানান্তে সামবেদীয় (৪৫, ৪৬ পৃষ্ঠা) প্রণালীতে ঋষ্যাদি স্মরণ পূর্ব্বক গায়ত্রী জপ করিবে। তৎপরে নিম্নলিখিত মন্ত্রে জপবিসর্জ্জন করিতে হয়। যথা—

(জপবিসর্জ্জন)

ওঁ উত্তরে শিখরে জাতা ভূম্যাং পর্ব্বতবাসিনী।
ব্রহ্মণা সমনুজ্ঞাতা গচ্ছ দেবি যথেচ্ছয়া ॥ ৯ ॥

মধ্যাহ্নসময়ে গায়ত্রী-দেবীকে সাবিত্রীরূপা, কৃষ্ণবর্ণা, চতুর্হস্তা, ত্রিলোচনা, শঙ্খচক্রগদাপদ্মধারিণী, যুবতী, গরুড়াসনসমারূঢ়া, বিষ্ণুরূপা, বিষ্ণুশক্তিস্বরূপিণী, যজুর্ব্বেদস্বরূপা ও রবিমণ্ডলমধ্যস্থ চিন্তা করিতে হয়। ৭।

সায়াহ্নসময়ে গায়ত্রী-দেবীকে সরস্বতীরূপা, শুভ্রবর্ণা, দ্বিভুজা, ত্রিশূলডমরুধারিণী, বৃষাসনস্থা, বৃদ্ধা, রুদ্ররূপা, রুদ্রদৈবত্যা, সাম-বেদস্বরূপা ও রবিমণ্ডলমধ্যস্থা ধ্যান করিবে। ৮।

হে দেবি! তুমি উত্তর-শিখর হইতে সমুৎপন্ন হইয়া ভূতলে ও গিরিশিখরে বিরাজ করিতেছ; তুমি যথেচ্ছ প্রস্থান কর। ৯।

এই বলিয়া এক অঞ্জলি জল প্রদান করিবে। * তদনন্তর সামবেদীয় (৪৯, ৫০পৃষ্ঠা) প্রণালী অনুসারে (মধ্যাহ্নসন্ধ্যার পর) ব্রহ্মযজ্ঞ করিয়া তর্পণ করত সূর্য্যার্ঘ্য প্রদান করিবে; কিন্তু বেদাদি মন্ত্রচতুষ্টয়ের ঋষ্যাদি অন্যপ্রকার এবং চতুর্থ মন্ত্রটির "শন্নো ভবন্তু" স্থলে "আপো ভবন্তু" পাঠ করিবে। ঋষ্যাদি যথা—

প্রথম মন্ত্রের ঋষ্যাদি।—ঋগ্বেদাদিসর্ব্বস্য মধুচ্ছন্দ-ঋষিরগ্নির্দ্দেবতা গায়ত্রীচ্ছন্দঃ স্বাধ্যায়ে বিনিয়োগঃ।

দ্বিতীয় মন্ত্রের ঋষ্যাদি।—যজুর্ব্বেদাদিমন্ত্রস্য পরমেষ্ঠী-ঋষিঃ শাখাবৎসগাবো দেবতাঃ শাখাচ্ছেদনসন্নয়বৎসোপস্পর্শনে বিনিয়োগঃ।

তৃতীয় মন্ত্রের ঋষ্যাদি।—সামবেদাদিমন্ত্রস্য গোতম-ঋষির্গায়ত্রীচ্ছন্দোঽগ্নির্দেবতা ব্রহ্মযজ্ঞজপে বিনিয়োগঃ।

চতুর্থ মন্ত্রের ঋষ্যাদি।—অথর্ব্ববেদাদিমন্ত্রস্য দধ্যঙ্ঙাথর্ব্বণ-ঋষিরাপো দেবতা গায়ত্রীচ্ছন্দঃ শান্তিকরণে বিনিয়োগঃ।

ব্রহ্মযজ্ঞের পর তর্পণ করিয়া সূর্য্যার্ঘ্য দিবে, কিন্তু "ইদমর্ঘ্যং" স্থলে "এষঃ অর্ঘ্যঃ শ্রীসূর্য্যায় নমঃ" বলিয়া অর্ঘ্য দিবে। অনন্তর সূর্য্যদেবকে প্রণাম করিবে। যথা—

(সূর্য্য-নমস্কার)

ওঁ নমঃ সবিত্রে জগদেকচক্ষুষে, জগৎপ্রসূতিস্থিতিনাশহেতবে।
ত্রয়ীময়ায় ত্রিগুণাত্মধারিণে, বিরিঞ্চিনারায়ণশঙ্করাত্মনে॥

---

* কেহ কেহ এই স্থলে "ওঁ নমো দিগ্‌ভ্যঃ, ওঁ নমো দিগ্‌দেবতাভ্যঃ, ওঁ নমো ব্রহ্মণে, ওঁ নমঃ পৃথিব্যৈ, ওঁ নমঃ ওষধিভ্যঃ, ওঁ নমঃ অগ্নয়ে, ওঁ নমো বাচে, ওঁ নমো বাচস্পতয়ে, ওঁ নমো বিষ্ণবে, ওঁ নমো মহতে, ওঁ নমঃ অদ্‌ভ্যঃ, ওঁ নমঃ অপাং পতয়ে, ওঁ নমো বরুণায়" এই ত্রয়োদশটি মন্ত্রে এক এক অঞ্জলি জল দিয়া থাকেন।

এই মন্ত্র বলিয়া পরে "জবাকুসুমং" ইত্যাদি মন্ত্রে প্রণাম করিতে হয়। তৎপরে সামবেদীয় (৪৯ পৃষ্ঠা) প্রণালীতে "ওঁ যদক্ষরং" ইত্যাদি মন্ত্রে ক্রটিমার্জ্জনা করিবে।

ঋগ্বেদীয়-সন্ধ্যাবিধি।

সামবেদি-সন্ধ্যাবিধির প্রণালীতে আচমন হইতে মার্জ্জন পর্য্যন্ত সমাপ্ত করিয়া ঋষ্যাদি স্মরণ পূর্ব্বক প্রাণায়াম করিবে। যথা—

(প্রাণায়াম)

ওঙ্কারস্য ব্রহ্ম-ঋষিরগ্নির্দেবতা গায়ত্রীচ্ছন্দঃ সর্ব্ব-কর্ম্মারম্ভে বিনিয়োগঃ। সপ্তব্যাহৃতীনাং বিশ্বামিত্রভৃগু-ভরদ্বাজবশিষ্ঠগোতমকাশ্যপাঙ্গিরসঃ ঋষয়ঃ অগ্নিবায্বা-দিত্যবৃহস্পতীন্দ্রবরুণবিশ্বেদেবা দেবতাঃ গায়ত্র্যুষ্ণি-গনুষ্টব্‌বৃহতীপঙ্‌ক্তিত্রিষ্টুব্‌জগত্যশ্ছন্দাংসি প্রাণায়ামে বিনিয়োগঃ। গায়ত্র্যা বিশ্বামিত্র-ঋষিঃ সবিতা দেবতা গায়ত্রীচ্ছন্দঃ প্রাণায়ামে বিনিয়োগঃ। গায়ত্রীশিরসঃ প্রজাপতি-ঋষির্ব্রহ্মবায্বগ্নিসূর্য্যাশ্চতস্রো দেবতা গায়ত্রীচ্ছন্দঃ প্রাণায়ামে বিনিয়োগঃ॥ ১॥

হংসস্থং দ্বিভুজং রক্তং সাক্ষসূত্রকমণ্ডলুম্।
চতুর্ম্মুখমহং বন্দে ব্রহ্মাণং নাভিমণ্ডলে॥ ২॥

এই প্রকারে নাভিপ্রদেশে ব্রহ্মার ধ্যান করিয়া সামবেদি-সন্ধ্যাপদ্ধতির (৩৭ পৃষ্ঠার) লিখিত "ওঁ ভূঃ ওঁ ভূবঃ" ইত্যাদি মন্ত্র পাঠ করিয়া পূরক-প্রাণায়াম করিবে। তৎপরে হৃদয়ে নিম্নলিখিত-

রূপে বিষ্ণুর চিন্তা করিয়া পূর্ব্ববৎ মন্ত্রে কুম্ভক-প্রাণায়াম করিতে হয়। যথা—

ওঁ শঙ্খচক্রগদাপদ্ম-করং গরুড়বাহনম্।

হৃদি নীলোৎপলশ্যামং বিষ্ণুং বন্দে চতুর্ভুজম্ ॥ ৩ ॥

অনন্তর ললাটে নিম্নলিখিতরূপে শম্ভুর ধ্যান করিয়া পূর্ব্ববৎ মন্ত্রে রেচক-প্রাণায়াম করিবে। যথা—

ওঁ শ্বেতং ত্রিশূলডমরু-করমর্দ্ধেন্দুভূষিতম্।

ত্রিলোচনং ব্যাঘ্রচর্ম্ম-পরীধানং বৃষাসনম্।

ললাটে চিন্তয়েদ্দেবমেবং ভুজগভূষণম্ ॥ ৪ ॥

অনন্তর তিন বেলায় তিনরূপ মন্ত্র পড়িয়া আচমনবিধি অনুসারে আচমন করিবে। যথা—

(প্রাতরাচমন)

সূর্য্যশ্চেত্যনুবাক্যস্য যাজ্ঞিক-উপনিষদৃষিঃ সূর্য্যমন্যু-মন্যুপতিরাত্রয়ো দেবতাঃ সূর্য্যশ্চেত্যারভ্য রক্ষন্তা-মিত্যন্তঋচশ্চতুর্ব্বিংশত্যক্ষরা গায়ত্রী যদ্রাত্র্যেত্যারভ্য ময়ীত্যন্তস্য পঞ্চপদা পঙ্‌ক্তিঃ, ইদমহমিত্যারভ্য স্বাহে-

---

"সূর্য্যশ্চ" ইত্যাদি মন্ত্রের ঋষি যজ্ঞকারী উপনিষৎ, ইহার দেবতা সূর্য্য, যজ্ঞ, ইন্দ্র ও রাত্রি ; "সূর্য্যশ্চ" হইতে "রক্ষন্তাং" পর্য্যন্ত মন্ত্রের চতুর্ব্বিংশাক্ষরাত্মিকা গায়ত্রী, "যদ্রাত্র্যা" হইতে "ময়ি" পর্য্যন্ত মন্ত্রের পঞ্চপদাত্মিকা পংক্তি ও "ইদমহ" হইতে "স্বাহা"

ত্যন্তস্য দশাক্ষরপাদাভ্যামুপেত-বিরাট্ ছন্দো মন্ত্রাচমনে বিনিয়োগঃ ॥ ৫ ॥

(মধ্যাহ্নাচমন)

নিম্নলিখিতরূপে ঋষ্যাদি স্মরণ করিয়া (৩৯ পৃষ্ঠার লিখিত) "ওঁ আপঃ পুনন্তু" ইত্যাদি মন্ত্রে মধ্যাহ্নাচমন করিবে।

আপঃ পুনন্ত্বিত্যনুবাক্যস্য নারায়ণ-ঋষিরাপো দেবতা আষ্টীচ্ছন্দো মন্ত্রাচমনে বিনিয়োগঃ ॥ ৬ ॥

(সায়ংকালীন আচমন)

নিম্নলিখিতরূপে ঋষ্যাদি ন্যাস করিয়া (৪০ পৃষ্ঠার লিখিত) "ওঁ অগ্নিশ্চ মা মন্যুশ্চ" ইত্যাদি মন্ত্রে সায়ংকালীন আচমন করিবে।

অগ্নিশ্চেত্যনুবাক্যস্য যাজ্ঞিক-উপনিষদৃষিরগ্নিমন্যু-মন্যুপত্যহানি দেবতাঃ, অগ্নিশ্চেত্যারভ্য রক্ষন্তা-মিত্যন্তঋচশ্চতুর্ব্বিংশত্যক্ষরা গায়ত্রী, যদহ্নেত্যারভ্য ময়ীত্যন্তস্য পঞ্চপদা পঙ্ক্তিঃ, ইদমহমিত্যারভ্য স্বাহে-ত্যন্তস্য দশাক্ষরপাদাভ্যামুপেতবিরাট্ ছন্দো মন্ত্রাচমনে বিনিয়োগঃ ॥ ৭ ॥

পর্য্যন্ত মন্ত্রের বিংশাক্ষরাত্মক বিরাট্ ইহার ছন্দঃ এবং ইহার প্রয়োগ আচমনকর্ম্মে হয়। ৫।

"আপঃ পুনন্তু" ইত্যাদি মন্ত্রের ঋষি নারায়ণ, জল ইহার দেবতা, আষ্টী ছন্দঃ এবং মন্ত্রাচমনে প্রয়োগ। ৬।

যজ্ঞকারী উপনিষৎ "অগ্নিশ্চ" ইত্যাদি মন্ত্রের ঋষি; অগ্নি, যজ্ঞ, ইন্দ্র ও দিবস এই চারি জন দেবতা; "অগ্নিশ্চ" হইতে "রক্ষন্তাং" পর্য্যন্ত মন্ত্রের বিংশাক্ষরাত্মিকা গায়ত্রী, "যদহ্না" হইতে

(পুনর্মার্জ্জন)

অনন্তর মার্জ্জনপ্রণালী অনুসারে নিম্নলিখিত মন্ত্রে মার্জ্জন করিবে। যথা—

ওঁ ভূর্ভুবঃ স্বঃ তৎ সবিতুর্বরেণ্যং ভর্গো দেবস্য ধীমহি, ধিয়ো য়ো নঃ প্রচোদয়াৎ ওঁ॥ ৮ ॥

আপো হি ষ্ঠেতি নবর্চ্চস্য সূক্তস্যাম্বরিষঃ সিন্ধুদ্বীপ-ঋষিরাপো দেবতা গায়ত্রীপঞ্চমীবর্দ্ধমানা সপ্তমীপ্রতিষ্ঠা অন্তয়োরনুষ্টুপ্ ছন্দো মার্জ্জনে বিনিয়োগঃ॥ ৯ ॥

ওঁ আপো হি ষ্ঠা ময়ো ভুবস্তা ন উর্জ্জে দধাতন। মহে রণায় চক্ষসে॥

ওঁ যো বঃ শিবতমো রসস্তস্য ভাজয়তেহ নঃ। উশতীরিব মাতরঃ॥

ওঁ তস্মা অরঙ্গমাম বো যস্য ক্ষয়ায় জিন্বথ। আপো জনয়থা চ নঃ॥ ১০ ॥

ওঁ শন্নো দেবীরভীষ্টয়ে আপো ভবন্তু পীতয়ে। শংযোরভিস্রবন্তু নঃ॥ ১১ ॥

"ময়ি" পর্য্যন্ত-মন্ত্রের পঞ্চপদাত্মিকা পংক্তি ও "ইদমহ" হইতে "স্বাহা" পর্য্যন্ত বিংশাক্ষরাত্মক বিরাট্ ইহার ছন্দঃ এবং মন্ত্রাচমনে প্রয়োগ। ৭।

জলসকল পাপ বিনাশ করিয়া আমাদিগকে সুখী করুন্ এবং আমাদিগের উপচয়, পান ও মঙ্গলদাতা হউন্। ১১।

ওঁ ঈশানা বার্য্যাণাং ক্ষয়ন্তীশ্চর্ষণীনাং আপো যাচামি ভেষজম্ ॥ ১২ ॥

ওঁ অপ্‌সু মে সোমোঽব্রবীদন্তর্বিশ্বানি ভেষজা অগ্নিঞ্চ বিশ্বশং ভুবম্ ॥ ১৩ ॥

ওঁ আপঃ পৃণীত ভেষজং বরূথং তন্বে মম জ্যোক্ চ সূর্য্যং দৃশে ॥ ১৪ ॥

ওঁ ইদমাপঃ প্রবহত যৎ কিঞ্চিৎ দুরিতং ময়ি।
যদ্বাহমভিদুদ্রোহ যদ্বা শেপ উতানৃতম্ ॥ ১৫ ॥

ওঁ আপোঽদ্যান্বচারিষং রসেন সমগস্মহি পয়স্বানগ্ন আগহি তস্মা সংসৃজ বর্চ্চসা ॥ ১৬ ॥

জলের সাহায্যেই ধান্যাদি সমস্ত পদার্থ জন্মে, জল মানবগণের আশ্রয়স্বরূপ ; সুতরাং আমি জলসমীপে সুখ প্রার্থনা করি। ১২।

জলাভ্যন্তরে নানাবিধ ঔষধ বিদ্যমান আছে এবং নিখিল জগতের সুখপ্রদ অগ্নিও (তেজঃপদার্থও) উহাতে নিহিত ; সোমদেব আমাকে ইহা বলিয়াছেন। ১৩।

হে জলসকল! মদীয় দেহরক্ষণার্থ এবং চিরদিন সূর্য্য (পরমাত্মভূত জ্যোতিঃ) দর্শনার্থ বর্ম্মস্বরূপ (পীড়াশান্তিকর) ঔষধ আমাকে প্রদান কর। ১৪।

হে জলসকল! আমি অজ্ঞানে যে পাপ করিয়াছি, পরের অহিতানুষ্ঠান দ্বারা যে পাপ করিয়াছি, সজ্জনের প্রতি শাপ দিয়া যে পাপ করিয়াছি এবং মিথ্যাকথাকথনজনিত যে পাপ করিয়াছি, তৎসমস্ত বিনষ্ট কর। ১৫।

হে জলসকল! আমি অদ্য যে কিছু মিথ্যাচরণ করিয়াছি,

(অঘমর্ষণ)

তৎপরে অঘমর্ষণপ্রণালী অনুসারে অঘমর্ষণ করিবে। যথা—

ঋতঞ্চেতি ঋকৃত্রয়স্যাঘমর্ষণ-ঋষির্ভাববৃত্তো দেবতা অনুষ্টুম্মাধুচ্ছন্দোঽশ্বমেধাবভৃথে বিনিয়োগঃ॥ ১৭॥

এই প্রকারে ঋষ্যাদি স্মরণ পূর্ব্বক (৪২ পৃষ্ঠার লিখিত) "ঋতঞ্চ" ইত্যাদি মন্ত্রে অঘমর্ষণ করিবে।

পরে একবার অমন্ত্রক আচমন পূর্ব্বক সূর্য্যাভিমুখ হইয়া সূর্য্যের উদ্দেশে নিম্নলিখিত মন্ত্রে এক অঞ্জলি জল দিবে। যথা—

ওঙ্কারস্য ব্রহ্ম-ঋষিরগ্নির্দেবতা গায়ত্রীচ্ছন্দঃ, মহা-ব্যাহৃতীনাং পরমেষ্ঠী-প্রজাপতির্দেবতা বৃহতীচ্ছন্দঃ, গায়ত্র্যা বিশ্বমিত্র-ঋষিঃ সবিতা দেবতা গায়ত্রীচ্ছন্দঃ, সূর্য্যজলাঞ্জলিদানে বিনিযোগঃ॥

পরে গায়ত্রী পড়িয়া জলাঞ্জলিত্রয় তিনবার উর্দ্ধে ক্ষেপণ করিবে।

মধ্যাহ্নকালে নিম্নলিখিত মন্ত্রে ঐরূপে উর্দ্ধে জলাঞ্জলি ক্ষেপণ করিতে হয়। * যথা—

তাহা জল দ্বারা দূর কর। হে বহ্নি! তুমিও জলের সহিত একত্র হইয়া আগমন পূর্ব্বক স্বীয় তেজোদ্বারা স্নাত আমাকে সংযোজিত কর অর্থাৎ আমাকে তেজস্বী করিয়া দেও। ১৬।

"ঋতঞ্চ" ইত্যাদি তিনটি মন্ত্রের ঋষি অঘমর্ষণ, দেবতা ব্রহ্মা, ছন্দ অনুষ্টুপ্ ও মাধু এবং অশ্বমেধযজ্ঞের অবভৃথস্নানে ইহার বিনিয়োগ। ১৭।

---

* সায়ংকালে গায়ত্রী পড়িয়া তিন অঞ্জলি জল মৃত্তিকায় দিবে; উর্দ্ধে ক্ষেপণ করিবে না।

আকৃষ্ণেণ ইত্যস্য হিরণ্যস্তূপ-ঋষিঃ সবিতা দেবতা ত্রিষ্টুপ্‌ছন্দঃ সূর্য্যজলাঞ্জলিদানে বিনিয়োগঃ ॥ ১৮ ॥

ওঁ আকৃষ্ণেণ রজসা বর্ত্তমানো নিবেশয়ন্নমৃতং মর্ত্ত্যঞ্চ হিরণ্ময়েন সবিতা রথেনাদেবো যাতি ভুবনানি পশ্যন্ ॥ ১৯ ॥

(প্রাতঃসূর্য্যোপস্থান)

অনন্তর সূর্য্যোপস্থান করিবে।

চিত্রং দেবানামিতি ষড়ৃচস্য সূক্তস্য কুৎস-ঋষিঃ সূর্য্যো দেবতা ত্রিষ্টুপ্ ছন্দঃ সূর্য্যোপস্থানে বিনিয়োগঃ ॥২০॥

ওঁ চিত্রং দেবানামুদগাদনীকং চক্ষুর্মিত্রস্য বরুণ-

"আকৃষ্ণেণ" ইত্যাদি মন্ত্রের ঋষি হিরণ্যস্তূপ, দেবতা সূর্য্য, ছন্দঃ ত্রিষ্টুপ্ এবং সূর্য্যজলাঞ্জলিদানে ইহার বিনিয়োগ। ১৮।

সকলে যাহার স্তব করে, সেই সূর্য্যদেব স্বর্ণরথে আরূঢ় হইয়া উপস্থিত হইতেছেন। ইনি সর্ব্বলোকের সাক্ষিস্বরূপ, ইহাঁর উদয়ে লোকসমূহ ও সুরগণ নিজ নিজ ব্যাপারে নিযুক্ত হন। এই প্রকারে সূর্য্যদেব কৃষ্ণবর্ণ রাত্রির সহিত সর্ব্বদা উপস্থিত হইয়া লোকসকলকে আপ্যায়িত করিতেছেন। ১৯। *

"চিত্রং দেবানাং" ইত্যাদি ছয়টি মন্ত্রের ঋষি কুৎস, দেবতা সূর্য্য, ছন্দঃ ত্রিষ্টুপ্ এবং সূর্য্যোপস্থানে ইহার প্রয়োগ। ২০।

---

* রাত্রিকালেই অধিকাংশ পাপকর্ম্মের অনুষ্ঠান হয়, এই জন্য রাত্রিকে কৃষ্ণবর্ণ বলা হইল।

স্যাগ্নেঃ। আপ্রা দ্যাবাপৃথিবী অন্তরীক্ষং সূর্য্য আত্মা জগতস্তস্থুষশ্চ ॥ ২১ ॥

ওঁ সূর্য্যো দেবীমূষসং রোচমানাং মর্য্যো ন যোষামভ্যেতি পশ্চাৎ যত্রা নরো দেবয়ন্তো যুগানি বিতন্বতে প্রতিভদ্রায় ভদ্রম্ ॥ ২২ ॥

ওঁ ভদ্রা অশ্বা হরিতঃ সূর্য্যস্য চিত্রা এতগ্বা অনুমাদ্যাসঃ নমস্যন্তো দিব আ পৃষ্ঠম্ স্থঃ পরি দ্যাবা পৃথিবী যন্তি সদ্যঃ ॥ ২৩ ॥

ওঁ তৎ সূর্য্যস্য দেবত্বং তন্মহিত্বং মধ্যাৎ কর্ত্তোর্বিততং সঞ্জভার যদেদযুক্তা হরিতঃ স্বস্থাদাদ্রাত্রী বাসস্তনুতে সিমস্মৈ ॥ ২৪ ॥

মনুষ্যেরা যেমন গমনশীলা রূপবতী রমণীর অভিগমন করে, তদ্রূপ সূর্য্যদেব দানাদি-গুণবিশিষ্টা দীপ্তিমতী ঊষাকে লক্ষ্য করিয়া গমন করিতেছেন। এই ঊষার উদয়ে যজমানেরা অগ্নিহোত্রাদি কার্য্যের অনুষ্ঠান করেন। আমরা সেই মঙ্গলপ্রদ সূর্য্যদেবকে কল্যাণার্থ স্তব করি। ২২।

মঙ্গলপ্রদ, রসগ্রহণস্বভাব ও গতিশীল সূর্য্যরশ্মিমণ্ডলকে আমরা স্তব ও প্রণাম করি। এই রশ্মিমণ্ডল আকাশতলে সমুদিত হইয়া গগন ও পৃথিবীর সর্ব্বদিকে ব্যাপ্ত হইয়া রহিয়াছে। ২৩।

সকলের প্রেরক আদিত্যদেবের বিচিত্র স্বাধীনতা ও মহত্ত্ব

---

* যে সমস্ত মন্ত্রের অনুবাদ একবার প্রদত্ত হইয়াছে, সেগুলির অনুবাদ আর পুনরায় লিখিত হইল না।

ওঁ তন্মিত্রস্য বরুণস্যাভিচক্ষে সূর্য্যো রূপং কৃণুতে দ্যোরুপস্থে অনন্তমন্যদ্রুশদস্য পাজঃ কৃষ্ণমন্যদ্ধরিতঃ সংভরন্তি ॥ ২৫ ॥

ওঁ অদ্যা দেবা উদিতা সূর্য্যস্য নিরংহসঃ পিপৃতা নিরবদ্যাৎ তন্নো মিত্রো বরুণো মামহন্তামদিতিঃ সিন্ধুঃ পৃথিবী উত দ্যৌঃ ॥ ২৬ ॥

(মধ্যাহ্ন-সূর্য্যোপস্থান)

উদু ত্যমিতি ত্রয়োদশর্চ্চস্য সূক্তস্য কাণ্বপ্রস্কন্নঋষিঃ

কৃষ্যাদিকর্ম্মে পরিস্ফুট রহিয়াছে। সূর্য্য যখন স্বীয় রশ্মিজাল সংহরণ পূর্ব্বক অন্যত্র সংযুক্ত করেন, সেই সময়ে অন্ধকার দ্বারা এই লোক সমাকীর্ণ হয়। ২৪।

আদিত্যদেব উদয়সময়ে নিখিল জগৎকে পুরোভাগে দেখিবার জন্য স্বীয় তেজোরাশি গগনতলে প্রকাশ করেন। তদীয় ঐ রসহরণশীল রশ্মিজাল জগদ্‌ব্যাপক দীপ্যমান শুক্লবর্ণ ও নৈশান্ধকারনাশক তেজ বিস্তার করে এবং নিশাভাগে অখিল জগৎকে অন্ধকারাবৃত করিয়া ফেলে। ২৫।

হে প্রকাশমান রশ্মিবৃন্দ! অদ্য সূর্য্যোদয় হইলে তোমরা চতুর্দ্দিকে ব্যাপ্ত হইয়া আমাদিগকে অতিনিন্দনীয় পাপ হইতে মুক্ত কর এবং মিত্র (দিবাভিমানিনী দেবতা), বরুণ (রাত্র্যভিমানিনী দেবতা), অদিতি, সিন্ধু (জলাভিমানিনী দেবতা), ভূলোকাধিষ্ঠাত্রী দেবী ও আকাশাধিষ্ঠাত্রী দেবী আমাদিগের পাপ বিনষ্ট করুন্। ২৬।

সূর্য্যো দেবতা আদ্যানাং নবানাং গায়ত্রী অন্ত্যানাং চতস্থণাং অনুষ্টুপ্ছন্দঃ সূর্য্যোপস্থানে বিনিয়োগঃ ॥ ২৭॥

ওঁ উদু ত্যং জাতবেদসং দেবং বহন্তি কেতবঃ। দৃশে বিশ্বায় সূর্য্যম্ ॥ ২৮ ॥

ওঁ অপ ত্যে তায়বো যথা নক্ষত্রা যন্ত্যক্তুভিঃ স্বরায় বিশ্বচক্ষসে ॥ ২৯ ॥

ওঁ অদৃশ্রমস্য কেতবো বি রশ্ময়ো জনাঁ। অনু- ভ্রাজন্তোঽগ্নয়ো যথা ॥ ৩০ ॥

ওঁ তরণির্বিশ্বদর্শিতা জ্যোতিষ্কৃদসি সূর্য্য বিশ্বমা ভাসি রোচনম্ ॥ ৩১ ॥

ওঁ প্রত্যঙ্ দেবানাং বিশঃ প্রত্যঙ্ঙুদেষি মানুষান্ প্রত্যঙ্ বিশ্বং স্বর্দ্দৃশে॥ ৩২ ॥

বিশ্বপ্রকাশক সূর্য্যদেবের আগমনে যেমন তস্করেরা পলায়ন করে, সেইরূপ নক্ষত্রমালাও রাত্রির সহিত অদৃশ্য হইতেছে। ২৯।

প্রজ্বলিত বহ্নি যেরূপ নিখিল জগৎকে প্রকাশিত করে, সেইরূপ সূর্য্যরশ্মিমালা অখিল জগৎ প্রকাশিত করিতেছে। ৩০।

হে সূর্য্যদেব! আপনি আপনার উপাসকগণের রোগহন্তা, নিখিল জগতের দর্শনীয় ও প্রকাশক, সেই জন্যই পরিব্যাপ্ত সুশোভমান এই গগনতলকে প্রকাশিত করিতেছেন। ৩১।

হে আদিত্য! মরুৎ-নামক দেবরৃন্দের ও নরলোকের অভিমুখে আপনার উদয় দৃষ্ট হইতেছে এবং স্বর্গবাসিগণকে দর্শনপ্রদানার্থ আপনি তদভিমুখে উদিত হইতেছেন। আপনি এক হইয়াও সর্ব্বত্র সমভাবে প্রকাশমান হইতেছেন। ৩২।

ওঁ যেনা পাবকচক্ষুষা ভুরণ্যন্তং জনাঁ। অনু ত্বং বরুণ পশ্যসি ॥ ৩৩ ॥

ওঁ বিদ্যামেষি রজস্পৃথ্বহা মিমানোহক্তুভিঃ পশ্যন্ জন্মানি সূর্য্য ॥ ৩৪ ॥

ওঁ সপ্ত ত্বা হরিতো রথে বহন্তি দেব সূর্য্য শোচিষ্কেশং বিচক্ষণ ॥ ৩৫ ॥

ওঁ অযুক্ত সপ্ত শুন্ধ্যুবঃ সূরো রথস্য নপ্ত্যঃ তাভির্যাতি স্বযুক্তিভিঃ ॥ ৩৬ ॥

ওঁ উদ্বয়ং তমসঃ পরি জ্যোতিঃ পশ্যন্ত উত্তরং দেবং দেবত্রা সূর্য্যমগন্ম জ্যোতিরুত্তমম্ ॥ ৩৭ ॥

হে আদিত্য! আপনি পবিত্রকারী, আপনার দ্বারা অনিষ্ট দূর হয়। আপনি যে জ্যোতিঃপদার্থ দ্বারা এই সকল লোককে প্রকাশিত করিতেছেন, আমরা সেই জ্যোতিঃপদার্থকে স্তব করি। ২২।

হে আদিত্যদেব! আপনি দিন-রাত্রির বিভাগ করিয়া এই উৎপত্তিশীল পদার্থসকলকে প্রকাশ করিতেছেন এবং সুবিস্তৃত গগনলোকে বিশেষপ্রকারে গমন করিতেছেন। ৩৪।

হে সর্ব্বপ্রকাশক! আপনি শোচিষ্কেশ অর্থাৎ তেজোরাশিই আপনার কেশস্বরূপ। সপ্তাশ্ব আপনাকে রথে বহন করিতেছে।৩৫।

সর্ব্বপ্রেরক আদিত্যদেব সতর্ক সপ্তাশ্বকে রথে নিয়োজিত করিয়া যজ্ঞনিকেতনে গমন করিতেছেন। ৩৬।

আমরা পাপরহিত, দেবগণমধ্যে দানাদিগুণযুক্ত সূর্য্যকে দর্শন ও তদীয় উপাসনা করিয়া উৎকৃষ্টতম সূর্য্যরূপ প্রাপ্ত হইব। ৩৭।

ওঁ উদ্যন্নদ্য মিত্র মহ আরোহন্নুত্তরাং দিবং হৃদ্রোগং মম সূর্য্য হরিমাণঞ্চ নাশয় ॥ ৩৮ ॥

ওঁ শুকেষু মে হরিমাণং রোপণাকাসু দধ্মসি অথো হারিদ্রবেষু মে হরিমাণং নিদধ্মসি ॥ ৩৯ ॥

ওঁ উদগাদয়মাদিত্যো বিশ্বেন সহসা সহ দ্বিষন্তং মহ্যং রন্ধয়ন্মোঽহং দ্বিষতে রধম্ ॥ ৪০ ॥

(সায়ং-সূর্য্যোপস্থান)

মোষু বরুণেতি পঞ্চর্চস্য বশিষ্ঠ-ঋষির্ব্বরুণো দেবতা গায়ত্রীচ্ছন্দঃ সূর্য্যোপস্থানে বিনিয়োগঃ ॥

এই প্রকারে ঋষ্যাদি ন্যাস করিয়া নিম্নলিখিত মন্ত্রে বিধি-বিহিত প্রণালীতে সায়ংকালীন সূর্য্যোপস্থান করিবে। যথা—

ওঁ মোষু বরুণ মৃণ্ময়ং গৃহং রাজন্নহং গমং মৃড়া সুক্ষত্র মৃড়য় ॥ ৪১ ॥

হে অনুকূলদীপ্তিমৎ-সূর্য্যদেব! অদ্য আপনি গগনতলে উদিত হইয়া মদীয় দেহ ও হৃদ্‌গত বাহ্য হরিদ্বর্ণ রোগরাশি ধ্বংস করুন্।৩৮।

আমরা মদীয় হরিদ্বর্ণ রোগকে হরিদ্বর্ণপ্রার্থী শুক ও শারিকা পক্ষীতে এবং হরিতালবৃক্ষে স্থাপন করিতেছি। ৩৯।

এই সম্মুখবর্ত্তী অদিতিনন্দন আদিত্যদেব আমার উপদ্রব-কারী বিপক্ষকে বিনাশ করিয়া সর্ব্ববল গ্রহণ পূর্ব্বক উদিত হইয়াছেন। ইনিই আমার অহিতকর ব্যাধি সংহার করুন্, আমি ব্যাধির প্রতি হিংসা করিব না। ৪০।

হে নৃপতে বরুণ! আমি তোমার মৃণ্ময় গৃহে যাইব না, আমি

ওঁ যদেমি প্রস্ফুরন্নিব দৃতির্ন ধ্মাতোঽদ্রিব মৃড়া সুক্ষত্র মৃড়য় ॥ ৪২ ॥

ওঁ ক্রত্বঃ সমহ দীনতা প্রতীপং জগমাশুচে মৃড়া সুক্ষত্র মৃড়য় ॥ ৪৩ ॥

ওঁ অপাং মধ্যে তস্থিবাংসং তৃষ্ণাবিদজ্জরিতারং মৃড়া সুক্ষত্র মৃড়য় ॥ ৪৪ ॥

ওঁ যৎ কিঞ্চেদং বরুণং দৈব্যে জনেঽভিদ্রোহং মনুষ্যাশ্চরামসি অচিত্তী যত্তব ধর্ম্মাযুযোপিম মা নস্ত-স্মাদেনসো দেব রীরিষঃ ॥ ৪৫ ॥

তোমার কাঞ্চনময় গৃহ প্রাপ্ত হইব। হে প্রশস্তধনশালিন্! তুমি আমার প্রতি দয়া প্রকাশ পূর্ব্বক সুখী কর। ৪১।

হে অস্ত্রধারিন্ বরুণ! আমি যে সময়ে ত্বদীয় ভয়ে বিকম্পিত, বায়ুপূর্ণ চর্ম্মপাত্রবৎ স্ফীত ও ত্বৎকর্ত্তৃক বন্দী হইয়া গমন করিব, তখন তুমি আমাকে সুখী করিও। ৪২।

হে অর্থশালিন্! হে বিমলচরিত বরুণ! আমরা শ্রুতিস্মৃতি-প্রতিপাদিত কার্য্যের অনুষ্ঠানে অক্ষম; অতএব যে সময়ে ত্বৎকর্ত্তৃক বন্দী হইয়া গমন করিব, তৎকালে তুমি আমাকে সুখী করিও। ৪৩।

হে বরুণ! আমি সাগরগর্ভে বাস করিয়া ও ত্বদীয় আরাধনা করিয়াও তৃষ্ণার্ত্ত হইতেছি; যেহেতু, লবণাক্ত সলিল পানযোগ্য নহে, উহা পান করিতে পারিতেছি না; অতএব তুমি এই পিপাসার্ত্ত ব্যক্তিকে (আমাকে) সুখী কর। ৪৪।

হে বরুণ! আমরা সুরগণসম্বন্ধে অনিষ্ট করিয়াছি ও অজ্ঞানতা

(অঙ্গন্যাস)

সূর্য্যোপস্থানান্তে নিম্নলিখিত প্রকারে অঙ্গন্যাস করিবে। যথা:—

"ওঁ হৃদয়ায় নমঃ" বলিয়া অঙ্গুলী দ্বারা হৃদয়, "ওঁ ভূঃ শিরসে স্বাহা" বলিয়া শিরঃ, "ওঁ ভুবঃ শিখায়ৈ বষট্" বলিয়া শিখা, "ওঁ স্বঃ কবচায় হুঁ" বলিয়া বাহু,"ওঁ ভূর্ভুবঃ স্বঃ নেত্রত্রয়ায় বৌষট্" বলিয়া চক্ষু, "ওঁ ভূর্ভুবঃ স্বঃ অস্ত্রায় ফট্" বলিয়া করতল, "ওঁ তৎ সবিতুঃ হৃদয়ায় নমঃ" বলিয়া পুনরায় হৃদয়, "বরেণ্যং শিরসে স্বাহা" বলিয়া মস্তক, "ভর্গো দেবস্য শিখায়ৈ বষট্" বলিয়া শিখা, "ধীমহি কবচায় হুঁ" বলিয়া বাহু, "ধিয়ো য়ো নঃ নেত্রত্রয়ায় বৌষট্" বলিয়া চক্ষু এবং "প্রচোদয়াৎ অস্ত্রায় ফট্" বলিয়া করতল স্পর্শ করিবে।

তৎপরে গায়ত্রীর ধ্যান করিতে হয়। তিন বেলায় ধ্যান তিন প্রকার। যথা—

(প্রাতর্ধ্যান)

ওঁ বালাং বালাদিত্যমণ্ডলস্থাং রক্তবর্ণাং রক্তাম্বরানুলেপনস্রগাভরণাং চতুর্মুখীং দণ্ডকমণ্ডল্বক্ষসূত্রাভয়াঙ্কচতুর্ভুজাং হংসারূঢ়াং ব্রহ্মদৈবত্যাং ঋগ্বেদমুদাহরন্তীং ভূর্লোকাধিষ্ঠাত্রীং গায়ত্রীং নাম তাং ধ্যায়েৎ ॥ ৪৬ ॥

নিবন্ধন ত্বদীয় কর্ম্মে বিমোহিত হইয়াছি; সেই হেতু আমাদের পাতক-সঞ্চয় হইয়াছে; তুমি সেই পাতক নিবন্ধন আমাদিগের প্রতি হিংসাচরণ করিও না। ৪৫।

প্রাতে বালিকা, বালাদিত্যমণ্ডলমধ্যস্থা, রক্তবর্ণা, রক্ত বস্ত্র, অনুলেপন ও মাল্যধারিণী, চতুর্মুখী, চতুর্ভুজে দণ্ড, কমণ্ডলু, জপ-

(মধ্যাহ্নধ্যান)

ওঁ যুবতীং যুবাদিত্যমণ্ডলস্থাং শ্বেতবর্ণাং শ্বেতাম্বরা-নুলেপনস্রগাভরণাং সত্রিনেত্রপঞ্চবক্ত্রাং চন্দ্রশেখরাং ত্রিশূলখড়্গখট্টাঙ্গডমরুকরাং চতুর্ভুজাং বৃষারূঢ়াং রুদ্রদৈবত্যাং যজুর্ব্বেদমুদাহরন্তীং ভূর্লোকাধিষ্ঠাত্রীং সাবিত্রীং নাম তাং ধ্যায়েৎ ॥ ৪৭ ॥

(সায়াহ্ন-ধ্যান)

ওঁ বৃদ্ধাং বৃদ্ধাদিত্যমণ্ডলস্থাং শ্যামবর্ণাং শ্যামাম্ব-রানুলেপনস্রগাভরণাং একবক্ত্রাং শঙ্খচক্রগদাপদ্মাঙ্ক-চতুর্ভুজাং গরুড়ারূঢ়াং বিষ্ণুদৈবত্যাং সামবেদমুদাহরন্তীং স্বর্লোকাধিষ্ঠাত্রীং সরস্বতীং নাম তাং ধ্যায়েৎ ॥ ৪৮ ॥

মালা ও অভয়ধারিণী, হংসবাহনা, ঋগ্বেদোচ্চারণকারিণী, ভূর্লোকের অধিষ্ঠাত্রী ব্রহ্মাণীদেবীকে গায়ত্রী নামে ধ্যান করিবে। ৪৬।

মধ্যাহ্নে যুবতী, মধ্যাহ্নকালীন-সূর্য্যমণ্ডলমধ্যগতা, শুক্লবর্ণা, শুক্ল বসন, অনুলেপন ও মাল্যধারিণী, পঞ্চবদনা, পঞ্চদশনেত্রা, শশাঙ্কশেখরা, চারি হাতে ত্রিশূল, অসি, খট্টাঙ্গ ও ডমরুধারিণী, বৃষবাহনা, যজুর্ব্বেদবক্ত্রী, ভুবর্লোকাধিষ্ঠাত্রী রুদ্রাণীদেবীকে সাবিত্রী নামে ধ্যান করিবে। ৪৭।

সায়ংকালে বৃদ্ধা, বৃদ্ধ-সূর্য্যমণ্ডলসংস্থিতা, শ্যামবর্ণা, শ্যাম বসন, অনুলেপন ও মাল্যধারিণী, একবক্ত্রা, চতুর্ভুজে শঙ্খ-চক্রগদা-পদ্ম ধারিণী, গরুড়বাহনা, সামবেদোচ্চারণকারিণী, স্বর্লোকাধিষ্ঠাত্রী বৈষ্ণবীদেবীকে সরস্বতী নামে ধ্যান করিবে। ৪৮।

(গায়ত্রীর আবাহন)

ধ্যানান্তে করযোড়ে নিম্নলিখিত মন্ত্র পাঠ পূর্ব্বক গায়ত্রীর আবাহন করিবে। যথা—

ওঁ আয়াহি বরদে দেবি অক্ষরং ব্রহ্মসম্মিতম্।
গায়ত্রি ছন্দসাং মাতর্ব্রহ্মযোনে নমোঽস্তু তে ॥৪৯॥

ওঁ তেজোঽসি সহোঽসি বলমসি ভ্রাজোঽসি দেবানাং ধামনামাসি বিশ্বমসি বিশ্বায়ুঃ সর্ব্বমসি সর্ব্বায়ুঃ অভিভূরোঁ। ॥ ৫০ ॥

ওঁ আগচ্ছ বরদে দেবি জপ্যে মে সন্নিধা ভব।
গায়ন্তং ত্রায়তে যস্মাৎ গায়ত্রী ত্বমতঃ স্মৃতা ॥৫১॥

(ঋষ্যাদিস্মরণ ও গায়ত্রীজপ)

তৎপরে নিম্নলিখিত "ওঙ্কারস্য ব্রহ্ম-ঋষিঃ" ইত্যাদি মন্ত্রে গায়ত্রীর ঋষ্যাদি স্মরণ করিবে। যথা—

হে বরদায়িনি! হে ছন্দঃপ্রসবকারিণি! হে বেদসম্ভূতে গায়ত্রি! তুমি আমাদিগকে অনশ্বর ব্রহ্মতত্ত্ব বুঝাইবার জন্য উপস্থিত হও। হে গায়ত্রি! তুমি শরীরের হেতুভূত ধাতুরূপিণী, তুমি বিপক্ষকুলের পরাভবের শক্তিরূপা, তুমি শক্তিরূপিণী, তুমি দীপ্তিরূপা, তুমি বহ্নি প্রভৃতি দেববৃন্দের তেজোরূপিণী, তুমি নিখিলজগৎস্বরূপা, তুমি জীবনীশক্তিরূপিণী, তুমি পাতকহারিণী এবং ওঙ্কারপ্রতিপাদ্য-পরমাত্মস্বরূপা। হে অভীষ্টপ্রদে গায়ত্রি! তুমি আমার জপকালে মদীয় হৃদয়ে অধিষ্ঠান করিও। তুমি তোমার উপাসককে ত্রাণ কর বলিয়াই তোমার গায়ত্রী নাম প্রথিত হইয়াছে। ৪৯-৫১।

ওঁকারস্য ব্রহ্ম-ঋষিরগ্নির্দ্দেবতা গায়ত্রীচ্ছন্দো মহা-ব্যাহৃতীনাং পরমেষ্ঠী-প্রজাপতির্ঋষিঃ প্রজাপতির্দ্দেবতা বৃহতীচ্ছন্দো গায়ত্র্যা বিশ্বামিত্র-ঋষিঃ সবিতা দেবতা গায়ত্রীচ্ছন্দঃ শ্বেতো বর্ণঃ অগ্নির্ম্মুখং ব্রহ্মা শিরো বিষ্ণুর্হৃদয়ং রুদ্রো ললাটং পৃথিবী কুক্ষিস্ত্রৈলোক্যং চরণাঃ সাংখ্যায়নং গোত্রং অশেষপাপক্ষয়ায় জপে বিনিয়োগঃ ॥ ৫২ ॥

এইরূপে ঋষ্যাদি স্মরণ করিয়া দশবার বা অষ্টোত্তরশতবার গায়ত্রী জপ করিবে। যথা—

ওঁ ভূর্ভুবঃ স্বঃ তৎ সবিতুর্ব্বরেণ্যং ভার্গো দেবস্য ধীমহি, ধিয়ো যো নঃ প্রচোদয়াৎ ওঁ ॥

(গায়ত্রীর উপস্থান)

গায়ত্রীজপান্তে নিম্নলিখিত মন্ত্রে গায়ত্রীর উপস্থান করিতে হয়। যথা—

জাতবেদস ইত্যস্য কাশ্যপ-ঋষির্জাতবেদোঽগ্নি-র্দ্দেবতা ত্রিষ্টুপ্ ছন্দঃ শান্ত্যর্থং জপে বিনিয়োগঃ ॥

ব্রহ্ম প্রণবের ঋষি, অগ্নি দেবতা, গায়ত্রী ছন্দঃ ; পরমেষ্ঠী প্রজাপতি মহাব্যাহৃতির ঋষি, প্রজাপতি দেবতা, বৃহতী ছন্দঃ ; বিশ্বামিত্র গায়ত্রীর ঋষি, দেবতা সূর্য্য, গায়ত্রী ছন্দঃ। গায়ত্রীর বর্ণ শ্বেত, মুখ বহ্নি, মস্তক ব্রহ্মা, হৃদয় বিষ্ণু, ললাট রুদ্র, জঠর পৃথ্বী, পদ ব্রহ্মাণ্ড, গোত্র সাংখ্যায়ন এবং পাতকবিনাশার্থই ইহার বিনিয়োগ। ৫২।

ওঁ জাতবেদসে সুনুবাম সোমমরাতীয়তো নিদহাতি বেদঃ স নঃ পরিষদতি দুর্গাণি বিশ্বা নাবেব সিন্ধুং দুরিতাত্যগ্নিঃ ॥

তচ্ছং যোরিত্যস্য শংযুঋষির্বিশ্বেদেবা দেবতাঃ শর্করীচ্ছন্দঃ শান্ত্যর্থং জপে বিনিয়োগঃ ॥

নমো ব্রহ্মণ ইত্যস্য প্রজাপতিঋষির্বিশ্বেদেবা দেবতা জগতীচ্ছন্দঃ শান্ত্যর্থজপে বিনিয়োগঃ।

ওঁ তচ্ছং যোরাবৃণীমহে। ওঁ নমো ব্রহ্মণে অস্ত্বগ্নয়ে ॥

(গায়ত্রীবিসর্জ্জন)

পরে "ওঁ পূর্ব্বাদিদিগ্ভ্যো নমঃ, ওঁ দিগীশেভ্যো নমঃ, ওঁ সন্ধ্যায়ৈ নমঃ, ওঁ গায়ত্র্যৈ নমঃ, ওঁ সাবিত্র্যৈ নমঃ, ওঁ সরস্বত্যৈ নমঃ, ওঁ সর্ব্বাভ্যো দেবতাভ্যো নমঃ," বলিয়া নমস্কার পূর্ব্বক নিম্ন-লিখিত মন্ত্রে এক গণ্ডূষ জল দিয়া গায়ত্রীবিসর্জ্জন করিবে। যথা—

ওঁ উত্তরে শিখরে দেবি ভূম্যাং পর্ব্বতমূর্দ্ধনি।
ব্রাহ্মণেভ্যোঽভ্যনুজ্ঞাতা গচ্ছ দেবি যথাসুখম্ ॥৫৩॥

(ব্রহ্মযজ্ঞ)

অনন্তর সামবেদিসন্ধ্যাপদ্ধতির লিখিত নিয়মে (মধ্যাহ্ন-সন্ধ্যার

হে দেবি গায়ত্রি! তুমি উত্তরদিগ্বর্ত্তী পর্ব্বতশিখরে অবস্থিতি করিয়া থাক; কিন্তু জপসময়ে আমার সন্নিহিতা হইয়াছিলে; এখন ত্বদীয় সেবকগণের অনুজ্ঞায় যথাস্থলে সুখে প্রস্থান কর।৫৩।

পর) ব্রহ্মযজ্ঞ করিতে হয়। কেবল চতুর্থ মন্ত্রটির "শন্নো ভবন্তু" স্থলে "আপো ভবন্তু" পাঠ করিতে হইবে, এইমাত্র প্রভেদ। *

(সূর্য্যার্ঘ্য)

তৎপরে নিম্নলিখিত মন্ত্রে সূর্য্যার্ঘ্য দিবে। যথা—

ওঁ নমো বিবস্বতে ব্রহ্মন্ ভাস্বতে বিষ্ণুতেজসে।
জগৎসবিত্রে শুচয়ে সবিত্রে কর্ম্মদায়িনে।
এহি সূর্য্য সহস্রাংশো তেজোরাশে জগৎপতে।
অনুকম্পয় মাং ভক্তং গৃহাণার্ঘ্যং দিবাকর॥

এই প্রকারে সূর্য্যের উদ্দেশে অর্ঘ্যদান ও এক অঞ্জলি জলদান করিয়া পূর্ব্বলিখিত মন্ত্রে প্রণাম করিবে।

তান্ত্রিক সন্ধ্যা ও তর্পণ। †

প্রথমে যথাবিধি আচমন ‡ (১২ পৃঃ) ও বিষ্ণুস্মরণ (১২ পৃঃ) পূর্ব্বক অঙ্কুশমুদ্রা দ্বারা "গঙ্গে চ যমুনে চৈব" (১৬ পৃঃ) ইত্যাদি

---

* তর্পণাধিকারী ব্যক্তি এই স্থলে তর্পণ করিয়া সূর্য্যার্ঘ্য দিবে। যিনি তর্পণে অনধিকারী, ব্রহ্মযজ্ঞের পর সূর্য্যার্ঘ্য দেওয়াই তাঁহার পক্ষে ব্যবস্থা।

† দীক্ষিত ব্যক্তিমাত্রের পক্ষেই তান্ত্রিক সন্ধ্যা ও তর্পণ তিন বেলা কর্ত্তব্য। ব্রহ্মযজ্ঞসমাপনের পর এই সন্ধ্যা করিতে হয়; কিন্তু শূদ্র ও স্ত্রীলোক প্রাতঃস্নানের পর তান্ত্রিক সন্ধ্যা করিয়া পরে তর্পণ করিবে। কেহ কেহ তর্পণের পর তান্ত্রিক-সন্ধ্যা করার ব্যবস্থা দেন। যে ব্যক্তি তর্পণের অধিকারী নহে, সে ব্যক্তিও এই নিয়মে তান্ত্রিকসন্ধ্যা করিবে। সন্ধ্যার কাল উত্তীর্ণ হইলে আচমনান্তে ইষ্টদেবতার গায়ত্রী দশবার জপ করিয়া পরে সন্ধ্যানুষ্ঠান করিবে।

‡ বৈষ্ণবাদিরা দুইবার অমন্ত্রক আচমন করিবে।

মন্ত্রে জলশুদ্ধি করিবে। পরে ধেনুমুদ্রা দেখাইয়া (গুরুদত্ত) মূল-মন্ত্রে তত্ত্বমুদ্রাযোগে সেই জল তিনবার ভূতলে ফেলিয়া সাতবার শিরঃপ্রদেশে ছিটা দিবে। তদনন্তর মূলমন্ত্র দ্বারা প্রাণায়াম ও ষড়ঙ্গন্যাস * করত বামহস্ততলে জল লইয়া দক্ষিণ-হস্ত দ্বারা আবরণ পূর্ব্বক "হং যং বং লং রং" এই মন্ত্র তিনবার উচ্চারণ করিবে এবং বামহস্তের ছিদ্র দিয়া গলিত জলবিন্দু মূলমন্ত্রে সাতবার বিন্দু বিন্দু মস্তকে দিবে। পরে তত্ত্বমুদ্রা দ্বারা অবশিষ্ট জল দক্ষিণকরে গ্রহণ করিয়া তাহাকে তেজোময় চিন্তা করত নাসাগ্রে ধরিয়া বামভাগস্থ ইড়ানাড়ী দ্বারা আকর্ষণ করিবে এবং "শরীরমধ্যগত পাপ ঐ জলে মিলিত হইয়াছে, পাপস্পর্শে ঐ জলও কৃষ্ণবর্ণ হইয়াছে" এইরূপ চিন্তা করত দক্ষিণনাসা দ্বারা সেই জল বাহির করিয়া "ফট্" মন্ত্রে ঐ পাপময় জল বামকরতলে ফেলিবে। তদনন্তর হস্তক্ষালন ও একবার আচমন করিয়া নিম্নলিখিত মন্ত্রে প্রত্যেককে তিন তিনরার তর্পণ করিবে। † যথা—

ওঁ দেবাংস্তর্পয়ামি, ওঁ ঋষীংস্তর্পয়ামি, ওঁ পিতৃংস্তর্পয়ামি, ‡ ওঁ মনুষ্যাংস্তর্পয়ামি, ওঁ গুরূংস্তর্পয়ামি, ওঁ পরমগুরূংস্তর্পয়ামি, ওঁ পরাপরগুরূংস্তর্পয়ামি, ওঁ পরমেষ্ঠিগুরূংস্তর্পয়ামি। §

---

* মূলমন্ত্র অনুসারে অঙ্গন্যাসের মন্ত্র ভিন্ন ভিন্ন, উহা গুরুর নিকট জ্ঞাতব্য।

† কেহ কেহ জপবিসর্জ্জনের পর তান্ত্রিক তর্পণের ব্যবস্থা দিয়া থাকেন।

‡ যাঁহার পিতা জীবিত, তিনি 'পিতৃংস্তর্পয়ামি' পরিত্যাগ করিবেন।

§ বৈষ্ণবেরা "মনুষ্যাংস্তর্পয়ামি" বলিয়া তর্পণের পর "নারদং তর্পয়ামি" পর্ব্বতং তর্পয়ামি, বিষ্ণুং তর্পয়ামি, নিশঠং তর্পয়ামি, উদ্ধবং তর্পয়ামি, দারুকং তর্পয়ামি, বিশ্বক্সেনং তর্পয়ামি, শৈনেয়ং তর্পয়ামি" এই কয়টি মন্ত্রে প্রত্যে-

অনন্তর মূলমন্ত্র উচ্চারণ পূর্ব্বক শাক্তগণকে "অমুকীদেবীং (ইষ্টদেবতার নাম উচ্চার্য্য) তর্পয়ামি স্বাহা" বলিয়া তিনবার তর্পণ করিতে হয়। শৈবগণ মূলমন্ত্রোচ্চারণান্তে "অমুকদেবং তর্পয়ামি" এবং বৈষ্ণবেরা মূলমন্ত্রোচ্চারণান্তে "অমুকদেবং তর্পয়ামি নমঃ" বলিবেন।

তৎপরে দেবতার স্ব স্ব পটলোক্ত আবরণদেবতাগণকেও এক একবার তর্পণ করিবে। আবরণদেবতা গুরুর নিকট অবগত হইতে হয়।

অনন্তর নিম্নলিখিত মন্ত্রে সূর্য্যার্ঘ্য প্রদান করিবে। যথা—

ওঁ হ্রীং হং সঃ (অথবা ঘৃণিঃ সূর্য্য আদিত্যঃ) ইদমর্ঘ্যং শ্রীসূর্য্যায় স্বাহা॥ *

তদনন্তর "ওঁ সূর্য্যমণ্ডলস্থায়ৈ অমুকদেবতায়ৈ নমঃ" বলিয়া তিনবার জলাঞ্জলি প্রদান পূর্ব্বক গায়ত্রীর ধ্যান করিবে। যথা—

(প্রাতর্ধ্যান)

উদ্যদাদিত্যসঙ্কাশাং পুস্তকাক্ষকরাং স্মরেৎ।
কৃষ্ণাজিনধরাং ব্রাহ্মীং ধ্যায়েৎ তারকিতেঽম্বরে॥১

উদয়কালীন আদিত্যবৎ কান্তিমতী, পুস্তক ও জপমালা-

কেকে তিন তিন অঞ্জলি জল দিয়া গুরুপংক্তির তর্পণ করিবে। কেহ কেহ গুরুপংক্তি-তর্পণের পর এই সকল তর্পণ করেন।

* তারাদি-মন্ত্রোপাসকেরা "হ্রীঁ হং সঃ মার্ত্তণ্ডভৈরবায় প্রকাশশক্তি-সহিতায় ইদমর্ঘ্যং শ্রীসূর্য্যায় স্বাহা" বলিয়া অর্ঘ্য দিবে। তাম্রপাত্রে চন্দন, আকন্দপুষ্প ও অপরাজিতাপুষ্প লইয়া অর্ঘ্য প্রদান করাই তারাদি-উপাসকের কর্ত্তব্য। শ্রীবিদ্যাদি-উপাসকেরা ভিন্ন ভিন্ন মন্ত্রে অর্ঘ্য দিবেন; উহা গুরুর নিকট জ্ঞাত হইতে হয়।

(মধ্যাহ্নধ্যান)

শ্যামবর্ণাং চতুর্ব্বাহুং শঙ্খচক্রলসৎকরাম্।
গদাপদ্মধরাং দেবীং সূর্য্যাসনকৃতাশ্রয়াম্ ॥ ২ ॥

(সায়াহ্নধ্যান)

সায়াহ্নে বরদাং দেবীং গায়ত্রীং সংস্মরেদ্যতিঃ।
শুক্লাং শুক্লাম্বরধরাং বৃষাসনকৃতাশ্রয়াম্ ॥
ত্রিনেত্রাং বরদাং পাশং শূলঞ্চ নৃকরোটিকাম্।
সূর্য্যমণ্ডলমধ্যস্থাং ধ্যায়ন্ দেবীং সমভ্যসেৎ ॥ ৩ ॥

তৎপরে ইষ্টদেবতার গায়ত্রী * দশবার জপ করিয়া নিম্নলিখিত মন্ত্রে জপ সমর্পণ করিবে। যথা—

গুহ্যাতিগুহ্যগোপ্ত্রী ত্বং গৃহাণাস্মৎকৃতং জপম্।
সিদ্ধির্ভবতু মে দেবি ত্বৎপ্রসাদাৎ সুরেশ্বরি ॥ ৪ ॥

ধারিণী, কৃষ্ণসারচর্ম্মাম্বরা ব্রাহ্মীশক্তিকে বিরলতারকান্বিত আকাশে অবস্থিতা চিন্তা করিবে। ১।

মধ্যাহ্নে গায়ত্রীকে শ্যামবর্ণা, চতুর্ভুজা, শঙ্খচক্রগদাপদ্মধারিণী ও সূর্য্যমণ্ডলান্তর্গতা চিন্তা করিবে। ২।

সায়ংকালে সাধক গায়ত্রীকে বরদায়িনী, শ্বেতবর্ণা, শুক্লাম্বরধারিণী, বৃষাসনস্থিতা, ত্রিনেত্রা, পাশ, শূল ও নৃকরোটিকধারিণী এবং সূর্য্যমণ্ডলমধ্যবর্ত্তিনী চিন্তা করিবে। ৩।

হে দেবি সুরেশ্বরি! যাহা গুহ্য হইতেও গুহ্যতর, তুমি তাদৃশ মন্ত্রের রক্ষাকর্ত্রী; তুমি মৎকৃত জপ গ্রহণ কর। তোমার কৃপায় আমার সিদ্ধিলাভ হউক। ৪।

* কতিপয় দেবদেবীর গায়ত্রী পরিশিষ্টে লিখিত রহিল।

পুংদেবতা হইলে নিম্নলিখিতরূপে মন্ত্র উচ্চারণ করিবে। যথা—

গুহ্যাতিগুহ্যগোপ্তা ত্বং গৃহাণাস্মৎকৃতং জপম্।
সিদ্ধির্ভবতু মে দেব ত্বৎপ্রসাদাৎ সুরেশ্বর॥

পুংদেবতা হইলে মনে মনে তদীয় দক্ষিণ-হস্তে এবং স্ত্রী-দেবতা হইলে তদীয় বাম-হস্তে উক্তমন্ত্রে জল দিয়া জপ সমর্পণ করিতে হয়।

অনন্তর "রং" এই মন্ত্র দ্বারা মস্তকে জল প্রদান পূর্ব্বক কৃতাঞ্জলি হইয়া যথাক্রমে বামনেত্রপ্রান্ত, দক্ষিণনেত্রপ্রান্ত ও ললাটদেশ স্পর্শ করত প্রণাম করিবে। যথা—

(বামে) ওঁ গুরুভ্যো নমঃ, ওঁ পরমগুরুভ্যো নমঃ, ওঁ পরাপরগুরুভ্যো নমঃ, ওঁ পরমেষ্ঠিগুরুভ্যো নমঃ, (দক্ষিণে) ওঁ গণেশায় নমঃ। (মধ্যে) ও অমুকদেবায় নমঃ॥

তৎপরে প্রাণায়াম, ঋষ্যাদি ন্যাস, করাঙ্গন্যাস প্রভৃতি সম্পাদন পূর্ব্বক গুরু, দেবতা ও মন্ত্র এই তিনের ঐক্য চিন্তা করিয়া যথাশক্তি মূলমন্ত্র জপ করত "গুহ্যাতিগুহ্য" ইত্যাদি মন্ত্রে জপ সমর্পণ করিবে এবং পুনরায় প্রাণায়াম করিয়া দেবতার প্রণামমন্ত্রে দেবতাকে * ও গুরুপ্রণামমন্ত্রে গুরুদেবকে নমস্কার করিবে। গুরুপ্রণামমন্ত্র যথা—

ওঁ অখণ্ডমণ্ডলাকারং ব্যাপ্তং যেন চরাচরম্।
তৎপদং দর্শিতং যেন তস্মৈ শ্রীগুরবে নমঃ॥
ওঁ গুরুর্ব্রহ্মা গুরুর্বিষ্ণুর্গুরুর্দেবো মহেশ্বরঃ।
গুরুরেব পরং ব্রহ্ম তস্মৈ শ্রীগুরবে নমঃ॥

---

* জপের বিধান ও দেবতাগণের প্রণামমন্ত্র পরিশিষ্টে লিখিত রহিল।

ওঁ অজ্ঞানতিমিরান্ধস্য জ্ঞানাঞ্জনশলাকয়া।
চক্ষুরুন্মীলিতং যেন তস্মৈ শ্রীগুরবে নমঃ॥

ইতি প্রাতঃকৃত্য সমাপ্ত।

পূর্ব্বাহ্নকৃত্য।

(প্রথমযামার্দ্ধকৃত্য ; ৬টা হইতে ৭॥টা)

এই প্রকারে প্রাতঃকৃত্য সমাপন করিয়া দিনকৃত্য আরম্ভ করিবে। দেবগৃহমার্জ্জনাদি, গুরু ও মঙ্গলদ্রব্যদর্শন, কেশ-প্রসাধন, দর্পণে মুখদর্শন এবং পুষ্পতুলসী-বিল্বপত্রাদি-চয়ন ইত্যাদি ক্রিয়ানুষ্ঠানই প্রথমযামার্দ্ধের অন্তর্গত অর্থাৎ দেবগৃহ-মার্জ্জন, গোময়াদি দ্বারা উপলেপন, অভ্যুক্ষণ, তথায় ধ্বজপতাকাদি আরোপণ প্রভৃতি করিয়া বিদ্যাদাতা, মন্ত্রদাতা, পিতা, মাতা প্রভৃতি গুরুজনকে ও মঙ্গলদ্রব্য দর্শন পূর্ব্বক প্রণব ও গায়ত্ত্রী স্মরণ করত কেশপ্রসাধন করিবে। দক্ষিণমুখে বসিয়া কেশপ্রসাধন করিবে না। তৎপরে দর্পণে আত্মমুখ দর্শন করিয়া ঈশ্বরস্মরণ পূর্ব্বক পুষ্পাদি চয়ন করিবে। *

(দ্বিতীয়যামার্দ্ধকৃত্য)

(৭॥ টা হইতে ৯টা)

অনন্তর দ্বিতীয়-যামার্দ্ধে ব্রাহ্মণগণ বেদাভ্যাস † ও ধর্ম্মশাস্ত্রাদির

---

* পুষ্পচয়ন, তুলসীচয়ন, বিল্বপত্রচয়ন প্রভৃতির বিধি পরিশিষ্টে দ্রষ্টব্য।

† বেদাভ্যাস পাঁচ ভাগে বিভক্ত,—বেদস্বীকরণ, বেদবিচার, বেদের অভ্যাস, বেদের জপ ও বেদের ধ্যান। গুরুর নিকট শ্রবণকে বেদস্বীকরণ, তর্ক সহকারে আলোচনাকে বেদবিচার, পুনঃ পুনঃ আবৃত্তিকে বেদাভ্যাস, মানসচিন্তাকে বেদের জপ এবং অধ্যাপনকে বেদের ধ্যান বলে। যিনি যে

আলোচনা অরিবেন। স্ত্রীলোকেরা সাংসারিক কার্য্যাদি নির্ব্বাহ করিবেন।

(তৃতীয়-যামার্দ্ধকৃত্য)

(৯টা হইতে ১০॥টা)

তদনন্তর তৃতীয়-যামার্দ্ধে পোষ্যবর্গের * ভবরণপোষণার্থ স্বীয় বৃত্তি দ্বারা অর্থোপার্জ্জন করিতে হয়। শূদ্রগণ দ্বিতীয় ও তৃতীয় উভয় যামার্দ্ধেই অর্থ উপার্জ্জন করিবে।

(চতুর্থযামার্দ্ধকৃত্য)

(১০॥০টা হইতে ১২টা)

তৈলমর্দ্দন, মধ্যাহ্নস্নান ও তর্পণাদি।

মধ্যাহ্নস্নান, তর্পণ ও মধ্যাহ্নসন্ধ্যা-পূজাদিই এই যামার্দ্ধের

বেদের যে শাখার অন্তর্গত, তাঁহার দৈনিক পাঠ্যাংশ বা স্বাধ্যায় অধ্যয়ন করিয়া পরে অন্যান্য শাস্ত্রের আলোচনা করিবেন। আমাদের দেশে এখন বেদপাঠ উঠিয়া গিয়াছে, সুতরাং গায়ত্রীপাঠ উহার অনুকল্প হইয়াছে। আর্য্য-ঋষিগণ বিশেষ বিবেচনা করিয়াই এই সময়টিকে শাস্ত্রালোচনার উপযুক্ত বলিয়া নির্দ্দেশ করিয়াছেন। কারণ, দেহ পবিত্র, মনোবৃত্তি সতেজ এবং স্নানসন্ধ্যোপাসনাদি দ্বারা ঐ সময়ে মনের সম্পূর্ণ উদারতা সাধিত হয়; বিশেষতঃ ঐ সময়ে মেধাশক্তি ও স্মৃতিশক্তির বলবত্তা জন্মে, সুতরাং ঐ সময়ে শাস্ত্রানুশীলন করিলে তাহাতে মনঃসংযোগ হয় এবং যাহা অভ্যাস করা যায়, তাহাই হৃদয়গুহায় স্থান প্রাপ্ত হয়।

* মাতা, পিতা, গুরু, ভার্য্যা, দরিদ্র, প্রজা, অগ্নি, আশ্রিত, অভ্যাগত ব্যক্তি ও অতিথি, ইহাদিগকেই পোষ্যবর্গ কহে। প্রমাণ যথা—

মাতা পিতা গুরুর্ভার্য্যা প্রজা দীনাঃ সমাশ্রিতাঃ।
অভ্যাগতোঽতিথিশ্চাগ্নিঃ পোষ্যবর্গ উদাহৃতঃ॥

পরন্তু অগ্নি কেবল সাগ্নিক ব্যক্তির পক্ষেই বুঝিতে হইবে।

অন্তর্গত। (১১ পৃষ্ঠার লিখিত) প্রাতঃস্নানবিধি অনুসারেই মধ্যাহ্ন-স্নান করিতে হয়, তবে এইমাত্র প্রভেদ যে, প্রাতঃস্নানে তৈল-মর্দ্দন নিষিদ্ধ, মধ্যাহ্নস্নানে তৈলমর্দ্দন করিবে।

রবিবার, মঙ্গলবার, বৃহস্পতিবার, শুক্রবার, চতুর্দ্দশী, অষ্টমী, দ্বাদশী, পূর্ণিমা, অমাবস্যা, রবিসংক্রান্তি, ব্রতাহ, শ্রাদ্ধাহ, গ্রহণ-দিন, কেশচ্ছেদনের দিন, উপবাসের দিন এবং অশ্বিনী, শ্রবণা, চিত্রা ও হস্তা এই সকল নক্ষত্রে তৈলাভ্যঙ্গ করিবে না। এত-দ্ভিন্ন ষষ্ঠী ও নবমীতে মস্তকে ও পর্ব্বসন্ধিতে তৈল মাখিবে না। নিষিদ্ধ দিনে তৈল মাখিবার নিতান্ত আবশ্যক হইলে সর্ষপতৈল, নারিকেলতৈল বা পুষ্পবাসিত তৈল মাখিতে পারে। তিলতৈল হইলে রবিবারে পুষ্প, মঙ্গলবারে কিঞ্চিৎ মৃত্তিকা, বৃহস্পতিবারে দূর্ব্বা, শুক্রবারে কিঞ্চিৎ গোময় এবং অন্য নিষিদ্ধদিনে তৈলমধ্যে পুষ্প নিক্ষেপ করিয়া সেই তৈল মর্দ্দন করিবে। স্নানান্তে দেহে তৈলমর্দ্দন নিষিদ্ধ। তৈলমর্দ্দনান্তে শৌচপ্রস্রাবাদি করিতে নাই।

তৈলমর্দ্দনপ্রণালী।—উপবেশন পূর্ব্বক কনিষ্ঠা ও অঙ্গুষ্ঠ দ্বারা কিঞ্চিৎ তৈল লইয়া "অশ্বত্থাম্নে নমঃ" এই মন্ত্রে মৃত্তিকায় ফেলিয়া দিবে। পরে প্রথমে বামপদে, তৎপরে দক্ষিণপদে, তদনন্তর মস্তকে এবং অবশেষে অন্যান্য অঙ্গ-প্রত্যঙ্গে তৈলমর্দ্দন করিবে। মস্তকে, কর্ণে ও পদতলে উত্তমরূপে তৈলমর্দ্দন করা উচিত। ক্ষত্রিয়েরা প্রথমে দক্ষিণকর্ণে, বৈশ্যেরা দক্ষিণপদে এবং শূদ্রেরা মস্তকে তৈল মাখিয়া পরে অন্যান্য অবয়বে মর্দ্দন করিবে।

তৈলমর্দ্দনান্তে (১১ পৃষ্ঠার লিখিত) যথাবিধানে স্নান করিয়া বস্ত্র পরিধান (১৭ পৃঃ), শিখাবন্ধন (৯ পৃঃ) ও তিলকধারণ (১৮) করিয়া বৈদিকী ও তান্ত্রিকী সন্ধ্যা করিবে। শূদ্র ও স্ত্রীলোকেরা

বৈদিকী সন্ধ্যা করিবে না। তৎপরে ব্রহ্মযজ্ঞ * ও পুনরায় স্নানাঙ্গ তর্পণ করিয়া পূজাগৃহে প্রবেশ পূর্ব্বক শিবপূজাদি ও তান্ত্রিকী পূজা করিবে। †

ইতি পূর্ব্বাহ্নকৃত্য সমাপ্ত।

মধ্যাহ্নকৃত্য।

(১২ টা হইতে ॥ টা)

দেবপূজান্তে পঞ্চমযামার্দ্ধে নিত্যহোম, বৈশ্বদেবক্রিয়া, বলি-প্রদান, অতিথিপূজা, নিত্যশ্রাদ্ধ, গোগ্রাসদান ও ভোজন এই সকল কার্য্য সম্পাদন করিবে।

(নিত্যহোম)

দ্বিজাতিগৃহ হইতে অগ্নি আনয়ন পূর্ব্বক বৌষড়ন্ত মূলমন্ত্র উচ্চারণ করিয়া উহা অভিমন্ত্রিত করত নিরীক্ষণ করিবে। তৎপরে "ফট্" মন্ত্রে বহ্নির আবাহন করিয়া মূলমন্ত্রান্তে "হুঁ ফট্ ক্রব্যা-দেভ্যো নমঃ" বলিয়া ক্রব্যাদাংশ ত্যাগ করিবে। পরে "ওঁ বহ্নে-র্যোগপীঠায় নমঃ বলিয়া পূজা করিয়া চারিদিকে "ওঁ বামায়ৈ

* ব্রহ্মযজ্ঞের বিষয় ইতিপূর্ব্বে (৪৯ পৃষ্ঠায়) লিখিত হইয়াছে। অনেকের ধারণা আছে যে, ইহাও সন্ধ্যার একটি অঙ্গস্বরূপ ; বস্তুতঃ তাহা নহে, উহার উপাদান স্বাধ্যায়পাঠ (অনুকল্প গায়ত্রীপাঠ) এবং বেদচতুষ্টয়ের চারিটি মন্ত্রের জপ। ঐ মন্ত্র চারিটির মধ্যে ঋগ্বেদীয় প্রথমটিতে অগ্নির, যজুর্ব্বেদীয় দ্বিতীয়টিতে বায়ুর, সামবেদীয় তৃতীয়টিতে অগ্নির এবং অথর্ব্ববেদীয় চতুর্থ-টিতে জলের আবাহন ও স্তুতি করা হয়।

† পূজাদি পূজাপ্রকরণে দ্রষ্টব্য।

নমঃ, ওঁ জ্যেষ্ঠায়ৈ নমঃ, ওঁ রৌদ্র্যৈ নমঃ, ওঁ অম্বিকায়ৈ নমঃ,” বলিয়া অর্চ্চনা করিবে।

অনন্তর মূলমন্ত্র উচ্চারণ পূর্ব্বক “অমুকদেবতাকুণ্ডায় নমঃ” বলিয়া কুণ্ডের অর্চ্চনা করত তাহার নিম্নে বাগীশ্বরীকে তত্তদ্দেবতা-রূপা ঋতুমতী ধ্যান করিয়া যথাবিহিত অগ্নি আনয়ন পূর্ব্বক বীক্ষণাদি দ্বারা সংস্করণ, “রং” বীজে উদ্ধরণ, মূলমন্ত্রান্তে “হুঁ ফট্” বলিয়া ক্রব্যাদাংশ-পরিত্যাগ, অগ্নিবীজ দ্বারা সংরক্ষণ, হুঁ মন্ত্রে অবগুণ্ঠন, ধেনুমুদ্রা দ্বারা অমৃতীকরণ এবং পরিশেষে বাহুদ্বয় দ্বারা উত্তোলন পূর্ব্বক কুণ্ডোপরি তিনবার ভ্রামিত করিবে।

তৎপরে “হ্রীং বহ্নিমূর্ত্তয়ে নমঃ” মন্ত্রে পূজা, “রং বহ্নিচৈতন্যায় নমঃ” মন্ত্রে চৈতন্যসংযোজন ও “ওঁ চিৎ পিঙ্গল হন হন দহ দহ পচ পচ সর্ব্বং জ্ঞাপয় জ্ঞাপয় স্বাহা”, এই মন্ত্রে অগ্নি প্রজ্বালিত করিয়া নিম্নলিখিত মন্ত্রে অগ্ন্যুপস্থান করিবে। যথা—

ওঁ অগ্নিং প্রজ্বলিতং বন্দে জাতবেদং হুতাশনম্।
সুবর্ণবর্ণমমলং সমিদ্ধং বিশ্বতোমুখম্॥

তৎপরে “অগ্নেস্ত্বং অমুকনামাসি” বলিয়া অগ্নির নামকরণ করিয়া “ওঁ বৈশ্বানর জাতবেদ ইহাবহ লোহিতাক্ষ সর্ব্বকর্ম্মাণি সাধয় স্বাহা” এই মন্ত্রে অর্ঘ্যাদি দ্বারা পূজা করত নিম্নলিখিত মন্ত্রকয়টি দ্বারাও ঐরূপে অর্চ্চনা করিবে। যথা—

ওঁ অগ্নের্হিরণ্যাদিসপ্তজিহ্বাভ্যো নমঃ, ওঁ সহস্রার্চ্চিষে হৃদয়ায় ইত্যাদ্যগ্নিষড়ঙ্গেভ্যো নমঃ, ওঁ অগ্নয়ে জাতবেদসে ইত্যাদ্যষ্টমূর্ত্তিভ্যো নমঃ, (তদ্বাহ্যে) ওঁ ব্রহ্ম্যাদ্যষ্টশক্তিভ্যো নমঃ, (তদ্বহিঃ) ওঁ পদ্মাদ্যষ্টশক্তিভ্যো নমঃ, (তদ্বাহ্যে) ওঁ ইন্দ্রাদিলোকপালেভ্যো নমঃ, (তদ্বাহ্যে) ওঁ বজ্রাদ্যস্ত্রেভ্যো নমঃ॥

অনন্তর প্রাদেশপরিমিত দুইটি কুশপত্র ঘৃতমধ্যে ফেলিয়া সব্য, অপসব্য ও মধ্যভাগে ইড়া, পিঙ্গলা ও সুষুম্নাকে চিন্তা করত স্রুব দ্বারা ঘৃত লইয়া "ওঁ অগ্নয়ে স্বাহা" মন্ত্রে বহ্নির দক্ষিণনেত্রে এবং বামভাগ হইতে ঘৃত লইয়া"ওঁ সোমায় স্বাহা" মন্ত্রে বামনেত্রে হোম করিবে। পরে মধ্যস্থল হইতে ঘৃত লইয়া "ওঁ অগ্নীসোমাভ্যাং স্বাহা" মন্ত্রে বহ্নির ললাটনেত্রে এবং "নমঃ" মন্ত্রে দক্ষিণাংশ হইতে ঘৃত লইয়া "ওঁ অগ্নয়ে স্বিষ্টিকৃতে স্বাহা" মন্ত্রে বহ্নির বদনে হোম করিবে। তদনন্তর নিম্নলিখিত মন্ত্রে তিনবার আহুতি দিতে হয়। যথা—

ওঁ ভূঃ স্বাহা, ওঁ ভুবঃ স্বাহা, ওঁ স্বঃ স্বাহা, ওঁ বৈশ্বানর জাতবেদ ইহাবহ লোহিতাক্ষ সর্ব্বকর্ম্মাণি সাধয় স্বাহা॥

অনন্তর মূলমন্ত্র দ্বারা অগ্নির মুখদেশে পঞ্চবিংশতি ঘৃতাহুতি দিয়া বহ্নি ও দেবতার সহ আত্মার ঐক্য চিন্তা করিবে। তৎপরে মূলমন্ত্র দ্বারা একাদশ ঘৃতাহুতি দিয়া "ওঁ মূলমন্ত্রস্য অঙ্গদেবতাভ্যঃ স্বাহা" বলিয়া একটি আহুতি অর্পণ করিবে। তৎপরে মূলমন্ত্র দ্বারা পূর্ণাহুতি দিতে হয়। অনন্তর সংহারমুদ্রা দ্বারা স্বেষ্টদেবতাকে হৃদয়ে আনয়ন পূর্ব্বক "ক্ষমস্ব" বলিয়া বিসর্জ্জন করত কর্ম্ম শেষ করিবে।

(বৈশ্বদেব বা দেবযজ্ঞ)

অগ্রে স্বীয় বেদবিহিত প্রণালীতে আভ্যুদয়িক শ্রাদ্ধ করিতে হয়। তৎপরে পূর্ব্বাস্যে দক্ষিণজানু পাতিত করিয়া উপবেশন পূর্ব্বক যথাবিধানে অগ্নিস্থাপন করত দেবতীর্থযোগে সঘৃত অন্ন, সঘৃত পরমান্ন অথবা জল কিংবা ফল দ্বারা হোম করিবে মন্ত্র যথা—

ওঁ ভূঃ স্বাহা। ওঁ ভুবঃ স্বাহা। ওঁ স্বঃ স্বাহা। ওঁ ভূর্ভুবঃ স্বঃ স্বাহা। ওঁ দেবকৃতস্যৈনসোঽবযজনমসি স্বাহা। ওঁ পিতৃকৃতস্যৈনসোঽবযজনমসি স্বাহা। ওঁ মনুষ্যকৃতস্যৈনসোঽবযজনমসি স্বাহা। ওঁ আত্মকৃতস্যৈনসোঽবযজনমসি স্বাহা। ওঁ যদ্দিবা চ নক্তঞ্চৈনশ্চ কৃতমস্যাবযজনমসি স্বাহা। ওঁ যদ্বিদ্বাংশ্চাবিদ্বাংশ্চৈনশ্চ কৃতমস্যাবযজনমসি স্বাহা। ওঁ এনস এনসোঽবযজনমসি স্বাহা॥

প্রত্যেক মন্ত্র দ্বারা পৃথক্ পৃথক্ হোম করা কর্ত্তব্য। *

(বলি বা ভূতযজ্ঞ)

প্রথমতঃ পূর্ব্ব হইতে পশ্চিমদিকে জলসিঞ্চন পূর্ব্বক একটি রেখা অঙ্কিত করিয়া তদুপরি "ওঁ বিশ্বেভ্যো দেবেভ্যো নমঃ" এই মন্ত্রে বলি (অন্নাদি) প্রদান করিবে। পরে উক্ত মন্ত্রেই তদুপরি কিঞ্চিৎ জল দিতে হয়। অনন্তর প্রথমোক্ত রেখার উত্তরে আর একটি রেখা অঙ্কিত করিয়া "ওঁ সর্ব্বেভ্যো ভূতেভ্যো নমঃ" এই মন্ত্রে পূর্ব্ববৎ বলি ও জল দিবে। তৎপরে দক্ষিণমুখে বামজানু পাতিয়া উপবেশন পূর্ব্বক দক্ষিণস্কন্ধে উত্তরীয় রাখিয়া ঐ প্রকার রেখা অঙ্কিত করত "ওঁ পিতৃভ্যঃ স্বধা" মন্ত্রে পিতৃতীর্থ দ্বারা তদুপরি পূর্ব্ববৎ বলি ও জল প্রদান করিবে। অনন্তর উহার উত্তরে আর একটি রেখা করিয়া দক্ষিণজানু পাতিত করত উপবেশনান্তে বামস্কন্ধে উত্তরীয় রাখিয়া "ওঁ যক্ষন্ নমস্তেঽস্তু মা মা হিংসীঃ" এই মন্ত্রে বলি প্রদান পূর্ব্বক "ওঁ যক্ষণে নমঃ" মন্ত্রে জল দিবে।

---

* মতান্তরে এই প্রকার নির্দ্দিষ্ট আছে যে, "ওঁ বিশ্বেদেবায় নমঃ" এই মন্ত্রে পূজাবিধি অনুসারে ষোড়শোপচার, দশোপচার বা পঞ্চোপচারে পূজা করিলেও বৈশ্বদেবক্রিয়া সমাহিত হয়। ষোড়শোপচার, দশোপচার ও পঞ্চোপচার কাহাকে বলে, তাহা পরিশিষ্টে লিখিত হইল।

তৎপরে পূর্ব্বোক্ত যক্ষবলির পশ্চিমদিকে জল দ্বারা একটি উত্তরাগ্র রেখা অঙ্কিত করিয়া নিম্নলিখিত মন্ত্রে বলি প্রদান করিবে। যথা—

ওঁ দেবা মনুষ্যাঃ পশবো বয়াংসি, সিদ্ধাঃ সরক্ষোরগদৈত্যসঙ্ঘাঃ।
প্রেতাঃ পিশাচাস্তরবঃ সমস্তা, যে চান্নমিচ্ছন্তি ময়া প্রদত্তম্॥
পিপীলিকাকীটপতঙ্গকাদ্যা, বুভুক্ষিতাঃ কর্ম্মনিবন্ধবদ্ধাঃ।
প্রয়ান্তু তে তৃপ্তিমিদং ময়ান্নং, তেভ্যো বিসৃষ্টং মুদিতা ভবন্তু॥
যেষাং ন মাতা ন পিতা ন বন্ধুর্নৈবান্নসিদ্ধির্ন তথান্নমস্তি।
তত্তৃপ্তয়েঽন্নং ভুবি দত্তমেতৎ, প্রয়ান্তু তৃপ্তিং সুখিনো ভবন্তু॥
ভূতানি সর্ব্বাণি তথান্নমেতৎ, অহঞ্চ বিষ্ণুর্ন যতোঽন্যদস্তি।
তস্মাদহং ভূতনিকায়ভূতমন্নং প্রযচ্ছামি ভবায় তেষাম্॥
চতুর্দ্দশো ভূতগণো য এষ, যত্র স্থিতা যেঽখিলভূতসঙ্ঘাঃ।
তৃপ্ত্যর্থমন্নং হি ময়া বিসৃষ্টং, তেষামিদং তে মুদিতা ভবন্তু॥

বলিপ্রদানান্তে "ওঁ দেবাদিভ্যো নমঃ" মন্ত্রে তদুপরি কিঞ্চিৎ জল দিয়া ভূমিতেও কিঞ্চিৎ জলের ছিটা দিবে। তৎপরে "ওঁ চাণ্ডালপতিতপাপরোগিভ্যো নমঃ", "ওঁ ধর্ম্মরাজচিত্রগুপ্তাভ্যাং নমঃ", "ওঁ বায়সেভ্যো নমঃ" এই তিন মন্ত্রে তিনবার ভূতলে জল প্রদান করিবে।

তদনন্তর নিম্নলিখিত মন্ত্রটি পাঠ করিয়া "ওঁ বায়সেভ্যো নমঃ" উচ্চারণ পূর্ব্বক বলি প্রদান করিবে। যথা—

ঐন্দ্রবারুণবায়ব্যাঃ সৌম্যা বৈ নৈঋতাস্তথা।
বায়সাঃ প্রতিগৃহ্ণন্তু ভূমৌ পিণ্ডং ময়ার্পিতম্॥

তৎপরে নিম্নলিখিত মন্ত্র উচ্চারণ পূর্ব্বক "ওঁ শ্বভ্যাং নমঃ" বলিয়াও বলি প্রদান করিতে হয়। যথা—

শ্বানৌ দ্বৌ শ্যাবশবলৌ বৈবস্বতকুলোদ্ভবৌ।
তাভ্যাং পিণ্ডং প্রযচ্ছামি স্যাতামেতাবহিংসকৌ॥

বলিপ্রদানান্তে অতিথিসৎকার (নৃযজ্ঞ) করিবে। *

(অতিথিসৎকার বা নৃযজ্ঞ)

অতিথির পূজা করিয়া স্বয়ং ভোজন করিবে। অভ্যাগত ব্যক্তি ব্রহ্মার স্বরূপ। অতিথি প্রিয় হউক্, দ্বেষ্টা হউক্, মূর্খ হউক্, বিদ্বান্ হউক্, ব্রাহ্মণ হউক্, চাণ্ডাল হউক্, যেরূপই হউক না কেন, দেবতাজ্ঞানে সেবা করিবে। অতিথি আসিলে তাঁহার নিবাস, নাম, গোত্র, বিদ্যা, কুল কিছুই জিজ্ঞাসা করিতে নাই; আহারান্তে জিজ্ঞাসা করিতে পারে। দুই দণ্ডের আট ভাগের এক ভাগ সময়ের মধ্যে অতিথি না আসিলে তদীয় অংশ গাভীকে ভোজন করাইবে অথবা অগ্নিতে নিক্ষেপ করিবে।

(নিত্যশ্রাদ্ধ)

অতিথিসৎকারের পর নিত্যশ্রাদ্ধ করিতে হয়। কেবলমাত্র ষট্‌পিতৃগণকে অর্থাৎ পিতৃপক্ষীয় তিন ও মাতৃপক্ষীয় তিন পুরুষকে স্মরণ পূর্ব্বক কিঞ্চিৎ কিঞ্চিৎ অন্ন বা কিঞ্চিৎ জল দিলেই এ কার্য্য সমাহিত হয়। †

---

* বলিক্রিয়ার পূর্ব্বে কোন ভিক্ষুক উপস্থিত হইলে তাহাকে শক্ত্যনুসারে ভিক্ষা দিবে। পথিক, ক্ষীণবৃত্তি ব্যক্তি, বিদ্যার্থী, ব্রহ্মচারী, গুরুপোষক ও যতি, এই সকল ব্যক্তিকে ভিক্ষুক বলা যায়।

† শাস্ত্রেও ইহার প্রমাণ আছে। যথা—

অহন্যহনি যৎ শ্রাদ্ধং তন্নিত্যমভিধীয়তে।
বৈশ্বদেবাদিহীনং তৎ তদশক্তাবুদকেন তু॥

(গোগ্রাসদান)

তদনন্তর এক গ্রাস ঘাস অথবা অন্য কোন বস্তু লইয়া নিম্ন-লিখিত মন্ত্র পাঠ পূর্ব্বক গোরুকে প্রদান করিবে। যথা—

সৌরভেয্যঃ সর্ব্বহিতাঃ পবিত্রাঃ পুণ্যরাশয়ঃ।
প্রতিগৃহ্নন্তু মে গ্রাসং গাবস্ত্রৈলোক্যমাতরঃ॥

তৎপরে নিম্নলিখিত মন্ত্রে প্রণাম করিবে। যথা—

পঞ্চভূতে শিবে পুণ্যে পবিত্রে সূর্য্যসম্ভবে।
প্রতীচ্ছেমং ময়া দত্তং সৌরভেয়ি নমোঽস্তু তে॥
নমো গোভ্যঃ শ্রীমতীভ্যঃ সৌরভেয়ীভ্য এব চ।
নমো ব্রহ্মসুতাভ্যশ্চ পবিত্রাভ্যো নমো নমঃ॥

(ভোজন)

ভোজনবিধি।—প্রথমতঃ দেহের পাঁচটি অংশ (হস্তদ্বয়, পদদ্বয় ও মুখ) ধৌত করত পূর্ব্বমুখ হইয়া অন্ন ভোজন করিবে। তৎকালে পবিত্র আসনে বসিবে, মুখ পরিষ্কার রাখিবে, প্রীতিপূর্ণচিত্তে আহার করিবে এবং উত্তরমুখে বা বিদিঙ্মুখে (কোণাকুণিভাবে) বসিবে না। * দক্ষিণমুখে বা পশ্চিমমুখে বসিয়াও ভোজন করিতে পারে, কিন্তু পিতামাতা জীবিত থাকিলে দক্ষিণমুখেও ভোজন নিষিদ্ধ। হস্তে হীরকাঙ্গুরী ভিন্ন অন্য কোনরূপ রত্নাঙ্গুরীয় ধারণ পূর্ব্বক ভোজন করিবে।

গোময় দ্বারা উপলিপ্ত, সম ও পবিত্র স্থানে লগ্ন আসনোপরি উপবেশন পূর্ব্বক ভোজন করিতে হয়। ব্রাহ্মণ চতুষ্কোণ, ক্ষত্রিয়

* পুত্রবান্ ব্যক্তি ব্যতীত অন্য সকলে উত্তরমুখে আহার করিতে পারে, কেহ কেহ ইরূপ ব্যবস্থাও দিয়া থাকেন।

ত্রিকোণ, বৈশ্য গোলাকার এবং শূদ্র অর্দ্ধচন্দ্রাকার মণ্ডল করিয়া তদুপরি ভোজনপাত্র স্থাপন করিবে।

ভগ্ন কাঁসার পাত্র, তাম্রপাত্র, লৌহ ও সীসকনির্ম্মিত পাত্র, মলিন পাত্র, পদ্ম ও পলাশপত্র এবং পত্রের পৃষ্ঠদেশে আহার নিষিদ্ধ। ব্রহ্মচারী, যতি ও বিধবার পক্ষে কাংস্যপাত্র একেবারেই নিষিদ্ধ; কারণ, শাস্ত্রে কাংস্যপাত্র মৃত্তিকাবৎ পরিগণিত।

প্রতিবাসী বৃদ্ধ বা বালক এবং প্রতিবাসিনী বৃদ্ধা, দরিদ্রা বা গর্ভিণী অভুক্ত থাকিলে তাহাদিগকে আহার করাইয়া পরে স্বয়ং ভোজন করিতে হয়। আহারকালে মৌনভাবে অবস্থান করিবে। শাক, পায়স, ছাতু, অন্ন, জল, দধি, মধু এই সকল দ্রব্য ব্যতীত অন্যান্য দ্রব্যের কিঞ্চিৎ অবশিষ্ট রাখিবে, সমস্ত ভোজন করিবে না। শাকাদি দ্রব্য সমস্ত ভোজনে অসমর্থ হইলে যাহা অবশিষ্ট থাকিবে, তাহা জলে ফেলিয়া দিবে, কাহাকেও আহার করিতে দিবে না। নিতান্ত নীচভাবে বসিয়া (অত্যন্ত নীচু হইয়া) আহার করিবে না এবং হস্ত দ্বারা না উঠাইয়া পশুর মত কেবল মুখ দ্বারাও আহার করিতে নাই।

প্রথমতঃ দ্রবপদার্থ, মধ্যে কঠিনদ্রব্য এবং সর্ব্বশেষে পুনরায় দ্রবপদার্থ ভোজন করিবে। প্রথমে মধুর রস, তৎপরে লবণ, তদনন্তর অম্ল এবং অবশেষে কটু ও তিক্তরস সেবন করিবে।

আত্মীয়-ব্যক্তির সহিতও এক-পঙ্‌ক্তি হইয়া আহার করিবে না। ভস্ম, তৃণ কিংবা জলের অঙ্ক দিয়া পঙ্‌ক্তিভেদ করিয়া লইবে। *

* ভস্ম শব্দে হোমভস্মই গ্রাহ্য। মহারাষ্ট্রদেশে ব্রাহ্মণেরা জলের অঙ্ক দিয়া তাহার উপর পঞ্চবর্ণের গুঁড়ি বিন্যাস পূর্ব্বক পঙ্‌ক্তিভেদের চিহ্নগুলি সুদৃশ্য করিয়া থাকেন।

পঙ্‌ক্তিস্থ সকলের আহার শেষ হইলে তৎপরে গণ্ডূষ করিবে। কি দিবা, কি রাত্রি, কোন সময়েই দুইবার অন্ন (সিদ্ধ করা ধান্য, যব, গম ইত্যাদি) আহার নিষিদ্ধ। দিবাভাগে একাধিকবার আহারের ইচ্ছা হইলে ফলমূলাদি ভক্ষণ করিবে। গুরুতর আহার নিষিদ্ধ। কারণবশে দিবাভাগে গুরুতর আহার হইলে রাত্রিকালে ভোজন করিবে না। ভুক্তবস্তু সম্পূর্ণ পরিপাকপ্রাপ্ত না হইলে পুনরায় আহার নিষিদ্ধ। অন্ন দ্বারা উদরের অর্দ্ধভাগ এবং জল দ্বারা এক ভাগ পূর্ণ করিয়া চতুর্থ ভাগ বায়ুসঞ্চারের জন্য শূন্য রাখিবে।

মাথায় কাপড় বান্ধিয়া, হস্তে বা ক্রোড়ে ভোজনপাত্র রাখিয়া, জুতা পায়ে দিয়া, চর্ম্মাসনে বসিয়া, দাঁড়াইয়া, শয়ন করিয়া, পা ছড়াইয়া অথবা গমন করিতে করিতে আহার করিবে না। আর্দ্র-মস্তকে, আর্দ্রবস্ত্রে, যানে, শ্মশানে বা দেবালয়ে আহার করিতে নাই। অতিপ্রত্যূষে অথবা সায়ংকালেও আহার করিবে না। উচ্ছিষ্ট ভোজন করিবে না এবং অন্য ব্যক্তিকেও উচ্ছিষ্ট প্রদান করিতে নাই। উচ্ছিষ্টপাত্রে ঘৃতগ্রহণ ও রাত্রিকালে দধিভোজন অকর্ত্তব্য।

অভক্ষ্য।—ব্যভিচারিণী, বার্দ্ধুষিক, পতিত, গণিকা, মত্ত, ক্রুদ্ধ, ক্রূর, আতুর, পিশুন, শক্র, স্ত্রীজিত, ব্যাধ, সূত্রধর, চোর, গায়ক, মিথ্যাবাদী, উচ্ছিষ্টভোজী ইহাদিগের অন্নভোজন নিষিদ্ধ। অবজ্ঞাদত্ত, ভাবদুষ্ট, বাগ্‌দুষ্ট, ভ্রূণঘ্নী কর্ত্তৃক দৃষ্ট, রজস্বলাস্পৃষ্ট, ভুক্তোচ্ছিষ্ট, পদ দ্বারা মর্দ্দিত, অনাবৃত, ক্রীতান্ন, সূতিকান্ন, নগরাধ্যক্ষের অন্ন, রাজান্ন, অবীরার অন্ন, মার্জ্জার-গো-কুক্কুর-কাকাদি-স্পৃষ্টান্ন, পর্য্যুষিতান্ন ও পুনঃপক অন্ন ভোজন করিবে না। জলপান-সময়ে মুখ হইতে জল অন্নপাত্রে পড়িলে সে অন্ন-ভক্ষণ নিষিদ্ধ। শূদ্র কর্ত্তৃক আহুত হইয়া অন্ন ভোজন করিতে নাই। বারোয়ারীর

অন্ন এবং উচ্চৈঃস্বরে ডাকিয়া দেওয়া অন্নও গ্রহণ করিবে না। বিকৃতিপ্রাপ্ত দ্রব্য ভক্ষণ করিতে নাই। দধি ও দধিজাত দ্রব্যাদি ভিন্ন সর্ব্বপ্রকার শুক্ত পরিত্যজ্য। * ফল, মূল, কন্দ ও পুষ্পাদি হইতে প্রস্তুত শুক্ত মত্ততাসাধক না হইলে সেবন করিতে পারে।

প্রসবান্তে দশ দিনের মধ্যে (মতান্তরে একবিংশতিদিনের মধ্যে) ছাগীর, মেষীর, গাভীর, সন্ধিনীর (বৃষের জন্য ইচ্ছাবতী গাভীর), উষ্ট্রীর, মৃতবৎসা বা দূরস্থবৎসা ধেনুর, মহিষীর এবং গর্দ্দভী প্রভৃতি একশফবিশিষ্ট জীবের দুগ্ধ সেবন করিবে না। দেবতা ও পিতৃলোকের তৃপ্তিসাধন ভিন্ন নিজের জন্য মৎস্যমাংস আহরণ নিষিদ্ধ। স্ত্রীজাতি মাংসভক্ষণ করিবে না; কিন্তু মতান্তরে সধবার পক্ষে নিবেদিত মাংসভক্ষণের বিধি আছে।

লশুন, ছত্রাক (ভুঁই-ছাতু), পেঁয়াজ, গৃঞ্জন (গাঁজোর), অপবিত্রস্থানজাত ফল, শ্বেতবর্ণ তাল বা বার্ত্তাকী, বর্ত্তুলাকার অলাবু, বৃথামাংস, কুস্মুণ্ড ও কুন্দবৎ বার্ত্তাকী ভক্ষণ করিতে নাই।

দিনবিশেষে অভক্ষ্য।—প্রতিপদে কুষ্মাণ্ড, দ্বিতীয়ায় বৃহতী, তৃতীয়ায় পটোল, চতুর্থীতে মূলক, পঞ্চমীতে শ্রীফল, ষষ্ঠীতে নিম্ব, সপ্তমীতে তাল, অষ্টমীতে নারিকেল, নবমীতে অলাবু, দশমীতে কলম্বী, একাদশীতে শিম, দ্বাদশীতে পূতিকা, ত্রয়োদশীতে বার্ত্তাকী এবং চতুর্দ্দশীতে মাষকলায় ভোজন করিবে না। রবিবারে আমিষভক্ষণ নিষিদ্ধ। † চতুর্দ্দশী, অষ্টমী, অমাবস্যা, পূর্ণিমা, সংক্রান্তি,

* মধুররস কালবশে অম্লরসে পরিণত হইলেই তাহার নাম শুক্ত। যেমন—কাঁজি।

† আমিষের মধ্যে মৎস্য ও মাংসই প্রধান বলিয়া গণ্য। দগ্ধদ্রব্য, পান, রাঙ্গা নটিয়া ও লেবু এ সমস্তকেও আমিষ বলা যায়।

ব্রতাহ, শ্রাদ্ধের পূর্ব্বদিন, মৃতাশৌচ, কাত্তিকমাস, বিশেষতঃ বক-পঞ্চকে (কার্ত্তিকী একাদশী হইতে পূর্ণিমা পর্য্যন্ত) মৎস্য-মাংস-ভক্ষণ নিষিদ্ধ।

জলপানবিধি।—জলপাত্র আপনার দক্ষিণদিকে রাখিবে, বামদিকে রাখিতে নাই। যদি বামদিকে থাকে, তাহা হইলে দক্ষিণদিকে একবার রাখিয়া পরে জলপান করিবে। পীতশেষ জলপান নিষিদ্ধ; এক হস্ত দ্বারাও জলপান করিবে না।

অনিবেদিত দ্রব্যাদি-ভোজন নিষিদ্ধ; সুতরাং অন্নাদি যথা-বিধানে নিবেদন করিয়া ভোজন করিবে। আহারীয়ের মধ্যে মৎস্য, মাংস বা মুদ্রা থাকিলে * তাহা শোধন করিয়া তৎপরে অন্নাদি নিবেদন করিবে।

মৎস্যশোধন।—নিম্নলিখিত মন্ত্রপাঠ পূর্ব্বক পক্কমৎস্যের উপর জলের ছিটা দিয়া শোধন করিবে। যথা—

ওঁ ত্র্যম্বকং যজামহে সুগন্ধিং পুষ্টিবর্দ্ধনম্।
উর্ব্বারুকমিব বন্ধনাৎ মৃত্যোর্মুক্ষীয়মামৃতাৎ॥

মাংসশোধন।—নিম্নলিখিত মন্ত্রে মাংসের উপর জলের ছিটা দিতে হয়। যথা—

ওঁ এতদ্বিষ্ণুঃ স্তবতে বীর্য্যেণ মৃগো ন ভাম কুচরো গরিষ্ঠা যস্যোরুষু ত্রিষু বিক্রমে ধিয়ন্তি ভুবনানি বিশ্বাঃ।

মুদ্রাশোধন।—নিম্নলিখিত মন্ত্রে মুদ্রার উপর জলাভ্যুক্ষণ করিবে। যথা—

* লুচি, রুটী এবং ভাজা দ্রব্যকে মুদ্রা বলে।

ওঁ তদ্বিষ্ণোঃ পরমং পদং সদা পশ্যন্তি সূরয়ঃ।
দিবীব চক্ষুরাততম্।
ওঁ তদ্বিপ্রাসো বিপণ্যবো জাগৃবাংসঃ সমিন্ধতে।
বিষ্ণোর্যৎ পরমং পদম্॥

এই প্রকারে মৎস্যাদি শোধন করিয়া অন্নাদি নিবেদন করিবে।

অন্নাদি-নিবেদন ও ভোজনপ্রণালী।—প্রথমতঃ "সুপ্রোক্ষিত-মস্তু" বলিয়া অন্নব্যঞ্জনাদির উপর জল দ্বারা অভ্যুক্ষণ করিবে। পরে অবগুণ্ঠনমুদ্রা দ্বারা অবগুণ্ঠন করিয়া অন্নব্যঞ্জনাদির উপর ধেনুমুদ্রা দেখাইবে। তৎপরে মৎস্যমুদ্রা দ্বারা আচ্ছাদন পূর্ব্বক অন্নাদির উপর দশবার মূলমন্ত্র জপ করিয়া পুনরায় মূলমন্ত্র উচ্চারণ করত "এতৎ সঘৃতোপকরণমন্নং অমুকদেবতায়ৈ নমঃ" বলিয়া নিবেদন করিবে। তদনন্তর নিম্নলিখিত মন্ত্রে অন্নকে প্রণাম করিবে। যথা—

ওঁ তেজোঽসি সহোঽসি বলমসি ভ্রাজোঽসি দেবানাং ধাম-নামাসি। বিশ্বমসি বিশ্বমায়ুঃ সর্ব্বমসি সর্ব্বায়ুরভিভূঃ॥

অনন্তর নিম্নলিখিত মন্ত্র পড়িয়া তিনবার ভূতলে কিঞ্চিৎ অন্ন স্থাপন করিতে হয়। যথা—

ওঁ ভুবঃ পতয়ে স্বাহা, ওঁ ভুবনপতয়ে স্বাহা, ওঁ ভূতানাং পতয়ে স্বাহা, ওঁ স্বঃপতয়ে স্বাহা॥

তৎপরে ভূমির উপর অল্পপরিমাণ অন্ন পাঁচ ভাগে রাখিয়া এক গণ্ডূষ জল গ্রহণ পূর্ব্বক "ওঁ নাগায় নমঃ, ওঁ কূর্ম্মায় নমঃ, ওঁ কৃকরায় নমঃ, ওঁ দেবদত্তায় নমঃ, ওঁ ধনঞ্জয়ায় নমঃ" এই মন্ত্রে প্রত্যেক ভাগের উপর এক একটু জল দিবে। ইহা দ্বারা বাহ্য পঞ্চবায়ুকে বলিপ্রদান করা হয়।

তদনন্তর "ওঁ অমৃতোপস্তরণমসি স্বাহা" বলিয়া এক গণ্ডূষ জল পান করত * অল্প অল্প অন্ন তুলিয়া প্রাণাদি মুদ্রা দ্বারা † নিম্নলিখিত পঞ্চমন্ত্রে পাঁচবার ভোজন করিবে। যথা—

ওঁ প্রাণায় স্বাহা, ওঁ অপানায় স্বাহা, ওঁ সমানায় স্বাহা, ওঁ উদানায় স্বাহা, ওঁ ব্যানায় স্বাহা॥

ঐ প্রকারে পাঁচবার মুখে দিয়া ভুক্তাবশেষ মৃত্তিকায় ফেলিবে। পরে নির্জ্জনে উপবেশন পূর্ব্বক ভোজন করিবে।

গণ্ডূষত্যাগ।—ভোজন সমাপ্ত হইলে অন্নযুক্ত হস্তে এক গণ্ডূষ জল লইয়া "ওঁ অমৃতাপিধানমসি স্বাহা" এই মন্ত্রে অর্দ্ধাংশ পান করত অবশিষ্টাংশ ভূতলে ফেলিবে ‡ এবং কিঞ্চিৎ উচ্ছিষ্ট অন্ন ও জল গ্রহণ পূর্ব্বক নিম্নলিখিত মন্ত্র পড়িয়া ভূতলে স্থাপন করিবে। যথা—

ওঁ রৌরবে পুণ্যনিলয়ে পদ্মার্ব্বুদনিবাসিনাম্।
প্রাণিনাং সর্ব্বভূতানামক্ষয্যমুপতিষ্ঠতাম্॥ §

---

* তন্ত্রমতে নিম্নলিখিত মন্ত্রে গণ্ডূষ করিতে হয়। যথা—

ওঁ ব্রহ্মার্পণং ব্রহ্ম হবির্ব্রহ্মাগ্নৌ ব্রহ্মণা হুতম্।
ব্রহ্মৈব তেন গন্তব্যং ব্রহ্মকর্ম্মসমাধিনা॥

† মুদ্রাপ্রকরণে সমস্ত মুদ্রার বিধিই লিখিত আছে।

‡ মাংসভোজন করিলে কিঞ্চিৎ জল দ্বারা হস্তপ্রক্ষালন পূর্ব্বক অন্নযুক্ত জলগণ্ডূষ গ্রহণ করিতে হয়।

§ এই মন্ত্র পাঠ না করিয়া কেহ কেহ "ওঁ উচ্ছিষ্টভাগধেয়েভ্যো নমঃ" বলিয়াও ভূতলে স্থাপন করেন।

ভোজনশেষ হইবামাত্র উচ্ছিষ্টপাত্র স্থানান্তরিত ও উচ্ছিষ্টস্থান পরিষ্কার করিবে; নচেৎ আচান্ত হইলেও অশুচি বলিয়া পরিগণিত হইতে হয়।

ভোজনান্তে আচমন।—তৎপরে জল ও মৃত্তিকা দ্বারা হস্ত ধৌত করিয়া আচমন করিবে এবং এরূপভাবে দন্তলগ্ন দ্রব্য বাহির করিবে যেন ক্ষত না হয় অথবা রক্ত না পড়ে ; পরন্তু নখ দ্বারা বাহির করিবে না। পরে পদপ্রক্ষালন পূর্ব্বক উপবিষ্ট হইয়া (১২ পৃষ্ঠার লিখিত) যথাবিধানে আচমন করিবে এবং নিম্নলিখিত মন্ত্রে দক্ষিণচরণের অঙ্গুষ্ঠে জল দিবে। যথা—

ওঁ অঙ্গুষ্ঠমাত্রঃ পুরুষঃ অঙ্গুষ্ঠঞ্চ সমাশ্রিতঃ।
ঈশঃ সর্ব্বস্য জগতঃ প্রভুঃ প্রীণাতু বিশ্বধৃক্॥

তৎপরে নিম্নলিখিত মন্ত্র পড়িয়া উদরে হাত বুলাইতে হয়। যথা—

যথা সমস্তেন্দ্রিয়দেহিদেহে, প্রধানভূতো ভগবান্ যথৈকঃ।
সত্যেন তেনান্নমশেষমেতৎ, আরোগ্যদং মে পরিণামমেতু॥
বীর্য্যবত্তা যথৈবান্নং পরিণামমবৈতি বৈ।
সত্যেন তেন যদ্ভুক্তং জীর্য্যত্বন্নমিদং তথা॥ *

এই প্রকারে আহার পরিসমাপ্ত করিয়া তাম্বূল সেবন করিতে হয়।

---

* নিম্নলিখিত মন্ত্র পড়িয়া হস্ত বুলাইবারও বিধি আছে। যথা—

ওঁ অগ্নিরাপ্যায়তাং ধাতুং পার্থিবং পবনেরিতঃ।
দত্তাবকাশো নভসা জরয়ত্বস্তু মে সুখম্॥
প্রাণাপানসমানানামুদানব্যানয়োস্তথা।
অন্নং পুষ্টিকরং চাস্তু মমাস্ত্বব্যাহতং সুখম্॥
অগস্ত্যবহ্নির্ব্বড়বানলশ্চ, ভুক্তং ময়ান্নং জরয়ত্বশেষম্।
সুখঞ্চ মমৈতৎ পরিণামসম্ভবং, যচ্ছন্ত্বরোগং মম চাস্তু দেহে॥

তাম্বূলভক্ষণ।

তাম্বূলভক্ষণের পূর্ব্বে একবার আচমন করিবে। পানের বোঁটা খাইলে পীড়া, অগ্রদেশ খাইলে পাপ ও শিরা ভক্ষণ করিলে বুদ্ধিভ্রংশ হয়; সুতরাং ঐ সমস্ত ফেলিয়া ভক্ষণ করিবে। শুষ্ক পানভক্ষণও নিষিদ্ধ; কারণ, উহা আয়ুঃক্ষয়কর।

ইতি মধ্যাহ্নকৃত্য সমাপ্ত।

অপরাহ্নকৃত্য।

(ষষ্ঠ ও সপ্তমযামার্দ্ধকৃত্য)

(১॥টা হইতে ৪॥টা)

অনন্তর অপরাহ্নকৃত্য আরম্ভ হইবে। আহারান্তে ষষ্ঠ ও সপ্তম-যামার্দ্ধে ক্ষণকাল বিশ্রামের পর ইতিহাস ও পুরাণাদি ধর্ম্মশাস্ত্রাদির আলোচনা করিবে এবং নিদ্রা/ক্রীড়াদি পরিত্যাগ পূর্ব্বক, যে সমস্ত ক্রিয়া চিত্তরঞ্জক ও যাহা দ্বারা ধর্ম্ম ও জ্ঞানের বৃদ্ধি হয়, তত্তৎ-ক্রিয়ার অনুষ্ঠান করিবে। এ সময়ে কাহারও সহিত বিবাদ বা পরনিন্দা করিবে না।

অষ্টমযামার্দ্ধকৃত্য।

(৪॥টা হইতে ৬টা)

তৎপরে অষ্টমযামার্দ্ধের কিয়দংশ পর্য্যন্ত অর্থাৎ দিবার শেষ-ভাগে কিঞ্চিৎ ভ্রমণ করিবে এবং শিষ্টজন ও আত্মীয়বন্ধুগণের সহিত সদালাপে অতিবাহিত করিবে। *

* শাস্ত্রেও ইহার প্রমাণ আছে, যথা—

"অহঃশেষং সমাসীত শিষ্টৈরিষ্টৈশ্চ বন্ধুভিঃ

সায়াহ্নকৃত্য।

অষ্টমযামার্দ্ধের শেষভাগে অর্থাৎ সূর্য্যাস্তের একদণ্ড বিলম্ব থাকিতে সায়ংসন্ধ্যা করিবে। পশ্চিমাস্য বা বায়ুকোণাভিমুখ হইয়া সায়ংসন্ধ্যা করিতে হয় এবং সম্মুখে তারকাদর্শন যাবৎ গায়ত্রী জপ করিবে। *

রাত্রিকৃত্য।

(প্রথমযামকৃত্য)

(৬টা হইতে ৯টা)

অতঃপর রাত্রিকৃত্যের অনুষ্ঠান করিবে। রাত্রির প্রথমযামে দিবাকৃত কর্ম্মের আলোচনা ও অননুষ্ঠিত ক্রিয়া সম্পাদন করিবে অর্থাৎ দিবাভাগে কি কি কার্য্য করা হইয়াছে, মনে মনে তাহারই আলোচনা করিতে হয় এবং ভ্রমবশে বা অন্য কোন কারণে দিবাভাগে যে সকল ক্রিয়ার অনুষ্ঠান হয় নাই, সেই সকল বৈধকর্ম্ম সম্পাদন করিতে হয়।

(দ্বিতীয়যামকৃত্য)

(৯টা হইতে ১২টা)

এই যামের প্রথমে রাত্রিভোজনের পূর্ব্বকৃত্যস্বরূপ বৈশ্বদেব, বলি ও অতিথিসৎকার করিয়া ১১টার মধ্যে স্বয়ং আহার

* সায়ংসন্ধ্যাবিধি পূর্ব্বেই লিখিত হইয়াছে। গৃহে শালগ্রামশিলা বা দেববিগ্রহাদি থাকিলে এই সময়ে আরাত্রিক (আরতি) করিয়া শীতল দিতে হয় অর্থাৎ জলপানীয়দ্রব্য ভোগ দেওয়ার নিয়মে দিবে। আরতি ও ভোগ দেওয়ার প্রণালী পরিশিষ্টে দ্রষ্টব্য।

করিবে।* রাত্রিকালে উদর পূর্ণ করিয়া আহার করিবে না। আহারের পর ক্ষণকাল বিশ্রাম করিয়া ভৃত্যগণকে তাহাদিগের রাত্রিতে করণীয় সম্বন্ধে আদেশ প্রদান পূর্ব্বক তৎপরে শয়ন করিবে।

(তৃতীয়াদিযামকৃত্য)

শয়নবিধি।

মলিন, উচ্চনীচ, ভগ্ন, ক্ষুদ্র, ছিন্ন, জন্তুময় (ছারপোকা প্রভৃতি-যুক্ত,) আস্তরণরহিত ও অপবিত্র শয্যায়, পট্টবস্ত্রে, দাগযুক্ত কম্বলে, কেবলমাত্র মৃত্তিকায় এবং তৃণের উপর শয়ন করিতে নাই। সূর্য্যাস্তের পর খট্টা বা তক্তপোষের উপর শয্যা প্রস্তত করিয়া শয়ন করিবে। রাত্রিশেষে সূর্য্যোদয়ের পূর্ব্বেই আবার শয্যা তুলিয়া রাখিতে হয়। শয্যার অভাবে ভূতলে কার্পাসবস্ত্র বিস্তৃত করিয়া শয়ন করিবে। অন্যের ব্যবহৃত শয্যায় শয়ন করিবে না, কিন্তু শয্যাস্বামীর আজ্ঞা পাইলে শয়ন করিতে পারে। অশুচি অবস্থায় শয্যায় শয়ন করিতে নাই। উলঙ্গ হইয়া, আর্দ্রবস্ত্র ধারণ করিয়া, অথবা উত্তানভাবে (চিৎ হইয়া) শয়ন নিষিদ্ধ। গুরুজন, ধান্য, গো, বিপ্র ও দেবতা ইহাঁদিগের কোন একটি যে গৃহে থাকে, তাহার উপরিতলে শয়ন করিতে নাই। শিবালয়, শ্মশান, লোষ্ট্রময় স্থান, বালুকাময় স্থান, চৈত্যবৃক্ষতল ও চতুষ্পথে শয়ন নিষিদ্ধ। পশ্চিম ও উত্তরদিকে মাথা করিয়া শয়ন করিবে না; পূর্ব্বশিরা বা দক্ষিণশিরা হইয়া শয়ন করিবে; কিন্তু প্রবাসে

---

* বৈশ্বদেব, বলি অতিথিসৎকার প্রভৃতি ক্রিয়াবিধি পূর্ব্বেই লিখিত হইয়াছে। দিবার অতিথি অপেক্ষা রাত্রির অতিথিসৎকারে অধিকতর পুণ্যসঞ্চয় হয়।

পশ্চিমশিরা হইয়া শয়ন করিতে পারে। প্রাচীরাদিতে স্পর্শ না হয়, এরূপ ভাবে শয্যা প্রস্তুত করিবে।

শয়নকালে মস্তকের নিকট জলপূর্ণ কলস রাখিয়া নিম্নলিখিত মন্ত্রে প্রণাম করিবে, যথা—

ওঁ বিষ্ণবে নমঃ, ওঁ নন্দিকেশ্বরায় নমঃ, ওঁ নর্ম্মদায়ৈ নমঃ, ওঁ প্রাতর্নর্ম্মদায়ৈ নমঃ।

তদনন্তর নিম্নলিখিত মন্ত্র পড়িয়া শয়ন করিতে হয়, যথা—

ওঁ নমস্তে নর্ম্মদে নিত্যং ত্রাহি মাং বিষসর্পতঃ॥

এই মন্ত্র পড়িয়া শয়ন করত বিষ্ণুকে "ওঁ নমো ব্রহ্মণ্যদেবায়" ইত্যাদি মন্ত্রে প্রণাম পূর্ব্বক তদীয় মূর্ত্তি ধ্যান করিতে করিতে নিদ্রিত হইবে। *

দারোপগমন।

রাত্রির তৃতীয় প্রহরে স্ত্রীসহবাস করিতে হয়। ঋতুকালে আপন স্ত্রীতে সঙ্গত হওয়াই কর্ত্তব্য। প্রতিমাসে রজোদর্শন হইলে সেই দিন হইতে ষোড়শরাত্রি পর্য্যন্তই নারীগণের ঋতুকাল বলিয়া অভিহিত। তন্মধ্যে প্রথম তিন দিন স্ত্রীসহবাস নিষিদ্ধ। অবশিষ্ট কয়দিনের মধ্যে যুগ্মরাত্রিতে অর্থাৎ চতুর্থ, ষষ্ঠ, অষ্টম, দশম, দ্বাদশ, চতুর্দ্দশ ও ষোড়শ রাত্রিতেই স্ত্রীগমন করিবে। পরন্তু ইহার মধ্যে আবার ষষ্ঠী, অষ্টমী, অমাবস্যা, পূর্ণিমা, চতুর্দ্দশী, দ্বাদশী ও সংক্রান্তি, এই সকল তিথি পরিত্যজ্য। এতদ্ব্যতীত

* নিদ্রার পূর্ব্বে মনসাদেবী, আস্তীক ঋষি, জরৎকারুমুনি, বাসুকি, গরুড়, নলরাজা, যুধিষ্ঠির, ভীম, অর্জ্জুন, নকুল, সহদেব ও জীমূতবাহন, ইহাদিগের নাম স্মরণ করাও কর্ত্তব্য।

ব্রতাহ, শ্রাদ্ধের দিন ও তৎপূর্ব্বদিন, উপবাসের দিন এবং জ্যেষ্ঠা, মূলা, অশ্লেষা, মঘা, রেবতী, কৃত্তিকা, অশ্বিনী, পূর্ব্বাষাঢ়া, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ ও উত্তরফল্গুনী এই সকল নক্ষত্রে স্ত্রীসংসর্গ নিষিদ্ধ। পূর্ণগর্ভা স্ত্রীতে অভিগমন করিতে নাই। সহবাসকালে স্ত্রী-পুরুষ উভয়েই দেহ পবিত্র এবং মন প্রফুল্ল ও ভগবচ্চিন্তায় আসক্ত রাখিবে। *

ইতি নিত্যকৃত্য সমাপ্ত।

পূজাপ্রকরণ।

শাস্ত্রে দেবপূজা সম্বন্ধে বহুবিধ উপচারের বিষয় বর্ণিত আছে। এ স্থলে তৎসমুদয় বর্ণন করিয়া গ্রন্থবিস্তৃতি নিষ্প্রয়োজন। সাধারণতঃ ষোড়শোপচার, দশোপচার ও পঞ্চোপচার এই তিন প্রকার উপচার দ্বারা পূজাই প্রচলিত আছে। যে নিয়মে সাধা-

* পুত্রোৎপাদনার্থই নারীসহবাস করিবে, ইহাই আমাদিগের শাস্ত্রের মুখ্য উদ্দেশ্য। পুত্রোৎপাদন যেমন বাঞ্ছনীয়, পুত্র সুন্দরাকৃতি, দীর্ঘায়ু, মেধাবী, সবল ও বুদ্ধিমান্ হয়, ইহাও সেইরূপ অভিপ্রেত। পরন্তু পুত্রকে তদনুরূপ করিতে হইলে, সহবাসকালে স্ত্রী-পুরুষ উভয়েই প্রফুল্লচিত্ত থাকিবে, পরস্পর প্রগাঢ় সাত্ত্বিক প্রেমে নিমগ্ন হইবে এবং ঈশ্বরে চিত্ত একাগ্র রাখিবে। এইরূপ করিলেই সেই দম্পতির পুত্র যে পূর্ব্বোক্তরূপ গুণশালী হইবে, তাহাতে সন্দেহ নাই। ঋতুকাল ভিন্ন অন্যসময়েও নারীর মনস্তুষ্টিবিধানার্থ সহবাস করিতে পারা যায় বটে, কিন্তু স্বয়ং কামোপভোগ চরিতার্থ করিবার জন্য নারীতে উপগত হওয়া অকর্ত্তব্য। ফল কথা, নিয়মানুসারে নারীসহবাস করিলে পিতৃমাতৃদেহের ও তাহাদিগের চিত্তের ভাব এরূপ পরিশুদ্ধ হয় যে, সহজাত দোষনিবন্ধন সন্তান কদাচ অকালে কালগ্রাসে পতিত হয় না।

রণতঃ সর্ব্বত্র নিত্যপূজার বিধি দৃষ্ট হয়, এ স্থলে তাহাই লিখিত হইল। যে কোন সুম্প্রদায়ই হউক্, অগ্রে শিবপূজা করাই কর্ত্তব্য; এই জন্য সর্ব্বাগ্রে শিবপূজাপদ্ধতি প্রদর্শিত হইল।

পার্থিবশিবলিঙ্গপূজা। *

লিঙ্গনির্ম্মাণবিধি—"ওঁ হরায় নমঃ" † এই মন্ত্রে এক তোলা বা দুই তোলা মৃত্তিকা গ্রহণ পূর্ব্বক ‡ "ওঁ মহেশ্বরায় নমঃ" বলিয়া অঙ্গুষ্ঠপ্রমাণ শিবলিঙ্গ নির্ম্মাণ করিবে। মৃত্তিকা সমান তিন অংশ করিয়া উপরের অংশে লিঙ্গ, মধ্যাংশে গৌরীপীঠ (শক্তি-পীঠ) এবং শেষাংশ দ্বারা বেদী (আসন) § প্রস্তুত করিতে হয়।

---

* যেমন সাগরে বুদবুদরাশি সমুত্থিত হইয়া আবার সাগরেই বিলয় প্রাপ্ত হয়, তদ্রূপ যে ব্রহ্মসাগরে অনন্তকোটি ব্রহ্মাণ্ড বিলীন হইতেছে, সেই পরব্রহ্মের নামই লিঙ্গ; সুতরাং লিঙ্গপূজা বলিতে ব্রহ্মোপাসনাই বুঝিতে হইবে। শাস্ত্রেও ইহার প্রমাণ আছে, যথা—

আলয়ং লিঙ্গমিত্যাহুর্লিঙ্গং লিঙ্গমুচ্যতে।
যস্মিন্ সর্ব্বাণি ভূতানি লীয়ন্তে বুদ্‌বুদা ইব॥

লিঙ্গার্চ্চনতন্ত্রে লিখিত আছে, শিবপূজা করা ব্রাহ্মণাদি চতুর্ব্বর্ণেরই কর্ত্তব্য। শাক্ত, বৈষ্ণব, গাণপ, সৌর প্রভৃতি সকল সম্প্রদায়েরাই অগ্রে শিবপূজা করিয়া পরে ইষ্টদেবতার অর্চ্চনা করিবে।

† স্ত্রী ও শূদ্রগণ সকল মন্ত্রেরই প্রণব পরিত্যাগ করিয়া তৎপরিবর্ত্তে 'নমঃ" শব্দ উচ্চারণ করিবে; কিন্তু শিবপূজাস্থলে যখন "নমঃ শিবায় নমঃ" মন্ত্রেই পূজা করিতে হয়, তখন ইহার পূর্ব্বে আবার "নমঃ" যোগ করিবে না।

‡ ব্রাহ্মণ শুক্লবর্ণ, ক্ষত্রিয় রক্তবর্ণ, বৈশ্য হরিদ্রাবর্ণ এবং শূদ্র কৃষ্ণবর্ণ মৃত্তিকা দ্বারা লিঙ্গ নির্ম্মাণ করিবে।

§ ব্রহ্ম নির্গুণ বস্তু; নির্গুণ পদার্থের চিন্তা-ধ্যান অসম্ভব; সুতরাং

উপরের লম্বমান অংশকে লিঙ্গ, মধ্যাংশকে গৌরীপীঠ এবং নিম্নাংশকে বেদী কহে। উভয় হস্তের মধ্যে যে কোন হস্ত দ্বারা শিবলিঙ্গ নির্ম্মাণ করিবে। এক হস্তে সমর্থ না হইলে দুই হস্ত দ্বারা নির্ম্মাণ কবিবে। এই প্রকারে লিঙ্গনির্ম্মাণ পূর্ব্বক একটি ক্ষুদ্র গোলাকার মৃত্তিকা লিঙ্গের মস্তকোপরি দিবে। ইহাকেই বজ্র কহে। *

উপবেশন ও আসননিয়ম।—লিঙ্গ-নির্ম্মাণান্তে (৮ পৃষ্ঠার লিখিত বিধানে) পাদপ্রক্ষালন পূর্ব্বক উত্তরাস্য হইয়া কুশাসনে, কম্বলাসনে অথবা মৃগরোমজ আসনে উপবেশন করিবে। স্বেচ্ছামত যে কোন আসনে বসিবে না, মৃত্তিকাতেও বসিতে নাই। আসনের উচ্চতা তিন অঙ্গুলি, দৈর্ঘ্য দুই হস্ত এবং বিস্তার দেড় হস্তের অধিক হইবে না। (আসন ও মুদ্রাপ্রকরণের লিখিত নিয়মে) পদ্মাসন বন্ধন পূর্ব্বক উপবেশন করাই কর্ত্তব্য। লিঙ্গের পিনাকটিও যাহাতে উত্তরদিকে থাকে, এই প্রকারে বিল্বপত্রের সোজা পৃষ্ঠের উপর বসাইবে। পূজার সময় ললাটে ভস্ম বা মৃত্তিকার ত্রিপুণ্ড্র এবং গলদেশে রুদ্রাক্ষমালা ধারণ করা কর্ত্তব্য।

স্বস্তিবাচন।—অনন্তর (১২ পৃঃ) আচমন ও বিষ্ণুস্মরণ করিয়া দক্ষিণ-হস্তে গুটিকত অক্ষত (আতপ তণ্ডুল) গ্রহণ পূর্ব্বক নিম্ন-

---

শক্তিসহযোগে তাঁহার ধ্যানাদি করা কর্ত্তব্য, এই কারণেই শিবের নিম্নে শক্তি বিরাজিতা থাকেন, তাঁহাকেই গৌরীপীঠ বা যোনিপীঠ অথবা শক্তিপীঠ বলা যায়। বেদী—উপবেশনার্থ আসন।

* যদি অন্য ব্যক্তি লিঙ্গ নির্ম্মাণ করিয়া দেয়, তাহা হইলে পূজক এককালেই "ওঁ হরায় নমঃ" ও "ওঁ মহেশ্বরায় নমঃ" এই দুইটি মন্ত্র উচ্চারণ করিবে।

লিখিত মন্ত্রে স্বস্তিবাচন করিবে অর্থাৎ সেই তণ্ডুলকয়টি নিক্ষেপ করিবে। * যথা—

ওঁ সোমং রাজানং বরুণমগ্নিমন্বারভামহে। আদিত্যং বিষ্ণুং সূর্য্যং ব্রহ্মাণঞ্চ বৃহস্পতিম্। ওঁ স্বস্তি ওঁ স্বস্তি ওঁ স্বস্তি। †

তৎপরে করযোড়ে নিম্নলিখিত মন্ত্র পাঠ করিতে হয়, যথা—

ওঁ সূর্য্যঃ সোমো যমঃ কালঃ সন্ধ্যে ভূতান্যহঃ ক্ষপা।
পবনো দিক্‌পতির্ভূমিরাকাশং খচরামরাঃ।
ব্রাহ্ম্যং শাসনমাস্থায় কল্পধ্বমিহ সন্নিধিম্॥ ‡

* স্ত্রী ও শূদ্রগণ মন্ত্র পাঠ করিবে না, কেবল "নমঃ স্বস্তি, নমঃ স্বস্তি, নমঃ স্বস্তি" বলিয়া তণ্ডুল নিক্ষেপ করিবে।

† যজুর্ব্বেদীয় স্বস্তিবাচনমন্ত্র যথা—ওঁ স্বস্তি ন ইন্দ্রো বৃদ্ধশ্রবাঃ স্বস্তি নঃ পূষা বিশ্ববেদাঃ স্বস্তি নস্তার্ক্ষ্যোঽরিষ্টনেমিঃ স্বস্তি নো বৃহস্পতির্দধাতু। ওঁ গণানান্ত্বা গণপতিং হবামহে প্রিয়াণান্ত্বা প্রিয়পতিং হবামহে নিধীনান্ত্বা নিধিপতিং হবামহে বসো মম। ওঁ স্বস্তি ওঁ স্বস্তি ওঁ স্বস্তি।

ঋগ্বেদীয় স্বস্তিবাচনমন্ত্র।—ওঁ স্বস্তি নো মিমীতামশ্বিনী ভগঃ স্বস্তি দেব্যদিতেরথর্ব্বণঃ স্বস্তি পূষা অসুরো দধাতু নঃ। স্বস্তি দ্যাবা পৃথিবী সুচেতনা স্বস্তি নো বায়ুমুপব্রুবামহৈ। সোমং স্বস্তি ভুবনস্যয়স্পতিঃ। বৃহস্পতিঃ সর্ব্বগণং স্বস্তয়ে স্বস্তয় আদিত্যা শোভবন্তু নঃ বিশ্বেদেবা নো অদ্যাঃ স্বস্তয়ে। বৈশ্বানরো বসুরগ্নিঃ স্বস্তয়ে দেবা অভবন্তু ঋভবঃ স্বস্তয়ে। স্বস্তিনো রুদ্রঃ পাত্বংহসঃ স্বস্তি মিত্রাবরুণা স্বস্তি পথ্যে রেবতিঃ স্বস্তি ন ইন্দ্রশ্চাগ্নিশ্চ স্বস্তি নো অদিতয়ে কৃধি। স্বস্তি পন্থা অনুচরেম সূর্য্যাচন্দ্রমসাবিব। পুনর্দ্দদতা ঘ্নতা জানতা সঙ্গমেমহি। স্বস্ত্যয়নং তার্ক্ষ্যমরিষ্টনেমিং মহদ্‌ভূতং বায়সং দেবানাম্। অসুরঘ্নমন্ত্রসখং সমুৎসুর্ব্বৃহদ্‌যশো নাবমিবারুহেম। অঙ্গো মুচম্যাঙ্গিরসঙ্গয়ঞ্চ স্বস্ত্যাত্রেয়ং মনসা চ তার্ক্ষ্যং প্রেতপাণেঃ শরণং প্রপদ্যে। স্বস্তি সম্বাধে সভয়ং নোঽস্তু। ওঁ স্বস্তি ওঁ স্বস্তি ওঁ স্বস্তি।

‡ কেহ কেহ এই স্থলে সূর্য্যার্ঘ্যপ্রদানের ব্যবস্থা দিয়া থাকেন।

সামান্যার্ঘ্য।—তদনন্তর সামান্যার্ঘ্য স্থাপন করিবে। বামদিকে ভূমিতে একটি চতুষ্কোণ, তন্মধ্যে বৃত্ত এবং তাহার মধ্যে ত্রিকোণ-মণ্ডল অঙ্কন পূর্ব্বক তদুপরি "এতে গন্ধপুষ্পে ওঁ আধারশক্তয়ে নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ কূর্ম্মায় নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ অনন্তায় নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ পৃথিব্যৈ নমঃ" এই চারি মন্ত্রে চারিবার গন্ধ-পুষ্প দিবে। * তৎপরে "ফট্" মন্ত্রে কোশা ধৌত করত ত্রিকোণো-পরি একটি পাত্র স্থাপন পূর্ব্বক তদুপরি কোশা রাখিয়া "নমঃ" মন্ত্রে উহাতে জল পূর্ণ করিবে। অনন্তর কোশার অগ্রভাগে অর্ঘ্য সাজাইবে অর্থাৎ গন্ধ, পুষ্প, অক্ষত, বিল্বপত্র, গর্ভশূন্য ত্রিপত্র ও দূর্ব্বা স্থাপন করিবে। তৎপরে জলশুদ্ধি করিবে।

জলশুদ্ধি।—অঙ্কুশমুদ্রাযোগে তর্জ্জনীর অগ্র দ্বারা ঐ জল আলোড়ন পূর্ব্বক "ওঁ গঙ্গে চ যমুনে চৈব" ইত্যাদি মন্ত্রে তীর্থ আবাহন করিয়া "এতে গন্ধপুষ্পে ওঁ জলায় নমঃ" মন্ত্রে জলে গন্ধপুষ্প প্রদান করিবে। পরে "বং" এই মন্ত্রে ধেনুমুদ্রা দেখাইয়া মৎস্যমুদ্রা দ্বারা ঐ জল আচ্ছাদন করত তদুপরি দশবার বা অষ্টবার প্রণব জপ করিবে। † অনন্তর ঐ জল তিনবার ভূতলে ছিটাইয়া দিয়া আপনার মস্তকে ও যাবতীয় পূজোপকরণে কিঞ্চিৎ কিঞ্চিৎ প্রক্ষেপ করিবে।

আসনশুদ্ধি।—অনন্তর আসনশুদ্ধি করিতে হয়। ‡ আসনের

---

* পুষ্পের অভাব হইলে গন্ধ ও আতপতণ্ডুল লইয়া "এতে গন্ধাক্ষতে" ইত্যাদিরূপ বলিবে।

† স্ত্রী ও শূদ্রগণ "নমঃ" বলিবে।

‡ কেহ কেহ সামান্যার্ঘ্যস্থাপনের পূর্ব্বে আসনশুদ্ধির ব্যবস্থা দিয়া থাকেন।

নিম্নে ত্রিকোণমণ্ডল অঙ্কন পূর্ব্বক "এতে গন্ধপুষ্পে ওঁ হ্রীঁ আধার-শক্তিকমলাসনায় নমঃ" বলিয়া একটি সচন্দন পুষ্প আসনের উপর দিবে। * তৎপরে আসন ধরিয়া নিম্নলিখিত মন্ত্র পাঠ করিবে, যথা—

আসনমন্ত্রস্য মেরুপৃষ্ঠ-ঋষিঃ সুতলং ছন্দঃ কূর্ম্মো দেবতা আসনোপবেশনে বিনিয়োগঃ।

ওঁ পৃথ্বি ত্বয়া ধৃতা লোকা দেবি ত্বং বিষ্ণুনা ধৃতা।
ত্বঞ্চ ধারয় মাং নিত্যং পবিত্রং কুরু চাসনম্॥

তৎপরে করযোড়ে (বামে) ওঁ গুরুভ্যো নমঃ, ওঁ পরমগুরুভ্যো নমঃ, ওঁ পরাপরগুরুভ্যো নমঃ; (দক্ষিণে) ওঁ গণেশায় নমঃ; (ঊর্দ্ধে) ওঁ ব্রহ্মণে নমঃ; (অধঃ) ওঁ অনন্তায় নমঃ; (মধ্যে) ওঁ নারায়ণায় নমঃ; (সম্মুখে) ওঁ অমুকদেবতায়ৈ (স্ব স্ব অভীষ্টদেব) নমঃ বলিয়া যথাযথ স্থান স্পর্শ পূর্ব্বক প্রণাম করিবে। †

বিঘ্নাপসরণ।—তৎপরে বিঘ্ননিবারণ করিবে। "ওঁ নমঃ শিবায়" মন্ত্র পাঠ সহকারে ঊর্দ্ধে নেত্রপাত পূর্ব্বক ঊর্দ্ধভাগস্থ, "অস্ত্রায় ফট্" মন্ত্র পাঠ সহকারে দক্ষিণ-হস্ত দ্বারা দক্ষিণাবর্ত্তে মস্তকের চারিদিকে শূন্যে জলপ্রোক্ষণ পূর্ব্বক শূন্যমার্গস্থ এবং বামচরণের গুল্‌ফ দ্বারা বামদিকে ভূতলে বারত্রয় আঘাত পূর্ব্বক ভূতলস্থ নিখিল বিঘ্ন বিদূরিত হইয়াছে চিন্তা করিয়া, তণ্ডুলের উপর সাতবার "ফট্" এই মন্ত্র জপ করিবে। পরে নারাচমুদ্রা দ্বারা ঐ তণ্ডুল লইয়া নিম্নলিখিত মন্ত্রপাঠ পূর্ব্বক ভূতলে ফেলিয়া দিবে। যথা—

* পুষ্পের অভাবে "এতে গন্ধাক্ষতে" বলিয়া সচন্দন আতপতণ্ডুল দিবে।

† এই স্থলে অনেকে সূর্য্যার্ঘ্যপ্রদানের ব্যবস্থা দিয়া থাকেন।

ওঁ অপসর্পন্তু তে ভূতা যে ভূতা ভুবি সংস্থিতাঃ।
যে ভূতা বিঘ্নকর্ত্তারস্তে নশ্যন্তু শিবাজ্ঞয়া॥

অনন্তর এইরূপ চিন্তা করিবে যে, গৃহমধ্যস্থ বিঘ্নরাশিও বিদূরিত হইয়াছে।

গন্ধাদির অর্চ্চনা।—অনন্তর গন্ধাদির অর্চ্চনা করিতে হয়। শাস্ত্রে লিখিত আছে যে, কোন দ্রব্য অর্চ্চনা না করিয়া দেবতাকে প্রদান করিলে তাহা দেবতারা গ্রহণ করেন না; উহা অসুরগণের ভোগ্য হয়। প্রথমে "বং এতেভ্যো গন্ধাদিভ্যো নমঃ" বলিয়া গন্ধাদির উপর তিনবার জলের ছিটা দিবে। তৎপরে গন্ধপুষ্প লইয়া "এতে গন্ধপুষ্পে ওঁ এতদধিপতয়ে বিষ্ণবে নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ এতৎসম্প্রদানেভ্যো নারায়ণাদিভ্যো নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ এতেভ্যো গন্ধাদিভ্যো নমঃ" বলিয়া এক একটি গন্ধপুষ্প প্রক্ষেপ করিবে।

নারায়ণাদির অর্চ্চনা।—তৎপরে নিম্নলিখিত মন্ত্রে এক একটি গন্ধপুষ্প প্রক্ষেপ করিয়া নারায়ণাদির অর্চ্চনা করিতে হয়। যথা—

এতে গন্ধপুষ্পে ওঁ নারায়ণায় নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ গুরবে নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ আদিত্যাদি-নবগ্রহেভ্যো নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ ব্রাহ্মণেভ্যো নমঃ।

গণেশাদিপূজা।—অনন্তর পঞ্চোপচারে শালগ্রামে বা জলে গণেশাদি পঞ্চদেবতার অর্চ্চনা করিবে। শূদ্র ও স্ত্রীলোকে জলে করিবে।

গণেশপূজা।—প্রথমতঃ "গাং গীং গূং গৈং গৌং গঃ" এই মন্ত্রে করন্যাসাঙ্গন্যাসপদ্ধতির নিয়মে করাঙ্গন্যাস করিয়া কূর্ম্মমুদ্রাযোগে একটি পুষ্প গ্রহণ পূর্ব্বক ধ্যান করিবে। যথা—

খর্ব্বং স্থূলতনুং গজেন্দ্রবদনং লম্বোদরং সুন্দরং,
প্রস্যন্দন্মদগন্ধলুব্ধমধুপব্যালোলগণ্ডস্থলম্।
দন্তাঘাতবিদারিতারিরুধিরৈঃ সিন্দূরশোভাকরং,
বন্দে শৈলসুতাসুতং গণপতিং সিদ্ধিপ্রদং কর্ম্মসু॥

এইরূপে ধ্যান করত স্বীয় মস্তকে পুষ্পটি দিয়া মানসপূজা সম্পাদন পূর্ব্বক পুনরায় করাঙ্গন্যাস ও ধ্যানান্তে শিলার উপর পুষ্পটি দিবে এবং নিম্নলিখিতরূপে পূজা করিবে। যথা—

"এষ গন্ধঃ ওঁ গণেশায় নমঃ, এতৎ পুষ্পং ওঁ গণেশায় নমঃ, এষ ধূপঃ ওঁ গণেশায় নমঃ, এষ দীপঃ ওঁ গণেশায় নমঃ, এতন্নৈবেদ্যং ওঁ গণেশায় নমঃ।

তৎপরে "ওঁ গণেশায় নমঃ" এই মন্ত্র দশবার বা অষ্টোত্তরশত জপ করিয়া "গুহ্যাদিগুহ্য" ইত্যাদি মন্ত্রে জপ সমর্পণ পূর্ব্বক প্রণাম করিবে। যথা—

ওঁ দেবেন্দ্রমৌলিমন্দার-মকরন্দকণারুণাঃ।
বিঘ্নং হরন্তু হেরম্ব-চরণাম্বুজরেণবঃ॥

তৎপরে "ওঁ শিবাদিপঞ্চদেবতাভ্যো নমঃ" এই মন্ত্রে পঞ্চোপচারে পূজা করিয়া সূর্য্যপূজা করিবে।

সূর্য্যপূজা—গণেশপূজাপদ্ধতির নিয়মে "ওঁ শ্রীসূর্য্যায় নমঃ" এই মন্ত্রে পূজা করিতে হয়। কেবল ধ্যান ও প্রণামমন্ত্র পৃথক্। ধ্যান যথা—

রক্তাম্বুজাসনমশেষগুণৈকসিন্ধুং,
ভানুং সমস্তজগতামধিপং ভজামি।
পদ্মদ্বয়াভয়বরান্ দধতং করাব্জৈ-
র্মাণিক্যমৌলিমরুণাঙ্গরুচিং ত্রিনেত্রম্॥

পূজান্তে "এহি সূর্য্য সাহস্রাংশো" ইত্যাদি মন্ত্রে অর্ঘ্যপ্রদান করিয়া "জবাকুসুমসঙ্কাশং" ইত্যাদি মন্ত্রে প্রণাম করিবে।

বিষ্ণুপূজা।—তৎপরে ঐরূপ গণেশপূজাপদ্ধতি অনুসারে পঞ্চোপচারে "ওঁ বিষ্ণবে নমঃ" মন্ত্রে বিষ্ণুর পূজা করিবে। কেবল ধ্যান ও প্রণামমন্ত্র পৃথক্। ধ্যান যথা—

ওঁ ধ্যেয়ঃ সদা সবিতৃমণ্ডলমধ্যবর্ত্তী,
নারায়ণঃ সরসিজাসনসন্নিবিষ্টঃ।
কেয়ূরবান্ কনককুণ্ডলবান্ কিরীটী,
হারী হিরণ্ময়বপুর্ধৃতশঙ্খচক্রঃ॥

যথাবিধি পূজান্তে "ওঁ নমো ব্রহ্মণ্যদেবায়" ইত্যাদি মন্ত্রে প্রণাম করিবে।

শিবপূজা।—শিবের ধ্যান, পূজামন্ত্র ও প্রণামমন্ত্র যথাস্থানে লিখিত আছে, তদনুসারে পঞ্চোপচারে পূজা করিবে।

জয়দুর্গাপূজা।—অনন্তর ঐরূপে পঞ্চোপচারে "ওঁ দুর্গায়ৈ নমঃ" মন্ত্রে জয়দুর্গার পূজা করিবে। কেবল ধ্যান ও প্রণামমন্ত্র পৃথক্। ধ্যান যথা—

কালাভ্রাভাং কটাক্ষৈররিকুলভয়দাং মৌলিবদ্ধেন্দুরেখাং,
শঙ্খং চক্রং কৃপাণং ত্রিশিখমপি করৈরুদ্বহন্তীং ত্রিনেত্রাম্।
সিংহস্কন্ধাধিরূঢ়াং ত্রিভুবনমখিলং তেজসা পূরয়ন্তীং,
ধ্যায়েদ্দুর্গাং জয়াখ্যাং ত্রিদশপরিবৃতাং সেবিতাং সিদ্ধিকামৈঃ॥

যথাবিধি পূজান্তে নিম্নলিখিত মন্ত্রে প্রণাম করিবে। যথা—

ওঁ সর্ব্বমঙ্গলমঙ্গল্যে শিবে সর্ব্বার্থসাধিকে।
শরণ্যে ত্র্যম্বকে গৌরি নারায়ণি নমোঽস্তু তে॥

করশুদ্ধি।—তদনন্তর করশুদ্ধি করিবে। একটি সচন্দন পুষ্প

লইয়া "ঐঁ রং অস্ত্রায় ফট্" মন্ত্রে হস্তদ্বয় দ্বারা উহা ঘর্ষণ পূর্ব্বক বামদিকে ফেলিয়া দিবে। তৎপরে সম্মুখভাগে ঊর্দ্ধদেশে যথাক্রমে তিনটি তাঁলি দিয়া দক্ষিণাবর্ত্তে পূর্ব্বদিক্ হইতে দশদিকে তুড়ি প্রদান পূর্ব্বক দশদিগ্বন্ধন করিবে।

ভূতশুদ্ধি।—তৎপরে ভূতশুদ্ধি করিতে হয়। "রং" মন্ত্রে জলধারা দ্বারা স্বদেহ বেষ্টন পূর্ব্বক ঐ জলধারাকে অগ্নিময় প্রাচীর চিন্তা করত হস্তদ্বয় উত্তানভাবে বামদক্ষিণক্রমে উপর্য্যুপরি নিজক্রোড়দেশে স্থাপন করিবে। অনন্তর "সোঽহং" চিন্তা করত * হৃৎপ্রদেশস্থ দীপকলিকাবৎ জীবাত্মাকে মূলাধারস্থ কুণ্ডলিনীশক্তি সহ সুষুম্নামার্গে মূলাধার, স্বাধিষ্ঠান, মণিপূর, অনাহত, বিশুদ্ধ ও আজ্ঞা নামক চক্রে চতুর্দ্দল, ষড়্দল, দশদল, ষোড়শদল ও দ্বিদলপদ্ম ভেদ করত মস্তকস্থ অধোবদন সহস্রারকমলের কর্ণিকাভ্যন্তরগত পরামাত্মাতে সংযোগ করিয়া তাহাতেই দৈহিক ক্ষিতি, অপ্, তেজ, মরুৎ, ব্যোম, গন্ধ, রস, রূপ, শব্দ, স্পর্শ, ঘ্রাণ, জিহ্বা, নেত্র, ত্বক্, কর্ণ, বাক্, কর, চরণ, পায়ু, উপস্থ, প্রকৃতি, মন, বুদ্ধি ও অহঙ্কার এই চতুর্বিংশতিতত্ত্বকে বিলীন ভাবনা করিবে। অনন্তর বামনাসাপুটে "যং" এই বায়ুবীজকে ধূম্রবর্ণ ভাবনা করিয়া প্রাণায়ামবিধি অনুসারে ঐ বীজ ষোড়শবার জপ করত বায়ু দ্বারা দেহ পূর্ণ করিবে এবং নাসাপুট রোধ করিয়া চতুঃষষ্টিবার জপ দ্বারা কুম্ভক করত বামকুক্ষিস্থ কৃষ্ণবর্ণ, খর্ব্ব, পিঙ্গলনেত্র পিঙ্গলকেশ পাপপুরুষের সহিত নিজদেহকে শোষণ করিবে। তৎপরে ঐ বীজ দ্বাত্রিংশদ্বার জপ করিয়া দক্ষিণনাসিকারন্ধ্র দ্বারা বায়ু পরিত্যাগ করিবে। অনন্তর দক্ষিণনাসিকাপুটে "রং" এই অগ্নিবীজ চিন্তা করত উহা

* শক্তিবিষয়ে "হংস" এবং শূদ্রেরা "নমঃ" চিন্তা করিবে।

ষোড়শবার জপ করিয়া বায়ু দ্বারা দেহ পূর্ণ করিবে এবং নাসাপুট-যুগল রোধ পূর্ব্বক ঐ বীজ চতুঃষষ্টিবার জপসহকারে কুম্ভক করিয়া মূলাধারোত্থিত বহ্নি দ্বারা পাপপুরুষ সহ নিজ শরীর দগ্ধ করত পুনর্ব্বার দ্বাত্রিংশদ্বার জপ করিবে। তৎপরে বামনাসাপুট দ্বারা দগ্ধভস্ম সহ ঐ বায়ু ত্যাগ করিবে। তদনন্তর বামনাসাপুটে "ঠং" এই সোমবীজ ধ্যান বরত ষোড়শবার জপ দ্বারা শ্বাস আকর্ষণ পূর্ব্বক ঐ বীজাকৃতি সোমকে ললাটদেশে ধ্যান করিয়া নাসাপুট-দ্বয় রোধ করিবে এবং "বং" এই বরুণবীজ চতুঃষষ্টিবার জপ করিয়া কুম্ভক করত উল্লিখিত সোমদেব হইতে বিগলিত পঞ্চাশৎ-মাতৃকার্ণস্বরূপ সুধা দ্বারা সমগ্র দেহকে নূতন-গঠিতবৎ চিন্তা করিবে। পরে "লং" এই ধরাবীজ দ্বাত্রিংশদ্বার জপ করিয়া নিজ শরীরকে সুদৃঢ় জ্ঞান করত দক্ষিণনাসাপুট দ্বারা বায়ু ত্যাগ করিবে। তদনন্তর "হংসঃ" (শূদ্র ও স্ত্রীলোকেরা "নমঃ") এই মন্ত্র দ্বারা বিলীন কুণ্ডলিনী সহ জীবাত্মা ও চতুর্ব্বিংশতি তত্ত্বকে পুনর্ব্বার স্বস্থানে আবির্ভূত ধ্যান করিবে। পরে নিজদেহকে দেব-দেহ সহ অভেদরূপে ধ্যান করিতে হয়। এই প্রকারে ভূতশুদ্ধি করিয়া মাতৃকান্যাস করিবে।

মাতৃকান্যাস।* —প্রথমে করপুট হইয়া নিম্নলিখিত মন্ত্র পাঠ করিবে, যথা—

অস্য মাতৃকামন্ত্রস্য ব্রহ্মা ঋষির্গায়ত্রীচ্ছন্দো মাতৃকা-সরস্বতী দেবতা হলো বীজানি স্বরাঃ শক্তয়ো মাতৃকান্যাসে বিনিয়োগঃ।

* মন্ত্রপাঠ সহকারে নির্দ্দিষ্ট স্থলে অঙ্গুলীস্থাপনকেই ন্যাস বলে। যে ন্যাসে কোন অঙ্গুলীর নিয়ম নাই, তথায় পুষ্প দ্বারা অথবা অঙ্গুষ্ঠ ও অনামিকা যোগ করিয়া ন্যাস করিতে হয়।

এই মন্ত্র পাঠ করিয়া মস্তকে দক্ষিণ-হস্ত প্রদা . পূর্ব্বক ওঁ ব্রহ্মণে ঋষয়ে নমঃ", মুখে "ওঁ গায়ত্রীচ্ছন্দসে নমঃ", হৃদি মাতৃকাসরস্বত্যৈ দেবতায়ৈ নমঃ", গুহ্যে "ওঁ ব্যঞ্জনেভ্যো বীজেভ্যো নমঃ", পাদয়োঃ "ওঁ স্বরেভ্যঃ শক্তিভ্যো নমঃ" বলিয়া হস্ত স্পর্শ করিবে। * তৎপরে "অং কং খং গং ঘং ঙং আং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ" বলিয়া দুই হস্তেরই তর্জ্জনী অঙ্গুলী বৃদ্ধাঙ্গুষ্ঠের উপর দিবে; "ইং চং ছং জং ঝং ঞং ঈং তর্জ্জনীভ্যাং স্বাহা" বলিয়া উভয় হস্তের অঙ্গুষ্ঠ তর্জ্জনীর উপর; "উং টং ঠং ডং ঢং ণং ঊং মধ্যমাভ্যাং বষট্" বলিয়া উভয় হস্তের বৃদ্ধাঙ্গুলী মধ্যমার উপর; "এং তং থং দং ধং নং ঐং অনামিকাভ্যাং হুং" বলিয়া উভয় হস্তের বৃদ্ধাঙ্গুলী অনামিকার উপর এবং "ওং পং ফং বং ভং মং ঊং কনিষ্ঠাভ্যাং বৌষট্" বলিয়া উভয় হস্তের অঙ্গুষ্ঠ কনিষ্ঠার উপর দিবে। পরে "অং যং রং লং বং শং ষং সং হং লং ক্ষং অঃ করতলপৃষ্ঠাভ্যাং ফট্" বলিয়া দক্ষিণহস্তের তর্জ্জনী ও মধ্যমা যোগ করত বামকরের পৃষ্ঠ ও তলস্পর্শ পূর্ব্বক তালি দিবে। অনন্তর "অং কং খং গং ঘং ঙং আং হৃদয়ায় নমঃ" বলিয়া দক্ষিণহস্তের তর্জ্জনী, মধ্যমা ও অনামার অগ্রদেশ দ্বারা বক্ষঃস্থল; ইং চং ছং জং ঝং ঞং ঈং শিরসে স্বাহা" বলিয়া তর্জ্জনী ও মধ্যমার অগ্র দ্বারা মস্তক; "উং টং ঠং ডং ঢং ণং ঊং শিখায়ৈ বষট্" বলিয়া বৃদ্ধাঙ্গুষ্ঠের অগ্র দ্বারা শিখা; "এং তং থং দং ধং নং ঐং কবচায় হুং" বলিয়া দক্ষিণ-হস্তের পঞ্চাঙ্গুলীর অগ্রদেশ দ্বারা বামবাহু ও বামহস্তের পঞ্চাঙ্গুলীর অগ্র দ্বারা দক্ষিণ-বাহু এবং "ওং পং ফং বং ভং মং ঔং নেত্রত্রয়ায় বৌষট্" বলিয়া দক্ষিণ-হস্তের তর্জ্জনী, মধ্যমা ও অনামার অগ্র

* সর্ব্বত্রই দক্ষিণ-হস্ত দ্বারা স্পর্শ করা বিধি।

দ্বারা যথাক্রমে দুই চক্ষু ও নাসিকার মূল স্পর্শ করিবে। তৎপরে "অং যং রং লং বং শং ষং সং হং লং ক্ষং অঃ করতলপৃষ্ঠাভ্যাং ফট্" বলিয়া দক্ষিণ-হস্তের তর্জ্জনী ও মধ্যমা যোগ করত বামহস্তের পৃষ্ঠ ও তল স্পর্শ করিয়া তালি দিবে। * তৎপরে প্রাণায়াম করিতে হয়।

প্রাণায়াম।—"নমঃ শিবায় নমঃ" শিবের এই মূলমন্ত্র বা প্রণব ষোড়শবার জপ দ্বারা পূরণ, চতুঃষষ্টিবার জপ দ্বারা কুম্ভক এবং দ্বাত্রিংশদ্বার জপ দ্বারা রেচকরূপ প্রাণায়াম করিতে হয়। অসমর্থ হইলে চারিবার জপ দ্বারা পূরণ, ষোড়শবার জপ দ্বারা কুম্ভক এবং আটবার জপ দ্বারা রেচন করিবে। প্রাণায়ামের প্রণালী পূর্ব্বেই লিখিত হইয়াছে। †

প্রাণপ্রতিষ্ঠা।—অনন্তর কাংস্য, রৌপ্য বা স্বর্ণপাত্র ইত্যাদি যথাবিহিত পাত্রে যথাযথভাবে স্থিত শিবলিঙ্গের প্রাণপ্রতিষ্ঠা করিতে হয় অর্থাৎ লেলিহামুদ্রাযোগে দূর্ব্বা, তণ্ডুল বা পুষ্প দ্বারা শিবলিঙ্গ ধরিয়া "ওঁ শূলপাণে ইহ সুপ্রতিষ্ঠিতো ভব" বলিয়া প্রাণ-প্রতিষ্ঠা করিবে। তৎপরে অঙ্গন্যাস ও করন্যাস করিতে হয়। ‡

---

* অঙ্গন্যাস-করন্যসের প্রণালী সর্ব্বত্রই এইরূপ, কেবল মন্ত্র ভিন্ন ভিন্ন।

† অনেকে পূর্ব্বলিখিত স্থলে গণেশাদি পঞ্চদেবতার পূজা না করিয়া এই স্থলে তাহা সম্পাদন পূর্ব্বক সূর্য্যার্ঘ্য দিয়া থাকেন।

‡ অনেকে এই স্থানে "হরায় নমঃ" মন্ত্রে শিবলিঙ্গের মস্তকে কিঞ্চিৎ জল দিয়া বজ্রটি নামাইয়া পিনাকোপরি স্থাপন করেন এবং "মহেশ্বরায় নমঃ" বলিয়া মস্তকটি একটু টিপিয়া দিয়া তৎপরে প্রাণপ্রতিষ্ঠা করিয়া থাকেন। ফল কথা, লিঙ্গের মস্তকে এরূপভাবে জল দিবে যে, বজ্রটি স্বয়ং যথাস্থানে পতিত হয়। ইহাতে অসমর্থ হইলে হস্ত দ্বারা তুলিয়া পিনাকোপরি রাখিবে।

অঙ্গন্যাস।—"ওঁ হৃদয়ায় নমঃ" বলিয়া বক্ষঃস্থল, "নং শিরসে স্বাহা" বলিয়া মস্তক, "মং শিখায়ৈ বষট্" বলিয়া শিখা, "শিং কবচায় হুং" বলিয়া বামবাহু ও দক্ষিণবাহু এবং "বাং নেত্রত্রয়ায় বৌষট্" বলিয়া দুই চক্ষু ও নাসিকার মূল স্পর্শ করত "য়ঃ করতলপৃষ্ঠাভ্যাং ফট্" বলিয়া বামহস্তের পৃষ্ঠ ও তল স্পর্শ করত তালি দিবে।

করন্যাস।—"ওঁ অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ, নং তর্জ্জনীভ্যাং স্বাহা, মং মধ্যমাভ্যাং বষট্, শিং অনামিকাভ্যাং হুং, বাং কনিষ্ঠাভ্যাং বৌষট্" বলিয়া যথাক্রমে যথাযথ অঙ্গুলীর উপর যথাবিহিত অঙ্গুলী স্পর্শ করাইয়া "য়ঃ করতলপৃষ্ঠাভ্যাং অস্ত্রায় ফট্" বলিয়া দক্ষিণ-হস্তের তর্জ্জনী ও মধ্যমা যোগ করত বামহস্তের পৃষ্ঠ ও তল স্পর্শ করিয়া তালি দিবে। * তৎপরে ঋষ্যাদিন্যাস ও ব্যাপকন্যাস করিতে হয়।

ঋষ্যাদিন্যাস।—"ওঁ বামদেব-ঋষয়ে নমঃ" বলিয়া শিরঃ-প্রদেশে, "ওঁ পঙ্‌ক্তিচ্ছন্দসে নমঃ" বলিয়া মুখে, "ওঁ ঈশানায় দেবতায়ৈ নমঃ" বলিয়া হৃদয়ে দক্ষিণ-হস্ত স্পর্শ করাইবে।

ব্যাপকন্যাস।—হস্তদ্বয় প্রসারণ পূর্ব্বক "ওঁ নমঃ শিবায়" বলিয়া দুই হাত মস্তক হইতে চরণ পর্য্যন্ত, পুনরায় চরণ হইতে মস্তক পর্য্যন্ত নয়বার, সপ্তবার, পঞ্চবার অথবা তিনবার লইয়া যাইবে।

ধ্যান।—তদনন্তর কূর্ম্মমুদ্রা দ্বারা বামহস্তে একটি পুষ্প বা বিল্বপত্র লইয়া ধ্যান করিতে হয়, যথা—

ওঁ ধ্যায়েন্নিত্যং মহেশং রজতগিরিনিভং চারুচন্দ্রাবতংসং,

রত্নাকল্পোজ্জ্বলাঙ্গং পরশুমৃগবরাভীতিহস্তং প্রসন্নম্।

---

* অঙ্গন্যাসে ও করন্যাসে যে যে অঙ্গুলী দ্বারা যে ভাবে স্পর্শ করিতে হয়, তাহা ইতিপূর্ব্বে ১১০, ১১১, ১১২ পৃষ্ঠায় লিখিত হইয়াছে।

পদ্মাসীনং সমন্তাৎ স্তুতমমরগণৈর্ব্যাঘ্রকৃত্তিং বসানং,
বিশ্বাদ্যং বিশ্ববীজং নিখিলভয়হরং পঞ্চবক্ত্রং ত্রিনেত্রম্ ॥

এই ধ্যান পাঠ করিয়া পুষ্প বা বিল্বপত্রটি আপনার মস্তকে দিবে এবং প্রার্থনামুদ্রা প্রদর্শন পূর্ব্বক "আমি শিব" এই প্রকার ভাবনা করত হৃৎকমলাভ্যন্তরে ধ্যানলিখিত আকৃতি চিন্তা করিতে করিতে মানসপূজা করিবে।

মানসপূজা।—মানসার্চ্চনাতে যাহা কিছু কর্ত্তব্য, তৎসমস্তই মনে মনে করিতে হয়। ইহাতে বাহ্য উপকরণের প্রয়োজন নাই। হৃৎকমলাভ্যন্তরে সুধাসাগর চিন্তা করিবে। তাহার মধ্যে রত্নদ্বীপমধ্যস্থ কল্পতরুমূলে দেবতার রূপ ধ্যান করিয়া হৃৎকমলেই আসন প্রদান পূর্ব্বক স্বাগত * জিজ্ঞাসা করিয়া লিঙ্গমূলস্থ কুলকুণ্ডলিনীচক্রস্থিত জলরূপ পাদ্য, মনোরূপ অর্ঘ্য, মস্তকস্থিত সহস্রদলপদ্ম হইতে নিঃসৃত সুধারূপ আচমনীয়, ক্ষিত্যাদি চতুর্বিংশতিতত্ত্বরূপ গন্ধ, দয়াদিরূপ পুষ্প, প্রাণরূপ ধূপ, তেজোরূপ দীপ, ধর্ম্মাধর্ম্মরূপ নৈবেদ্য, সুধাসাগরের জলরূপ পানীয়, হৃৎকমলস্থ অনাহতচক্রের ধ্বনিরূপ বাদ্য এই সমস্ত মনে মনে অর্পণ করিবে। তৎপরে মনে মনে "ওঁ নমঃ শিবায়" এই মূলমন্ত্র যথাশক্তি জপ করিয়া মনে মনেই স্তবপাঠ, প্রদক্ষিণ ও নমস্কার করিতে হয়। তৎপরে বিশেষার্ঘ্য স্থাপন করিবে।

বিশেষার্ঘ্য। †—সম্মুখস্থ কোশার বামদিকে মৃত্তিকায় জলাভ্যুক্ষণ

---

* অর্চ্চিতব্য দেবতাকে শুভাগমনজিজ্ঞাসা করার নাম স্বাগত।

† শিবপূজায় স্বর্ণ, রৌপ্য বা তাম্রপাত্রে অর্ঘ্যস্থাপনই কর্ত্তব্য; শিব ও সূর্য্যপূজায় শঙ্খে অর্ঘ্যস্থাপন করিতে নাই। অন্যান্য দেবতার অর্ঘ্যস্থাপন শঙ্খে হইতে পারে। অর্ঘ্যপাত্র ষট্‌ত্রিংশৎ অঙ্গুলী-পরিমিত হইলেই উত্তম,

পূর্ব্বক তদুপরি ত্রিকোণমণ্ডল অঙ্কন করিয়া তাহার উপর ত্রিপদী স্থাপন কবিবে। তৎপরে "ফট্" মন্ত্রে জল দ্বারা অর্ঘ্যপাত্র প্রক্ষালন পূর্ব্বক ত্রিপদীর উপর রাখিয়া "নমঃ" মন্ত্রে তাহাতে গন্ধ, পুষ্প, তণ্ডুল ও দূর্ব্বা দিবে। অনন্তর "ওঁ নমঃ শিবায়" এই মূলমন্ত্র * এবং ক্ষং লং হং সং ষং সং বং লং রং যং মং ভং বং ফং পং নং ধং দং থং তং ণং ঢং ডং ঠং টং ঞং ঝং জং ছং চং ঙং ঘং গং খং কং অঃ অং ঔং ওং ঐং এং ৡং ঌং ৠং ঋং ঊং উং ঈং ইং আং অং" এই বিলোম মাতৃকাবর্ণ উচ্চারণ পূর্ব্বক স্বচ্ছজল দ্বারা অর্ঘ্যপাত্র পূর্ণ করিবে। তদনন্তর ত্রিপদীতে "মং বহ্নিমণ্ডলায় দশকলাত্মনে নমঃ", অর্ঘ্যপাত্রে "অং সূর্য্যমণ্ডলায় দ্বাদশকলাত্মনে নমঃ", এবং জলে "উং সোমমণ্ডলায় ষোড়শকলাত্মনে নমঃ" বলিয়া তণ্ডুলপ্রদান পূর্ব্বক পূজা করিয়া অঙ্কুশমুদ্রাযোগে অর্ঘ্য-পাত্রস্থ জল আলোড়ন করিতে করিতে "গঙ্গে চ যমুনে চৈব" ইত্যাদি মন্ত্র পাঠ করিবে। পরে এইরূপ চিন্তা করিবে যে, সূর্য্য-মণ্ডল হইতে তীর্থসকল মদীয় অর্ঘ্যপাত্রে অবতীর্ণ হইলেন। অনন্তর "ওঁ নমঃ শিবায়" মন্ত্রে হৃৎকমলস্থ মহাদেবকে ঐ জলে আনয়ন পূর্ব্বক "হুঁ" মন্ত্রে জলের উপর অবগুণ্ঠনমুদ্রা প্রদর্শন করত "ফট্" মন্ত্রে ঐ জলের উপর গালিনীমুদ্রা দেখাইবে। তদনন্তর "ওঁ নমঃ শিবায় নমঃ" মন্ত্রে সেই জলের দিকে দৃষ্টিপাত পূর্ব্বক

চতুর্ব্বিংশত্যঙ্গুলী হইলে মধ্যম এবং দ্বাদশাঙ্গুলপ্রমাণ হইলেই অধম। পরন্তু অষ্টাঙ্গুলীর ন্যূন হইলে তাহাতে অর্ঘ্যস্থাপন করিতে নাই।

* সকল দেবতার পূজাতেই বিশেষার্ঘ্য-স্থাপনের প্রণালী এইরূপ। প্রভেদ এই যে, এ স্থলে যেখানে যেখানে "ওঁ নমঃ শিবায়" মূলমন্ত্র আছে, অন্যান্য দেবতাপূজায় সেই সেই স্থানে তত্তদ্দেবতার মূলমন্ত্র উচ্চার্য্য।

গন্ধপুষ্প দ্বারা শিবের ষড়ঙ্গে (অঙ্গন্যাসমন্ত্রে) * পূজা করিবে। যথা—

এতে গন্ধপুষ্পে ওঁ হৃদয়ায় নমঃ, এতে গন্ধপুষ্পে নং শিরসে স্বাহা, এতে গন্ধপুষ্পে মং শিখায়ৈ বষট্, এতে গন্ধপুষ্পে শিং কবচায় হুং, এতে গন্ধপুষ্পে বাং নেত্রত্রায়ায় বৌষট্, এতে গন্ধপুষ্পে য়ঃ করতলপৃষ্ঠাভ্যাং অস্ত্রায় ফট্।

এক একটি মন্ত্র পড়িয়া জলে গন্ধপুষ্প প্রদান করিবে। † তদনন্তর গন্ধপুষ্প দ্বারা "ওঁ নমঃ শিবায় নমঃ" মন্ত্রে সেই জলমধ্যে শিবের অর্চ্চনা করিয়া মৎস্যমুদ্রা দ্বারা জল আচ্ছাদন পূর্ব্বক তদুপরি আটবার মূলমন্ত্র জপ করত ধেনুমুদ্রা দেখাইবে। তৎপরে "ফট্" মন্ত্র উচ্চারণ পূর্ব্বক ঐ জল নির্ব্বিঘ্নে রক্ষিত হইল, এই প্রকার চিন্তা করিয়া ঐ জলের কিঞ্চিৎ তুলিয়া সামান্যার্ঘ্যপাত্রে স্থাপন করিবে।

পুনর্ধ্যান ও আবাহন।—এই প্রকারে বিশেষার্ঘ্যস্থাপনান্তে পূর্ব্ববৎ অঙ্গন্যাস-করন্যাস করিয়া কূর্ম্মমুদ্রা দ্বারা একটি সচন্দন পুষ্প বা বিল্বপত্র লইয়া পূর্ব্ববৎ ধ্যান করিবে। তৎপরে সেই পুষ্পে বা বিল্বপত্রে নিশ্বাস দ্বারা ব্রহ্মরন্ধ্র হইতে দেবতাকে শিবলিঙ্গোপরি আনয়ন ও স্থাপন পূর্ব্বক আবাহনমুদ্রা দ্বারা "ওঁ পিনাকধৃক্ ইহাগচ্ছাগচ্ছ" বলিয়া আবাহন, স্থাপনীমুদ্রা দ্বারা "ইহ

* অন্যান্য দেবতার পূজায় তত্তদ্দেবতার অঙ্গন্যাসমন্ত্রে পূজা করিতে হয়।

† স্ত্রী ও শূদ্রেরা "ওঁ নং মং শিং বাং য়ঃ" এই কয়টি বর্ণের পরিবর্ত্তে "শাং শীং শূং শৈং শৌং শঃ" এই কয়টি বর্ণ উচ্চারণ পূর্ব্বক ষড়ঙ্গপূজা করিবে। অন্যান্য দেবতার পূজায় তত্তদ্দেবতার নামের আদ্যক্ষরে ঐরূপ দীর্ঘস্বর ও অনুস্বার যোগ করিয়া পূজা করিতে হয়।

তিষ্ঠ তিষ্ঠ" বলিয়া স্থাপন, সন্নিধাপনী মুদ্রা দ্বারা "ইহ সন্নিধেহি সন্নিধেহি" বলিয়া সন্নিধাপন, সংবোধিনী মুদ্রা দ্বারা "ইহ সন্নিরুদ্ধস্ব" বলিয়া সংবোধন, সম্মুখীকরণমুদ্রা দ্বারা "অত্রাধিষ্ঠানং কুরু মম পূজাং গৃহাণ" বলিয়া সম্মুখীকরণ করত করপুটে "যাবৎ পূজাং করোম্যহং তাবৎ স্থিরো ভব" বলিয়া শিবলিঙ্গকে স্নান করাইবে। *

শিবলিঙ্গস্নাপন।—ওঁ পশুপতয়ে নমঃ" বলিয়া অথবা "ইদং স্নানীয়োদকং পশুপতয়ে নমঃ" উচ্চারণ পূর্ব্বক লিঙ্গোপরি তিনবার জল প্রদান করত স্নান করাইবে। তৎপরে সম্প্রদায়ানুসারে বজ্র ফেলিয়া দিয়া পূজায় প্রবৃত্ত হইতে হয়। † শাক্ত, সৌর ও শৈবগণ ঈশানকোণে, গাণপ শিবলিঙ্গের মূলদেশে এবং বৈষ্ণবগণ পৃষ্ঠদেশে বজ্রটিকে নিক্ষেপ করিবে।

পূজা। ‡—এতৎ পাদ্যং ওঁ নমঃ শিবায় নমঃ, ইদমর্ঘ্যং § ওঁ নমঃ শিবায় নমঃ, ইদমাচমনীয়ং ওঁ নমঃ শিবায় নমঃ, ইদং স্নানীয়ং ওঁ নমঃ শিবায় নমঃ, এষ মধুপর্কঃ ওঁ নমঃ শিবায় নমঃ, ইদং পুনরাচমনীয়ং ওঁ নমঃ শিবায় নমঃ, এষ গন্ধঃ ওঁ নমঃ শিবায়

---

* সকল পূজাতেই আবাহন এইরূপ।

† পূর্ব্বেই বলা হইয়াছে যে, শিবের মস্তকে এরূপভাবে জল দিবে যেন, বজ্রটি আপনাপনি যথাস্থানে পতিত হয়। তাহা না পারিলে হস্ত দ্বারা উত্তোলন করিয়া যথাস্থানে রাখিতে হয়।

‡ সমস্ত উপচার শিবের সদ্যোজাত নামক পূর্ব্বদিকৃস্থ মুখে প্রদান করিতে হয়। তাঁহার পূর্ব্বদিকে সদ্যোজাত, পশ্চিমে বামদেব, উত্তরে অঘোর, দক্ষিণে তৎপুরুষ ও উর্দ্ধে ঈশান নামক মুখ বিরাজিত।

§ শিবের অর্ঘ্যে বিল্বপত্র ও রম্ভাও দিবে।

নমঃ, এতৎ পুষ্পং ওঁ নমঃ শিবায় নমঃ, এতৎ বিল্বপত্রং ও নমঃ শিবায় নমঃ, * এষ ধূপঃ ওঁ নমঃ শিবায় নমঃ, এষ দীপঃ ওঁ নমঃ শিবায় নমঃ, এতৎ নৈবেদ্যং ওঁ নমঃ শিবায় নমঃ, † এতৎ পানার্থ-জলং ওঁ নমঃ শিবায় নমঃ, ইদং পুনরাচমনীয়ং ওঁ নমঃ শিবায় নমঃ, এতৎ তাম্বূলং ওঁ নমঃ শিবায় নমঃ, এষঃ সচন্দনপুষ্পবিল্বপত্রাঞ্জলিঃ ওঁ নমঃ শিবায় নমঃ। এই প্রকারে পূজা করিয়া অষ্টমূর্ত্তির পূজা করিবে। ‡

অষ্টমূর্ত্তিপূজা।—পূর্ব্বদিকে "এতে গন্ধপুষ্পে ওঁ সর্ব্বায় ক্ষিতি-মূর্ত্তয়ে নমঃ," § ঈশানকোণে "এতে গন্ধপুষ্পে ওঁ ভবায় জলমূর্ত্তয়ে নমঃ," উত্তরে "এতে গন্ধপুষ্পে ওঁ রুদ্রায় অগ্নিমূর্ত্তয়ে নমঃ," বায়ু-

---

* অনেক পুষ্প হইলে "এতানি পুষ্পাণি" এবং অনেক বিল্বপত্র হইলে এতানি বিল্বপত্রাণি" উচ্চারণ করিতে হয়। মল্লিকা, মালতী, জাতি, শেফালিকা, জবা, বকুল ও কাঠটগর পুষ্প শিবপূজায় নিষিদ্ধ। বিল্বপত্রের বৃন্ত ও মূল ত্যাগ করিয়া এবং দূর্ব্বার গর্ভ (কোঁক) ফেলিয়া শিবকে দিবে। ব্রাহ্মণেরা নম্নলিখিত মন্ত্র পাঠ করিয়াও শিবকে বিল্বপত্র দিতে পারেন, যথা—

ওঁ ত্র্যম্বকং যজামহে সুগন্ধিং পুষ্টিবর্দ্ধনম্।
উর্ব্বারুকমিব বন্ধনাৎ মৃত্যোর্মুক্ষীয়মামৃতাৎ স্বাহা॥

† গন্ধমুদ্রা দ্বারা গন্ধ, পুষ্পমুদ্রা দ্বারা পুষ্প ধূপমুদ্রা দ্বারা ধূপ, দীপমুদ্রা দ্বারা দীপ এবং নৈবেদ্যমুদ্রা দ্বারা নৈবেদ্য প্রদান করিতে হয়। মুদ্রার বিষয় পরিশিষ্টে দ্রষ্টব্য। নৈবেদ্য দেবতার বাম, দক্ষিণ বা সম্মুখে রাখিবে।

‡ সাধারণতঃ দশোপচারেই নিত্যপূজা হইয়া থাকে, এই হেতু এ স্থলে দশোপচার দ্বারা পূজাই লিখিত হইল। যোড়শোপচার দ্বারা পূজা প্রণালীও এইরূপ; কেবল কয়েকটি উপচারমাত্র অধিক দিতে হয়, এই প্রভেদ।

§ পুষ্পের অভাবে আতপতণ্ডুল লইয়া "এতে গন্ধাক্ষতে" বলিয়া পূজা করিবে।

কোণে "এতে গন্ধপুষ্পে ওঁ উগ্রায় বায়ুমূর্ত্তয়ে নমঃ," পশ্চিমে "এতে গন্ধপুষ্পে ওঁ ভীমায় আকাশমূর্ত্তয়ে নমঃ," নৈঋর্তে "এতে গন্ধপুষ্পে ওঁ পশুপতয়ে যজমানমূর্ত্তয়ে নমঃ," দক্ষিণে "এতে গন্ধ-পুষ্পে ওঁ মহাদেবায় সোমমূর্ত্তয়ে নমঃ," অগ্নিকোণে "এতে গন্ধপুষ্পে ওঁ ঈশানায় সূর্য্যমূর্ত্তয়ে নমঃ।"

জপ ও জপবির্জ্জন।—অনন্তর প্রাণায়াম করিয়া দশবার বা একশত আটবার শিবের মূলমন্ত্র জপ করত "ওঁ গুহ্যাতিগুহ্য" ইত্যাদি মন্ত্রে বিসর্জ্জন করিবে অর্থাৎ কোশাস্থিত সামান্যার্ঘ্য বা জলগণ্ডূষ দেবতার দক্ষিণকরে মনে মনে দিবে এবং ঊর্দ্ধস্থিত ঈশাননামক মুখে জপফল সমর্পণ করিবে। তৎপরে দক্ষিণহস্তের বৃদ্ধাঙ্গুষ্ঠ ও তর্জ্জনী যোগ করিয়া তদ্দ্বারা "বম্ বম্" শব্দে দক্ষিণ-গালবাদ্য করিতে হয়। * সময় থাকিলে স্তবকবচাদি পাঠ করিবে। তদনন্তর "এষ পুষ্পবিল্বপত্রাঞ্জলিঃ ওঁ নমঃ শিবায় নমঃ" মন্ত্রে তিন-বার পুষ্পাঞ্জলি প্রদান করিবে।

প্রণাম।—তদনন্তর প্রদক্ষিণ করিয়া নিম্নলিখিত মন্ত্রে প্রণাম করিবে। যথা—

ওঁ নমস্তভ্যং বিরূপাক্ষ নমস্তে দিব্যচক্ষুষে।
নমঃ পিনাকহস্তায় বজ্রহস্তায় বৈ নমঃ॥
নমস্ত্রিশূলহস্তায় দণ্ডপাশাসিপাণয়ে।
নমস্ত্রৈলোক্যনাথায় ভূতানাং পতয়ে নমঃ॥
বাণেশ্বরায় নরকার্ণবতারণায়,
জ্ঞানপ্রদায় করুণাময়সাগরায়।

* কেহ কেহ প্রণামান্তে গালবাদ্য করিয়া থাকেন

কর্পূরকুন্দধবলেন্দুজটাধরায়,
সপ্তম্যাং তিথৌ অরুণোদয়বেলায়াং অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা বহুশতসূর্য্যগ্রহণকালীন-গঙ্গাস্নান-জন্যফলসমফলপ্রাপ্তিকাম অস্মিন্ জলে (গঙ্গায় হইলে, গঙ্গায়াং) স্নানমহং করিষ্যে।

স্নানমন্ত্র।—ওঁ যদ্‌যজ্জন্মকৃতং পাপং ময়া সপ্তসু জন্মসু।
তন্মে রোগঞ্চ শোকঞ্চ মাকরী হন্তু সপ্তমী॥

স্নানান্তে "ওঁ নমো বিবস্বতে ব্রহ্মন্" ইত্যাদি মন্ত্রে সূর্য্যার্ঘ্য দিয়া "ওঁ জবাকুসুমসঙ্কাশং" ইত্যাদি মন্ত্রে প্রণাম করত করপুটে নিম্নলিখিত মন্ত্র দুইটি পাঠ করিবে। * যথা—

ওঁ জননি সর্ব্বভূতানাং সপ্তমি সপ্তসপ্তিকে।
সপ্তব্যাহৃতিকে দেবি নমস্তে রবিমণ্ডলে॥ ১॥
ওঁ সপ্তসপ্তিবহ প্রীত সপ্তলোকপ্রদীপন।
সপ্তম্যাং হি নমস্তুভ্যং নমোঽনন্তায় বেধসে॥ ২॥

কার্ত্তিকমাসীয়-প্রাতঃস্নান।

সমস্ত প্রণালী সাধারণ-স্নানপদ্ধতিবৎ, কেবল স্নানের পূর্ব্বে নিম্নলিখিত মন্ত্রটি পাঠ করিয়া ডুব দিবে। যথা—

ওঁ কার্ত্তিকেঽহং করিষ্যামি প্রাতঃস্নানং জনার্দ্দন।
প্রীত্যর্থং তব দেবেশ দামোদর ময়া সহ॥

মাঘমাসীয়-প্রাতঃস্নান।

অরুণোদয় হইতে অর্দ্ধ-সূর্য্যোদয় পর্য্যন্ত চারিদণ্ডই মাঘমাসীয় প্রাতঃস্নানের উপযুক্ত কাল। তিনরূপ মাসেই মাঘস্নান হইতে

---

* তাম্রপাত্রে সাতটি আকন্দপত্র, সাতটি কুলপত্র, দূর্ব্বা, রক্তজবা ও আতপতণ্ডুল স্থাপন পূর্ব্বক এই অর্ঘ্য সাজাইতে হয়। কেহ কেহ সাতটি কুলও দিয়া থাকেন। সামবেদীয়েরা "ইদমর্ঘ্যং শ্রীসূর্য্যায় নমঃ" এবং যজুর্ব্বেদীয় ও ঋগ্বেদীয়গণ "এষোঽর্ঘ্যঃ শ্রীসূর্য্যায় নমঃ" বলিয়া অর্ঘ্য প্রদান করিবে।

পারে। সৌরমাসীয় মাসিক সঙ্কল্পে "বিষ্ণুরোম্" ইত্যাদি বলিয়া "অমুকতিথিমারভ্য মকরস্থরবিং যাবৎ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা শ্রীবিষ্ণুপ্রীতিকামঃ প্রত্যহং (গঙ্গায় হইলে গঙ্গায়াং) প্রাতঃস্নানমহং করিষ্যে" এইরূপ বলিবে। চান্দ্রস্নানে, "প্রতিপত্তিথিমারভ্য মাঘমাসং যাবৎ" ইত্যাদি বলিতে হয়। মেষস্নান সৌরে, কার্ত্তিকস্নান সৌর ও মুখ্যচান্দ্রে আর দৈনিক সঙ্কল্পে চান্দ্রমাস উল্লেখ হইবে। সঙ্কল্পান্তে স্নানবিধির নিয়মে সকল কার্য্য করিয়া নিম্নলিখিত বিশেষ মন্ত্রকয়টি পাঠ পূর্ব্বক স্নান করিবে। যথা—

ওঁ মাঘমাসমিমং পুণ্যং স্নাম্যহং দেব মাধব।
তীর্থস্যাস্য জলে নিত্যং প্রসীদ ভগবন্ হরে॥
ওঁ দুঃখদারিদ্র্যনাশায় শ্রীবিষ্ণোস্তোষণায় চ।
প্রাতঃস্নানং করোম্যস্য মাঘে পাপবিনাশনম্॥
ওঁ মকরস্থে রবৌ মাঘে গোবিন্দাচ্যুত মাধব।
স্নানেনানেন মে দেব যথোক্তফলদো ভব॥
ওঁ দিবাকর জগন্নাথ প্রভাকর নমোঽস্তু তে।
পরিপূর্ণং কুরুষ্বেদং মাঘস্নানং মহাব্রতম্॥

এই চারিটি মন্ত্রের মধ্যস্থ "মকরস্থে রবৌ" মন্ত্রটি চান্দ্রস্নানে অন্যমাসে পরিত্যজ্য। মাঘস্নানান্তে কৃষ্ণ, শ্রীধর, হরি, বাসুদেব ইহাঁদিগকে স্মরণ করিতে হয়।

শিবরাত্রি-কৃত্য।

শিবরাত্রিতে পার্থিবশিবলিঙ্গপূজাবিধানেই সমস্ত কার্য্য করিবে; কেবল প্রভেদ এই যে, শিবরাত্রিদিনে রাত্রিকালে চারি প্রহরে চারিবার শিবপূজা করিবে এবং প্রতি প্রহরে পৃথক্ পৃথক্ মন্ত্রে

শিবস্নান করাইবে ও পৃথক্ পৃথক্ মন্ত্রে চারিপ্রহরে চারিবার অর্ঘ্যদান করিবে। যথা—

প্রথমপ্রহরে স্নানমন্ত্র।—"হৌঁ ঈশানায় নমঃ" মন্ত্রে দুগ্ধ দ্বারা স্নান করাইয়া তৎপরে জল দ্বারা স্নান করাইবে।

প্রথমপ্রহরে অর্ঘ্য।—বিশেষার্ঘ্যপ্রণালীর নিয়মে অর্ঘ্যস্থাপন পূর্ব্বক নিম্নলিখিত মন্ত্রে অর্ঘ্য দিতে হয়। যথা—

"শিবরাত্রিব্রতং দেব পূজাজপপরায়ণঃ।
করোমি বিধিবদ্দত্তং গৃহাণার্ঘ্যং মহেশ্বর॥"

এই মন্ত্রপাঠান্তে "ইদমর্ঘ্যং হৌঁ ঈশানায় নমঃ" বলিয়া অর্ঘ্য দান করিবে।

দ্বিতীয়প্রহরে স্নানমন্ত্র।—"হৌঁ অঘোরায় নমঃ" মন্ত্রে দধি দ্বারা শিবলিঙ্গ স্নান করাইয়া তৎপরে জল দ্বারা স্নান করাইবে।

দ্বিতীয়প্রহরে অর্ঘ্য। নিম্নলিখিত মন্ত্রপাঠ পূর্ব্বক "ইদমর্ঘ্যং হৌঁ অঘোরায় নমঃ" বলিয়া অর্ঘ্য প্রদান করিবে, যথা—

"নমঃ শিবায় শান্তায় সর্ব্বপাপহরায় চ।
শিবরাত্রৌ দদাম্যর্ঘ্যং প্রসীদ উময়া সহ॥

তৃতীয়প্রহরে স্নানমন্ত্র।—"হৌঁ বামদেবায় নমঃ" মন্ত্রে ঘৃত দ্বারা স্নান করাইয়া তৎপরে জল দ্বারা স্নান করাইবে।

তৃতীয়প্রহরে অর্ঘ্য।—নিম্নলিখিত মন্ত্রপাঠ পূর্ব্বক "ইদমর্ঘ্যং হৌঁ বামদেবায় নমঃ" বলিয়া অর্ঘ্য দিতে হয়, যথা—

"দুঃখদারিদ্র্যশোকেন দগ্ধোঽহং পার্ব্বতীশ্বর।
শিবরাত্রৌ দদাম্যর্ঘ্যং উমাকান্ত গৃহাণ মে॥"

চতুর্থপ্রহরে স্নানমন্ত্র।—"হৌঁ সদ্যোজাতায় নমঃ" মন্ত্রে মধু দ্বারা স্নান করাইয়া তৎপরে জল দ্বারা স্নান করাইবে।

চতুর্থপ্রহরে অর্ঘ্য।—নিম্নলিখিত মন্ত্রপাঠ পূর্ব্বক "ইদমর্ঘ্যং হৌঁ সদ্যোজাতায় নমঃ" বলিয়া অর্ঘ্য দিতে হয়। যথা—

"ময়া কৃতান্যনেকানি পাপানি হর শঙ্কর।
শিবরাত্রৌ দদাম্যর্ঘ্যং উমাকান্ত গৃহাণ মে ॥"

শিবরাত্রির পরদিন নিম্নলিখিত মন্ত্রপাঠ পূর্ব্বক জলপানান্তে আহারাদি করিতে হয়। যথা—

"ওঁ সংসারক্লেশদগ্ধস্য ব্রতেনানেন শঙ্কর।
প্রসীদ সুমুখো নাথ জ্ঞানদৃষ্টিপ্রদো ভব ॥"

মিতু-(ইঁতু) পূজা। *

অগ্রহায়ণমাসের বিষ্ণুপদী সংক্রান্তিতে আরম্ভ করিয়া সমগ্র মার্গশীর্ষের প্রতি রবিবারে সূর্য্যের পূজা করিবে। ইহারই নাম মিতু বা ইঁতুপূজা। পৌষের ষড়শীতি সংক্রান্তিতে পূজা সমাপ্ত হয়।

ভ্রাতৃদ্বিতীয়ায় অন্নদানের মন্ত্র।

ভ্রাতৃদ্বিতীয়াদিনে অর্থাৎ কার্ত্তিক মাসের শুক্লপক্ষের দ্বিতীয়াতে ভ্রাতা ভগিনীর হস্তে অন্নভোজন করিবে। নিরামিষ ভোজনই বিধি। নিম্নলিখিত মন্ত্র পড়িয়া ভগিনী ভ্রাতাকে অন্ন দিবে, যথা—

ভ্রাতস্তবাগ্রজাতাহং ভুঙ্ক্ষ ভক্তমিদং শুভম্।
প্রীতয়ে যমরাজস্য যমুনায়া বিশেষতঃ ॥ †

পুষ্পচয়নবিধি।

প্রাতঃকালে তর্পণাদি সমাপনের পর দক্ষিণ-হস্ত দ্বারা পুষ্পচয়ন করিবে। স্বয়ং পুষ্প আহরণ করাই কর্ত্তব্য। মূল্য দিয়া ক্রয়

* সূর্য্যের একনাম 'মিত্র"। মিত্র শব্দের অপভ্রংশ মিতু ; ক্রমে মিতু হইতে চলিত কথায় "ইতু" শব্দ পরিণত হইয়াছে।

† কনিষ্ঠা ভগিনী হইলে 'ভ্রাতস্তবানুজাতাহং" বলিবে।

করিতে হইলে একদরে ক্রয় করিবে। বামহস্তে পুষ্পচয়ন করিবে না। বৃন্ত সহ পুষ্পচয়ন করিবে। কোন আধার ব্যতীত কেবল হস্তোপরি পুষ্প রাখিবে না।

নিষিদ্ধ পুষ্প।

উগ্রগন্ধ, নির্গন্ধ, মস্তকোপরি বা পরিধেয় বস্ত্রে ধৃত, শুষ্ক, পর্য্যুষিত, কীটযুক্ত, দেবালয়স্থ এবং বকুল ও শেফালিকা ব্যতীত ভূপতিত অন্য কোন পুষ্প চয়ন করিতে নাই। জলজ পুষ্প, চম্পক, কুন্দ, বক, বকুল এবং অন্য যে সকল পুষ্পের কলিকা তুলিলেও প্রস্ফুটিত হয়, সেই সমস্ত পুষ্প পর্য্যুষিত হইলেও পূজায় প্রশস্ত।

তুলসীচয়ন-মন্ত্র।

তুলস্যমৃতনামাসি সদা ত্বং কেশবপ্রিয়া।
কেশবার্থে চিনোমি ত্বাং বরদা ভব শোভনে॥

তুলসীচয়ন-প্রণালী।

মন্ত্রপাঠ সহকারে বোঁটার সহিত এক একটি করিয়া তুলসী চয়ন করিতে হয়। শাখার সহিত তুলসীচয়ন করিবে না। বামহস্তে বা স্ত্রীজাতির পক্ষে চয়ন নিষিদ্ধ।

তুলসীচয়নে নিষিদ্ধ দিন।

দ্বাদশী, পূর্ণিমা, অমাবস্যা, সংক্রান্তি, মধ্যাহ্নকাল, সায়ংকাল ও রাত্রিকালে তুলসীচয়ন করিতে নাই।

বিল্বপত্র-চয়ন-মন্ত্র।

পুণ্যবৃক্ষ মহাভাগ মালূর শ্রীফল প্রভো।
মহেশপূজনার্থায় ত্বৎপত্রাণি চিনোম্যহম্॥

বিল্বপত্রচয়ন-প্রণালী।

মন্ত্রপাঠ সহকারে বৃক্ষের শাখা ভগ্ন না হয়, এরূপভাবে দক্ষিণ-

হস্ত দ্বারা এক একটি করিয়া পত্র চয়ন করিবে। বিল্বপত্র ত্রিপত্রান্বিত, বৃন্তযুক্ত, নিশ্ছিদ্র ও চক্রহীন প্রশস্ত।

বিল্বপত্রচয়নে নিষিদ্ধ দিন।

দ্বাদশী, পূর্ণিমা, অমাবস্যা, মধ্যাহ্নকাল, সায়ংকাল ও রাত্রিতে বিল্বপত্র চয়ন করিবে না।

দূর্ব্বাচয়নপ্রণালী।

প্রাতঃকালে পবিত্রস্থান হইতে দূর্ব্বা চয়ন করিবে। শ্রাদ্ধে ও শিবপূজায় দূর্ব্বার গর্ভ(কোঁক)ফেলিয়া দিয়া ত্রিপত্রান্বিত করিবে।

তুলসীবৃক্ষে জল দিবার মন্ত্র।

গোবিন্দবল্লভাং দেবীং ভক্তচৈতন্যকারিণীম্।
স্নাপয়ামি জগদ্ধাত্রীং হরিভক্তিপ্রদায়িনীম্॥

অশ্বত্থবৃক্ষে জলদানমন্ত্র।

চক্ষুঃস্পন্দং ভুজস্পন্দং তথা দুঃস্বপ্নদর্শনম্।
শত্রূণাঞ্চ সমুত্থানং অশ্বত্থ নাশয়াশু মে।
অশ্বত্থরূপী ভগবান্ প্রীয়তাং মে জনার্দ্দন॥ *

বিষ্ণুরচরণামৃতধারণমন্ত্র।

অকালমৃত্যুহরণং সর্ব্বব্যাধিবিনাশনম্।
বিষ্ণুপাদোদকং পীত্বা শিরসা ধারয়াম্যহম্॥

বিপ্রপাদোদকধারণমন্ত্র।

বিপ্রপাদোদকং পীত্বা যাবত্তিষ্ঠতি মেদিনী।
তাবৎ পুষ্করপাত্রেণ পিবন্তি পিতরোদকম্॥

রুদ্রাক্ষসংস্কারবিধি।

প্রথমতঃ পঞ্চগব্য ও পঞ্চামৃত দ্বারা রুদ্রাক্ষগুলি প্রক্ষালন পূর্ব্বক

---

* কেহ কেহ "নমো নারায়ণায়" মন্ত্রে অশ্বত্থবৃক্ষে জল দিয়া "চক্ষুঃস্পন্দং" ইত্যাদি মন্ত্রে প্রণাম করিয়া থাকেন।

তদুপরি "নমঃ শিবায়" মন্ত্র পঞ্চবার পাঠ করিয়া নিম্নলিখিত মন্ত্র দশধা উচ্চারণ করিবে। যথা—

ওঁ ত্র্যম্বকং যজামহে সুগন্ধিং পুষ্টিবর্দ্ধনম্।
উর্ব্বারুকমিব বন্ধনান্মৃত্যোর্মুক্ষীয়মামৃতাৎ ॥ *

একমুখ রুদ্রাক্ষ হইলে "ওঁ ঐঁ" মন্ত্র, দ্বিমুখ হইলে, "ওঁ শ্রী", ত্রিমুখ হইলে "ওঁ ধ্রুং ধ্রুং", চতুর্ম্মুখ হইলে "ওঁ হ্রীঁ হুঃ", পঞ্চমুখ হইলে "ওঁ হ্রীঁ", ষণ্মুখ হইলে "ওঁ ঐঁ হ্রীঁ", সপ্তমুখ হইলে "ওঁহ্রীঁ", অষ্টমুখ হইলে "ওঁ রুং রং", নবমুখ হইলে "ওঁ হ্রীঁ", দশমুখ হইলে "ওঁ হ্রীঁ", একাদশমুখ হইলে "ওঁ শ্রী," দ্বাদশমুখ হইলে "ওঁ হ্রাং হ্রীঁ", ত্রয়োদশমুখ হইলে "ওঁ ক্ষৌঃ নমঃ" চতুর্দ্দশমুখ রুদ্রাক্ষ হইলে "ওঁ তমাং" এই মন্ত্র উচ্চারণ পূর্ব্বক ধারণ করিবে।

বক্ষঃস্থলে অষ্টোত্তরশত, শিখায় একটি, বাহুদ্বয়ের প্রত্যেকে ষোড়শ, প্রতি হস্তে দ্বাদশ, প্রতি কর্ণে ছয়, মস্তকে দ্বাবিংশতি এবং কণ্ঠদেশে দ্বাত্রিংশৎসংখ্য রুদ্রাক্ষ ধারণ করিবে।

তুলসীমালাসংস্কার।

প্রথমতঃ মালাগুলি পঞ্চগব্য দ্বারা প্রক্ষালন পূর্ব্বক তদুপরি মূলমন্ত্র ও গায়ত্রী আট আটবার জপ করিলেই তুলসীমালা-শোধন হয়। শোধনান্তে দেবতাকে নিবেদন পূর্ব্বক ধারণ করিবে।

---

* মতান্তরে এরূপ লিখিত আছে যে, মালামধ্যে যে কয়েকটি রুদ্রাক্ষ থাকিবে, প্রত্যেকটির উপর "ওঁ হুঁ নমঃ" এই মন্ত্র অষ্টোত্তরশতবার জপ করিয়া শিবচরণামৃত দ্বারা প্রক্ষালন করিলেই ইহার সংস্কার হয়।

নীরাজনপ্রণালী।

নীরাজনের অপর নাম আরাত্রিক,চলিত কথায় আরতি বলে। দীপ, জলপূর্ণ শঙ্খ, ধৌতবস্ত্র, পল্লব (চূতপল্লব বা বিল্বপত্রাদি) ও প্রণাম এই পঞ্চবিধ দ্রব্য দ্বারা আরাত্রিক সম্পাদন করিবে। *

প্রথমতঃ কোশার বামদিকে ভূতলে ত্রিকোণমণ্ডল অঙ্কন পূর্ব্বক তদুপরি দীপ (পঞ্চপ্রদীপাদি) রাখিয়া তিনবার "এতস্মৈ আরাত্রিকদীপায় নমঃ" মন্ত্রে জলাভ্যুক্ষণ করিবে। তদনন্তর তদুপরি দেবতার (যে দেবতার আরতি হইতেছে) মন্ত্র দশধা জপান্তে বামপদ ভূতলে ও দক্ষিণপদ আসনপ্রান্তে স্থাপন পূর্ব্বক বামকরে ঘণ্টাধ্বনি করিতে করিতে আরতি করিবে। দেবতার পদসমীপে চারিবার, নাভিদেশে একবার, মুখপ্রদেশে তিনবার এবং সর্ব্বাঙ্গে সপ্তবার ঘুরাইতে হয়। শঙ্খ দ্বারা আরাত্রিককালে প্রত্যেক অঙ্গের আরতির পর শঙ্খ হইতে কিঞ্চিৎ কিঞ্চিৎ জল ভূতলে ফেলিবে।

ভোগ ও শীতল দেওয়া।

অন্ন, মিষ্টান্ন, দুগ্ধ, নৈবেদ্য প্রভৃতি কোন কিছু দেবতাকে নিবেদন করিতে হইলে, জলপ্রোক্ষিত স্থলে চতুষ্কোণমণ্ডল অঙ্কন পূর্ব্বক তদুপরি স্থাপন করিবে। ভোগনিবেদনের সময় প্রথমতঃ "এতস্মৈ সোপকরণান্নায় নমঃ" মন্ত্রে অন্নাদির উপর তিনবার জলের ছিটা দিবে। তদনন্তর (যে দেবতাকে নিবেদন করিবে, সেই)

* দীপ—পঞ্চপ্রদীপ ও কর্পূর দ্বারা আরাত্রিক। শঙ্খ—শঙ্খের অভাবে কুশি ব্যবহার্য্য। শিব ও সূর্য্যপূজায় শঙ্খ নিষিদ্ধ; জলপূর্ণ কুশি দ্বারা আরাত্রিক করিবে। শঙ্খ দ্বারা আরাত্রিকের পর দর্পণ-প্রদর্শনের এবং পল্লব দ্বারা আরাত্রিকের পর চামরাদি দ্বারা বীজন করিবারও বিধি আছে; তৎকালেই প্রদক্ষিণ করিতে হয়।

দেবতার মন্ত্র তদুপরি দশধা জপ করিয়া "ইদং সোপকরণান্নং ওঁ অমুকদেবতায়ৈ নমঃ" মন্ত্রে অন্নাদিতে একবার কিঞ্চিৎ জল-প্রক্ষেপ করিবে। পরে "ওঁ অমৃতোপস্তরণমসি স্বাহা" মন্ত্রে কিঞ্চিৎ জল ফেলিয়া দিয়া বামকর উত্তান (চিৎ) করত গ্রাস তুলিবার আকারে প্রাণাদি পঞ্চমুদ্রা প্রদর্শন পূর্ব্বক "ওঁ প্রাণায় স্বাহা, ওঁ অপানায় স্বাহা, ওঁ সমানায় স্বাহা, ওঁ উদানায় স্বাহা, ওঁ ব্যানায় স্বাহা" এই পঞ্চ মন্ত্র পাঠ করিবে। তদনন্তর "ওঁ অমৃতাপিধানমসি স্বাহা" মন্ত্রে কিঞ্চিৎ জল ভূতলে নিক্ষেপ পূর্ব্বক "ইদং পানার্থোদকং ওঁ অমুকদেবতায়ৈ নমঃ, ইদমাচমনীয়ং ওঁ অমুকদেবতায়ৈ নমঃ, ইদং তাম্বূলং ওঁ অমুকদেবতায়ৈ নমঃ" এই কয়েকটি মন্ত্রে পানার্থজল, আচমনীয় ও তাম্বূলের উপর কিঞ্চিৎ কিঞ্চিৎ জলের ছিটা দিবে।

সন্ধ্যাকালে আরতির পর শীতলও * এই নিয়মে দিবে। কেবল "সোপকরণান্ন" শব্দের পরিবর্ত্তে নিবেদ্য তত্তৎদ্রব্যের নাম উচ্চারণ করিতে হয়। কোন বস্তুর সংস্কৃত নাম জানা না থাকিলে "নৈবেদ্য" বলিয়া দেওয়াই ব্যবস্থা।

উপচার।

পূজাদিতে বহুবিধ উপচারপ্রদানের বিধি আছে; সাধারণতঃ নিত্যপূজায় ষোড়শ, দশ ও পঞ্চ এই ত্রিবিধ উপচারই আবশ্যক।

ষোড়শোপচার।

স্বর্ণ বা রৌপ্যনির্ম্মিত আসন, স্বাগত (দেবতাকে শুভাগমন-প্রশ্ন), পাদ্য, অর্ঘ্য, আচমনীয়, মধুপর্ক, পুনরাচমনীয়, স্নানীয়

* রাত্রিকালীন নিবেদ্য দ্রব্যসামগ্রী।

(স্নানার্থ জল), বস্ত্র,আভরণ, গন্ধ,পুষ্পবিল্বপত্র,ধূপ, দীপ, নৈবেদ্য (পানার্থোদক, পুনরাচমনীয় ও তাম্বূল) এবং চন্দন।

দশোপচার।

পাদ্য (পাদক্ষালনার্থ জল,) অর্ঘ্য (গন্ধ, পুষ্প, দূর্ব্বা, অক্ষত, জল,) আচমনীয় (আচমনার্থ জল), মধুপর্ক, পুনরাচমনীয়, গন্ধ (শ্বেতচন্দন), পুষ্পবিল্বপত্র,ধূপ, দীপ, নৈবেদ্য (অক্ষত, রম্ভাদি)।

পঞ্চোপচার।

গন্ধ, পুষ্পবিল্বপত্র, ধূপ, দীপ ও নৈবেদ্য।

যজ্ঞোপবীতগ্রন্থিপ্রণালী।

প্রাতঃসন্ধ্যার পর পূর্ব্বাস্য হইয়া হাঁটুদ্বয় উত্তোলন পূর্ব্বক এক হস্তপরিমাণ বিস্তার করিয়া বসিবে। অনন্তর যজ্ঞসূত্রের এক প্রান্ত বামকরের তর্জ্জনীতে জড়াইয়া বামাবর্ত্তে (বামদিক্ দিয়া) হাঁটুদ্বয় বেষ্টন করত তিন ফের ঘুরাইয়া আনিতে হয়। তদনন্তর সূত্রের খুঁট দুইটি একত্র করত একটি পেঁচ দিয়া তাহার দক্ষিণে বামাঙ্গুষ্ঠ রাখিয়া অপর খুঁটটি ঐ অঙ্গুষ্ঠের উপর দিয়া টানিয়া লইবে এবং দক্ষিণ হাঁটুর নিকট গুঁজিয়া রাখিবে। তৎপরে প্রথম খুঁটটি দ্বারা উপরি-উক্ত অঙ্গুষ্ঠের দক্ষিণে ঐ চারিতার সূত্রকে নিজ নিজ প্রবর * উল্লেখ সহকারে তিন ফের জড়াইবে এবং অপর খুঁটের নিম্নভাগ দিয়া ঐ খুঁটটিকে তিনবার সূত্রের যে কোন

---

* প্রবর—শাণ্ডিল্যগোত্রের "শাণ্ডিল্যাসিতদেবলপ্রবরঃ" ;কাশ্যপগোত্রের "কাশ্যপাপসার-নৈয়ধ্রুব-প্রবরঃ"; ভরদ্বাজগোত্রের "ভরদ্বাজাঙ্গিরসবার্হস্পত্য-প্রবরঃ" এবং বাৎস্য ও সাবর্ণিগোত্রের "ঔর্ব্বচ্যবনভার্গবজামদগ্ন্যাপ্নুবৎপ্রবরঃ" উচ্চারণ করিবে। পরের জন্য গ্রন্থি দিতে হইলে "প্রবরঃ" স্থানে "প্রবরস্য" বলিবে।

তারের মধ্য দিয়া লইয়া অঙ্গুষ্ঠটি বহির্গত করত সেই স্থানে পূর্ব্ব-মুখে প্রবেশ করাইবে। পরে দ্বিতীয় খুঁটটি ধরিয়া টান দিলেই গ্রন্থি পড়িয়া যাইবে। ঐ সময় "বিষ্ণুরোম্ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা যজ্ঞোপবীতার্থযজ্ঞসূত্রগ্রন্থিমহং করিষ্যে", * এই বাক্য পাঠ পূর্ব্বক গায়ত্রীপাঠ করিয়া "এতৎ যজ্ঞোপবীতসূত্রং ওঁ শ্রীকৃষ্ণায় অর্পণমস্তু" বলিয়া ভূতলে রাখিবে।

যজ্ঞোপবীতধারণবিধি।

অনন্তর যজ্ঞোপবীত দক্ষিণহস্তে লইয়া পঞ্চধা গায়ত্রীজপ, শতধা প্রণবজপ এবং পুনরায় একবার গায়ত্রী জপ করিয়া নিম্ন-লিখিত মন্ত্র পাঠ পূর্ব্বক বামস্কন্ধে ধারণ করিবে। যথা—

"ওঁ যজ্ঞোপবীতং পরমং পবিত্রম্, বৃহস্পতের্যৎ সহজং পুরস্তাৎ।
আয়ুষ্যমগ্র্যং প্রতিমুঞ্চ শুভ্রম্, যজ্ঞোপবীতং বলমস্তু তেজঃ॥" †

প্রাতে অভুক্ত অবস্থায় যজ্ঞোপবীতধারণ করাই বিধি। অন্য-ধৃত যজ্ঞোপবীতধারণ নিষিদ্ধ। মলত্যাগাদি নির্দ্দিষ্টকাল ভিন্ন যজ্ঞোপবীত স্থানভ্রষ্ট করিবে না এবং কটিদেশে গুঁজিয়া বা মাল্যবৎ গলদেশে রাখিবে না।

যজ্ঞোপবীতপ্রমাণ।

সামবেদীয়েরা দক্ষিণহস্ত সরলভাবে প্রসারণ পূর্ব্বক গ্রীবার মধ্যস্থল হইতে উক্ত হস্তের অঙ্গুষ্ঠ পর্য্যন্ত, ঋগ্‌বেদীয়েরা কণ্ঠ হইতে নাভি পর্য্যন্ত এবং যজুর্ব্বেদীয়েরা বাহুমূল হইতে পূর্ব্বোক্তরূপ দক্ষিণহস্তের অঙ্গুষ্ঠ পর্য্যন্ত পরিমিত যজ্ঞসূত্র ধারণ করিবে।

---

* অন্যের জন্য যজ্ঞোপবীতগ্রন্থি দিলে "অমুকদেবশর্ম্মা" স্থলে "অমুক-দেবশর্ম্মণঃ" এবং "করিষ্যে" স্থলে "করিষ্যামি" বলিবে।

† মতান্তরে নিম্নলিখিত মন্ত্র পড়িয়াও ধারণ করিতে পারেন। যথা—
ওঁ যজ্ঞোপবীতমসি যজ্ঞস্য ত্বা উপবীতেনোপনেহ্যামি।

যজ্ঞসূত্র ন্যূনতঃ দ্বিদণ্ডি ধারণ করিবে ; কিন্তু ত্রিদণ্ডি ধারণ করিলে উত্তরীয়বস্ত্রের প্রয়োজন থাকে না।

যজ্ঞোপবীতমার্জ্জনদ্রব্য।

বেলের আঠা, ঘৃত, দধি, দুগ্ধ, সর্ষপতৈল ও তণ্ডুলচূর্ণ, এই সকলের একতম দ্বারা যজ্ঞোপবীত মার্জ্জন করিতে পারে।

যজ্ঞোপবীতমার্জ্জনপ্রণালী।

যজ্ঞসূত্র বামস্কন্ধ হইতে উত্তোলন পূর্ব্বক বামাঙ্গুষ্ঠে জড়াইয়া উপরিলিখিত মার্জ্জনদ্রব্যের একতম দ্বারা মার্জ্জন করিবে।

দেবপ্রদক্ষিণপ্রণালী।

প্রদক্ষিণসময়ে দেবতাকে স্বীয় দক্ষিণভাগে রাখিয়া বামকরে ঘণ্টাবাদন,দক্ষিণকরে অর্ঘ্য সহ শঙ্খধারণ ও মুখে স্তব পাঠ করিবে।

দেবতাভেদে প্রদক্ষিণের প্রকারভেদ।

সূর্য্যকে সাতবার, চণ্ডীকে একবার, শিবকে অর্দ্ধবার এবং অন্যান্য দেবতাকে তিনবার প্রদক্ষিণ করিবে। *

নষ্টচন্দ্র দর্শনে জলপান।

ভাদ্রমাসের শুক্ল ও কৃষ্ণপক্ষীয় চতুর্থীতিথিতে সমুদিত চন্দ্রের নাম নষ্টচন্দ্র। ঐ চন্দ্র দর্শনে নিম্নলিখিত মন্ত্র পড়িয়া জলপান করিলে নষ্টচন্দ্রদর্শনজনিত পাপ দূর হয়। যথা—

সিংহঃ প্রসেনমবধীৎ সিংহো জাম্ববতা হতঃ।
সুকুমারক মা রোদীস্তব হ্যেষ স্যমন্তকঃ॥

---

* শিবপ্রদক্ষিণ করিতে হইলে অর্দ্ধচন্দ্রাকারে প্রদক্ষিণ করিতে হয় অর্থাৎ বামদিক্ হইতে দক্ষিণদিকে গমন করিবে; কিন্তু সোমসূত্র (জল-নিঃসরণপথ) লঙ্ঘন করিবে না। শাস্ত্রেও প্রমাণ আছে। যথা—

শিবপ্রদক্ষিণে মন্ত্রী অর্দ্ধচন্দ্রক্রমেণ তু।
সব্যাসব্যক্রমেণৈব সোমসূত্রং ন লঙ্ঘয়েৎ॥

শান্তি।

আম্রপল্লব বা কুশাদি দ্বারা জল গ্রহণ পূর্ব্বক মস্তকে বিন্দু বিন্দু নিক্ষেপ করিতে করিতে নিম্নলিখিত মন্ত্রকয়টি পাঠ করিবে। যথা—

কয়া নশ্চিত্র ইত্যস্য ঋক্‌ত্রয়স্য মহাব্যমদেব্য-ঋষির্বিরাড়গায়ত্রী-চ্ছন্দো ইন্দ্রো দেবতা শান্তিকর্ম্মণি বিনিয়োগঃ॥

ওঁ কয়া নশ্চিত্র আ ভুব দূতী সদাবৃধঃ, সখা কয়া সচীষ্টয়া বৃতা॥

ওঁ কস্বা সত্যো মদানাং মংহিষ্ঠো মৎসদন্ধসঃ, দৃঢ়া চিদারুজে বসু॥

ওঁ অভীষুণঃ সখীনামবিতা জরিতৃণাং শতং ভবাস্যূতয়ে॥

ওঁ স্বস্তি ন ইন্দ্রো বৃদ্ধশ্রবাঃ স্বস্তি নঃ পূষা বিশ্ববেদাঃ।

স্বস্তি নস্তার্ক্ষ্যোঽরিষ্টনেমিঃ, স্বস্তি নো বৃহস্পতির্দধাতু॥

ওঁ দ্যৌঃ শান্তিঃ, অন্তরীক্ষং শান্তিঃ, পৃথিবী শান্তিঃ, আপঃ শান্তিঃ, ওষধয়ঃ শান্তিঃ, বনস্পতয়ঃ, শান্তিঃ, বিশ্বেদেবাঃ শান্তিঃ, ব্রহ্ম শান্তিঃ, শান্তিরেব শান্তিঃ।

যত এবাগতং পাপং তত্রৈব প্রতিগচ্ছতু॥

শান্তিঃ শান্তিঃ শান্তিঃ॥

স্বস্ত্যয়ন।

(তুলসী দেওয়া।)

প্রথমতঃ যথাবিধি আচমন, বিষ্ণুস্মরণ ও নারায়ণাদির পূজা করিয়া সঙ্কল্প করিবে অর্থাৎ কোশাস্থিত জলে কুশ, হরীতকী ও তিল প্রদান পূর্ব্বক বামকরযুক্ত দক্ষিণহস্তের মধ্যমা বা কুশদ্বারা সেই জল স্পর্শ করত নিম্নলিখিত বাক্য উচ্চারণ করিবে। যথা—

"বিষ্ণুরোম্ তৎসদদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা অমুকগোত্রস্য শ্রীঅমুকদেবশর্ম্মণঃ শ্রীবিষ্ণুপ্রীতিপূর্ব্বক-সর্ব্বাপচ্ছান্তিকামঃ ওঁ নমস্তে বহুরূপায় বিষ্ণবে

পরমাত্মনে স্বাহেতিমন্ত্রেণ প্রত্যেকপঠিতেন বিষ্ণুসম্প্রদানকং অষ্টো-ত্তরশত-(অথবা অষ্টবিংশতি) সংখ্যক-সচন্দনতুলসীপত্রপ্রদান-কর্ম্মাহং করিষ্যামি।" *

তদনন্তর সামান্যার্ঘ্য, জলশুদ্ধি,আসনশুদ্ধি, পুষ্পশুদ্ধি, গন্ধাদির ও গণেশাদি পঞ্চদেবতার অর্চ্চনা করিয়া ষোড়শোপচারে বা দশো-পচারে বিষ্ণুর পূজা করিবে। তৎপরে নির্দ্দিষ্টসংখ্য তুলসীপত্র চন্দনপ্রোক্ষিত করিয়া একটি পাত্রে স্থাপন পূর্ব্বক "বং এতেভ্যঃ সচন্দনতুলসীপত্রেভ্যো নমঃ" মন্ত্রে তাহার পূজা করত "এতৎ সচন্দনতুলসীপত্রং ওঁ নমস্তে বহুরূপায় বিষ্ণবে পরমাত্মনে স্বাহা" মন্ত্রে এক একটি করিয়া শালগ্রামশিলোপরি দিবে। † তদনন্তর জপ ও প্রণাম করিয়া নিম্নলিখিত নিয়মে দক্ষিণা দিবে।

"এতস্মৈ কাঞ্চনমূল্যায় নমঃ" মন্ত্রে দক্ষিণাদ্রব্যটির পূজা করিয়া বামহস্তযুক্ত দক্ষিণহস্তের মধ্যমা বা কুশ দ্বারা কোশাস্থিত জল স্পর্শ করত নিম্নলিখিত বাক্যে দক্ষিণাদ্রব্যে জলের ছিটা দিবে। যথা—

"বিষ্ণুরোম্ তৎসদদ্য অমুকে মাসি অমুকপক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা অমুকগোত্রস্য শ্রীঅমুকদেবশর্ম্মণঃ শ্রীবিষ্ণুপ্রীতিপূর্ব্বকসর্ব্বাপচ্ছান্তিকামনয়া কৃতৈতৎস্বস্ত্যয়নকর্ম্মণঃ সাঙ্গতার্থং দাক্ষিণামেতৎ (দক্ষিণাদ্রব্য উপস্থিত না থাকিলে 'দক্ষিণাং তৎ' বলিবে) কাঞ্চনমূল্যং (শূদ্র হইলে 'যৎকিঞ্চিৎ-

* নিজের জন্য স্বস্ত্যয়ন করিলে "অমুকগোত্রস্য শ্রীঅমুকদেবশর্ম্মণঃ" উচ্চারণ করিবে না এবং "করিষ্যামি" পদের পরিবর্ত্তে "করিষ্যে" বলিবে।

† এক একটি তুলসী শালগ্রামশিলার উপর হইতে সরাইয়া হস্ত ধৌত করণান্তে অন্য তুলসী দিবে।

কাঞ্চনমূল্যং') শ্রীবিষ্ণুদৈবতং যথাসম্ভবগোত্রনাম্নে ব্রাহ্মণায়াহং দদানি।"

তৎপরে পূর্ব্ববৎ জলস্পর্শ করিয়া নিম্নলিখিত বাক্যে বৈগুণ্য-সমাধান (অঙ্গহানিসমাধান) করিবে। যথা—

"বিষ্ণুরোম্ তৎসদদ্য অমুকে মাসি অমুকপক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা কৃতেঽস্মিন্ কর্ম্মণি যদ্‌বৈগুণ্যং জাতং তদ্দোষপ্রশমনায় শ্রীবিষ্ণুস্মরণমহং করিষ্যে।"

তদনন্তর "ওঁ তদ্বিষ্ণোঃ পরমং পদং" ইত্যাদি পাঠান্তে দশধা "ওঁ বিষ্ণু" জপ করিয়া এক গণ্ডূষ জল গ্রহণ পূর্ব্বক নিম্নলিখিত মন্ত্রপাঠ সহকারে ভূতলে ফেলিয়া দিবে। যথা—

ওঁ প্রীয়তাং পুণ্ডরীকাক্ষঃ সর্ব্বযজ্ঞেশ্বরো হরিঃ।
তস্মিন্ তুষ্টে জগৎ তুষ্টং প্রীণিতে প্রীণিতং জগৎ॥
এতৎ কর্ম্ম শ্রীকৃষ্ণায় অর্পণমস্তু॥

হরির লুট প্রদান।

যথাবিধি আচমনান্তে বিষ্ণুস্মরণ পূর্ব্বক নিম্নলিখিত নিয়মে সঙ্কল্প করিবে। যথা—

"বিষ্ণুরোম্ তৎসদদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা (পরের জন্য হইলে অধিকন্তু 'অমুক গোত্রস্য শ্রীঅমুকদেবশর্ম্মণঃ' উচ্চার্য্য) অভীষ্টসিদ্ধ্যর্থং মানসিক-হরিপূজনমহং করিষ্যে (পরার্থে 'করিষ্যামি')।"

সঙ্কল্পান্তে ভোগদানের নিয়মে মিষ্টান্নের পূজা করিয়া নিবেদন করিবে। পরে হরিধ্বনি সহকারে মিষ্টান্নের কিঞ্চিৎ কিঞ্চিৎ

* নিজের জন্য স্বস্ত্যয়ন হইলে "অমুকগোত্রস্য শ্রীঅমুকদেবশর্ম্মণঃ" উচ্চারণ করিবে না এবং 'দদানি' স্থলে 'দদে' বলিবে।

তিনবার ছড়াইয়া দিয়া "ওঁ নমো ব্রহ্মণ্যদেবায়" ইত্যাদি মন্ত্রে প্রণাম করিবে।

আকাশপ্রদীপদানমন্ত্র।

দামোদরায় নভসি তুলায়াং লোলয়া সহ।
প্রদীপং তে প্রযচ্ছামি নমোঽনন্তায় বেধসে॥

উল্কাদান।

দীপান্বিতা অমাবস্যার প্রদোষে উল্কাদান করিতে হয়। পাকাটী অথবা নারিকেলপত্রাদি দ্বারা মশালবৎ উল্কা প্রস্তুত করিয়া নিম্নলিখিত মন্ত্রপাঠ পূর্ব্বক উহা গ্রহণ করিবে। যথা—

ওঁ শস্ত্রাশস্ত্রহতানাঞ্চ ভূতানাং ভূতদর্শয়োঃ।
উজ্জ্বলজ্যোতিষা দেহং দহেয়ং ব্যোমবহ্নিনা॥

অনন্তর নিম্নলিখিত মন্ত্রে ভূতলে উল্কা স্থাপন করিবে, যথা—

ওঁ অগ্নিদগ্ধাশ্চ যে জীবা যেঽপ্যদগ্ধাঃ কুলে মম।
উজ্জ্বলজ্যোতিষা দগ্ধাস্তে যান্তু পরমাং গতিম্॥

তৎপরে ঐ উল্কা ভেলায় তুলিয়া নিম্নলিখিত মন্ত্রপাঠ পূর্ব্বক জলে ভাসাইয়া দিবে, যথা—

ওঁ যমলোকং পরিত্যজ্য আগতা যে মমালয়ে।
উজ্জ্বলজ্যোতিষা বর্ত্ম প্রপশ্যন্তো ব্রজন্তু তে॥

ভূতচতুর্দ্দশী।

যমচতুর্দ্দশীতে অর্থাৎ কার্ত্তিকী কৃষ্ণাচতুর্দ্দশী তিথিতে সন্ধ্যা-কালে স্নান, ধর্ম্মরাজের পূজা, তর্পণ, কুমারী ও ব্রাহ্মণপূজা, দেব-গৃহাদিতে চতুর্দ্দশ দীপদান, চতুর্দ্দশ শাকভোজন এবং মস্তকোপরি অপামার্গ (আপাঙ্) ভ্রামিত করিবে। (পরন্তু অধুনা অস্মদ্দেশে

কেবলমাত্র চতুর্দ্দশদীপদান ও চতুর্দ্দশশাকভোজনের প্রথা প্রচলিত আছে।) নিম্নলিখিত মন্ত্রে অপামার্গভ্রামণ করিতে হয়, যথা—

শীতলোষ্ঠসমাযুক্ত সকণ্টকদলান্বিত।
হর পাপমপামার্গ ভ্রাম্যমাণঃ পুনঃ পুনঃ॥

চতুর্দ্দশ শাক।—ওল, কেমুক (কেঁউ), বাস্তূক (বেতো), সর্ষপ, কালশাক, নিম্ব, জয়ন্তী, শালিঞ্চা (শাঞ্চে), হিলমোচিকা (হিঞ্চা), পটুক (পল্তা), শুল্‌ফা, গুড়ূচী, ভণ্টাকী (বেগুণ) ও শুষ্ণী।

অশোকাষ্টমীতে অশোককলিকাপানমন্ত্র।

অশোকাষ্টমীতে অর্থাৎ চৈত্রমাসের শুক্লাষ্টমীতে সজল অশোক-কলিকাষ্টক পান করিলে জন্মজন্মান্তরে শোক পাইতে হয় না।

পানমন্ত্র।—ত্বমশোক হরাভীষ্ট মধুমাসসমুদ্ভব।
পিবামি শোকসন্তপ্তো মামশোকং সদা কুরু॥

ঘটোৎসর্গপদ্ধতি।

আচমনাদি সমাপনান্তে বামকরে ঘটধারণ পূর্ব্বক "ওঁ সযবোপকরণজলপূরিত-(গঙ্গাজল হইলে—গঙ্গাজলপূরিত বলিবে) ঘটায় (অথবা কুম্ভায়) নমঃ" এই মন্ত্রে বারত্রয় জলাভ্যুক্ষণ করত নিম্নলিখিত মন্ত্রে একটি সচন্দন পুষ্প প্রদান করিবে। যথা—

"এতে গন্ধপুষ্পে ওঁ সযবোপকরণজলপূরিতঘটায় নমঃ, এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে ওঁ শ্রীবিষ্ণবে নমঃ, এতে গন্ধপুষ্পে এতৎ-সম্প্রদানায় ওঁ ব্রাহ্মণায় নমঃ।"

তৎপরে কোশাস্থ জলে দক্ষিণ হস্ত স্থাপন পূর্ব্বক নিম্নলিখিত বাক্য উচ্চারণ করিবে, যথা—

"বিষ্ণুরোম্ তৎসদদ্য অমুকে মাসি অমুকপক্ষে অমুখতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা শ্রীবিষ্ণুপ্রীতিকামঃ (ইষ্টদেবতার

উদ্দেশে হইলে মনে মনে তন্নাম স্মরণ পূর্ব্বক‘প্রীতিকামঃ’ বলিবে) ইমং সযবোপকরণজলপূরিতঘটমর্চ্চিতং শ্রীবিষ্ণুদৈবতং যথাসম্ভব-গোত্রনাম্নে ব্রাহ্মণায় অহং দদে (অথবা বিষ্ণবে তুভ্যমহং সম্প্রদদে)।

(পিত্রাদির উদ্দেশে ঘটোৎসর্গ করিতে হইলে “অদ্যেত্যাদি অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রস্য পিতুর-মুকদেবশর্ম্মণোঽক্ষয়স্বর্গকামঃ” ইত্যাদি বলিয়া সর্ব্বশেষে “দদানি” বলিবে। একটি কুম্ভ মাতাপিতাকে একত্র প্রদান করিতে হইলে “পিত্রোর্ভবানীপ্রসাদদেবশর্ম্ম-সুরবালাদেব্যোরক্ষয়স্বর্গকামঃ”ইত্যাদি-রূপ; শ্বশুর-শাশুড়ীকে একত্র দিলে “শ্বশুরয়োরমুকদেবশর্ম্ম-অমুকীদেব্যোরক্ষয়স্বর্গকামঃ” ইত্যাদিরূপ; স্ত্রী পুরুষ উভয়কে দিতে হইলে “অমুকদেবশর্ম্ম-অমুকীদেব্যোরক্ষয়স্বর্গকাম” ইত্যাদি-রূপ; একটি কুম্ভ অনেককে দিতে হইলে “অমুকগোত্রাণাং পিতৃ-পিতামহ-প্রপিতামহানাং অমুকদেবশর্ম্ম-অমুকদেবশর্ম্ম-অমুকদেব-শর্ম্মণাম্” ইত্যাদিরূপ এবং একটি কুম্ভ বহুপুরুষ ও বহু স্ত্রীকে দিতে হইলে পুরুষগণের নামান্তে দেবশর্ম্ম বলিয়া পরে “অমুকী-দেবীনাং” উচ্চারণ করিবে। ব্যজন, ছত্র, পাদুকা প্রভৃতিও এই নিয়মে উৎসর্গ করিতে হয়)।

উক্তরূপ বাক্যে ঘটোৎসর্গ করিয়া ঘটধারণ পূর্ব্বক নিম্ন-লিখিত মন্ত্র পাঠ করিবে। যথা—

এষ ধর্ম্মঘটো দত্তো ব্রহ্মবিষ্ণুশিবাত্মকঃ।
অস্য প্রদানাৎ সফলা মম সন্তু মনোরথাঃ॥

তৎপরে ঘটে চন্দন দিয়া নিম্নলিখিত মন্ত্র পাঠ করিবে, যথা—

পানীয়ং প্রাণিনাং প্রাণাঃ পানীয়ং পাবনং মহৎ।
পানীয়স্য প্রদানেন প্রীয়তাং মে জনার্দ্দন॥

তৎপরে যথাবিধি দক্ষিণাপ্রদান পূর্ব্বক পিতৃপ্রণাম করিবে, যথা—

পিতা স্বর্গঃ পিতা ধর্ম্মঃ পিতা হি পরমং তপঃ।
পিতরি প্রীতিমাপন্নে প্রীয়ন্তে সর্ব্বদেবতাঃ॥

(ভোজ্যোৎসর্গও এই নিয়মে করিবে, কেবল "সঘৃতসোপকরণামান্নভোজ্যায় নমঃ" উচ্চারণ পূর্ব্বক কার্য্য করিবে, এইমাত্র প্রভেদ)।

যবাদিদ্রব্যের অভাবে প্রতিনিধি।

যবাভাবে গম, মধু অভাবে গুড়, ঘৃত অভাবে সর্ষপতৈল এবং কুশ অভাবে কেশে ব্যবহার্য্য।

দেবপূজায় আবাহনাদির নিষেধবিধি।

শালগ্রামে, বাণলিঙ্গে, প্রতিষ্ঠিত দেবমূর্ত্তিতে, জলে ও বহ্নিতে পূজাকালে দেবতার আবাহন, প্রতিষ্ঠা ও বিসর্জ্জন নাই।

অম্বুবাচীতে নিষিদ্ধকর্ম্ম।

অম্বুবাচীতে কাম্যপূজাদি, ব্রতারম্ভাদি, ভূমিখনন, অধ্যয়ন ও পক্বান্নাদিভক্ষণ নিষিদ্ধ।

সধবার পক্ষে কুশ ও তিল ব্যবহারের নিষিদ্ধতা।

সধবা স্ত্রী কুশ বা কেশের পরিবর্ত্তে দূর্ব্বা ব্যবহার করিবে, কুশাসনে বসিবে না এবং তিল-ব্যবহারও নিষিদ্ধ। তিলের পরিবর্ত্তে প্রায়শঃ যব ব্যবহার্য্য।

পর্য্যুষিত কুশ ও শিবমৃত্তিকাগ্রহণের নিষিদ্ধ দিন।

হরিশয়নে কুশ ও শিবমৃত্তিকা বাসী অব্যবহার্য্য। শ্রাবণী অমাবস্যায় কুশ তুলিলে তাহা বাসী গ্রহণ করিতে পারে।

প্রণামবিধি।

প্রণাম চতুর্ব্বিধ ;—অভিবাদন, অষ্টাঙ্গ, পঞ্চাঙ্গ ও করশিরঃ-

সংযোগাখ্য। স্বীয় নাম উচ্চারণ পূর্ব্বক প্রণম্যের পাদস্পর্শ করাকে অভিবাদন কহে। পদদ্বয়, হস্তদ্বয়, জানুদ্বয়, বক্ষঃস্থল, মস্তক, দৃষ্টি (প্রণম্যের প্রতি স্থিরনেত্রপাত), বাক্য (তন্নামোচ্চারণ) ও মন (তৎপ্রতি একাগ্রচিত্ততা) এই অষ্টাঙ্গ দ্বারা দণ্ডবৎ প্রণামের নাম অষ্টাঙ্গ প্রণাম ; জানুদ্বয়, করদ্বয়, মস্তক, বাক্য ও মন এই পঞ্চাঙ্গ দ্বারা প্রণামের নাম পঞ্চাঙ্গ প্রণাম এবং মস্তকে অঞ্জলিবন্ধন পূর্ব্বক প্রণামকে করশিরঃসংযোগ প্রণাম কহে।

শিব ও স্ত্রীদেবতাকে দক্ষিণে এবং তদ্ভিন্ন সকলকে বামদিকে রাখিয়া প্রণাম করিবে।

ব্রাহ্মণে ব্রাহ্মণকে প্রণাম করিলে "বিষ্ণবে নমঃ" বলিয়া প্রতিনমস্কার করিবে। ব্রাহ্মণের অঙ্গে ব্রাহ্মণের পদস্পর্শ হইলে উভয়েই "বিষ্ণবে নমঃ" উচ্চারণ পূর্ব্বক প্রণাম করিবেন। হীনবর্ণেরা প্রণাম করিলে ব্রাহ্মণগণ "স্বস্ত্যস্তু", "ধর্ম্মে মতিরস্তু", "কল্যাণমস্তু" অথবা "জয়োঽস্তু" বলিয়া আশীর্ব্বাদ করিবেন। আশীর্ব্বাদের সময় উত্তান দক্ষিণহস্ত অধঃপ্রসারণ পূর্ব্বক বৃদ্ধাঙ্গুলী দ্বারা অনামিকার মূলপর্ব্ব স্পর্শ করিয়া বরমুদ্রা প্রদর্শন করিবে।

প্রণম্যা স্ত্রীলোকের অঙ্গে স্ত্রীলোকের পদস্পর্শ হইলে "ক্ষমস্ব" অর্থাৎ "ক্ষমা করুন্" বলিয়া প্রণাম করিতে হয়। প্রণম্যা স্ত্রীও "জীবৎপতিকা ভব" অর্থাৎ "চির-আয়তী হও" বলিয়া আশীর্ব্বাদ করিবেন।

প্রণামে নিষেধবিধি।

গুরুজনের হস্তে অন্নব্যঞ্জনাদি, কুশ, বহ্নি, জল, পুষ্প বা মৃত্তিকা থাকিলে, তাঁহারা অশুচি অবস্থায় থাকিলে, ভোজনে নিরত থাকিলে, অন্যমনা থাকিলে, দেবপূজাদিতে অভিনিবিষ্ট

থাকিলে অথবা তাঁহারা কোন স্থানে গমন করিতেছেন, এরূপ সময়ে প্রণাম করিতে নাই। দেবতা কিংবা গুরুজন, কাহাকেও একহস্তে প্রণাম করিবে না। প্রমাণ যথা—

"একহস্তপ্রণামশ্চ একং বাপি প্রদক্ষিণম্।
অকালে দর্শনং বিষ্ণোর্হন্তি পুণ্যং পুরাকৃতম্॥"

দ্বাদশদানের দ্রব্য।

(১) সভূমি ধান্য, (২) আসন, (৩) জলপাত্র, (৪) অন্নপাত্র, (৫) বস্ত্র, (৬) তাম্বূলপাত্র, (৭) ফলপাত্র, (৮) চন্দনপাত্র, (৯) ছত্র, (১০) পাদুকা, (১১) শয্যা, (১২) কড়ি এক কাহন।

ষোড়শদানের দ্রব্য।

দ্বাদশ দানের দ্রব্য এবং তৈজসাধার সহ দীপ, তৈজসাধার সহ মাল্য, স্বর্ণ ও রৌপ্য।

বজ্রভয়শান্তি-মন্ত্র।

নিম্ননিখিত মন্ত্র পাঠ করিলে বজ্রভয় দূর হয়। যথা—

রামং স্কন্দং হনূমন্তং বৈনতেয়ং বৃকোদরম্।
যে স্মরন্তি বিরূপাক্ষং ন তেষাং বিদ্যুতো ভয়ম্॥

মধুপর্ক।

কাংস্যপাত্রে দধি, ঘৃত, জল, মধু ও চিনি একত্র করিয়া মধুপর্ক করিতে হয়। তন্মধ্যে দধি, ঘৃত ও চিনি সমভাগ, জল অত্যল্প এবং সমবেত সর্ব্বদ্রব্যাপেক্ষা অধিক মধু দিবে।

মতান্তরে ঘৃত, দধি ও মধু একত্র মিশ্রিত করিলেও মধুপর্ক হয়।

পঞ্চগব্য।

গোময়, গোমূত্র, ঘৃত, দুগ্ধ ও দধি একত্র করিলেই পঞ্চগব্য

হয়। গোময়ের দ্বিগুণ গোমূত্র, গোমূত্রের চতুর্গুণ ঘৃত, ঘৃতের অষ্টগুণ দুগ্ধ এবং দুগ্ধের অষ্টগুণ দধি মিশ্রিত করিবে।

পঞ্চগব্যশোধন-মন্ত্র।

গোময়শোধন।—ওঁ গন্ধদ্বারাং দুরাধর্ষাং নিত্যপুষ্টিং করীষিণীম্।
ঈশ্বরীং সর্ব্বভূতানাং তামিহোপহ্বয়ে শ্রিয়ম্॥

গোমূত্রশোধন।—গায়ত্রীপাঠ দ্বারা শোধন হয়।

দধিশোধন।—দধি ক্রাবে্ণাহকার্ষং জিষ্ণোরশ্বস্থ বাজিনঃ,সুরভিণো মুখাকরোৎ প্রণতায়ুংষি তার্ষৎ॥

দুগ্ধশোধন।—আপ্যায়স্ব সমেতু তে বিশ্বতঃ সোম বিশ্বং ভবা-বাজস্থ সঙ্গতে।

ঘৃতশোধন।—ওঁ তেজোহসি শুক্রমস্যমৃতমসি ধামনামাসি প্রিয়ং দেবানামনাধৃষ্টং দেবযজনমসি।

পঞ্চামৃত।

দধি, দুগ্ধ, ঘৃত, মধু ও চিনি এই পঞ্চ দ্রব্য একত্র করিলেই পঞ্চামৃত হয়। তন্মধ্যে দধি, দুগ্ধ ও ঘৃতশোধন-মন্ত্র উপরে লিখিত হইয়াছে; মধু ও শর্করাশোধন-মন্ত্র নিম্নে লিখিত হইল, যথা—

মধুশোধন-মন্ত্র।—মধু বাতা ঋতায়তে মধু ক্ষরন্তু সিন্ধবঃ মাধ্বীর্নঃ সন্ত্বোষধীঃ। মধু নক্তমুতোষসো মধু মৎপার্থিবং রজঃ মধু দ্যৌরস্তু নঃ পিতা মধুমান্ নো বনস্পতিঃ মধুমান্ অস্তু সূর্য্যো মাধ্বীর্গাবো ভবন্তু নঃ॥

চিনিশোধন-মন্ত্র।—গায়ত্রীপাঠ।

পঞ্চবর্ণ গুঁড়ি।

হরিদ্রাচূর্ণ পীতবর্ণ, তণ্ডুলচূর্ণ শ্বেতবর্ণ, কুসুমফলচূর্ণ অরুণ, চিতিধানপোড়াচূর্ণ কৃষ্ণ এবং বিল্বাদিপত্রচূর্ণ শ্যামল।

পঞ্চপল্লব।

আম্র, জম্বু, কপিত্থ, দাড়িম্ব ও বিল্ব। মতান্তরে অশ্বত্থ, বট, আম্র, প্লক্ষ বা অশোক ও যজ্ঞোডুম্বর। তন্ত্রমতে—কাঁঠাল, আম্র, বট, অশ্বত্থ ও বকুল।

পঞ্চশস্য।

ধান্য, মুগ, তিল, যব ও শ্বেতসর্ষপ। কেহ কেহ শ্বেতসর্ষপের পরিবর্ত্তে মাষকলায় ব্যবহার করেন।

পঞ্চরত্ন।

কাঞ্চন, হীরক, মুক্তা, পদ্মরাগমণি ও নীলকান্তমণি।

পঞ্চকষায়।

জম্বু, শাল্মলী, বলা, বকুল, বদর।

সর্ব্বৌষধি।

মুরা, জটামাংসী, বচ, কুড়, শৈলজ, হরিদ্রা, কুঙ্কুম, শঠী, চম্পক ও মুথা।

মহৌষধি।

পৃশ্নিপর্ণী, চাকুলিয়া, শ্যামালতা, ভৃঙ্গরাজ, শতাবরী, গুলঞ্চ, সহদেবী।

হবিষ্যান্ন।

গব্যদধি, গব্যঘৃত (অভাবে মাহিষঘৃত), আতপতণ্ডুল, ইক্ষু-চিনি, বেতোশাক, খৈ, ইক্ষু, হরীতকী, মটর,যব, তিল, কাঁচামুগ, সৈন্ধবলবণ, হিঞ্চা, কাঁটাল, কদলী, আমলকী, লতাদির মূল, তেঁতুল, আম্র, জীরক, গব্য দুগ্ধ (অভাবে মাহিষদুগ্ধ), লবলী (নোড়)। *

* আতা, পেঁপে, তরমুজ, ডাব বা নারিকেল, ফুটী, কড়াইশুঁটী, বরবটী, বাদাম, ডালিম, দ্রাক্ষা (কিস্‌মিস্), খর্জ্জুর প্রভৃতি দ্রব্যও দেশভেদে লৌকিকাচারমতে হবিষ্যান্ন বলিয়া পরিগণিত।

অক্ষমের পক্ষে উপবাসে অনুকল্প।

উপবাসদিনে উপবাস করিতে অক্ষম হইলে ফল, মূল, ঘৃত, দুগ্ধ ও জল সেবন করিবে। যদি তাহা সেবন করিয়াও উপবাস করিতে না পারে, তাহা হইলে ব্রাহ্মণের আজ্ঞা গ্রহণ পূর্ব্বক সমস্ত দিবা উপবাসী থাকিয়া রাত্রিকালে হবিষ্যান্ন ভক্ষণ করিবে।

জপরহস্য।

নির্জ্জনে জপ করাই কর্ত্তব্য। ফল কথা, যেখানে চিত্তপ্রসাদ জন্মে, তাহাই জপের উপযুক্ত স্থান। জপ ত্রিবিধ ;—মানসিক, উপাংশু ও বাচনিক। মনে মনে মন্ত্রজপ করাকে মানসিক জপ কহে ; যে জপের শব্দ নিজের শ্রুতিগোচর হয়, কিন্তু অন্যে শুনিতে পায় না, তাহাকে উপাংশু জপ বলে আর যে জপের শব্দ উচ্চৈঃস্বরে উচ্চারিত হয়, তাহাকে বাচনিক জপ বলা যায়। বাচনিক অপেক্ষা উপাংশু এবং উপাংশু অপেক্ষা মানসিক জপ শ্রেষ্ঠ।

মন্ত্রজপের আদিতে অঙ্গন্যাস, করন্যাস, ঋষ্যাদিন্যাস, মূলমন্ত্র দ্বারা প্রাণায়াম ও গুরুপংক্তিনমস্কার করিয়া জপশেষে পুনর্ব্বার প্রাণায়াম করত জপবিসর্জ্জন করিবে। পরন্তু গায়ত্রীজপ সম্বন্ধে ইহার কিছুই করিবার আবশ্যক নাই।

প্রভাতে হৃদয়সমীপে উত্তানহস্তে, মধ্যাহ্নে হৃদয়াভিমুখহস্তে এবং সন্ধ্যাকালে অধোমুখ-হস্তে জপ করিবে। জপকালে হস্ত বস্ত্রাভ্যন্তরে রাখিবে। হৃদয়কমলে পূজিত দেবতাকে ধ্যান পূর্ব্বক মস্তকস্থিত গুরু ও মন্ত্র সহ দেবতার ঐক্য ভাবনা করিয়া জপ করিতে হয়। মন্ত্র স্পষ্ট ও অনতিদ্রুতভাবে উচ্চারণ করিবে এবং অধিক বিলম্ব করিয়া উচ্চারণ করিবে না। অক্ষমালাতে জপই প্রশস্ত, তাহার অভাবে অনামার মূলপর্ব্বদ্বয়, কনিষ্ঠার পর্ব্বত্রয়,

অনামা ও মধ্যমার অগ্রপর্ব্বদ্বয় ও তর্জ্জনীর পর্ব্বত্রয় এই দশপর্ব্বে ক্রমান্বয়ে অঙ্গুষ্ঠের অগ্র দ্বারা জপ করিবে। স্ত্রীদেবতা হইলে তর্জ্জনীর পর্ব্বদ্বয় পরিত্যাগ করত মধ্যমার তিন পর্ব্ব ও তর্জ্জনীর মূলপর্ব্ব যাবৎ দশস্থলে জপ করিবে। এইরূপ জপের প্রতি দশবার হইলে উক্তরূপ প্রণালীতে বামহস্তের পর্ব্বে একবার জপ করা হইবে। এই প্রকারে বামহাতে দশবার পূর্ণ হইলেই শতসংখ্যা পূর্ণ হইল বুঝিবে। অষ্টাদশবার বা একশত আটবার ইত্যাদিরূপ অষ্টাধিক করিয়া জপ করাই কর্ত্তব্য। অক্ষম স্থলে দশবার জপ করিবে।

জপসংখ্যাদ্রব্যের দ্বারা * সংখ্যা রাখিয়া জপ করিতে হয়। দক্ষিণ হস্তে দশবার জপ হইলে বামহস্তের অঙ্গুলীসমূহের এক একটি পর্ব্ব ধরিবে। এইরূপে বামহস্তের দশপর্ব্ব শেষ হইলেই শতবার জপ হয়। প্রতি শতবার জপের পর সংখ্যাদ্রব্যের দ্বারা সংখ্যানিরূপণ করিবে। সংখ্যা না রাখিয়া জপ করিলে জপ নিষ্ফল হয়। জপকালে এরূপ ভাবে জপ করিবে যেন, অঙ্গুষ্ঠের অগ্রভাগ অঙ্গুলীর পর্ব্বরেখায় পতিত না হয়। দৈবাৎ পড়িলে পুনরায় প্রথম হইতে জপ আরম্ভ করিবে।

জপকালে অঙ্গপ্রত্যঙ্গাদি স্পন্দন, দন্তবিকাশ, বাক্যোচ্চারণ ও হাস্য প্রভৃতি নিষিদ্ধ।

ক্ষৌরকর্ম্ম।

জন্মমাসে ক্ষৌরকর্ম্ম সম্পাদন করিলে রোগ ও ধনপুত্র নাশ পায়। নাপিতের গৃহে গিয়া ক্ষৌরকর্ম্ম সম্পাদন করিলে শ্রীহীন

---

* সিন্দূর, গোময়, লাক্ষা, রক্তচন্দন ইহার একতম দ্বারা গুটিকা প্রস্তুত করত জপসংখ্যা রাখিতে হয়।

হইতে হয়। রবিবারে ক্ষৌর-কর্ম্ম করিলে দুঃখ, সোমবারে সুখ, মঙ্গলে মৃত্যু, বুধে ধনলাভ, বৃহস্পতিতে মানহানি, শুক্রবারে শুক্রক্ষয় এবং শনিবারে সর্ব্বপ্রকার দোষের কারণ হয়। প্রথমে শ্মশ্রু-কেশাদি কর্ত্তন করিয়া পরে নখকর্ত্তন করিবে। রোহিণী, বিশাখা, উত্তরভাদ্রপদ, উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, মঘা, কৃত্তিকা, এই সকল নক্ষত্রে ক্ষৌরবর্জ্জন করিবে। মৈথুনান্তে ক্ষৌর নিষিদ্ধ। ক্ষৌরকার্য্যকালে কেশব, দিতি ও অদিতি এই কয়-জনকে এবং পাটলিপুত্র, মহীস্ছত্রা ও আনর্ত্তপুর এই তিন নগরকে স্মরণ করিলে মঙ্গল হইয়া থাকে। দেবকার্য্যে, পিতৃশ্রাদ্ধে, জন্ম-মাসে, জন্মনক্ষত্রে ও রবির অংশক্ষয়ে ক্ষৌরকর্ম্ম বর্জ্জনীয়। পূর্ব্বাস্য বা উত্তরাস্য হইয়া ক্ষৌরকর্ম্ম করণীয়। স্নানান্তে, সন্ধ্যাকালে ও রাত্রিতে ক্ষৌরকর্ম্ম করিবে না।

মুমূর্ষু কৃত্য।

(বৈতরণী)

দেহত্যাগের পূর্ব্বেই বৈতরণী করা কর্ত্তব্য। বৈতরণী করিলে নরকভয়ের আশঙ্কা থাকে না। অপবিত্র থাকিলেও বৈতরণী করিতে পারে। স্বয়ং অশক্ত হইলে অন্য কোন পবিত্র ব্যক্তি দ্বারা উহা সম্পাদন করাইবে। বৈতরণীক্রিয়ায় সবৎসা-ধেনুদানই বিধি, অসমর্থ হইলে একটিমাত্র কৃষ্ণা ধেনু দিবে। * তাহাতেও অক্ষম হইলে গোমূল্য এককাহন বরাটক (কড়ি) উৎ-

---

* স্বর্ণশৃঙ্গ, রৌপ্যক্ষুর, কাংস্যক্রোড়, তাম্রপৃষ্ঠ প্রভৃতি দ্বারা অলঙ্কৃতা ও সবস্ত্রা করিয়া ধেনু দান করাই ব্যবস্থা।

সর্গ করিতে হয়। নিম্নলিখিত প্রণালীতে বৈতরণী করিবে যথা—

"বিষ্ণুরোম্ তৎসদদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা যমদ্বারস্থিতবৈতরণীনদীসুখসন্তরণ-কামঃ (অথবা তপ্তাবৈতরণীনদীসুখসন্তরণকামঃ) ইমাং সালঙ্কারাং সবস্ত্রাং কৃষ্ণাং গাং (অথবা বৈতরণীং গাং) গন্ধ্যাদ্যর্চ্চিতাং শ্রীবিষ্ণু-দৈবতাং যথাসম্ভবগোত্রনাম্নে ব্রাহ্মণায় অহং সংপ্রদদে।" *

এই প্রকার বাক্য উচ্চারণ পূর্ব্বক উৎসর্গ করিয়া নিম্নলিখিত মন্ত্র পাঠ করিবে, যথা—

ওঁ যমদ্বারে মহাঘোরে তপ্তা বৈতরণী নদী।
তাঞ্চ তর্ত্তুং দদাম্যেনাং কৃষ্ণাং বৈতরণীঞ্চ গাম্॥

তৎপরে নিম্নলিখিত বাক্যে দক্ষিণা প্রদান করিবে। যথা—

"বিষ্ণুরোম্ তৎসদদ্য অমুকে মাসি অমুকপক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা যমদ্বারাবস্থিততপ্তাবৈতরণীনদীসুখ-সন্তরণকামনয়া কৃতৈতৎ-সালঙ্কারা-সবস্ত্রা-কৃষ্ণা-বৈতরণী-গোদান-কর্ম্মণঃ (গোদানে অসমর্থ হইয়া মূল্য প্রদান করিলে 'কৃষ্ণা-বৈত-রণী-গোদানকর্ম্মণঃ' ইহার পরিবর্ত্তে 'কৃষ্ণাগোমূল্যদানকর্ম্মণঃ' বলিবে) সাঙ্গতার্থং দক্ষিণামিদং কাঞ্চনমূল্যং যথাসম্ভবগোত্রনাম্নে ব্রাহ্মণায়াহং সংপ্রদদে।"

বৈতরণীর সময় ভোজ্যান্ন, বস্ত্র, জল ইত্যাদি দানও বিধেয়। মৃত্যুর পূর্ব্বক্ষণে বৈতরণী না হইলে আদ্যশ্রাদ্ধের প্রথমেই করিবে।

---

* ধেনুদানে অক্ষমস্থলে গোমূল্য প্রদান করিলে "সুখসন্তরণকামঃ" এই পদের পর "কৃষ্ণাগোমূল্যান্ এককার্ষাপণবরাটকান্ শ্রীবিষ্ণুদৈবতান্ ব্রাহ্মণে-ভ্যোঽহং সংপ্রদদে" এইরূপ বাক্য উচ্চারণ করিবে।

অন্ত্যেষ্টিক্রিয়াপদ্ধতি।

মৃতব্যক্তির দাহাধিকারী স্বয়ং স্নানান্তে মৃতব্যক্তিকে স্নান করাইবে। পরে তাহার সর্ব্বাঙ্গ বস্ত্রাবৃত করত দক্ষিণশিরা করাইয়া কুশোপরি শয়ন করাইবে। তদনন্তর তাহার সর্ব্বাঙ্গ ঘৃতাক্ত করিয়া নিম্নলিখিত মন্ত্রে পুনরায় স্নান করাইবে। যথা—

ওঁ গয়াদীনি চ তীর্থানি যে চ পুণ্যাঃ শিলোচ্চয়াঃ।
কুরুক্ষেত্রঞ্চ গঙ্গাঞ্চ যমুনাঞ্চ সরিদ্বরাম্।
কৌশিকীং চন্দ্রভাগাঞ্চ সর্ব্বপাপপ্রণাশিনীম্।
ভদ্রাবকাশাং সরযূং পনসং গণ্ডকীং তথা॥
বৈণবঞ্চ বরাহঞ্চ তীর্থং পিণ্ডারকং তথা।
পৃথিব্যাং যানি তীর্থানি সরিতঃ সাগরাস্তথা॥

তৎপরে নূতনবস্ত্র পরিধান করাইয়া উত্তরীয়, যজ্ঞোপবীত ও চন্দনাদি দ্বারা শবদেহ ভূষিত করত তদীয় চক্ষুর্দ্বয়, কর্ণদ্বয়,নাসা-রন্ধ্রদ্বয় ও মুখ এই সপ্তরন্ধ্রে সপ্তখণ্ড সুবর্ণ (অভাবে কাংস্যখণ্ড) প্রদান করিবে। পরে আমপাত্রে (কাঁচামৃণ্ময়পাত্রে) তণ্ডুলগ্রহণ করত পথিমধ্যে তাহা ছড়াইতে ছড়াইতে শববহনপূর্ব্বক শ্মশানে উপস্থিত হইবে। উক্ত তণ্ডুলের অর্দ্ধাংশ ছড়াইয়া অবশিষ্টার্দ্ধ পিণ্ডপাকার্থ রাখিয়া দিবে। ঐ তণ্ডুল দ্বারা শ্মশানে অন্নপাক কবিবে। শ্মশানের যে স্থানে বসিয়া পিণ্ডদান করিবে, সেই স্থান গোময় দ্বারা লেপন করত বিপরীতোপবীতী হইয়া বামজানু পাতন পূর্ব্বক উপবিষ্ট হইবে। পরে "ওঁ অপহতাসুরা রক্ষাংসি বেদী সদঃ" এই মন্ত্রে ভূতলে একটি চতুষ্কোণ রেখা অঙ্কিত করিয়া তদুপরি কুশাচ্ছাদন করত "ওঁ এহি প্রেত সৌম্য গম্ভীরেভিঃ

পথিভিঃ পূর্ব্বেণেভিঃ দেহস্মভ্যং দ্রবিণেহ ভদ্রং রয়িঞ্চ নঃ সর্ব্ব-বীরং নিযচ্ছ” এই মন্ত্রে প্রেতের আবাহন করিবে। *

অনন্তর আস্তীর্ণকুশোপরি তিলনিক্ষেপ পূর্ব্বক বামহস্তে কুশ-মূল লইয়া দক্ষিণহস্তে সতিল জলগণ্ডূষ গ্রহণ করত “ওঁ অমুকগোত্র প্রেত অমুকদেবশর্ম্মন্নবনেনিক্ষ্ব” এই মন্ত্রে কুশোপরি সেই জল প্রদান করিবে। পরে দক্ষিণ-হস্তে পিণ্ড ও বামহস্তে আমপাত্রে সতিল জল লইয়া “ওঁ অমুকগোত্র প্রেত অমুকদেবশর্ম্মন্ এতত্তেঽন্ন-মুপতিষ্ঠতাম্” † বলিয়া আস্তীর্ণ-কুশোপরি পিণ্ডপ্রদান করিবে। পরে পিণ্ডপাত্রপ্রক্ষালনজল পিণ্ডোপরি দিবে।

তৎপরে ক্রিয়াধিকারী স্নানান্তে কাষ্ঠ দ্বারা চিতারচনা করিয়া তদুপরি দুইখানি নববস্ত্রসহ শবকে শয়ন করাইবে। পুরুষ মরিলে দক্ষিণশিরা ও উবুড় করিয়া এবং স্ত্রীলোক মরিলে দক্ষিণশিরা ও চিৎ করিয়া শয়ন করাইতে হয়। ‡ তদনন্তর “দেবাশ্চাগ্নিমুখা এনং দহন্তু” এই মন্ত্রে প্রজ্বলিত বহ্নি গ্রহণ পূর্ব্বক নিম্নলিখিত মন্ত্রপাঠ করিতে করিতে সাতবার চিতা প্রদক্ষিণ করিবে। যথা—

ওঁ কৃত্বা তু দুষ্করং কর্ম্ম জানতা বাপ্যজানতা।
মৃত্যুকালবশং প্রাপ্য নরং পঞ্চত্বমাগতম্॥
ধর্ম্মাধর্ম্মসমাযুক্তং লোভমোহসমাবৃতম্।
দহেয়ং সর্ব্বগাত্রাণি দিব্যান্ লোকান্ স গচ্ছতু॥ §

* সামবেদীয় ভিন্ন অন্যবেদীয়গণ আবাহন করিবে না।

† স্ত্রীলোক মরিলে জলদান ও পিণ্ডদানের মন্ত্রে “অমুকগোত্রে প্রেতে অমুকিদেবি” উচ্চারণ করিতে হয়।

‡ যজুর্ব্বেদীয় ও ঋগ্বেদীয়গণ কি স্ত্রী, কি পুরুষ, সকলকেই উত্তরশিরা করিয়া শয়ন করাইবে।

§ স্ত্রীলোক মরিলে “নরং পঞ্চত্বমাগতং” স্থলে “নারীং পঞ্চত্বমাগতাং”,

প্রদক্ষিণান্তে দক্ষিণমুখ হইয়া শিরঃস্থলে বা মুখে অগ্নিসংযোগ করিবে। দাহান্তে দ্বাদশাঙ্গুলপরিমিত সাতটি কাষ্ঠিকা (কাঠি) লইয়া সাতবার চিতাপ্রদক্ষিণ করিতে করিতে এক একটি করিয়া ঐ কাঠি চিতাগ্নিমধ্যে নিক্ষেপ করিবে। তৎপরে "ক্রব্যাদায় নমস্তভ্যং" মন্ত্রে কুঠার দ্বারা চিতাস্থ জ্বলন্ত কাষ্ঠের উপর আঘাত করত অগ্নিকে বামে রাখিয়া নদ্যাদি জলাশয়ে স্নানার্থ গমন করিবে; পুনরায় চিতার দিকে দৃষ্টি করিবে না।

দেশভেদে এইরূপ প্রথা আছে যে, দাহাধিকারী চিতায় সপ্ত-কলস এবং অন্যান্য ব্যক্তিরা এক এক কলস জল সেচন করে এবং চিতার উপর পূর্ণকুম্ভ স্থাপন করত কুঠার দ্বারা আঘাত করিয়া স্নানার্থ গমন করিয়া থাকে। শবসম্বন্ধীয় বস্ত্রাদি শ্মশানবাসী চণ্ডালকে দান করিবে। ঋতুমতী বা সূতিকা স্ত্রীর মৃত্যু হইলে পূর্ণকুম্ভে সতিল পঞ্চগব্য নিক্ষেপ পূর্ব্বক "আপো হি ষ্ঠা ময়োভুবস্তা ন উর্জ্জে দধাত নঃ মহে রণায় চক্ষুষে" এই মন্ত্র এবং "মহা-বামদেব্য" ইত্যাদি শান্তিমন্ত্র পাঠ করত দাহ করিবে। গর্ভবতী স্ত্রীর মৃত্যু হইলে গর্ভস্থ শিশুকে নিষ্ক্রামিত করিয়া ভূগর্ভে প্রোথিত করত প্রসূতিকে দাহ করিবে।

দাহান্তে স্নানার্থ নদ্যাদি জলাশয়ে গিয়া দাহকারীর শ্যালকের (অভাবে অন্যান্য ব্যক্তির) নিকট "উদকং করিষ্যামঃ" এই বাক্যে অনুজ্ঞা প্রার্থনা করিবে। তাঁহারাও "কুরুধ্বং" বাক্যে অনুজ্ঞা দিবেন। পরে স্নানান্তে বস্ত্রাদিধারণ পূর্ব্বক দক্ষিণাস্যে বামহস্তে জল

"ধর্ম্মাধর্ম্মসমাযুক্তং" স্থলে "ধর্ম্মাধর্ম্মসমাযুক্তাং," "লোভমোহসমাবৃতং" স্থলে "লোভমোহসমাবৃতাং" এবং "স গচ্ছতু" স্থলে "সা গচ্ছতু" বলিবে।

লইয়া বামহস্তের অনামা দ্বারা ঘর্ষণ পূর্ব্বক "আপো নঃ শুশোচদঘং" এই বাক্য উচ্চারণ করিবে। অনন্তর একবস্ত্রে পুনরায় স্নান ও আচমনান্তে নিম্নলিখিত মন্ত্রে তিনবার তর্পণ করিবে। যথা—

"অমুকগোত্রং প্রেতং অমুকদেবশর্ম্মাণং তর্পয়ামি।" *

তদনন্তর গৃহে প্রতিগমন করিতে হয়। দেশভেদে এই প্রকার প্রথা আছে যে, দিবাভাগে দাহ হইলে রাত্রিতে এবং রাত্রিতে দাহ হইলে তৎপরদিন দিবাভাগে গৃহে যাইবে। কোন কোন দেশে দিবাভাগে দাহ হইলে তৎপরদিবস দিবাভাগে এবং রাত্রিতে দাহ হইলে তৎপরদিন রাত্রে গৃহে গমন করে।

দাহান্তে গৃহে যাইয়া বাটীর বহির্দ্বারস্থিত নিম্বপত্র, খেঁসারী ডাইল, ঘৃত, বহ্নি ও তণ্ডুল দন্তে কাটিয়া গৃহে প্রবেশ পূর্ব্বক কিঞ্চিৎ মিষ্টান্ন ভোজন করিবে। অপরাপর বাটীর কেহ দাহকারীর সহিত শ্মশানে গমন করিলে তিনিও ঐরূপে দাহকারী গৃহে গিয়া তথায় কিঞ্চিৎ মিষ্টান্ন ভোজন পূর্ব্বক পরে নিজগৃহে প্রত্যাগমন করিবেন।

গঙ্গাজলে অস্থিপ্রক্ষেপ।

দূরদেশে মৃতব্যক্তির অস্থি গঙ্গাজলে নিক্ষেপ করিতে হইলে উত্তরাস্যে আচমনান্তে কুশজল গ্রহণ পূর্ব্বক সঙ্কল্প করিয়া অস্থিকে পঞ্চগব্যে অভিষিক্ত করিবে। তদনন্তর স্বর্ণ, মধু, ঘৃত ও তিল-সংযুক্ত মৃত্তিকা বা গোময় দ্বারা আবৃত করিয়া দক্ষিণদিকে দৃষ্টি-

---

* স্ত্রীলোক মরিলে "অমুকগোত্রাং প্রেতাং অমুকিদেবীং তর্পয়ামি" বলিতে হয়। যজুর্ব্বেদীয় ও ঋগ্বেদীয়েরা পুরুষ মরিলে "অমুকগোত্র প্রেত অমুকদেবশর্ম্মন্ এতত্তিলোদকং তৃপ্যস্ব" এবং স্ত্রীলোক মরিলে "অমুকগোত্রে প্রেতে অমুকিদেবি এতত্তিলোদকং তৃপ্যস্ব" বলিয়া তর্পণ করিবে।

পাত করতঃ "নমো ধর্ম্মরাজায়" বলিয়া জলে অবতরণ করিবে। তৎপরে "স মে প্রীতো ভবতু" বাক্যে অস্থিখণ্ড দূরজলে নিক্ষেপ করিতে হয়। সঙ্কল্পবাক্য যথা—

"বিষ্ণুরোম্ তৎসদদ্য অমুকে মাসি অমুকপক্ষে অমুকতিথৌ অমুকগোত্রস্য শ্রীঅমুকদেবশর্ম্মণঃ এতদস্থিসমসংখ্যক-বর্ষসহস্রা-বচ্ছিন্ন-স্বর্গাধিকরণকমহীয়ানত্বকামঃ অমুকগোত্রস্য অমুকদেবশর্ম্মণঃ এতানি অস্থিখণ্ডানি গঙ্গায়াং প্রক্ষিপামি।"

অস্থি জলে প্রক্ষেপান্তে স্নান পূর্ব্বক সূর্য্যদর্শন করিয়া দক্ষিণা প্রদান করিতে হয়।

কুশপুত্তলিদাহ।

মৃতদেহ দাহ করা না হয়, অস্থি প্রাপ্ত হওয়াও না যায়, এরূপ স্থলে কুশপুত্তলিদাহন কর্ত্তব্য। কোন ব্যক্তি নিরুদ্দেশ হইলে দ্বাদশবর্ষ পরে যথানিয়মে কুশপুত্তলিদাহন করিয়া শ্রাদ্ধ করিবে। শরপত্র দ্বারা একটি পুত্তলি নির্ম্মাণ পূর্ব্বক তদীয় মস্তকে ৪০টি, গলদেশে ১০টি, বক্ষে ৩০টি, উদরে ২০টি, বাহুতে ১০০টি, অঙ্গুলীতে ১০টি, অণ্ডকোষে ৬টি, উপস্থে ৪টি, উরুদেশে ১০০টি, জানুজঙ্ঘায় ৩০টি এবং পাদাঙ্গুলীতে ১০টি পলাশপত্র দিয়া মেষরোমের সূত্র দ্বারা বেষ্টন করত যবপিষ্ট দ্বারা লেপন করিবে এবং পুত্তলির শিরোদেশে একটি তরুণ রক্তবর্ণ নারিকেল প্রদান করিবে। এইরূপে পুত্তলি নির্ম্মাণ করিয়া দাহ করিতে হয়।

মতান্তরে এইরূপ নির্দ্দিষ্ট আছে যে, অপঘাতে মৃত্যু হইলেও একবর্ষ পরে উপরিলিখিত নিয়মে কুশপুত্তলিদাহন করিতে হয়। কেহ কেহ একবর্ষমধ্যেও কুশপুত্তলিদাহনের ব্যবস্থা দেন।

সপিণ্ডাদি-বিচার।

আপনা হইতে চারি পুরুষ পিণ্ডভাগী ও তিন পুরুষ লেপভাগী, এই সপ্তম পুরুষ পর্য্যন্তকেই সপিণ্ড বলা যায়। অর্থাৎ পিতা, পিতামহ, প্রপিতামহ, এই তিন পুরুষ পিণ্ডভাগী আর বৃদ্ধপ্রপিতামহ, অতিবৃদ্ধপ্রপিতামহ ও অত্যতিবৃদ্ধপ্রপিতামহ এই পুরুষত্রয় লেপভাগী এবং স্বয়ং পিণ্ডদ। পিণ্ডদানান্তে যাহা হস্তে লগ্ন থাকে, তাহারই নাম লেপ। সপিণ্ডের অনন্তর যে তিন পুরুষ তাহাদিগকে এবং "এই বংশে অমুক জন্মগ্রহণ করিয়াছিল এইরূপ নামস্মৃতি যাবৎকে সমানোদক বলা যায়। কোন কো ব্যক্তি চতুর্দ্দশ পুরুষ যাবৎকে সমানোদক বলিয়া নির্ণয় করে এবং তৎপরে গোত্রজসম্বন্ধমাত্র নির্দ্দেশ করিয়া থাকেন। বিবাহ বিষয়ে অবিবাহিতা কন্যার সপিণ্ডতা সাত পুরুষ নির্দ্দিষ্ট আছে কিন্তু বিবাহান্তে পতিকুলে সপিণ্ডতা হইয়া থাকে। ভর্ত্তৃসপিণ্ড স্ত্রীজাতির সপিণ্ড। অবিবাহিতা কন্যার পিতৃকুলে তিন পুরুষ যাবৎ সপিণ্ডত্ব থাকে, কিন্তু তাহা অশৌচবিষয়ে জানিবে।

সপিণ্ডাদ্যশৌচ।

কি জননে, কি মরণে, সপিণ্ডব্যক্তির সম্পূর্ণ অশৌচ হয় অর্থাৎ দশদিন অশৌচ থাকে আর সকুল্যের তিন রাত্রি এবং গোত্রজ ব্যক্তি স্নানমাত্রে শুদ্ধ হয়। সমানোদকের নিবৃত্তিভাবে অর্থাৎ নামস্মরণ পর্য্যন্তকেই সকুল্য কহে। *

---

* এখানে ব্রাহ্মণের পক্ষে ব্যবস্থাই লিখিত হইল। ক্ষত্রিয় প্রভৃতির স্ব স্ব-জাত্যুক্ত শৌচের বিভাগমতে ব্যবস্থা হইবে।

চাতুর্ব্বর্ণাশৌচ।

বিপ্রের পক্ষে দশদিন, ক্ষত্রিয়ের দ্বাদশাহ, বৈশ্যের এক পক্ষ এবং শূদ্রের পক্ষে একমাস পূর্ণাশৌচ নিরূপিত আছে। * বিদেশে মৃত্যু বা জন্ম হইলে যে দিন সংবাদ পাওয়া যায়, জ্ঞাতিগণ সেই দিন হইতে আরম্ভ করিয়া অশৌচের অবশিষ্ট কয় দিন অশৌচ-গ্রহণ করিবে। জননাশৌচ অতীত হইবার পর সংবাদ পাইলে পর অশৌচগ্রহণের আবশ্যক নাই। কিন্তু স্বীয় পুত্রজন্মসংবাদ অশৌচান্তে পাইলে ধৃতবস্ত্র সহ অবগাহন স্নান করিয়া শুদ্ধ হইবে। সপিণ্ডব্যক্তির মৃত্যুসংবাদ অশৌচান্তে শুনিলে তিন রাত্রি অশৌচ-গ্রহণ করিবে অর্থাৎ অশৌচান্তে এক বৎসরের মধ্যে সপিণ্ডের মৃত্যু-সংবাদ পাইলে তিন রাত্রি অশৌচগ্রহণ করিবে আর এক বৎসর পর শুনিলে সদ্যঃশৌচগ্রহণ ব্যবস্থেয়। কিন্তু মহাগুরু অর্থাৎ পিতা, মাতা অথবা পতির মৃত্যুসংবাদ এক বৎসরের পর শুনি-লেও তিন রাত্রি অশৌচগ্রহণ কর্ত্তব্য।

নারীবিষয়কাশৌচ

দুই বর্ষের ন্যূনবয়স্কা বালিকার মৃত্যু হইলে সদ্যঃশৌচ ব্যবস্থা। বাগ্‌দত্তা কন্যার মৃত্যু হইলে এক রাত্রি অশৌচ হয়। বাগ্‌দান সংসিদ্ধ হইবার পর বিবাহ যাবৎ সময়ের মধ্যে মৃত্যু ঘটিলে পিতৃকুল পতিকুল উভয়কুলেই ত্রিরাত্র অশৌচগ্রহণ ব্যবস্থেয়। † বিবাহান্তে মৃত্যু হইলে পতিকুলে পূর্ণাশৌচ গ্রহণীয়। বিবাহিতা কন্যা পিতৃগৃহে থাকিয়া মরিলে বা প্রসূতা হইলে পিতামাতার ত্রিরাত্রি

* সূর্য্যোদয়ের পূর্ব্বে অশৌচ হইলে পূর্ব্বদিন হইতে গণনা করিতে হয়; কারণ, অশৌচের দিন নির্ণয় না হইলে অশৌচগ্রহণ অকর্ত্তব্য।

† বিবাহের পূর্ব্বক্ষণ পর্য্যন্তকেই বাগ্‌দানকাল কহে।

এবং ভ্রাতৃগণের একরাত্রি অশৌচ হয়। অজাতদন্তা কন্যা মরিলে তৎসহোদর একরাত্রি অশৌচগ্রহণ করিবে। * বিবাহের পর মরিলে আর ভ্রাতার অশৌচ হয় না, তখন কেবল পতি কুলেরই পূর্ণাশৌচ হইয়া থাকে।

পুত্র বা কন্যা জন্মিলে বিপ্রাণী, ক্ষত্রিয়া, বৈশ্যা ইহাদিগের পক্ষে দশাহ যাবৎ আর শূদ্রাণীর ত্রয়োদশদিন অস্পৃশ্যত্ব থাকে।

পুত্র জন্মিলে দশদিন যাবৎ মাতার অস্পৃশ্যত্ব থাকে এবং পিতার পক্ষে ঐ অস্পৃশ্যত্ব স্নানের পূর্ব্বক্ষণ পর্য্যন্ত জানিবে।

ব্রাহ্মণী, ক্ষত্রিয়া বা বৈশ্যা পুত্রপ্রসবান্তে বিংশতি দিনের পর এবং কন্যাপ্রসবান্তে একমাসের পর স্নান করিয়া সর্ব্বকর্ম্মে অধিকারিণী হইবে। † শূদ্রাণীর পক্ষে পুত্রকন্যার জাতাশৌচ একমাস এবং অস্পৃশ্যত্ব ত্রয়োদশ দিন।

বালকাদিমরণাশৌচ।

নবম বা দশম মাসে বালক জন্মিয়া সেই জননাশৌচের মধ্যেই মরিলে পিতামাতার অস্পৃশ্যত্বজাতাশৌচ এবং সপিণ্ড বর্গের সদ্যঃশৌচ হয়। জননাশৌচান্তে মরিলে সহোদর ভ্রাতার একাহ অশৌচ হইয়া থাকে।

গর্ভমধ্যে মৃত হইয়া পুত্র বা কন্যা ভূমিষ্ঠ হইলে সকলেরই পূর্ণাশৌচ হইবে।

---

* ইহার তাৎপর্য্য এই যে, চূড়াকরণ যাবৎ একরাত্রি অশৌচ।

† ইতিপূর্ব্বে ব্রাহ্মণীর পক্ষে দশ দিন অশৌচের বিধি বলিয়া আব বিংশতিদিনের উল্লেখ করাতে এই বুঝাইল যে, পূর্ব্বে যাহা বলা হইয়াছে উহা অস্পৃশ্যত্ববিষয়ক আর এই বিংশতিদিন অশৌচবিষয়ক।

জননাশৌচের পর যাবৎ দন্ত না জন্মে, তৎকালের মধ্যে মরিলে পিতামাতার এক রাত্রি অশৌচ আর দন্তোদ্গমের পর মৃত্যু হইলে তিন রাত্রি অশৌচ হইয়া থাকে। জাতদন্ত বালক মরিলে সপিণ্ডব্যক্তির একদিন অশৌচ এবং চূড়াকরণান্তে মরিলে তিন রাত্রি অশৌচ ব্যবস্থেয়।

অনুপনীত ব্রাহ্মণবালক মরিলে তিন রাত্রি অশৌচ গ্রহণীয়, কিন্তু পঞ্চবর্ষবয়সে উপনয়ন হইয়া মৃত্যু ঘটিলে পূর্ণাশৌচ হয়।

অপূর্ণ ষণ্মাসমধ্যে শূদ্রশিশু মরিলে তাহার পিতা-মাতা ও সপিণ্ডবর্গ ত্রিরাত্রি অশৌচ গ্রহণ করিবে।

সদ্যঃশৌচ।

দুর্ভিক্ষে, রাজবিপ্লবে, রাজশূন্য যুদ্ধে, বিদ্যুদগ্নিতে ও শাপাদি দ্বারা মৃত্যু ঘটিলে সপিণ্ডব্যক্তিরা সদ্যঃশৌচ গ্রহণ করিবে।

রাজার রাজকার্য্যে, ব্রতীর ব্রতে, যাজ্ঞিকের যজ্ঞে, শিল্পীর শিল্পকর্ম্মে, রাজাজ্ঞাকারীর রাজার ইচ্ছাতে, দেবপ্রতিষ্ঠা ও বিবাহকালে, পূর্ব্বসঙ্কল্পিত কোন ব্রতকালে, চিকিৎসকের চিকিৎসাতে, দাসদাসীর দাস্যকরণকালে সপিণ্ডের মৃত্যু হইলে অশৌচ হয় না। কোন কোন মতে সদ্যঃশৌচের বিধি আছে।

উপসর্গবশতঃ মরিলে সদ্যঃশৌচ হয়। আপদে মৃত্যু ঘটিলে কিংবা বহু যন্ত্রণাতে মরিলেও সদ্যঃশৌচ গ্রহণীয়।

গর্ভস্রাবাশৌচ।

গর্ভস্রাবের কাল অষ্টমমাস পর্য্যন্ত নির্দ্দিষ্ট আছে। ছয়মাসমধ্যে গর্ভস্রাব হইলে যতমাস গর্ভ হইয়াছে, ততদিন সেই নারীর অশৌচ হয়। ছয়মাসান্তে আটমাসমধ্যে গর্ভস্রাব হইলে সেই স্ত্রী নিজ নিজ জাত্যুক্ত পূর্ণাশৌচ গ্রহণ করিবে এবং সপিণ্ডবর্গের

সন্তঃশৌচ, নির্গুণের একদিন এবং যথেচ্ছাচারীর ত্রিরাত্রি অশৌচ ব্যবস্থেয়।

দ্বিতীয় মাসে, তৃতীয় মাসে, চতুর্থ মাসে, পঞ্চম মাসে কিংবা ষষ্ঠ মাসে গর্ভস্রাব হইলে যে কয়মাস গর্ভ হইয়াছে, তৎসমসংখ্য দিন অশৌচগ্রহণের পরেও ব্রাহ্মণীর একদিন, ক্ষত্রিয়ার দুই দিন বৈশ্যার তিন দিন এবং শূদ্রাণীর ছয় দিন অতিরিক্ত থাকে অর্থাৎ তত্তদ্দিনের পর সে দৈব ও পৈত্রক্রিয়ায় অধিকারিণী হয়, কিন্তু লৌকিককার্য্যে কোন বাধা নাই।

সপ্তম বা অষ্টম মাসে শিশু গর্ভে মৃত হইয়া ভূমিষ্ঠ হইলে সকলকেই পূর্ণাশৌচ গ্রহণ করিতে হয়। নবম-দশম-মাসেও ঐ বিধি।

অস্পৃশ্যত্বাদ্যশৌচ।

পূর্ণাশৌচস্থলে ব্রাহ্মণের পক্ষে অঙ্গাস্পৃশ্যত্ব তিন দিন, ক্ষত্রিয়ের ছয় দিন, বৈশ্যের অষ্টাহ এবং শূদ্রের দশ দিন থাকে।

খণ্ডাশৌচস্থলে অশৌচদিনকে তিন ভাগ করিয়া এক ভাগে যত সময় হয়, ততকাল অঙ্গাস্পৃশ্যত্ব গ্রহণীয়। অশৌচকাল অতীত হইলে স্নানান্তেই শুদ্ধ হওয়া যায়।

বালক বা বালিকা জন্মিলে যদি তৎপিতা বা বিমাতা সূতিকা স্পর্শ করে, তাহা হইলে মাতার তুল্য অঙ্গাস্পৃশ্যত্ব হয়; কিন্তু অপরের হয় না।

পুত্রকন্যা জন্মিলে কেবল পিতামাতারই অঙ্গাস্পৃশ্যত্ব হয়, সপিণ্ডগণের হয় না।

খণ্ডাশৌচ।

যদি মাতুল, শিষ্য, পুরোহিত ও আত্মবান্ধব ইহাদিগের

আত্মবান্ধব—মাসীর পুত্র ও কন্যা এবং মাতুলপুত্র।